আরবি-বাংলা

ইসলামিয়া কুতুব খানা ◆ ঢাকা

www.eelm.weebly.com

প্রকাশক

মাওলানা মুহাম্মদ মুস্তফা এম.এম.
৩০/৩২, নর্থব্রুক হল রোড, বাংলাবাজার
ঢাকা-১১০০।

(প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত)

সর্বোচ্চ খুচরা মূল্য [MRP]
হাদিয়া : ১৩০.০০ টাকা মাত্র।
[বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি কর্তৃক নির্ধারিত]

প্রচ্ছদ

কালার ক্রিয়েশন
১৩১, ডি,আই,টি এক্সটেনশন রোড
ফোন ঃ ৮৩১৬৫৮৬

মুদ্রণে

ইসলামিয়া অফসেট প্রেস
প্যারীদাস রোড, বাংলাবাজার,
ঢাকা-১১০০।

www.eelm.weebly.com

বিষয়	পৃষ্ঠা
মানতিক পরিচিতি	৫
নামকরণ	৫
মানতিকের আলোচ্য বি য়	৫
ইলমে মানতিকের উদ্দেশ্য	৬
ইলমে মানতিকের প্রয়োজনীয়তা	৬
ইলমে মানতিকের ইতিহাস	৬
কতিপয় মানতিক সম্রাটের সংক্ষিপ্ত জীবনী	৬
মিরকাত গ্রন্থকারের জীবনী	৭
الرحمن ও الرحيم -এর মাঝে পার্থক্য	৯
حمد -এর সংজ্ঞা	১০
الصلوة -এর অর্থ	১০
نبى -এর অর্থ	১১
ভূমিকা	১২
العلم -এর পরিচয়	১৩
العلم -এর প্রকারভেদ	১৩
تصديق -এবং تصور -এর অর্থ	১৪
পরিচ্ছেদ : تصور দু' প্রকার	১৮
পরিচ্ছেদ : দালালত সম্পর্কে	২৮
الدوال الاربع -এর আলোচনা	৩০
دلالة لفظية وضعية গুরুত্ব দেওয়ার কারণ	৩২
الدلالة التضمنية -এর আলোচনা	৩৩
দালালতকারী শব্দ হয়ত مفرد হবে বা مركب হবে	৩৫
مفرد -এর অর্থ	৩৫
مركب -এর অর্থ	৩৬
اسم -এর পরিচয়	৩৬
كلمة -এর পরিচয়	৩৬
ادات -এর পরিচয়	৩৬
মানতিক শাস্ত্রের كلمة ও নাহু শাস্ত্রের فعل -এর পার্থক্য	৩৭
পরিচ্ছেদ : مفرد কখনো অন্য বণ্টনে বিভক্ত হয়	৩৯
العلم -এর পরিচয়	৩৯
المتواطى -এর পরিচয়	৩৯
المشكك -এর পরিচয়	৩৯
مفرد তিন প্রকারে সীমাবদ্ধ হওয়ার কারণ	৩৯
পরিচ্ছেদ : একাধিক অর্থ বিশিষ্ট শব্দকে কয়েক ভাগে ভাগ করা যায়	৪১
مشترك -এর অর্থ	৪১
منقول -এর অর্থ	৪২
منقول -এর প্রকারভেদ ও তাদের পরিচয়	৪৪
حقيقت -এর পরিচয় ও নামকরণ	৪৪
مجاز -এর পরিচয় ও নামকরণ	৪৪
مركب -এর পরিচয়	৪৫
مركب -এর প্রকারভেদ	৪৬
الخبر -এর পরিচয়	৪৬
الانشاء -এর পরিচয়	৪৬
مركب ناقص -এর পরিচয় ও প্রকারভেদ	৪৭
مركب اضافى -এর পরিচয়	৪৭
পরিচ্ছেদ : مفهوم তথা যা স্মৃতিতে উদয় হয়	৪৮
পরিচ্ছেদ : كلى কয়েক ভাগে বিভক্ত	৫০
পরিচ্ছেদ : দু' كلى -এর মধ্যকার نسبت প্রসঙ্গে	৫৩
পরিচ্ছেদ : কখনো جزئى -এর অন্য অর্থ বর্ণনা করা হয়	৫৫
পরিচ্ছেদ : كليات পাঁচটি	৫৬
كلى -কে পাঁচ প্রকারে সীমিত করণের কারণ	৫৬
পরিচ্ছেদ : نوع -এর বর্ণনায়	৫৭
পরিচ্ছেদ : جنس -এর বিন্যাস প্রসঙ্গ	৫৭
পরিচ্ছেদ : جنس عالى দশটি	৫৯

www.eelm.weebly.com

বিষয়	পৃষ্ঠা
পরিচ্ছেদ : نوع -এর বিন্যাস সম্পর্কে	৫৯
পরিচ্ছেদ : তৃতীয় كلى হচ্ছে فصل	৬১
পরিচ্ছেদ : চতুর্থ كلى হচ্ছে خاصه	৬৪
পরিচ্ছেদ : পঞ্চম كلى হচ্ছে عرض عام	৬৪
لازم -এর পরিচয় ও প্রকারভেদ	৬৬
لازم بين -এর প্রকারভেদ	৬৮
عرض مفارق -এর পরিচয় ও প্রকারভেদ	৬৮
পরিচ্ছেদ : সংজ্ঞাসমূহের বর্ণনা	৬৯
দ্বিতীয় অধ্যায় : দলিল ও তার সংশ্লিষ্ট বি য় সম্পর্কে	
পরিচ্ছেদ : قضية প্রসঙ্গে	৭১
পরিচ্ছেদ : قضية حملية দু' প্রকার	৭৩
পরিচ্ছেদ : موضوع হিসেবে	
قضية -এর প্রকার	৭৫
سور -এর সংজ্ঞা	৭৮
পরিচ্ছেদ : حمليه -এর অন্য এক প্রকার	৮১
কাযিয়ায়ে মুয়াজ্জাহার প্রকারভেদ	৮২
পরিচ্ছেদ : مركبات প্রসঙ্গ	৮৯
শর্তিয়া কাযিয়াসমূহের অধ্যায়	
شرطية -এর পরিচয় ও প্রকারভেদ	৯৬
متصلة -এর প্রকারভেদ	৯৭
علاقة -এর সংজ্ঞা	৯৭
পরিচ্ছেদ : شرطية منفصلة -এর প্রকার	৯৯

বিষয়	পৃষ্ঠা
পরিচ্ছেদ : قضية شرطية -এর سور বা নমুনার বর্ণনা	১০১
পরিচ্ছেদ : شرطية -এর দু'টি দিক	১০৩
পরিচ্ছেদ : تناقض -এর বর্ণনা প্রসঙ্গ	১০৫
পরিচ্ছেদ : عكس مستوى প্রসঙ্গ	১১৪
পরিচ্ছেদ : عكس نقيض প্রসঙ্গ	১১৯
পরিচ্ছেদ : قياس প্রসঙ্গ	১২২
পরিচ্ছেদ : قياس اقترانى প্রসঙ্গ	১২২
شكل -এর সংজ্ঞা ও প্রকারভেদ	১২৫
পরিচ্ছেদ : قياس استثنائى প্রসঙ্গ	১৪১
পরিচ্ছেদ : استقراء প্রসঙ্গ	১৪৩
পরিচ্ছেদ : التمثيل প্রসঙ্গ	১৪৩
পরিচ্ছেদ : البرهان ও তার আনু ঙ্গিক বি য় সম্পর্কে	১৫০
পরিচ্ছেদ : برهان দু' প্রকার	১৫৯
পরিচ্ছেদ : قياس جدلى প্রসঙ্গ	১৬১
পরিচ্ছেদ : قياس خطابى প্রসঙ্গ	১৬৩
পরিচ্ছেদ : قياس شعرى প্রসঙ্গ	১৬৫
পরিচ্ছেদ : قياس سفسطى প্রসঙ্গ	১৬৮
পরিচ্ছেদ : ত্রুটির কারণ প্রসঙ্গ	১৭০
পরিচ্ছেদ : অর্থগত কারণে ভ্রমসমূহের প্রসঙ্গ	১৭৪
পরিচ্ছেদ : অষ্টশির প্রসঙ্গ	১৯৪
এক নজরে মিরকাত	১৯৭

www.eelm.weebly.com

تَعْرِيْفُ الْمَنْطِقْ

মানতিক পরিচিতি

مَعْنَى الْمَنْطِقِ لُغَةً : مَنْطِقْ-এর শাব্দিক অর্থ : مَنْطِقْ শব্দটি বাবে ضَرَبَ-এর মাসদার। তখন তার "م" টি হবে মাসদারে মীমী। অর্থ হচ্ছে- اَلتَّكَلُّمُ তথা কথা বলা, মনের ভাব প্রকাশ করা, ব্যক্ত করা ইত্যাদি।

অথবা مَنْطِقْ শব্দটি اِسْمُ ظَرْفٍ-এর وَاحِدْ-এর সীগাহ। বাবে ضَرَبَ মূলবর্ণ (ن ـ ط ـ ق) অর্থ কথা বলার স্থান বা সময়। কুরআন মাজীদে শব্দটির প্রয়োগ এভাবে দেখা যায়। যথা- * وَمَا يَنْطِقُ عَنِ الْهَوٰى اِنْ هُوَ اِلَّا وَحْيٌ يُّوْحٰى

مَعْنَى الْمَنْطِقِ اِصْطِلَاحًا : مَنْطِقْ-এর পারিভাষিক সংজ্ঞা :

১. মিরকাত প্রণেতা বলেন- اَلْمَنْطِقُ هُوَ عِلْمٌ بِقَوَانِيْنَ تَعْصِمُ مُرَاعَاتُهَا الذِّهْنَ عَنِ الْخَطَأِ فِى الْفِكْرِ অর্থাৎ মানতিক এমন কতিপয় নীতিমালা জানার নাম যার অনুসরণে ذِهْنْ বা মস্তিষ্ককে চিন্তা ও ধ্যান-ধারণার ভুল-ভ্রান্তি হতে রক্ষা করে।

২. মুজামুল ওয়াসীত গ্রন্থকার বলেন- هُوَ عِلْمٌ يَعْصِمُ مُرَاعَاتُهَا الذِّهْنَ عَنِ الْخَطَأِ فِى الْفِكْرِ অর্থাৎ মানতিক এমন একটি শাস্ত্র, যা মন-মস্তিষ্ককে ভ্রান্ত চিন্তাধারা থেকে সংরক্ষণ করে।

৩. সুল্লামুল উলূম গ্রন্থের ব্যাখ্যাকার বলেন- اِنَّهٗ عِلْمٌ يُوْزَنُ بِهِ الْفِكْرُ وَالنَّظْرُ بِاَنَّهٗ صَحِيْحٌ اَوْ خَطَأٌ

৪. প্রখ্যাত দার্শনিক ইমাম গাযালী (র.) বলেন- اَلْمَنْطِقُ هُوَ الْقَانُوْنُ الَّذِىْ بِهٖ يَمَيِّزُ صَحِيْحُ الْحَدِّ وَالْقِيَاسِ عَنْ فَاسِدِهِمَا فَيَتَمَيَّزُ الْعِلْمُ الْيَقِيْنُ عَمَّا لَيْسَ يَقِيْنًا . অর্থাৎ মানতিক এমন বিধি-বিধানমূলক শাস্ত্র, যা দ্বারা ভ্রান্ত-বিকৃত সংজ্ঞা ও ধারণা থেকে বিশুদ্ধ সংজ্ঞা ও ধারণাকে পৃথক করা যায়। ফলে প্রত্যয়ী জ্ঞান থেকে অপ্রত্যয়ী বিষয়গুলো আলাদা করা যায়।

মোটকথা হলো, চিন্তা ও গবেষণা করতে গিয়ে মানুষ ভুল-ত্রুটির সম্মুখীন হয়ে থাকে, আর যে সকল নীতি অনুসরণের মাধ্যমে সেগুলো থেকে বেঁচে থাকা যায়, তাকেই মানতিক বলে।

اَلذِّهْنُ-এর সংজ্ঞা : ذِهْنْ ঐ যোগ্যতা বা শক্তিকে বলে যা দ্বারা কোনো বিষয়কে জানা ও বুঝা যায়।

اَلْفِكْرُ-এর সংজ্ঞা : فِكْرٌ হলো জানা বিষয়কে এমনভাবে সাজানো যার দ্বারা অজানা বিষয়গুলোর জ্ঞান অর্জন করা যায়।

وَجْهُ التَّسْمِيَةِ (নামকরণ) : এ শাস্ত্রকে মানতিক বলে নামকরণের কারণ হলো, مَنْطِقْ অর্থ- কথা বলা ও বাক্যালাপ করা। যেহেতু এ শাস্ত্রের নিয়মাবলি نُطْقِ ظَاهِرِىْ এবং نُطْقِ بَاطِنِىْ তথা বাহ্যিক ও অভ্যন্তরীণ কথাবার্তার মধ্যে বিরাট প্রভাব বিস্তার করে থাকে। কেননা, যিনি এ শাস্ত্রে অভিজ্ঞ তিনি খুবই বিচক্ষণতা ও পারদর্শিতার সাথে কথা বলতে পারবেন। যা মানতিকে অনভিজ্ঞ লোকের পক্ষে কিছুতেই সম্ভব নয়। তদ্রূপ একজন مَنْطِقِىْ ব্যক্তি বস্তুর অবস্থা সম্পর্কে যতটুকু সচেতন; একজন জাহেল তার দ্বারপ্রান্তেও নেই। এদিকে ইঙ্গিত করেই মিরকা গ্রন্থকার বলেন- وَاَمَّا تَسْمِيَتُهٗ بِالْمَنْطِقِ فَلِتَاثِيْرِهٖ فِى النُّطْقِ الظَّاهِرِىْ وَالنُّطْقِ الْبَاطِنِىْ অর্থাৎ বাহ্যিক ও অভ্যন্তরীণ কথাবার্তার মধ্যে বিরাট প্রভাব বিস্তার করার কারণে একে মানতিক বলে নামকরণ করা হয়েছে।

অবশ্য মানতিককে কখনো কখনো মীযানও বলা হয়। আর এর কারণ হচ্ছে- مِيْزَانٌ অর্থ-পাল্লা। আর মানতিক- শাস্ত্র জ্ঞান, বুদ্ধির এমন একটি পাল্লা যার দ্বারা সঠিক চিন্তার ও ভ্রান্ত চিন্তার পরিমাপ করে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করা যায় এবং ভুল ও নির্ভুলের মাঝে পার্থক্য করা যায়।

مَوْضُوْعُ عِلْمِ الْمَنْطِقِ : মানতিক শাস্ত্রের আলোচ্য বিষয় : ইলমের মধ্যে যার প্রাসঙ্গিক বিয়বস্তু নিয়ে আলোচনা করা হয় তা-ই সে ইলমের আলোচ্য বিষয়রূপে পরিগণিত হয়। যথা- جَسَدُ الْاِنْسَانِ (মানুষের শরীর) عِلْمُ طِبٍّ তথা চিকিৎসা বিজ্ঞানের আলোচ্য বিষয় বা مَوْضُوْع কেননা, চিকিৎসা বিজ্ঞানে মানুষের শরীরের সুস্থতা-অসুস্থতা ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়, বিধায় جَسَدُ الْاِنْسَانِ টি চিকিৎসা বিজ্ঞানের আলোচ্য বিষয়। তদ্রূপ ইলমে নাহুর আলোচ্য বিষয় হলো كَلِمَةْ ও كَلَامْ বা শব্দ ও বাক্য। কেননা, ইলমে নাহুর মধ্যে كَلِمَةْ (শব্দ) ও كَلَامْ (বাক্য)-কে নিয়েই আলোচনা করা হয়।

ইলমে মানতিকের আলোচ্য বিষয় নিয়ে মানতেকীদের মধ্যে মতপার্থক্য পরিলক্ষিত হয়। যেমন-

১. গ্রন্থকার আল্লামা ফযলে হক খায়রাবাদী (র.) বলেন- مَوْضُوْعُ الْمَنْطِقِ الْمَعْلُوْمَاتِ التَّصَوُّرِيَّةُ وَالتَّصْدِيْقِيَّةُ لٰكِنْ لَا مُطْلَقًا بَلْ مِنْ حَيْثُ اَنَّهَا مُوْصِلَةٌ اِلَى الْمَجْهُوْلِ التَّصَوُّرِىْ وَالتَّصْدِيْقِىْ . অর্থাৎ মানতিকশাস্ত্রের আলোচ্য বিষয় হচ্ছে, এককক বিষয়ের জ্ঞাত তথ্যাদি এবং বচনভিত্তিক জ্ঞাত তাৎপর্যাদি। কিন্তু এ দু'টি শর্তহীন নয়; বরং জ্ঞাত তথ্যাদির দ্বারা অজ্ঞাত তথ্যাদি এবং জ্ঞাত তাৎপর্যাদির দ্বারা অজ্ঞাত তাৎপর্যাদির উপলব্ধি হতে হবে।

২. কারো কারো মতে, মানতিকের আলোচ্য বিষয় হলো. مَعْقُوْلَاتْ ثَانِيَةْ (দ্বিতীয় মা'কূলাত)।

৩. আবার কারো কারো মতে, مُطْلَقْ مَعْقُوْلَاتْ (সাধারণ মা'কূলাত)।

উল্লেখ্য যে, مَعْقُوْلَاتْ দু' প্রকার : ১. مَعْقُوْلَاتْ اُوْلٰى ২. مَعْقُوْلَاتْ ثَانِيَةْ ; مَعْقُوْلَاتْ اُوْلٰى বলা হয় মস্তিষ্কে কোনো বস্তুর জ্ঞান অর্জিত হওয়া, তাতে গুণের বিচার-বিবেচনা থাকবে না ; তবে مَعْقُوْلَاتْ ثَانِيَةْ-এর মধ্যে গুণের বিচার-বিবেচনা হয়ে থাকে।

www.eelm.weebly.com

৪. আবার কারো কারো মতে, মানতিকের আলোচ্য বিষয় হলো- اَلْاَلْفَاظُ مِنْ حَيْثُ الدَّالُّ عَلَى الْمَعْنٰى অর্থাৎ 'অর্থ প্রকাশের জন্য যে সকল শব্দ ব্যবহার হয়ে থাকে তাই মানতিকের আলোচ্য বিষয়।' তবে এটা গ্রহণযোগ্য নয়, কারণ তারা আলোচ্য বিষয়ের সংস্থা সম্পর্কে অবহিত নন।

৫. مَطَالِعْ গ্রন্থকার বলেন, মানতিকের আলোচ্য বিষয় হলো- مَعْلُوْمَاتْ تَصَوُّرِيَّةْ এবং مَعْلُوْمَاتْ تَصْدِيْقِيَّةْ [মিরকাতের লিখকেরও এই অভিমত]। অর্থাৎ তাদের মতে মানতিকের আলোচ্য বিষয় হচ্ছে- اَعَمَّ الْمَعْقُوْلَاتِ চাই مَعْقُوْلَاتْ اُوْلٰى হোক বা مَعْقُوْلَاتْ ثَانِيَةْ হোক। আর যার দ্বারা مَعْلُوْمْ تَصَوُّرِىْ وَتَصْدِيْقِىْ-কে- مَجْهُوْلْ تَصَوُّرِىْ وَتَصْدِيْقِىْ-এর দিকে পৌঁছে দেয় তা মানতিকের আলোচ্য বিষয় নয়। তবে যা দ্বারা مَجْهُوْلْ تَصَوُّرِىْ-এর দিকে পৌঁছা যায় তাকে مُعَرِّفْ বলে এবং যার দ্বারা مَجْهُوْلْ تَصْدِيْقِىْ-এর দিকে পৌঁছা যায় তাকে حُجَّتْ বলে। مُعَرِّفْ ও حُجَّتْ-কেও ইলমে মানতিকের আলোচ্য বিষয় বলা যেতে পারে।

غَرَضُ عِلْمِ الْمَنْطِقِ : মানতিকের উদ্দেশ্য :

১. প্রতিটি বিষয় বা শাস্ত্রের একটি সুনির্দিষ্ট লক্ষ্য বা উদ্দেশ্য থাকে। আর মানতিক শাস্ত্রের উদ্দেশ্য সম্পর্কে গ্রহন্থকার ফযলে ইমাম খায়রাবাদী (র.) বলেন- اَلْاِصَابَةُ فِى الْفِكْرِ وَحِفْظُ الرَّأْىِ عَنِ الْخَطَاِ فِى النَّظْرِ ـ অর্থাৎ চিন্তাশক্তির বিশুদ্ধতা অর্জন ও যুক্তির ক্ষেত্রে ভুল-ভ্রান্তি হতে মতামতকে সঠিকভাবে সংরক্ষণ করা।

২. আর কেউ কেউ বলেন, ইলমে মানতিকের غَرَضْ বা উদ্দেশ্য হলো- صِيَانَةُ الذِّهْنِ عَنِ الْخَطَاِ فِى الْفِكْرِ অর্থাৎ চিন্তার ভুলভ্রান্তি হতে মস্তিষ্ককে রক্ষা করা।

ضَرُوْرَةُ عِلْمِ الْمَنْطِقِ : ইলমে মানতিকের প্রয়োজনীয়তা : ইসলামের মধ্যে মানতিকের গুরুত্ব ও প্রয়োজনীয়তা অপরিসীম। এ কথা বুঝাবার জন্য ইমাম গাযযালী (র.)-এর নিম্নোক্ত উক্তির প্রতি লক্ষ্য করলেই তা স্পষ্টভাবে বুঝে আসে। কেননা, তিনি বলেন- اَلْمَنْطِقُ نِعْمَ الْعَوْنُ مَنْ لَمْ يَعْرِفِ الْمَنْطِقَ فَلَا ثِقَةَ لَهٗ فِى الْعُلُوْمِ كُلِّهَا অর্থাৎ মানতিক কতই না উত্তম সাহায্যকারী। যে ব্যক্তি মানতিকশাস্ত্র সম্পর্কে অজ্ঞ তার সকল ইলমের মধ্যে কোনোরূপ নির্ভরতা নেই।

এ ছাড়াও মানতিকে পাণ্ডিত্য অর্জনকারী ব্যক্তি نُطْقْ ظَاهِرِىْ (প্রকাশ্য কথাবার্তা) ও نُطْقْ بَاطِنِىْ (অপ্রকাশ্য কথাবার্তা) তে এত বেশি পটু ও শক্তিশালী হয় যা অন্য কোনো ব্যক্তির পক্ষে সম্ভবপর নয়। মানতিকশাস্ত্রে অভিজ্ঞ ব্যক্তি বস্তু ও বিষয়ের حَقِيْقَتْ (সত্তা) ও مَاهِيَتْ (প্রকৃতি) সম্পর্কে এমন অভিজ্ঞতা রাখে, যা মানতিকে অজ্ঞ ব্যক্তিগণ রাখতে সক্ষম নন। এ কারণেই তো মানতিকশাস্ত্রে অভিজ্ঞ ব্যক্তির দৃষ্টি অত্যন্ত গভীর ও সুনিপুণ হয়ে থাকে।

ইমাম তাহাবী (র.) বলেন- اَلْمَنْطِقُ مِعْيَارُ الْعِلْمِ مَنْ لَا يَعْرِفُهٗ لَا يُوْثَقُ بِعِلْمِهٖ অর্থাৎ মানতিক হলো ইলমের মাপকাঠি। যে তা সম্পর্কে অজ্ঞ তার ইলমে কোনোরূপ ভরসা করা যায় না।

পূর্বযুগের অধিকাংশ শিক্ষা-দীক্ষার মাধ্যম ছিল মানতিকশাস্ত্র সম্পর্কীয়। তাই সে সকল বিষয়ে পাণ্ডিত্য অর্জন করতে হলে প্রথমেই মানতিকে পাণ্ডিত্য অর্জন করতে হবে। এতএব উক্ত আলোচনা দ্বারা বুঝাগেল যে, মানতিকের প্রয়োজনীয়তা অপরিসীম।

মানতিকের প্রথম আবিষ্কারক ও জনক ছিলেন হাকীম আরাস্তাতালীস। সংক্ষেপে তাঁকে বলা হতো আরাস্তু। তিনি হযরত ঈসা (আ.)-এর জন্মের কিছুকাল পূর্বে ধরাপৃষ্ঠে আগমন করেন। তিনিই সর্বপ্রথম ইস্কান্দার রূমীর নির্দেশে মানতিকশাস্ত্রের কতিপয় নীতিমালা প্রণয়ন করেন। অতঃপর এগুলোকে কিতাব আকারে জাতির সম্মুখে উপস্থাপন করেন। এ কারণেই তাঁকে মানতিক مُعَلِّمْ اَوَّلْ তথা প্রথম জনক বলা হয়। ইতিহাসে তিনি এরিস্টোটল নামে পরিচিত।

এরপর ইমাম ফারাবী আরাস্তুর লিখিত মানতিকী নীতিমালার যথোপযুক্ত ব্যাখ্যা-বিশ্লেষণ করে উক্ত শাস্ত্রকে সুন্দরভাবে বিন্যস্ত করেন। তাই তাঁকে মানতিক শাস্ত্রের مُعَلِّمْ ثَانِىْ তথা দ্বিতীয় জনক বলা হয়।

কালের চক্রের বিবর্তনের সাথে সাথে ইমাম ফারাবীর সুবিন্যস্ত মানতিকগুলোও একদিন বিনষ্ট হয়ে যায়, ফলে পরবর্তীতে ইমাম আবূ আলী ইবনে সীনা পুনরায় মানতিকশাস্ত্রকে বিস্তারিতভাবে লিখে প্রচার করেন। তাই তাঁকে মানতিকশাস্ত্রের مُعَلِّمْ ثَالِثْ বা তৃতীয় জনক বলা হয়। এরপর থেকে অদ্যাবধি সেই আবূ আলী ইবনে সীনার রচিত মানতিক-ই পাঠ্য তালিকার অন্তর্ভুক্ত হয়ে চলে আসছে।

কতিপয় মানতিক সম্রাটের সংক্ষিপ্ত জীবনী

১. **اَرَسْطَاطَالِيْس [আরাস্তাতালীস বা এরিস্টোটল] :** তাঁর নাম আরাস্তাতালীস, ইংরেজিতে বলা হয় Aristotle সংক্ষেপে আরাস্তু বলা হয়। উপাধি اَلْمُعَلِّمُ الْاَوَّلُ (প্রথম শিক্ষক)। তিনি হযরত ঈসা (আ.)-এর আবির্ভাবের পূর্বে মকদুনিয়া শহরের অন্তর্গত স্ট্যাগিরা নামক গ্রামে জন্মগ্রহণ করেন। জনৈক জ্যোতিষের পরামর্শে তিনি বিখ্যাত দার্শনিক আফলাতুন (Plato)-এর নিকট দর্শনশাস্ত্র শিক্ষা লাভের উদ্দেশ্যে এথেন্স শহরে গমন করেন। আফলাতুনের স্কুলে বিশ বছর যাবৎ পড়াশুনা করে শিক্ষাকোর্স শেষ করার পর বাদশাহ ফিলিপস্-এর রাষ্ট্রদূত নিযুক্ত হন। কিছু দিন অতিবাহিত হওয়ার পর তিনি এ দায়িত্ব ছেড়ে পুনরায় এথেন্স শহরে চলে যান এবং সেখানে আফলাতুনের বিদ্যালয়ে অধ্যাপনার দায়িত্বে নিযুক্ত হন। কিছুদিনের মধ্যে তাঁর খ্যাতি বিভিন্ন দিকে ছড়িয়ে পড়ে। ফিলিপস্ যুবরাজ

www.eelm.weebly.com

ইস্কান্দারের (Alexander) শিক্ষা-দীক্ষার জন্য তাঁকে মকদুনিয়া শহরে ডাকালেন। প্রায় আট বছর যাবৎ এই কাজে নিয়োজিত থাকার পর, আবার তিনি এথেন্স শহরে ফিরে যান। এবার তিনি নিজেই একটি শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুলেন, যা পরবর্তীতে আফলাতুনের প্রতিষ্ঠানের চেয়েও প্রসিদ্ধি লাভ করেছিল। অগণিত ছাত্র তাঁর নিকট শিক্ষা লাভ করে জ্ঞান পিপাসা নিবারণ করে। তাঁর পালকীর পিছনেও অগণিত শিষ্য জ্ঞান আহরণের উদ্দেশ্যে চলত। এ জন্য তাঁর অনুসারীদেরকে مَشَّائِيْن তথা পদব্রজে গমনকারী বলা হয়। যেহেতু তিনিই সর্বপ্রথম দর্শনশাস্ত্রকে রূপ দান করেছেন এবং মানব সমাজে তার বিকাশ ঘটিয়েছেন, তাই তাঁকে اَلْمُعَلِّمُ الْاَوَّلُ বলা হয়। তাঁর ওস্তাদ ছিলেন আফলাতুন (প্লেটো), আর আফলাতুনের ওস্তাদ ছিলেন সক্রেটিস, সক্রেটিসের ওস্তাদ ছিলেন পীথার্গোরাস, পীথাগোরাসের ওস্তাদ হলেন তালীস এবং তালীসের ওস্তাদ ছিলেন হাকীম লোকমান।

হাকীম আরাস্তু শেষ পর্যন্ত নিজ হাতে গড়া প্রতিষ্ঠানেই শিক্ষা দানে রত থাকেন। অতঃপর বাষট্টি বছর বয়সে তিনি পরলোক গমন করেন। কারো মতে, তিনি পানিতে ডুবে মারা গিয়েছেন; আর কেউ বলেন, পক্ষাঘাতে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন। তিনি জীবনে বহু গ্রন্থ লিখে গেছেন। তন্মধ্যে كِتَابُ جِرْمِ الْعَالَمِ . كِتَابُ السَّمَاءِ . اَلْاِلٰهِيَّاتُ . كِتَابُ النَّبَاتِ . اَلشَّمْسُ وَالْقَمَرُ . প্রভৃতি বিশেষভাবে উল্লেখযোগ্য।

২. فَارَابِى [ইমাম ফারাবী বা প্লেটো] : তাঁর উপনাম আবূ নসর। নাম মুহাম্মদ ইবনে তরকান। বংশগতভাবে ফার্সি ভাষা-ভাষী ছিলেন। তিনি ফারাবে জন্মগ্রহণ করেন। তিনি দর্শনশাস্ত্রের একজন অভিজ্ঞ আলিম ছিলেন। অধিকাংশ সময় তাকে প্রবাহিত নালা অথবা ঘন বাগানের পাশে দেখা যেত। যেহেতু মুসলমান দার্শনিকদের মধ্যে আফলাতুন এবং আরাস্তু-এর কথার সবচেয়ে বড় ব্যাখ্যাদানকারী ফারাবীই ছিলেন। তাই তাঁকে মানতিকশাস্ত্রের مُعَلِّمْ ثَانِىْ তথা দ্বিতীয় উস্তাদ বলা হতো। তাঁর লিখিত অনেক গ্রন্থ আছে। তিনি আব্বাসী খেলাফত আমলে ৮০ বছর বয়সে দামেস্কে ইন্তেকাল করেন।

৩. اِبْنُ سِيْنَا [ইবনে সীনা] : শায়খ আবূ আলী হোসাইন ইবনে আবদুল্লাহ ইবনে সীনা বুখারার নিকটে নখলা নামক স্থানে জন্মগ্রহণ করেন এবং তিনি হামাদানে মৃত্যুবরণ করেন। তিনি বড় আলিম এবং চিকিৎসক ছিলেন। দর্শনশাস্ত্রে বিশেষ অভিজ্ঞ ছিলেন। তিনি কুরআনে হাফেজ ছিলেন। ৩৭০ হিজরিতে তার জন্ম এবং ৪৪৮ হিজরিতে আব্বাসী আমলে ইন্তেকাল করেন। কানুনে শিফা, ইশারাত ইত্যাদি প্রসিদ্ধ কিতাব তাঁরই লিখিত।

৪. اِمَامْ رَازِىْ [ইমাম রাযী] : তিনি ছিলেন ইমাম ফখরুদ্দীন মুহাম্মদ ইবনে জিয়াউদ্দীন ইবনে ওমর রাযী। তাঁর উপনাম আবূ আবদুল্লাহ। তার নাম মুহাম্মদ ইবনে ওমর। তিনি ৫৪৪ হিজরি সালে 'রাখা' নামক স্থানে জন্মগ্রহণ করেন। ছোট বেলায় তিনি তাঁর পিতা হতে শিক্ষা গ্রহণ করেন। কামাল সুময়ানী হতে হাদীস ও ফিক্হ-এর শিক্ষা গ্রহণ করেন, আল্লামা মজদুদ্দীন হতে তিনি দর্শন শিক্ষা করেন। তিনি এত অভিজ্ঞতা ও বিশেষত্বের অধিকারী ছিলেন যে, ইসলামি জগতের বিভিন্ন অঞ্চলের হাজার হাজার মাইল দূর হতে লোক তাঁর নিকট আসত। তাঁর সাথে অনেক আলিম-ওলামা ও জ্ঞানী-গুণী লোক থাকতেন। তিনি শায়খুল ইসলাম উপাধিতে ভূষিত ছিলেন। তাঁর লিখিত কিতাবাদির মধ্যে তাফসীরে কাবীর, আসাসুত্তাকদীস, কিতাবুল মাহাসিল, হাদায়েকুল ওমর বিশেষ প্রসিদ্ধ। এই বিখ্যাত মনীষী ৬০৬ হিজরিতে ঈদুল ফিতরের দিনে এ ক্ষণস্থায়ী দুনিয়া হতে চির বিদায় গ্রহণ করেন।

মিরকাত গ্রন্থকারের জীবনী

নাম ও পরিচয় : মিরকাত কিতাবের গ্রন্থকার ছিলেন মাওলানা ফযলে ইমাম খায়রাবাদী। যিনি আল্লামা ফযলে খায়রাবাদী নামে প্রসিদ্ধ। তাঁর পিতা মুহাম্মাদ আরশাদ একজন ফেরেশতা চরিত্রের লোক ছিলেন। তাঁর বংশের যোগসূত্র বত্রিশতম মাধ্যমের পর হযরত ওমর ফারুক (রা.) পর্যন্ত গিয়ে পৌছে এবং পনেরতম মাধ্যমের পর হযরত শাহ ওয়ালিউল্লাহ মুহাদ্দিসে দেহলভী (র.) পর্যন্ত গিয়ে পৌছে।

জন্ম : তিনি ভারতের উত্তর প্রদেশের সীতাপুর জেলায়র অন্তর্গত খায়রাবাদ শহরে জন্মগ্রহণ করেন। পরবর্তীতে তিনি শাহজাহানপুরে বসবাস করেন। তাই তিনি শাহাজাহানপুরী হিসেবেও পরিচিত ছিলেন।

জ্ঞানার্জন : আল্লামা খায়রাবাদী একজন মেধাবী, বিচক্ষণ ও নিষ্ঠাবান ব্যক্তি ছিলেন। অনেক বিদগ্ধ পণ্ডিত আলিমের নিকট হতে তিনি ইলমে দীন শিক্ষা গ্রহণ করেছেন। তাঁর উল্লেখযোগ্য উস্তাদদের মধ্যে যার নিকট হতে তিনি বেশি উপকৃত হয়েছেন তিনি হলেন মাওলানা সাইয়েদ আব্দুল ওয়াজেদ কিরমানী খায়রাবাদী (র.)।

কর্মজীবন : আল্লামা খায়রাবাদী ভারতের দারুল হুকুমাত দিল্লীতে দীর্ঘদিন যাবৎ প্রধান বিচারপতির পদে সমাসীন ছিলেন। তাঁর জীবনের নানা ব্যস্ততা এবং চাকরির দায়িত্ব পালনের পরও তিনি সর্বদা অধ্যাপনা এবং লেখনীর কাজ অব্যাহত রেখেছেন। আল্লাহ তা'আলা তাঁকে এমন দক্ষতা ও যোগ্যতা দান করেছিলেন যে, তাঁর পাঠে একবার বসার পর কোনো ছাত্র অন্য কারো কাছে পড়ার ইচ্ছা পোষণ করত না।

ছাত্রবৃন্দ : অসংখ্য জ্ঞান পিপাসু তাঁর নিকট থেকে জ্ঞান আহরণ করে স্বীয় জ্ঞান পিপাসা নিবৃত্ত করেছেন। তাদের মধ্যে উল্লেখযোগ্য হলেন– ১. তাঁর পুত্র ফযলে হক, ২. মুফতী সদরুদ্দীন খান, ৩. মৌলভী সালাউদ্দীন আহমদ বিন মুহাম্মদ শফী, ৪. শাহ গাউস আলী প্রমুখ।

আধ্যাত্মিকতা : আল্লামা ফযলে ইমাম তাকওয়া ও আধ্যাত্মিকতার ক্ষেত্রে অসাধারণ সাধনা করেছেন। তাকওয়া ও আধ্যাত্মিকতার ক্ষেত্রে তিনি উঁচুস্তরের একজন ব্যক্তি ছিলেন। তিনি প্রখ্যাত বুজুর্গ হযরত মাওলানা সালাহউদ্দীন সাফাভীর শিষ্য ছিলেন। তা ছাড়া তিনি যুগশ্রেষ্ঠ মুহাদ্দিস হযরত মাওলানা শাহ আব্দুল আযীয মুহাদ্দিসে দেহলভী (র.) এবং মাওলানা শাহ আব্দুল কাদির (র.)-এর সমসাময়িক ছিলেন।

রচনাবলি : আল্লামা ফযলে ইমাম অসংখ্য গ্রন্থ রচনা করেন। তাঁর রচিত গ্রন্থাবলির মধ্যে প্রসিদ্ধ কয়েকটি হলো– ১. মিরকাত, ২. তালখীসুস শিফা, ৩. আমদ নামা, ৪. হাশিয়ায়ে মোল্লা জালাল, ৫. হাশিয়ায়ে উফুকল মুবীন, ৬. হাশিয়ায়ে মীর যাহেদ, ৭. নুখবাতুস্সির ইত্যাদি।

ইন্তেকাল: আল্লামা ফযলে ইমাম ১২৪০ হিজরি মোতাবেক ১৮২৪ খ্রিস্টাব্দের ৫ই জিলহজ ইহধাম ত্যাগ করেন। হযরত শায়খ মাখদুম শামসুদ্দীন (র.)-এর মাজারে তাঁর দাদা উস্তাদ আল্লামা সিন্ধুভী এবং মাওলানা আব্দুল ওয়াজেদ কিরমানী খায়রাবাদী (র.)-এর পার্শ্বে তাঁকে দাফন করা হয়।

www.eelm.weebly.com

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

পরম করুণাময় দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ اَبْدَعَ الْاَفْلَاكَ وَالْاَرْضِيْنَ وَالصَّلٰوةُ عَلٰى مَنْ كَانَ نَبِيًّا وَّاٰدَمُ بَيْنَ الْمَاۤءِ وَالطِّيْنِ وَعَلٰى اٰلِهٖ وَاَصْحَابِهٖ اَجْمَعِيْنَ وَبَعْدُ فَهٰذِهٖ عِدَّةُ فُصُوْلٍ فِىْ عِلْمِ الْمِيْزَانِ لَابُدَّ مِنْ حِفْظِهَا وَضَبْطِهَا لِمَنْ اَرَادَ اَنْ يَّتَذَكَّرَ مِنْ اُولِى الْاَذْهَانِ وَعَلَى اللّٰهِ التَّوَكُّلُ وَهُوَ الْمُسْتَعَانُ -

সরল অনুবাদ : সকল প্রশংসা নভোমণ্ডল ও ভূমণ্ডলের সৃষ্টিকর্তা আল্লাহর জন্য। আর দরূদ ও সালাম বর্ষিত হোক সেই সত্তার প্রতি, যিনি হযরত আদম (আ.) মাটি ও পানিতে থাকাকালীনও [আদম (আ.)-এর সৃষ্টির পূর্বে] নবী ছিলেন এবং তাঁর পরিবার-পরিজন ও তাঁর সাথি-সঙ্গী সকলের উপর।

হামদ ও সালাতের পর এগুলো মান্তিক শাস্ত্রের এমন কয়েকটি পরিচ্ছেদ; যা শিক্ষানবিশদের মধ্য হতে যারা এগুলো স্মরণ রাখতে আগ্রহী তাদের জন্য মুখস্থ রাখা ও স্মৃতিপটে সংরক্ষণ করা একান্ত আবশ্যক। ভরসা আল্লাহর উপরই এবং তিনি সাহায্য প্রার্থনা করার উপযুক্ত সত্তা।

শাব্দিক অনুবাদ : اَلْحَمْدُ لِلّٰهِ সকল প্রশংসা আল্লাহর জন্য اَلَّذِىْ اَبْدَعَ যিনি সৃষ্টি করেছেন اَلْاَفْلَاكَ وَالْاَرْضِيْنَ নভোমণ্ডল ও ভূমণ্ডল وَالصَّلٰوةُ আর দরূদ ও সালাম عَلٰى مَنْ كَانَ نَبِيًّا বর্ষিত হোক সেই নবীর প্রতি, যিনি নবী ছিলেন وَاٰدَمُ হযরত আদম (আ.) بَيْنَ الْمَاۤءِ وَالطِّيْنِ মাটি ও পানিতে থাকাকালীনও [হযরত আদম (আ.)-এর সৃষ্টির পূর্বে] وَعَلٰى اٰلِهٖ এবং তাঁর পরিবার-পরিজন وَاَصْحَابِهٖ اَجْمَعِيْنَ ও তাঁর সাথি-সঙ্গী সকলের উপর وَبَعْدُ হামদ ও সালাতের পর فَهٰذِهٖ عِدَّةُ فُصُوْلٍ এগুলো এমন কয়েকটি পরিচ্ছেদ فِىْ عِلْمِ الْمِيْزَانِ ইলমে মানতিকের বর্ণনা প্রসঙ্গে لَابُدَّ একান্ত আবশ্যক مِنْ حِفْظِهَا وَضَبْطِهَا যা মুখস্থ রাখা ও স্মৃতিপটে সংরক্ষণ করা لِمَنْ اَرَادَ যে আগ্রহী اَنْ يَّتَذَكَّرَ এগুলো স্মরণ রাখতে مِنْ اُولِى الْاَذْهَانِ শিক্ষানবীশদের মধ্য হতে وَعَلَى اللّٰهِ التَّوَكُّلُ ভরসা আল্লাহর উপরই وَهُوَ الْمُسْتَعَانُ এবং তিনি সাহায্য প্রার্থনা করার উপযুক্ত সত্তা।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهٗ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ-এর আলোচনা : بِسْمِ اللّٰهِ-এর بَاءْ অক্ষরটি حُرُوْفُ الْمَعَانِىْ-এর অন্তর্ভুক্ত। নিয়ম অনুসারে এতে سَاكِنْ হওয়াই উচিত ছিল; কিন্তু بَاءْ অক্ষরটি শব্দের শুরুতে হওয়ায় سَاكِنْ দিয়ে পড়া সম্ভব নয়, নীতি বিধি অনুসারে এটাকে যবর দিয়ে পড়তে হবে। কেননা, যবরকে اُخْتُ سَاكِنْ বা সাকিনের বোন বলা হয়, অথচ বাস্তবে এটা كَسْرَةْ বিশিষ্ট হয়েছে। এর সমাধানে ভাষাবিদ ও মুহাক্কেকীনগণ নিম্নোক্ত বক্তব্য পেশ করেছেন– ক. جَرّ একটি হরকত হলেও স্থায়িত্ব ও ব্যবহার খুব কম হওয়ায় এটা যেন سَاكِنْ-এর মতোই عَدَمُ الْحَرَكَةِ তথা হরকতশূন্য। তাই فِعْلْ ও غَيْرُ مُنْصَرِفْ-এর ক্ষেত্রে-এর ব্যবহার পরিলক্ষিত হয় না। سَاكِنْ ও جَرّ-এর মধ্যে এরূপ সামঞ্জস্য থাকার কারণেই বলা হয়– اَلسَّاكِنُ اِذَا حُرِّكَ حُرِّكَ بِالْكَسْرِ অর্থাৎ সাকিনকে যখন হরকত প্রদান করা হয়, তখন كَسْرَةْ প্রদান করা হয়। এ সূত্রের ভিত্তিতেই এখানে بَاءْ অক্ষরটিতে كَسْرَةْ দেওয়া হয়েছে। খ. بَاءْ অক্ষরটি اِسْم ব্যতীত অন্য কোনো كَلِمَةْ-এর প্রথমে ব্যবহৃত হয় না। আর اِسْمٌ-এর একমাত্র ব্যতিক্রমধর্মী বৈশিষ্ট্য হলো, তা كَسْرَةْ গ্রহণ করে থাকে। এদিকে লক্ষ্য রেখেই بَاءْ অক্ষরটিতেও كَسْرَةْ প্রদান করা হয়েছে। গ. بَاءْ অক্ষরটি حَرْف ব্যতীত অন্য কোনো অর্থে ব্যবহৃত হয় না। সুতরাং যেসব حَرْف কখনো কখনো اِسْم-এর অর্থে ব্যবহৃত হয়, তা থেকে باء-কে পৃথকীকরণের জন্য এটাকে كَسْرَةْ প্রদান করা হয়েছে। ঘ. بَاءْ-এর পর যে শব্দটি আসে তা অবশ্যই كَسْرَةْ বিশিষ্ট হবে। তাই এ বৈশিষ্ট্যের প্রতি দৃষ্টি রেখে باء অক্ষরটিতেও كَسْرَةْ প্রদান করা হয়েছে।

কারো কারো মতে, بِسْمِ اللّٰهِ-এর بَاءْ অক্ষরটি حَرْفِ جَارّ যা বিভিন্ন অর্থের জন্য প্রয়োগ হয়ে থাকে। তন্মধ্যে এখানে بَاءْ অক্ষরটি اِسْتِعَانَتْ তথা সাহায্য চাওয়ার জন্য ব্যবহৃত হয়েছে।

قَوْلُهٗ اِسْم-এর আলোচনা : ইমাম কুরতুবী (র.) বলেন, اِسْمٌ শব্দের প্রথমে আগত ا অক্ষটি هَمْزَةُ لِلْوَصْلِ যা প্রথমে সাকিনযুক্ত শব্দের প্রথম গঠনের সুবিধার জন্য নেওয়া হয়।

www.eelm.weebly.com

লিসানুল আরব গ্রন্থে إِسْمٌ শব্দটির পাঁচটি কেরাত উল্লেখ হয়েছে। যথা– اسم ,اسم ,سم ,سم ,سمى তবে إِسْمٌ শব্দটি কোন শব্দ হতে উদ্ভূত হয়েছে, সে ব্যাপারে দু'টি মত পাওয়া যায়।

১. বসরার ব্যাকরণবিদগণ বলেন, إِسْمٌ শব্দটি سُمُوٌّ শব্দমূল হতে নিষ্পন্ন। এর অর্থ হচ্ছে اَلْعُلُوُّ وَالرِّفْعَةُ তথা উন্নত ও সুউচ্চ। এ মতানুযায়ী اِسْمٌ-কে এ জন্য إِسْمٌ বলা হয়, প্রত্যেক নামধারী স্বীয় নাম দ্বারা মর্যাদার উচ্চাসন লাভ করে। অথবা, এরূপও হতে পারে যে, كَلِمَةٌ-এর অন্যান্য প্রকারের মধ্যে اِسْمٌ-এর স্থান সুউচ্চে এবং সর্বসম্মতিক্রমে اِسْمٌ সকল প্রকার كَلِمَةٌ-এর মূল ও অপেক্ষাকৃত শক্তিশালী।

২. কূফার ব্যাকরণবিদগণ এ প্রসঙ্গে ভিন্নমত পোষণ করেন। তাঁদের মতে, اِسْمٌ শব্দটি سِمَةٌ শব্দ হতে নিষ্পন্ন। এর অর্থ হচ্ছে– اَلْعَلَامَةُ বা চিহ্ন। اِسْمٌ সংশ্লিষ্ট নামধারীর আলামত বা চিহ্নস্বরূপ। এ মতানুযায়ী إِسْمٌ শব্দের প্রকৃত রূপ وِسْمٌ ছিল। وَاوْ-কে উহ্য রেখে তদস্থলে একটি هَمْزَةُ الْوَصْلِ যুক্ত করে إِسْمٌ করা হয়েছে। [কিন্তু বাস্তবতার কষ্টিপাথরে যাচাই করলে দেখা যায়, বসরী ব্যাকরণবিদদের মতামতই অধিক গ্রহণযোগ্য। এখানে اِسْمٌ এমন শব্দ যা কোনো ذَاتٌ বুঝানোর জন্য ব্যবহৃত হয়েছে। اِسْمٌ শব্দটি একবচন, বহুবচনে أَسْمَاءٌ।]

قَوْلُهُ اللّٰهِ : اَللّٰهُ শব্দের আলোচনা : اَللّٰهُ শব্দটি মূলত কি ছিল এ নিয়ে মতভেদ রয়েছে। প্রখ্যাত নাহুবীদ সীবওয়াইহ বলেন, اَللّٰهُ শব্দটি মূলত لَاهٌ ছিল। এর প্রথমে আলিফ-লাম যোগ করে اَللّٰهُ শব্দ গঠন করা হয়েছে। ইমাম কিসায়ী ও ফাররা (র.) বলেন, اَللّٰهُ শব্দটি মূলত اَلْإِلٰهُ ছিল। মূল হামযাকে বিলুপ্ত করে اَللّٰهُ করা হয়েছে। اَلْإِلٰهُ শব্দটি جِنْسٌ বা জাতিবাচক শব্দ। শব্দটি হক ও বাতিলের সকল প্রকার উপাস্যের ক্ষেত্রে ব্যবহৃত হয়, তবে اَللّٰهُ শব্দটি একটি স্মরণীয় ব্যতিক্রম শব্দ। অতএব اَلْإِلٰهُ শব্দোদ্ভূত হওয়ার পরও এর দ্বারা হক ও বাতিলের উপাস্যকে বুঝানো যায় না; বরং একমাত্র হক উপাস্যের ক্ষেত্রেই اَللّٰهُ শব্দটি ব্যবহৃত হয়। আর اَللّٰهُ হচ্ছেন– اَللّٰهُ عَلَمٌ لِذَاتِ الْوَاجِبِ الْوُجُوْدِ الْمُسْتَجْمِعُ لِجَمِيْعِ الصِّفَاتِ الْكَمَالِ الْمُنَزَّهُ عَنْ سِمَاتِ النَّقْصِ وَالزَّوَالِ

অর্থাৎ আল্লাহ হলেন যিনি চিরঞ্জীব ও চিরন্তন এবং যাবতীয় পূর্ণ বৈশিষ্ট্যের অধিকারী আর যিনি ত্রুটি-বিচ্যুতির চিহ্ন থেকে সম্পূর্ণ মুক্ত। اَللّٰهُ শব্দটি কুরআন মাজীদে ২৬৯৮ বার উল্লেখ করা হয়েছে।

قَوْلُهُ اَلرَّحْمٰنُ الرَّحِيْمِ-এর আলোচনা : رَحْمٰنُ শব্দটি فَعْلَانٌ-এর ওযনে এবং رَحِيْمٌ শব্দটি فَعِيْلٌ-এর ওযনে اِسْمُ فَاعِلٍ-এর সীগাহ। শব্দ দু'টিই مُبَالَغَةٌ اَلرَّحْمَةُ মাসদার থেকে নিষ্পন্ন। اَلرَّحْمٰنُ শব্দটি আল্লাহর জন্য খাস বা নির্দিষ্ট, অন্য কারো জন্য শব্দটি ব্যবহার করা যায় না এবং এর লিঙ্গান্তরও হয় না। কিন্তু رَحِيْمٌ শব্দটি আম। এ শব্দের লিঙ্গান্তর হয় رَحِيْمَةٌ (রাহীমা) অর্থ– رِقَّةُ الْقَلْبِ তথা অন্তরের কোমলতা; رَحْمًا . رَحْمَةً . مَرْحَمَةً অর্থাৎ দয়া করা, দান করা ইত্যাদি। আল-কুরআনে اَلرَّحْمٰنُ শব্দটি ৫৭ বার এবং رَحِيْمٌ শব্দটি ১৪ বার উল্লেখ করা হয়েছে।

اَلْفَرْقُ بَيْنَ الرَّحْمٰنِ وَالرَّحِيْمِ : رَحْمٰنُ ও رَحِيْمٌ -এর মাঝে পার্থক্য :

১. আল্লামা জারুল্লাহ যামাখশারী (র.) বলেন, اَللّٰهُ নামের পর اَلرَّحْمٰنُ নামটিই সর্বাপেক্ষা অর্থপূর্ণ গুণবাচক নাম। কিন্তু اَلرَّحِيْمُ এতটা অর্থবহ ও গুরুত্বপূর্ণ নয়। অর্থাৎ اَلرَّحْمٰنُ হলো رَحْمٰنُ الدُّنْيَا وَالْاٰخِرَةِ আর اَلرَّحِيْمُ হলো رَحِيْمُ الدُّنْيَا।

২. রূহুল মা'আনী প্রণেতার মতে, اَلرَّحْمٰنُ শব্দটি কেবল আল্লাহর ক্ষেত্রে ব্যবহৃত হয়। আর اَلرَّحِيْمُ শব্দটি আল্লাহর নামের পাশাপাশি মুহাম্মদ ﷺ-এর জন্যও ব্যবহৃত হয়েছে।

৩. কেউ কেউ বলেন, اَلرَّحْمٰنُ শব্দটি عَامٌ বা ব্যাপক অর্থবোধক শব্দ। এর মধ্যে আল্লাহ প্রদত্ত ছোট বড় সব রকমের ইহলৌকিক ও পরলৌকিক কল্যাণই অন্তর্ভুক্ত। কিন্তু اَلرَّحِيْمُ শব্দ হচ্ছে خَاصٌ বা বিশেষ অর্থবোধক শব্দ। এর দ্বারা শুধুমাত্র মু'মিনদের জন্য অবধারিত পরকালীন নিয়ামতকে বুঝানো হয়।

৪. তাফসীরে ইবনে কাছীর গ্রন্থকার বলেন, اَلرَّحْمٰنُ শব্দটি আল্লাহ তা'আলার জন্য خَاصٌ আর رَحِيْمٌ শব্দটি عَامٌ কেননা, رَحِيْمٌ শব্দটি আল্লাহ তা'আলা এবং তাঁর বান্দা উভয়ের জন্য ব্যবহৃত হয়। যেমন, রাসূলুল্লাহ ﷺ সম্পর্কে আল্লাহর বাণী– حَرِيْصٌ عَلَيْكُمْ بِالْمُؤْمِنِيْنَ رَؤُوْفٌ رَحِيْمٌ .

৫. ইমাম বায়যাবী (র.) বলেন, اَلرَّحْمٰنُ বলতে আল্লাহর সে সকল অনুগ্রহ নির্দেশ করা হয়েছে, যা মুসলিম-অমুসলিম, পশু-পাখি, কীট-পতঙ্গ, উদ্ভিদ ও অন্যান্য সকল সৃষ্টির জন্য সমানভাবে প্রযোজ্য। কিন্তু اَلرَّحِيْمُ-এর অনুগ্রহ বা দয়া কেবলমাত্র মুমিনদের জন্য।

৬. اَلرَّحْمٰنُ শব্দে এমন দয়া নির্দেশ করে, যা প্রত্যাহারযোগ্য ও সীমিতাকারে প্রদেয়; কিন্তু اَلرَّحِيْمُ সীমাহীন ও অনন্তকালীন দয়া ও অনুগ্রহের প্রদায়ক।

৭. اَلرَّحْمٰنُ শব্দের কোনো লিঙ্গান্তর হয় না; কিন্তু اَلرَّحِيْمُ শব্দের লিঙ্গান্তর হয়। মোটকথা, رَحْمٰنُ শব্দের মধ্যে رَحِيْمٌ শব্দের তুলনায় অর্থের আধিক্য রয়েছে। কারণ, كَثْرَةُ الْحُرُوْفِ تَدُلُّ عَلٰى كَثْرَةِ الْمَعَانِيْ

বিসমিল্লাহ প্রারম্ভে আনার কারণ : গ্রন্থকার স্বীয় গ্রন্থের প্রারম্ভে বিসমিল্লাহ আনার কারণ হলো রাসূল ﷺ বলেছেন– كُلُّ اَمْرٍ ذِيْ بَالٍ لَمْ يُبْدَأْ فِيْهِ بِاسْمِ اللّٰهِ فَهُوَ اَبْتَرُ অর্থাৎ, যে কাজের শুরুতে বিসমিল্লাহ নেওয়া হয় না, সে কাজটি অসম্পূর্ণ ও অকল্যাণকর হয়। তাই তিনি কিতাবখানি বিসমিল্লাহ দিয়েই আরম্ভ করেছেন।

قَوْلُهُ اَلْحَمْدُ لِلّٰهِ -এর আলোচনা : اَلْحَمْدُ শব্দের اَلْ টি اِسْتِغْرَاقِيْ না جِنْسِيْ এ নিয়ে আলিমদের মাঝে মতানৈক্য রয়েছে। আহলে সুন্নাত ওয়াল জামাতের মতে, اَلْحَمْدُ শব্দের اَلِفْ لَامْ -টি اِسْتِغْرَاقِيْ কেননা, আল্লাহ তা'আলা বান্দার যাবতীয় কর্মের خَالِقٌ ; পক্ষান্তরে আল্লামা যামাখশারী (র.) ও মু'তাযিলাদের মতে, اَلِفْ لَامْ-টি হলো جِنْسِيْ কেননা তারা মনে করে বান্দা তার কর্মের خَالِقٌ নিজেই। মোটকথা, اِسْتِغْرَاقِيْ অবস্থায় হামদের প্রত্যেকটি অংশ আল্লাহর জন্য সাব্যস্ত হবে আর جِنْسِيْ অবস্থায় হামদের প্রকৃত অবস্থা (مَاهِيَّتٌ) আল্লাহর জন্য সাব্যস্ত হবে।

www.eelm.weebly.com

تَعْرِيْفُ الْحَمْدِ : حَمْد-এর সংজ্ঞা :

১. আল্লামা যামাখশারী (র.)-এর মতে, حَمْد-এর অর্থ হলো– هُوَ الثَّنَاءُ وَالنِّدَاءُ عَلَى الْجَمِيْلِ مِنْ نِعْمَةٍ وَغَيْرِهَا অর্থাৎ কারো অর্জিত গুণাবলির প্রশংসা করা– চাই তাই উত্তম নিয়ামতের বিনিময়ে হোক বা নিয়ামত ছাড়াই হোক।

আল্লামা যামাখশারী (র.) আরো বলেন– اَلْحَمْدُ بِاللِّسَانِ وَحْدَهٗ অর্থাৎ হামদ এমন প্রশংসাকে বলে যা শুধুমাত্র মুখের ভাষার মাধ্যমেই উচ্চারিত হয়।

২. আল্লামা কাযী বায়যাবী (র.) বলেন– اَلْحَمْدُ هُوَ الثَّنَاءُ عَلَى الْجَمِيْلِ الْاِخْتِيَارِىْ مِنْ نِعْمَةٍ اَوْ غَيْرِهَا অর্থাৎ ভাষার মাধ্যমে কারো অর্জিত গুণাবলির প্রশংসা করা। চাই তা কোনো অনুগ্রহের বিনিময়ে হোক বা অনুগ্রহ ব্যতীত হোক।

৩. আল্লামা তাফতাযানী (র.)-এর মতে– هُوَ الثَّنَاءُ بِاللِّسَانِ عَلَىٰ قَصْدِ التَّعْظِيْمِ وَمَوْرِدُ الْحَمْدِ لَا يَكُوْنُ اِلَّا بِاللِّسَانِ অর্থাৎ কাউকে সম্মানের উদ্দেশ্যে মুখ দিয়ে প্রশংসা করার নামই হচ্ছে হামদ। [এতে বুঝা গেল– যে প্রশংসা মুখে উচ্চারিত হয় না, তা হামদ নয়।]

اَلْفَرْقُ بَيْنَ الْحَمْدِ وَالْمَدْحِ : حَمْد ও مَدْح-এর মধ্যে পার্থক্য :

১. حَمْد জীবিতের সাথে খাস বা নির্দিষ্ট, আর مَدْح জীবিত এবং মৃত উভয়ের জন্য আম।
২. حَمْد আলিমের সাথে খাস, আর مَدْح আলিম ও জাহিল উভয়ের জন্য আম।
৩. حَمْد হয় صِفَاتٌ كَمَالِيَةٌ [সিফতে কামালিয়া]-এর উপর, আর مَدْح হয় صِفَاتٌ كَمَالِيَةٌ [সিফতে কামালিয়া] ও صِفَاتٌ مُسْتَحْسَنَةٌ [সিফতে মুসতাহসানা] উভয়ের উপর।
৪. حَمْد ভালোবাসার সাথে হয়, আর مَدْح ভালোবাসা ছাড়াও হতে পারে।
৫. حَمْد ইয়াকীনের সাথে খাস, আর مَدْح ইয়াকীন এবং ধারণা উভয়ের জন্য আম।

اَلْفَرْقُ بَيْنَ الْحَمْدِ وَالشُّكْرِ : حَمْد ও شُكْر-এর মধ্যে পার্থক্য :

১. নিয়ামত পেয়ে বা না পেয়ে মুখ দিয়ে যে প্রশংসা করা হয়, তাকে حَمْد বলে। আর নিয়ামতের পরিবর্তে মুখ বা অন্য কোনো অঙ্গ-প্রত্যঙ্গ দিয়ে যে প্রশংসা করা হয়, তাকে شُكْر বলে।

২. حَمْد-এর বিপরীত লাউম বা তিরস্কার ও ভর্ৎসনা আসে, আর شُكْر-এর বিপরীত কুফর আসে। যেমন আল্লাহর বাণী– فَاذْكُرُوْنِىْ اَذْكُرْكُمْ وَاشْكُرُوْا لِىْ وَلَا تَكْفُرُوْنِ

৩. شُكْر ছেড়ে দেওয়ার ব্যাপারে ধমক আছে কিন্তু حَمْد ছেড়ে দেওয়ার ব্যাপারে ধমক নেই। যেমন আল্লাহর বাণী– لَئِنْ شَكَرْتُمْ لَاَزِيْدَنَّكُمْ وَلَئِنْ كَفَرْتُمْ اِنَّ عَذَابِىْ لَشَدِيْدٌ ـ

৪. আবুল আব্বাস এবং মুবাররাদ (র.)-এর মতে, حَمْد ও شُكْر-এর মধ্যে কোনো পার্থক্য নেই, উভয়টি একই অর্থবোধক।

قَوْلُهٗ اَبْدَعَ-এর বিশ্লেষণ : اَبْدَعَ শব্দটি اَلْاِبْدَاعُ মাসদার হতে বাবে اِفْعَالٌ-এর ওজনে ব্যবহৃত। সীগাহ وَاحِدْ مُذَكَّرْ غَائِبْ বহছ اِثْبَاتْ فِعْلْ مَاضِى مَعْرُوْف অর্থ– তিনি দৃষ্টান্তহীনভাবে সৃষ্টি করেছেন।

পরিভাষায় اَبْدَعَ হলো– اِخْرَاجُ الشَّيْئِ مِنَ الْعَدَمِ اِلَى الْوُجُوْدِ بِغَيْرِ مَادَّةٍ সুতরাং প্রতীয়মান হয় যে, আল্লাহ তা'আলার জন্য দৃষ্টান্তের কোনো প্রয়োজন নেই। আল্লাহর বাণী– وَلَئِنْ سَاَلْتَهُمْ مَنْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ لَيَقُوْلُنَّ اللّٰهُ

اَلْاَفْلَاكْ এবং اَلْاَرَضِيْن শব্দদ্বয়কে جَمْع বা বহুবচন নেওয়ার কারণ : আল্লাহ তা'আলা পবিত্র কুরআনের সূরা তালাকে ইরশাদ করেছেন– اَللّٰهُ الَّذِىْ خَلَقَ سَبْعَ سَمٰوٰتٍ وَّمِنَ الْاَرْضِ مِثْلَهُنَّ অর্থাৎ 'আল্লাহ তা'আলা সপ্তাকাশ ও অনুরূপ সাত জমিনকে সৃষ্টি করেছেন।' উক্ত আয়াতে কারীমায় সাতটি আসমান ও সাতটি জমিনের কথা বলা হয়েছে। আর গ্রন্থকার আল্লামা ফযলে ইমাম খায়রাবাদী (র.) আকাশ ও জমিন সাতটি হওয়ার দিকে ইঙ্গিত করার জন্যই এখানে اَلْاَرَضِيْن এবং اَفْلَاك শব্দ দয়কে جَمْع বা বহুবচনের শব্দ দিয়ে উল্লেখ করেছেন।

অবশ্য কেউ কেউ এখানে একটি সুন্দর উপমা দিয়েছেন এভাবে যে, اَلْاَفْلَاكْ ও اَلْاَرَضِيْن-এর মাঝে ৭টি অক্ষর বিদ্যমান। আর আকাশ ও পৃথিবীর সংখ্যাও সাতটি। এ কারণেই গ্রন্থকার এখানে উক্ত শব্দ দু'টি বহুবচনরূপে নিয়ে এসেছেন। যাতে করে পাঠক বুঝতে পরে যে, আকাশ ও পৃথিবীর সংখ্যাও অনুরূপ সাতটি।

اَلصَّلٰوةُ-এর আভিধানিক অর্থ : صَلٰوة শব্দটি فَعَالٌ-এর ওজনে বাবে تَفْعِيْلٌ-এর মাসদার। صَلّٰى মাদ্দাহ থেকে নির্গত। আভিধানিক দৃষ্টিকোণ থেকে এর অর্থ–বাঁকাকাষ্ঠ আগুনে পুড়িয়ে সোজা করা। তা صَلَّيْتُ الْعُوْدَ عَلَى النَّارِ হতে নেওয়া হয়েছে। صَلٰوة শব্দের নেসবতের বিভিন্নতার কারণে তার অর্থেরও বিভিন্ন রূপ হয়। যেমন– صَلٰوة-এর নেসবত আল্লাহ তা'আলার দিকে হলে তার অর্থ হবে 'অনুগ্রহ'। ফেরেশতাদের দিকে হলে এর অর্থ হবে 'ক্ষমা প্রার্থনা করা'। আর মানুষের সাথে সম্বন্ধ হলে এর অর্থ হবে প্রার্থনা করা। আর অন্যান্য প্রাণীর দিকে صَلٰوة-এর নেসবত হলে অর্থ হবে গুণকীর্তন করা। কুরআন মাজীদের নিম্নোক্ত আয়াতে صَلٰوة শব্দটি প্রথমোক্ত তিনটি অর্থেই ব্যবহৃত হয়েছে। আল্লাহর তা'আলার বাণী–

اِنَّ اللّٰهَ وَمَلٰئِكَتَهٗ يُصَلُّوْنَ عَلَى النَّبِىِّ ـ يٰاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا صَلُّوْا عَلَيْهِ وَسَلِّمُوْا تَسْلِيْمًا ـ

www.eelm.weebly.com

اَلصَّلٰوةُ-এর পারিভাষিক সংজ্ঞা : ইসলামি শরিয়তের পরিভাষায়, শরিয়ত নির্ধারিত পদ্ধতিতে কিয়াম, রুকু ও সিজদার মাধ্যমে আল্লাহর গুণকীর্তন করাকে صَلٰوةٌ বলা হয়।

আল-মু'জামুল ওয়াসীত অভিধান প্রণেতার মতে- اَلْعِبَادَةُ الْمَخْصُوْصَةُ الْمُبَيَّنَةُ حُدُوْدُ اَوْقَاتِهَا فِى الشَّرِيْعَةِ আল্লাহ তা'আলার বাণী- অর্থাৎ সালাত এমন একটি বিশেষ ইবাদতের নাম, যার সময়সীমা শরিয়ত কর্তৃক নির্ধারিত।

قَوْلُهٗ نَبِيًّا - نَبِىٌّ-এর আভিধানিক অর্থ : نَبِىٌّ শব্দটি نَبَأٌ শব্দমূল থেকে নির্গত। এটা একবচন, বহুবচনে اَنْبِيَاءُ -এর আভিধানিক অর্থ সম্পর্কে অভিধানবেত্তাদের বিভিন্ন অভিমত পাওয়া যায়। যেমন-

১. কারো মতে, এটা نَبَاءٌ শব্দ হতে নির্গত। এর অর্থ-সংবাদ বাহক।

২. কারো মতে, এর মূল হচ্ছে نَبُوْءٌ অর্থ-উচ্চ মর্যাদাবান ও উন্নত মান-সম্মান সম্পন্ন।

৩. আযহারীর মতে, এটা نَبِىْءٌ হতে নির্গত। এর অর্থ-পন্থা ও রাস্তা প্রদর্শক।

نَبِىٌّ -এর পারিভাষিক সংজ্ঞা : ইসলামি পরিভাষায় বলা হয়-

مَنْ يَصْطَفِيْهِ اللّٰهُ مِنَ النَّاسِ لِهِدَايَةِ الْبَشَرِ وَلٰكِنْ مَا اُنْزِلَ عَلَيْهِ الْكِتَابُ অর্থাৎ 'নবী হলো মানবজাতিকে হেদায়াত করার জন্য মহান আল্লাহ মানুষের মধ্য হতে যাঁকে মনোনীত করেছেন, কিন্তু তাঁর উপর কিতাব অবতীর্ণ করা হয়নি।' এখানে নবী দ্বারা আখেরী নবী হযরত মুহাম্মদ ﷺ-কে বুঝানো হয়েছে। কারণ, তাঁকেই আদম (আ.) সৃষ্টির বহু আগেই আল্লাহ তা'আলা সৃষ্টি করেছেন। তিনি মূলত রাসূলও বটে। উল্লেখ্য, প্রত্যেক রাসূলই নবীর মর্যাদায় ভূষিত, কিন্তু প্রত্যেক নবী রাসূল হিসেবে স্বীকৃত নন।

قَوْلُهٗ وَاٰدَمُ بَيْنَ الْمَاءِ وَالطِّيْنِ-এর আলোচনা : আলোচ্য ইবারত দ্বারা বুঝা যায়, হযরত আদম (আ.) পানি ও মাটির মধ্যে ছিলেন। এ কথার মর্মার্থ হচ্ছে, আদম (আ.)-এর জন্ম না হওয়ার পূর্ববর্তী সময়। অর্থাৎ হযরত আদম (আ.)-এর জন্মের পূর্বেও হযরত মুহাম্মদ ﷺ নবী ছিলেন। যেমন, মহানবী হযরত মুহাম্মদ ﷺ ইরশাদ করেছেন- كُنْتُ نَبِيًّا وَاٰدَمُ بَيْنَ الْمَاءِ وَالطِّيْنِ

قَوْلُهٗ وَعَلٰى اٰلِهٖ-এর আলোচনা : اٰلٌ শব্দটি মূলত اَهْلٌ ছিল। কেননা, এর تَصْغِيْر আসে اُهَيْلٌ আর تَصْغِيْر দ্বারা মূল হরফের পরিচয় পাওয়া যায়। অতঃপর هَا-কে خِلَافُ قِيَاسٍ (খিলাফে কিয়াস) আলিফ দ্বারা পরিবর্তন করা হয়েছে।

اٰلٌ ও اَهْلٌ-এর মধ্যে পার্থক্য : اٰلٌ ও اَهْلٌ-এর পার্থক্য নিম্নরূপ-

১. اٰلٌ শব্দটি خَاصٌّ যা শুধুমাত্র সম্ভ্রান্ত বংশের ক্ষেত্রে ব্যবহৃত হয়। চাই দুনিয়ার দিক দিয়ে হোক কিংবা আখিরাতের দিক দিয়ে হোক। আর اَهْلٌ শব্দটি عَامٌّ সম্মানী ও অসম্মানী সকল বংশের ক্ষেত্রে ব্যবহৃত হয়।

২. اٰلٌ শব্দের সম্বোধন ذوى العقول-এর দিকে হয়। আর اَهْلٌ শব্দের সম্বোধন ذَوِى الْعُقُوْلِ ও غَيْرُ ذَوِى الْعُقُوْلِ সবার দিকে হয়।

৩. اٰلٌ শব্দটি পুরুষের দিকে, আর اَهْلٌ শব্দটি পুরুষ-মহিলা উভয়ের দিকে হয়।

৪. اٰلٌ-এর اِضَافَتٌ ইসমে ظَاهِرٌ-এর দিকে। আর اَهْلٌ-এর اِضَافَتٌ ইসমে ظَاهِرٌ ও ইসমে ضَمِيْر উভয়ের দিকে হয়।

قَوْلُهٗ اَصْحَابٌ -এর আলোচনা : এখানে اَصْحَابٌ শব্দটি صَحْبٌ-এর বহুবচন এবং صَحْبٌ শব্দটি صَاحِبٌ-এর বহুবচন। মাদ্দাহ (ص - ح - ب) আর صَحَابِىٌّ সেই ব্যক্তি, যিনি ঈমান অবস্থায় মহানবী হযরত মুহাম্মদ ﷺ-কে স্বচক্ষে দেখেছেন এবং ঈমান অবস্থায় মৃত্যুবরণ করেছেন। আল্লামা সাইয়েদ মুফতি আমীমুল ইহসান (র.)-এর ভাষায়-

اَلصَّحَابِىُّ هُوَ مَنْ لَقِىَ النَّبِىَّ ﷺ مُؤْمِنًا بِهٖ وَمَاتَ عَلَى الْاِيْمَانِ.

قَوْلُهٗ بَعْدُ-এর আলোচনা : بَعْدُ শব্দটি ظُرُوْفُ زَمَانِيَّةٌ-এর অন্তর্ভুক্ত। এর مُضَافُ اِلَيْهِ নিয়তে উহ্য থাকে। সুতরাং এটা পেশের উপর مَبْنِىٌّ হয়েছে, মূল ইবারত হলো- بَعْدَ الْحَمْدِ وَالصَّلٰوةِ আরব ঐতিহাসিকদের মতে, সর্বপ্রথম কুস ইবনে সায়েদা পণ্ডিত তাঁর বক্তব্যে اَمَّا بَعْدُ শব্দের ব্যবহার করেন।

قَوْلُهٗ فَهٰذِهٖ-এর আলোচনা : গ্রন্থকার এখানে هٰذِهٖ দ্বারা ইলমে মানতিকের কাল্পনিক মাসআলাগুলোর প্রতি ইঙ্গিত করেছেন, যেগুলো অত্র কিতাবে আলোচিত হবে। এতে فَاءٌ অক্ষরটি تَوَهُّمُ اَمَّا-এর ভিত্তিতে নেওয়া হয়েছে। تَوَهُّمُ اَمَّا-এর অর্থ হলো 'যদিও'। এখানে প্রকৃতপক্ষে اَمَّا শব্দটি উল্লেখ করা হয়নি, কিন্তু এরূপ স্থানে সাধারণত اَمَّا নেওয়া হয়ে থাকে। আর اَمَّا-এর জবাবে যেহেতু فَاءٌ নেওয়া হয়, সেহেতু এখানে فَاءٌ নেওয়া হয়েছে।

قَوْلُهٗ عِلْمُ الْمِيْزَانِ -এর আলোচনা : আলোচ্য আয়াত দ্বারা বুঝা যায়, عِلْمُ الْمِيْزَانِ দ্বারা عِلْمُ مَنْطِقٍ-কে বুঝানো হয়েছে। কেননা, عِلْمُ مَنْطِقٍ এটা عَقْلٌ-এর জন্য পাল্লাস্বরূপ, যা দ্বারা সহীহ বা শুদ্ধ ধ্যান-ধারণা, পরিমাপ ও ভ্রান্ত ধারণার ত্রুটি-বিচ্যুতি ইত্যাদি জানা যায়। আর পরিমাপ করার যন্ত্রকে আরবিতে مِيْزَانٌ বলা হয়। সুতরাং عِلْمُ مَنْطِقٍ জ্ঞান ও আকলের জন্য পাল্লা বা পরিমাপ যন্ত্র বিশেষ বিধায় এটাকে عِلْمُ الْمِيْزَانِ বলা হয়েছে। শব্দটির ব্যবহার পবিত্র কুরআনেও লক্ষ্য করা যায়। যেমন আল্লাহ তা'আলার বাণী-

١. وَاَقِيْمُوا الْوَزْنَ بِالْقِسْطِ وَلَا تُخْسِرُوا الْمِيْزَانَ.

٢. وَاَوْفُوا الْكَيْلَ وَالْمِيْزَانَ بِالْقِسْطِ.

٣. وَالسَّمَاءَ رَفَعَهَا وَوَضَعَ الْمِيْزَانَ.

ضَبَطَهَا ও حَفِظَهَا বাক্যে هَا যমীরের مَرْجِعٌ : আলোচ্য শব্দদ্বয় তথা حَفِظَهَا ও ضَبَطَهَا-এর মধ্যকার ، যমীর দু'টিই এর পূর্বের فُصُوْلٌ-এর দিকে প্রত্যাবর্তিত হয়েছে। এর অর্থ- এ পরিচ্ছেদগুলো মুখস্থ করা এবং সংরক্ষণ করা অত্যাবশ্যক।

www.eelm.weebly.com

مُقَدِّمَةٌ
ভূমিকা

اِعْلَمْ اَنَّ الْعِلْمَ يُطْلَقُ عَلٰى مَعَانٍ اَوَّلُهَا حُصُوْلُ صُوْرَةِ الشَّئْ فِى الْعَقْلِ ثَانِيْهَا الصُّوْرَةُ الْحَاصِلَةُ مِنَ الشَّئْ عِنْدَ الْعَقْلِ ثَالِثُهَا اَلْحَاضِرُ عِنْدَ الْمُدْرِكِ رَابِعُهَا قَبُوْلُ النَّفْسِ لِتِلْكَ الصُّوْرَةِ خَامِسُهَا اَلْاِضَافَةُ الْحَاصِلَةُ بَيْنَ الْعَالِمِ وَالْمَعْلُوْمِ ـ وَيَنْقَسِمُ عَلٰى قِسْمَيْنِ اَحَدُهُمَا يُقَالُ لَهُ التَّصَوُّرُ وَثَانِيْهِمَا يُعَبَّرُ عَنْهُ بِالتَّصْدِيْقِ اَمَّا التَّصَوُّرُ فَهُوَ عِنْدَ الْمُتَكَلِّمِيْنَ اَلْاِدْرَاكُ الْخَالِىْ عَنِ الْحُكْمِ وَالْمُرَادُ بِالْحُكْمِ نِسْبَةُ اَمْرٍ اِلٰى اَمْرٍ اٰخَرَ اِيْجَابًا اَوْ سَلْبًا وَاِنْ شِئْتَ قُلْتَ اِيْقَاعًا اَوْ اِنْتِزَاعًا وَقَدْ يُفَسَّرُ الْحُكْمُ بِوُقُوْعِ النِّسْبَةِ اَوْ لَاوُقُوْعِهَا كَمَا اِذَا تَصَوَّرْتَ "زَيْدًا" وَحْدَهُ اَوْ "قَائِمًا" وَحْدَهُ مِنْ دُوْنِ اَنْ تُثْبِتَ الْقِيَامَ لِزَيْدٍ اَوْ تَسْلِبَهُ عَنْهُ ـ

সরল অনুবাদ : জেনে রাখো যে, عِلْمٌ শব্দটি বিভিন্ন অর্থে প্রয়োগ হয়। তন্মধ্যে প্রথমটি হলো– কোনো জিনিসের আকৃতি অন্তরে অর্জিত হওয়া। দ্বিতীয়টি হলো– ঐ আকৃতি যা কোনো জিনিস হতে অন্তরে অর্জিত হয়। তৃতীয়টি হলো– বোধসম্পন্ন ব্যক্তির নিকট উপস্থিত বিষয়। চতুর্থটি হলো– ঐ (ধারণকৃত) আকৃতিটিকে অন্তর কর্তৃক গ্রহণ করা। পঞ্চমটি হলো– ঐ সম্পর্ক যা عَالِمْ (জ্ঞানী) ও مَعْلُوْمْ (জ্ঞাত) বিষয়ের মধ্যে বিদ্যমান।

আর তা (عِلْمُ حُصُوْلِى حَادِثْ) আবার দু' ভাগে বিভক্ত। তন্মধ্যে একটিকে বলা হয় تَصَوُّرْ এবং দ্বিতীয়টিকে বলা হয় تَصْدِيْق। সুতরাং تَصَوُّرْ হলো এমন ইলম যা হুকুমশূন্য, আর হুকুম বলতে এক বস্তুর সাথে অপর বস্তুর ইতিবাচক বা নেতিবাচক সম্পর্ককে বুঝানো হয়েছে। এটাকে এভাবেও বলা যেতে পারে যে, একটি বিষয়ের সাথে অপর একটি বিষয়ের সম্পর্ক স্থাপন (اِيْقَاعْ) করা বা দূরীভূত (اِنْتِزَاعْ) করা। কখনো حُكْم-এর ব্যাখ্যা 'সম্পর্ক স্থাপন' বা 'সম্পর্ক না হওয়া'র দ্বারাও করা হয়। যথা– তুমি যায়েদের দণ্ডায়মান হওয়া বা না হওয়ার গুণ সাব্যস্ত ব্যতীত শুধু যায়েদ বা শুধু দণ্ডায়মান হওয়ার কল্পনা করলে।

শাব্দিক অনুবাদ : مُقَدِّمَةٌ ভূমিকা اِعْلَمْ জেনে রাখো اَنَّ الْعِلْمَ যে, عِلْم শব্দটি يُطْلَقُ عَلٰى مَعَانٍ বিভিন্ন অর্থের ক্ষেত্রে প্রয়োগ হয় اَوَّلُهَا তন্মধ্যে প্রথমটি হলো– حُصُوْلُ অর্জিত হওয়া صُوْرَةُ الشَّئْ কোনো জিনিসের আকৃতি فِى الْعَقْلِ অন্তরে ثَانِيْهَا দ্বিতীয়টি হলো– الصُّوْرَةُ ঐ আকৃতি الْحَاصِلَةُ مِنَ الشَّئْ যা কোনো জিনিস হতে অর্জিত হয় عِنْدَ الْعَقْلِ অন্তরে ثَالِثُهَا তৃতীয়টি হলো– اَلْحَاضِرُ উপস্থিত বিষয় عِنْدَ الْمُدْرِكِ বোধসম্পন্ন ব্যক্তির নিকট رَابِعُهَا চতুর্থ হলো– قَبُوْلُ النَّفْسِ অন্তর কর্তৃক গ্রহণ করা لِتِلْكَ الصُّوْرَةِ ঐ (ধারণকৃত) আকৃতিকে خَامِسُهَا পঞ্চমটি হলো– اَلْاِضَافَةُ الْحَاصِلَةُ ঐ সম্পর্ক যা بَيْنَ الْعَالِمِ وَالْمَعْلُوْمِ عَالِمْ (জ্ঞানী) ও مَعْلُوْمْ (জ্ঞাত) বিষয়ের মধ্যে বিদ্যমান وَيَنْقَسِمُ আর তা আবার বিভক্ত عَلٰى قِسْمَيْنِ দু'ভাগে اَحَدُهُمَا তন্মধ্যে একটিকে يُقَالُ لَهُ التَّصَوُّرُ বলা হয় تَصَوُّرْ ـ وَثَانِيْهِمَا এবং দ্বিতীয়টিকে يُعَبَّرُ عَنْهُ بِالتَّصْدِيْقِ বলা হয় تَصْدِيْق ـ اَمَّا التَّصَوُّرُ সুতরাং تَصَوُّرْ হলো فَهُوَ الْاِدْرَاكُ الْخَالِىْ এমন ইলম যা শূন্য عن الحكم হুকুম হতে وَالْمُرَادُ بِالْحُكْمِ আর হুকুম বলতে বুঝানো হয়েছে

www.eelm.weebly.com

وَاِنْ شِئْتَ قُلْتَ نِسْبَةُ اَمْرٍ اِلٰى اَمْرٍ اٰخَرَ এক বস্তুর সাথে অপর বস্তুর সম্পর্ককে اِيْجَابًا اَوْ سَلْبًا ইতিবাচক বা নেতিবাচক অথবা এভাবেও বলা যেতে পারে যে, اِيْقَاعًا اَوْ اِنْتِزَاعًا একটি বিষয়ের সাথে অপর একটি বিষয়ের সম্পর্ক স্থাপন (اِيْقَاع) করা বা দূরীভূত (اِنْتِزَاع) করা وَقَدْ يُفَسَّرُ الْحُكْمُ কখনো حُكْم-এর ব্যাখ্যা করা হয় بِوُقُوْعِ النِّسْبَةِ اَوْ لَا وُقُوْعِهَا 'সম্পর্ক স্থাপন' বা 'সম্পর্ক না হওয়া'র দ্বারাও كَمَا اِذَا تَصَوَّرْتَ যথা–তুমি কল্পনা করলে "زَيْدًا" وَحْدَهٗ শুধু যায়েদের اَوْ "قَائِمًا" وَحْدَهٗ বা শুধু দণ্ডায়মান হওয়ার مِنْ دُوْنِ ব্যতীত اَنْ تَثْبُتَ الْقِيَامَ لِزَيْدٍ যায়েদের দণ্ডায়মান সাব্যস্ত হওয়ার اَوْ سَلْبُهٗ عَنْهُ বা না হওয়ার।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهٗ مُقَدَّمَةٌ -এর আলোচনা : প্রকাশ থাকে যে, مُقَدَّمَةٌ শব্দটি اِسْمُ مَفْعُوْلٍ-এর সীগাহ, বাবে تَفْعِيْلٌ থেকে ব্যবহৃত। অর্থ– ভূমিকা, পূর্বাভাষা, যা মূল আলোচ্য বিষয়ের পূর্বে উল্লেখ করা হয়। যাতে মূল বিষয়ের দিকে ইঙ্গিত করা হয় এবং যা দ্বারা মূল বিষয়ের সাথে যোগসূত্র স্থাপিত হয়। এখানে مُقَدَّمَةٌ শব্দটি هٰذِهٖ উহ্য মুবতাদার খবর। এটি مُقَدَّمَةُ الْجَيْشِ হতে নেওয়া হয়েছে। অর্থাৎ সৈন্যদের ঐ দল যারা সৈন্যদের পূর্বে যুদ্ধের মাঠে পৌছে পানি ইত্যাদির ব্যবস্থা করে। অতঃপর مُقَدَّمَةٌ দু' প্রকার। ১. مُقَدَّمَةُ الْعِلْمِ ২. مُقَدَّمَةُ الْكِتَابِ সুতরাং عِلْمٌ . غَرَضٌ . تَعْرِيْفُ عِلْمٍ এবং مَوْضُوْعُ عِلْمٍ-কে مُقَدَّمَةُ الْعِلْمِ বলে। আর যে বিষয় মূল বিষয়ের বুঝার সহায়ক হয়, তাকে مُقَدَّمَةُ الْكِتَابِ বলা হয়। যেমন– ভূমিকায় বর্ণিত পরিভাষা ইত্যাদি যা মূল বিষয়ের পূর্বে হয়ে থাকে।

قَوْلُهٗ عِلْمٌ-এর আলোচনা :

আভিধানিক অর্থ : اَلْعِلْمُ শব্দটি বাবে سَمِعَ-এর মাসদার। মাদ্দাহ (ع . ل . م) জিনসে صَحِيْحٌ ইংরেজি প্রতিশব্দ Knowledge. এটা একবচন, বহুবচনে عُلُوْمٌ ; আভিধানিক অর্থ নিম্নরূপ–

১. اِدْرَاكُ الشَّيْءِ بِحَقِيْقَتِهٖ তথা কোনো কিছুকে যথার্থরূপে পাওয়া বা সে সম্বন্ধে জানা।
২. اَلْمَعْرِفَةُ তথা জানা। যেমন আল্লাহর বাণী– لَا عِلْمَ لَنَا اِلَّا مَا عَلَّمْتَنَا
৩. اَلْفَهْمُ তথা উপলব্ধি করা।
৪. اَلتَّعَقُّلُ তথা হৃদয়ঙ্গম করা।
৫. اَلْيَقِيْنُ তথা দৃঢ়বিশ্বাস।

পারিভাষিক সংজ্ঞা :

১. মিরকাত প্রণেতা আল্লামা ফযলে ইমাম খায়রাবাদী (র.) বলেন– اَلْعِلْمُ هُوَ حُصُوْلُ صُوْرَةِ الشَّيْءِ فِى الْعَقْلِ
অর্থাৎ عِلْم হলো কোনো বস্তুর আকার-আকৃতি স্মৃতিপটে অঙ্কিত হওয়া।
২. শরহে তাহযীব গ্রন্থকার বলেন– اَلْعِلْمُ هُوَ الصُّوْرَةُ الْحَاصِلَةُ مِنَ الشَّيْءِ عِنْدَ الْعَقْلِ
অর্থাৎ ইলম হলো স্মৃতিতে অঙ্কিত কোনো বিষয়ের প্রতিচ্ছবি।
৩. আল্লামা মাতুরীদী (র.) বলেন– اَلْعِلْمُ هُوَ صِفَةٌ بَسِيْطَةٌ ذَاتَ اِضَافَةٍ اِلَى الْمَعْلُوْمِ
অর্থাৎ عِلْم হচ্ছে এমন একটি সুপ্রশস্ত গুণ, যা জ্ঞাত বিষয়ের সাথে সম্বন্ধযুক্ত।
৪. মিরকাত প্রণেতা عِلْم-এর পাঁচটি সংজ্ঞা প্রদান করেছেন। যথা– ক. حُصُوْلُ صُوْرَةِ الشَّيْءِ فِى الْعَقْلِ তথা কোনো বস্তুর আকৃতি স্মৃতিপটে অর্জিত হওয়া। খ. اَلصُّوْرَةُ الْحَاصِلَةُ مِنَ الشَّيْءِ عِنْدَ الْعَقْلِ তথা স্মৃতিতে অঙ্কিত কোনো কিছুর প্রতিচ্ছবি। গ. اَلْحَاضِرُ عِنْدَ الْمُدْرِكِ তথা বোধশক্তিসম্পন্ন ব্যক্তির নিকট উপস্থিত বিষয়। ঘ. قَبُوْلُ النَّفْسِ لِتِلْكَ الصُّوْرَةِ তথা ঐ ধারণকৃত আকৃতিটি স্মৃতি কর্তৃক গ্রহণ করা। ঙ. اَلْاِضَافَةُ الْحَاصِلَةُ بَيْنَ الْعَالِمِ وَالْمَعْلُوْمِ তথা জ্ঞানী ও জ্ঞাত বিষয়ের মধ্যকার অর্জিত সম্পর্কটি হলো ইলম।
৫. কারো কারো মতে– اَلْعِلْمُ هُوَ نُوْرٌ يَهْتَدِىْ بِهِ النَّاسُ مِنَ الْجَهَالَةِ অর্থাৎ عِلْمٌ হচ্ছে এমন একটি আলো যা দ্বারা মানুষ অজ্ঞতার অন্ধকার হতে সঠিক পথের সন্ধান পায়।
৬. ইমাম ফখরুদ্দীন রাযী (র.) বলেন– اَلْعِلْمُ هُوَ مِنْ اَجْلَى الْبَدِيْهِيَّاتِ অর্থাৎ عِلْم হচ্ছে অত্যন্ত সুস্পষ্ট বস্তু, যাতে ব্যাখ্যার কোনো অবকাশ নেই।

اَقْسَامُ الْعِلْمِ : اَلْعِلْمُ-এর প্রকারভেদ :

ইলম প্রথমত দু'প্রকার : ১. عِلْمٌ حُضُوْرِىٌّ ২. عِلْمٌ حُصُوْلِىٌّ এ উভয়টি আবার দু'ভাগে বিভক্ত ১. قَدِيْمٌ ২. حَادِثٌ

এখন সর্বমোট عِلْم চারভাগে বিভক্ত : ১. حُضُوْرِىٌّ حَادِثٌ ২. حُضُوْرِىٌّ قَدِيْمٌ ৩. حُصُوْلِىٌّ حَادِثٌ ৪. حُصُوْلِىٌّ قَدِيْمٌ অতঃপর عِلْم-এর সম্মুখে যদি مَعْلُوْمٌ-এর সত্তা বিদ্যমান হয় তখন এটি عِلْمٌ حُضُوْرِىٌّ হবে। আর যদি শুধু مَعْلُوْمٌ-এর গঠন ও আকৃতি

www.eelm.weebly.com

বিদ্যমান হয়, তাহলে عِلْم حُصُوْلِيْ হবে। আর এখানে ইলম বলতে عِلْمُ حُصُوْلِيْ حَادِثْ-ই উদ্দেশ্য হবে; বাকিগুলো নয়। কেননা, এ চার প্রকার ইলমের মধ্যে শুধুমাত্র عِلْم حُصُوْلِيْ حَادِثْ-ই بَدِيْهِيْ-এর দিকে বিভক্ত হয় এবং জ্ঞাতব্য বিষয় হলো, حُكَمَاءْ এবং اَجَلْ مُتَكَلِّمِيْن-এর নিকট مَفْهُوْم عِلْم টা نَظَرِيْ ও بَدِيْهِيْ হওয়ার ক্ষেত্রে মতপার্থক্য রয়েছে। কারো মতে, عِلْم টি হলো اَلْبَدِيْهِيَّاتْ তথা স্পষ্ট بَدِيْهِيَّاتْ-এর অন্তর্ভুক্ত হওয়ার দরুন এর সংজ্ঞা বর্ণনা করার কোনো আবশ্যকতা নেই। আবার কারো কারো মতে, এটা نَظَرِيَّاتْ-এর অন্তর্ভুক্ত। এরপর আবার তাঁদের মধ্যে কয়েক শ্রেণী হয়ে গেছে। এক শ্রেণীর অভিমত হলো, مَفْهُوْم عِلْم টি হলো نَظَرِيْ তবে مُمْكِنُ الْحُصُوْلِ বা অর্জন করা সম্ভব। আর এক শ্রেণীর মন্তব্য হলো এটি نَظَرِيْ তবে مُمْتَنِعُ الْحُصُوْلِ বা অর্জন করা অসম্ভব।

উপরিউক্ত আলোচনার দ্বারা বুঝা গেল যে, মানতিকশাস্ত্রে ইলম বলতে عِلْمُ حُصُوْلِيْ حَادِثْ-কেই বুঝানো হয়। কাজেই حُصُوْلِيْ حَادِثْ অর্থে عِلْم টা দু'ভাগে বিভক্ত : ১. تَصَوُّرْ (কল্পনাগত জ্ঞান), ২. تَصْدِيْقْ (প্রতিপন্ন জ্ঞান)।

قَوْلُهٗ وَيَنْقَسِمُ الخ-এর আলোচনা : عِلْم-এর প্রকারভেদ : মানতিক গ্রন্থকার عِلْمُ حُصُوْلِيْ الْحَادِثُ-এর প্রকারভেদ সম্পর্কে আলোচনা করতে গিয়ে বলেন, عِلْم প্রথমত দু' প্রকার। যথা– ১. تصور ২. تَصْدِيْق উক্ত দু' প্রকার عِلْم-এর পরিচয় নিম্নে উপস্থাপন করা হলো।

مَعْنَى التَّصَوُّرِ لُغَةً : [تَصَوُّرْ-এর আভিধানিক অর্থ] : تَصَوُّرْ শব্দটি বাবে تَفَعُّلْ-এর মাসদার। মূলবর্ণ (ص . و . ر) জিনসে اجوف واوى অর্থ– ১. اَلتَّوَهُّمُ বা ধারণা করা, ২. اَلشَّكْلُ বা আকৃতি, আকার, ৩. اَلتَّصْوِيْرُ বা ছবি আঁকা। যেমন আল্লাহর বাণী– ثُمَّ صَوَّرْنَاكُمْ فَاَحْسَنَ صُوَرَكُمْ ৪. اِسْتِحْضَارُ صُوْرَةٍ فِى الذِّهْنِ বা স্মৃতিপটে কোনো কিছুর আকৃতি উপস্থিত হওয়া।

مَعْنَى التَّصَوُّرِ اِصْطِلَاحًا [تَصَوُّرْ-এর পারিভাষিক সংজ্ঞা] :

১. মিরকাত গ্রন্থকার আল্লামা ফযলে ইমাম খায়রাবাদী (র.) বলেন– هُوَ الْاِدْرَاكُ الْخَالِىْ عَنِ الْحُكْمِ অর্থাৎ تَصَوُّرْ হলো সে উপলব্ধি যা হুকুম হতে মুক্ত, যার মধ্যে কোনো প্রকার হুকুম থাকে না।

২. মুজামুল ওয়াসীত গ্রন্থকার বলেন– هُوَ اِدْرَاكُ الْمُفْرَدِ مِنْ غَيْرِ اَنْ يَحْكُمَ عَلَيْهَا بِنَفْيٍ اَوْ اِثْبَاتٍ অর্থাৎ تَصَوُّرْ হ্যাঁ-বাচক বা না-বাচকের হুকুম না দিয়ে مُفْرَد-এর অনুধাবন করা।

৩. ইলমুল নাফস গ্রন্থে বলা হয়েছে– اِسْتِحْضَارُ صُوْرَةِ الشَّيْءِ مَحْسُوْسٍ فِى الْعَقْلِ دُوْنَ التَّصَرُّفِ فِيْهِ অর্থাৎ কোনো অনুভূতিযোগ্য বস্তু কোনোরূপ পরিবর্তন ছাড়া বিবেকে উপস্থিত করা।

مَعْنَى التَّصْدِيْقِ لُغَةً : [تَصْدِيْق-এর আভিধানিক অর্থ] : تَصْدِيْق শব্দটি বাবে تَفْعِيْل-এর মাসদার, মূলবর্ণ (ص . د . ق) জিনসে صَحِيْح অর্থ হলো– ১. ضِدُّ التَّكْذِيْبِ বা মিথ্যার বিপরীত মনে করা, ২. حَقَّقَهٗ বা সঠিক ভাবা, ৩. আস্থা স্থাপন করা, ৪. সত্যতা প্রমাণ করা, ৫. বিশ্বাস করা। যেমন, কুরআনের বিভিন্ন আয়াতে শব্দটির প্রয়োগ পরিলক্ষিত হয়–

١. وَلَقَدْ صَدَّقَ عَلَيْهِمْ اِبْلِيْسُ .
٢. فَلَا صَدَّقَ وَلَا صَلّٰى وَلٰكِنْ كَذَّبَ وَتَوَلّٰى .
٣. فَاَتِ لَنَا الْكَيْلَ وَتَصَدَّقْ عَلَيْنَا اِنَّ اللّٰهَ يَجْزِى الْمُتَصَدِّقِيْنَ .
٤. وَالَّذِيْٓ اَوْحَيْنَآ اِلَيْكَ مِنَ الْكِتَابِ هُوَ الْحَقُّ مُصَدِّقًا لِمَا بَيْنَ يَدَيْهِ .

مَعْنَى التَّصْدِيْقِ اِصْطِلَاحًا : تَصْدِيْق-এর পারিভাষিক সংজ্ঞা :

১. মিরকাত গ্রন্থকার আল্লামা ফযলে ইমাম খায়রাবাদী (র.) বলেন– هُوَ الْاِدْرَاكُ مَعَ الْحُكْمِ অর্থাৎ হুকুমসহ কোনো বস্তু সম্পর্কে জ্ঞান লাভ করা। যেমন– زَيْدٌ قَائِمٌ অর্থাৎ যায়েদ দাঁড়ানো। এখানে যায়েদের সাথে দাঁড়ানোর হুকুম স্থাপিত হয়েছে।

২. হুকামাদের মতে– اَلتَّصْدِيْقُ هُوَ عِبَارَةٌ عَنِ الْحُكْمِ الْمُقَارِنِ لِلتَّصَوُّرَاتِ الثَّلَاثَةِ অর্থাৎ تَصْدِيْق বলা হয় ঐ হুকুমকে, যা তিনটি تَصَوُّرْ-এর সাথে সংশ্লিষ্ট।

৩. ইমাম রাযী (র.) বলেন– هُوَ عِبَارَةٌ عَنْ مَجْمُوْعِ الْحُكْمِ وَتَصَوُّرَاتِ الْاَطْرَافِ অর্থাৎ تَصْدِيْق হচ্ছে বাক্যের অংশসমূহের تَصَوُّرْ এবং হুকুমসমূহের নাম

৪. আল-মু'জামুল ওয়াসীত অভিধান প্রণেতা বলেন– هُوَ اِدْرَاكُ الْحُكْمِ اَوِ النِّسْبَةِ طَرَفَيِ الْقَضِيَّةِ অর্থাৎ تَصْدِيْق বলা হয়। হুকুমের জ্ঞান সম্পর্কে অবগত হওয়া। অথবা قَضِيَّةٌ-এর দুই দিকের নিসবত সম্পর্কে অবগত হওয়াকে।

৫. সুল্লামুল উলূম গ্রন্থকারের মতে– فَاِنْ كَانَ اِعْتِقَادُ النِّسْبَةِ خَبَرِيَّةً فَتَصْدِيْقٌ অর্থাৎ নিনিসবতের ই'তিকাদটি যদি সংবাদ হয় তাহলে তাকেই تَصْدِيْق বলা হবে।

সার কথা হলো, যে হুকুম তিনটি تَصْدِيْق-এর সাথে সম্পৃক্ত, তাকে تَصْدِيْق বলে।

www.eelm.weebly.com

قَوْلُهُ عَنِ الْحُكْمِ الخ -এর আলোচনা : আলোচ্য ইবারতে حُكْم-এর বর্ণনা প্রসঙ্গে গ্রন্থকার (র.) বলেন, حُكْم চারটি অর্থে ব্যবহৃত হয়। যথা- ১. اِعْتِقَادٌ جَازِمٌ ২. نِسْبَةٌ تَقْيِيْدِيَّةٌ ৩. نِسْبَةٌ خَبَرِيَّةٌ ৪. نِسْبَةٌ حُكْمِيَّةٌ

تَصَوُّرٌ ও تَصْدِيْقٌ-এর বর্ণিত সংজ্ঞায় সাধারণত শেষোক্ত অর্থটিই [نِسْبَةٌ حُكْمِيَّةٌ] প্রযোজ্য। এটাকে نِسْبَتْ اِذْعَانِىْ-ও বলা হয়। এ নিসবত পুনরায় দু'প্রকার। যথা- ১. اِيْجَابِىْ (ইতিবাচক) যথা- زَيْدٌ قَائِمٌ এখানে قِيَامٌ-কে زَيْد-এর জন্য اِيْجَابٌ সাব্যস্ত করা হয়েছে। ২. سَلْبِىْ (নেতিবাচক) যথা- زَيْدٌ لَيْسَ بِقَائِمٍ এখানে قِيَامٌ-কে زَيْدٌ থেকে سَلْب তথা দূর করা হয়েছে।

تَصْدِيْق-এর উপর تَصَوُّرْ-কে অগ্রাধিকার দেওয়ার কারণ : تَصْدِيْق-এর উপর تَصَوُّرْ-কে অগ্রাধিকার দেওয়ার কারণ বর্ণনা করতে গিয়ে গ্রন্থকার বলেন- لِتَقَدُّمِهِ طَبْعًا لِاَنَّ كُلَّ تَصْدِيْقٍ لَابُدَّ فِيْهِ مِنَ التَّصَوُّرِ অর্থাৎ স্বভাবগতভাবে تَصَوُّرْ-টি تَصْدِيْق-এর উপর অগ্রাধিকার প্রাপ্ত। কারণ, تَصْدِيْق-এর জন্য تَصَوُّرْ আবশ্যক।

قَوْلُهُ وُقُوْعُ النِّسْبَةِ اَوْ لَا وُقُوْعُهَا-এর আলোচনা : আলোচ্য ইবারতে-মুসান্নিফ (র.) نِسْبَةٌ সংগঠিত হওয়া বা না হওয়া সম্পর্কে আলোচনা করেছেন এবং এখানে মুসান্নিফ (র.) حُكْم দ্বারা দ্বিতীয় অর্থকে উদ্দেশ্য করেছেন। কিন্তু এখানে দ্বিতীয় অর্থ প্রযোজ্য নয়। কেননা, দ্বিতীয় অর্থে تَصَوُّرْ-এর মধ্যেও হুকুম পাওয়া যায়। যেমন- কল্পনা (تَخْيِيْل), সন্দেহ (شَكّ) ও ধারণা (وَهْم) যুক্ত বাক্যেও حُكْم পাওয়া যায়। অথচ এ সবগুলোই হচ্ছে تَصَوُّرْ।

قَوْلُهُ كَمَا اِذَا تَصَوَّرْتَ زَيْدًا وَحْدَهُ الخ -এর আলোচনা : আলোচ্য ইবারতের মাধ্যমে শুধুমাত্র تَصَوُّرٌ مُفْرَدٌ-এর এক প্রকারের বর্ণনা দেওয়া হয়েছে। তা ছাড়া تَصَوُّر-এর আরো কয়েকটি প্রকার রয়েছে। যেমন-

১. اَلتَّصَوُّرُ بِلَا نِسْبَةٍ অর্থাৎ কোনো প্রকার نِسْبَةٌ ছাড়াই تَصَوُّرْ।

২. এমন বিষয়ের تَصَوُّرْ যাতে نِسْبَةٌ تَامَّةٌ হবে না; বরং نِسْبَةٌ تَاكِيْدِىْ হবে। যেমন- غُلَامُ زَيْدٍ-এর تَصَوُّرْ।

৩. এমন বিষয়ের تَصَوُّرْ যাতে نِسْبَةٌ تَامَّةٌ হয়েও نِسْبَةٌ اِنْشَائِيَّةٌ হবে, তবে نِسْبَةٌ خَبَرِيَّةٌ হবে না। যেমন- اِضْرِبْ

৪. এমন বিষয়ের تَصَوُّرْ যাতে نِسْبَةٌ تَامَّةٌ خَبَرِيَّةٌ হয়ে شَكِّىْ হবে, কিন্তু نِسْبَةٌ اِذْعَانِىْ হবে না।

www.eelm.weebly.com

اَمَّا التَّصْدِيْقُ فَهُوَ عَلٰى قَوْلِ الْحُكَمَاءِ عِبَارَةٌ عَنِ الْحُكْمِ الْمُقَارِنِ لِلتَّصَوُّرَاتِ فَالتَّصَوُّرَاتُ الثَّلٰثَةُ شَرْطٌ لِوُجُوْدِ التَّصْدِيْقِ وَمِنْ ثَمَّ لَايُوْجَدُ التَّصْدِيْقُ بِلَا تَصَوُّرٍ وَالْاِمَامُ الرَّازِىُّ يَقُوْلُ اِنَّهٗ عِبَارَةٌ عَنْ مَجْمُوْعِ الْحُكْمِ وَتَصَوُّرَاتِ الْاَطْرَافِ فَاِذَا قُلْتَ زَيْدٌ قَائِمٌ وَاَذْعَنْتَ بِقِيَامِ زَيْدٍ تَحْصُلُ لَكَ عُلُوْمٌ ثَلٰثَةٌ اَحَدُهَا عِلْمُ زَيْدٍ وَثَانِيْهَا اِدْرَاكُ مَعْنٰى قَائِمٍ وَثَالِثُهَا عِلْمُ الْمَعْنَى الرَّابِطِيِّ الَّذِىْ يُعَبَّرُ عَنْهُ فِى الْفَارِسِيَّةِ بِهَسْت فِى الْاِيْجَابِ وَنِيْست فِى السَّلْبِ وَ ہے وَ نہيں فِى الْهِنْدِيَّةِ وَيُقَالُ لِهٰذَا الْمَعْنَى الْحُكْمُ تَارَةً وَالنِّسْبَةُ الْحُكْمِيَّةُ اُخْرٰى فَاِذَا اَتْقَنْتَ مَا عَلَّمْنَاكَ فَاعْلَمْ اَنَّ الْحُكَمَاءَ يَزْعَمُوْنَ اَنَّ التَّصْدِيْقَ لَيْسَ اِلَّا اِدْرَاكُ الْمَعْنَى الرَّابِطِيِّ وَالْاِمَامُ يَزْعَمُ اَنَّ التَّصْدِيْقَ مَجْمُوْعُ الْاِدْرَاكَاتِ الثَّلٰثَةِ اَعْنِىْ تَصَوُّرَ الْمَحْكُوْمِ عَلَيْهِ وَتَصَوُّرَ الْمَحْكُوْمِ بِهٖ وَاِدْرَاكُ النِّسْبَةِ الْحُكْمِيَّةِ الْمُسَمّٰى بِالْحُكْمِ ـ

সরল অনুবাদ : সুতরাং تَصْدِيْق তা হুকামাদের মতানুসারে এমন হুকুম যা تَصَوُّرْ সমূহের সাথে সম্পৃক্ত। অতএব, تَصَوُّرَاتْ ثَلَاثَهْ বা তাসাব্বুরত্রয় تَصْدِيْق-এর অস্তিত্বের জন্য শর্ত। এ কারণেই تَصَوُّرْ ব্যতীত تَصْدِيْق লাভ হয় না। আর ইমাম রাযী (র.)-এর মতে– تَصْدِيْق হচ্ছে হুকুমের সমষ্টি ও تَصَوُّرَاتْ اَطْرَافْ তথা বাক্যের সংশ্লিষ্ট বিষয়ের নাম। কাজেই যখন তুমি বল যে, زَيْدٌ قَائِمٌ বা 'যায়েদ দণ্ডায়মান' এবং তুমি যায়েদের দণ্ডায়মান হওয়ার বিশ্বাসও রাখ' তখন তোমার তিনটি বিষয়ের জ্ঞান লাভ হয়ে যাবে।

১. যায়েদের জ্ঞান, ২. 'দণ্ডায়মান'-এর অর্থের জ্ঞান। ৩. সংযোগ রক্ষাকারী বিষয়ের জ্ঞান। যাকে ফারসিতে ইতিবাচকের ক্ষেত্রে هَسْت এবং নেতিবাচকের ক্ষেত্রে نِيْسْت দ্বারা এবং উর্দুতে ইতিবাচকের ক্ষেত্রে ہے এবং নেতিবাচকের ক্ষেত্রে نہيں দ্বারা ব্যক্ত করা হয়। আর এ সংযোগ রক্ষাকারী বিষয়কে কখনো হুকুম এবং কখনো نِسْبَةْ حُكْمِيَّةْ বলা হয়। সুতরাং যখন আমরা তোমাকে যা জানালাম তা দৃঢ়ভাবে বিশ্বাস করলে, তখন জেনে রাখো যে, হুকামাদের ধারণা মতে تَصْدِيْق সংযোগ রক্ষাকারী অর্থ হৃদয়ঙ্গম করা ব্যতীত আর কিছুই নয়। আর ইমাম রাযী (র.)-এর মতে تَصْدِيْق তিনটি জ্ঞানের সমষ্টির নাম অর্থাৎ مَحْكُوْم عَلَيْهِ এবং مَحْكُوْم بِهٖ এবং نِسْبَةْ حُكْمِيَّةْ যাকে حُكْم বলে নামকরণ করা হয়েছে।

শাব্দিক অনুবাদ : اَمَّا التَّصْدِيْقُ সুতরাং تَصْدِيْق ـ فَهُوَ عَلٰى قَوْلِ الْحُكَمَاءِ তা হুকামাদের মতানুসারে عِبَارَةٌ عَنِ الْحُكْمِ এমন হুকুম الْمُقَارِنِ لِلتَّصَوُّرَاتِ যা تَصَوُّرْ সমূহের সাথে সম্পৃক্ত فَالتَّصَوُّرَاتُ الثَّلٰثَةُ অতএব تَصَوُّرَاتْ ثَلَاثَهْ বা তাসাব্বুরত্রয় شَرْطٌ لِوُجُوْدِ التَّصْدِيْقِ ـ تَصْدِيْق-এর অস্তিত্বের জন্য শর্ত وَمِنْ ثَمَّ এ কারণেই لَايُوْجَدُ التَّصْدِيْقُ - تَصْدِيْق লাভ হয় না بِلَا تَصَوُّرٍ ـ تَصَوُّرْ ব্যতীত وَالْاِمَامُ الرَّازِىُّ يَقُوْلُ আর ইমাম রাযী (র.)-এর মতে اِنَّهٗ عِبَارَةٌ ـ تَصْدِيْق হচ্ছে عَنْ مَجْمُوْعِ الْحُكْمِ হুকুমের সমষ্টি وَتَصَوُّرَاتِ الْاَطْرَافِ এবং تَصَوُّرَاتْ اَطْرَافْ তথা বাক্যের সংশ্লিষ্ট বিষয়ের নাম فَاِذَا قُلْتَ কাজেই যখন তুমি বল যে, زَيْدٌ قَائِمٌ যায়েদ দণ্ডায়মান وَاَذْعَنْتَ بِقِيَامِ زَيْدٍ এবং তুমি যায়েদের দণ্ডায়মান হওয়ার বিশ্বাসও রাখ تَحْصُلُ لَكَ তখন তোমার লাভ হয়ে

www.eelm.weebly.com

যাবে عُلُوْمٌ ثَلٰثَةٌ তিনটি বিষয়ের জ্ঞান أَحَدُهَا عِلْمُ زَيْدٍ ১. যায়েদের জ্ঞান وَثَانِيْهَا اِدْرَاكُ مَعْنَى قَائِمٌ ২. 'দণ্ডায়মান'-এর অর্থের জ্ঞান وَثَالِثُهَا عِلْمُ الْمَعْنَى الرَّابِطِيْ ৩. সংযোগ রক্ষাকারী বিষয়ের জ্ঞান اَلَّذِيْ يُعَبَّرُ عَنْهُ فِى الْفَارِسِيَّةِ যাকে ফারসিতে ব্যক্ত করা হয় بهست فِى الْإِيْجَاب ইতিবাচকের ক্ষেত্রে هست দ্বারা ونيست فِى السَّلْب এবং নেতিবাচকের ক্ষেত্রে نيست দ্বারা وبے ونهيں فِى الْهِنْدِيَّة এবং উর্দুতে ইতিবাচকের ক্ষেত্রে ہے এবং নেতিবাচকের ক্ষেত্রে نهيں দ্বারা وَيُقَالُ আর বলা হয় لِهٰذَا الْمَعْنٰى এ সংযোগ রক্ষাকারী বিষয়কে الْحُكْمُ تَارَةً কখনো হুকুম وَالنِّسْبَةُ الْحُكْمِيَّةُ أُخْرٰى এবং কখনো فَاِذَا اتْقَنْتَ - نِسْبَتْ حُكْمِيَّة সুতরাং যখন দৃঢ়ভাবে বিশ্বাস করলে مَا عَلَّمْنَاكَ আমরা তোমাকে যা জানালাম তা فَاعْلَمْ তখন জেনে রাখো اَنَّ الْحُكَمَاءَ يَزْعَمُوْنَ যে, হুকামাদের ধারণা মতে اَنَّ التَّصْدِيْقَ নিশ্চয় تَصْدِيْق. لَيْسَ اِلَّا اِدْرَاكُ الْمَعْنَى الرَّابِطِيْ সংযোগ রক্ষাকারী অর্থ হৃদয়ঙ্গম করা ব্যতীত আর কিছুই নয় وَالْاِمَامُ يَزْعَمُ আর ইমাম রাযী (র.)-এর মতে اَنَّ التَّصْدِيْقَ নিশ্চয় تَصْدِيْق. مَجْمُوْعُ الْاِدْرَاكَاتِ الثَّلٰثَةِ তিনটি জ্ঞানের সমষ্টির নাম اَعْنِىْ অর্থাৎ تَصَوُّرُ الْمَحْكُوْمِ عَلَيْهِ মাহকূম আলাইহ وَتَصَوُّرُ الْمَحْكُوْمِ بِهٖ মাহকূম বিহী وَاِدْرَاكُ النِّسْبَةِ الْحُكْمِيَّةِ ও নিসবতে হুকমিয়্যা اَلْمُسَمّٰى بِالْحُكْمِ যাকে حُكْم বলে নামকরণ করা হয়েছে।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهٗ اَمَّا التَّصْدِيْقُ الخ-এর আলোচনা : মুসান্নিফ (র.) এখানে হুকামা ও ইমাম রাযীর মধ্যকার মতান্তরসহ تَصْدِيْق-এর পরিচয় তুলে ধরেছেন। হুকামাদের মতে تَصْدِيْق হচ্ছে بَسِيْط [অমিশ্রিত] কেবল তাসাব্বুরত্রয়ের সাথে মিলিত হুকুমকে تَصْدِيْق বলা হয়। তাদের মতে তাসাব্বুরত্রয় تَصْدِيْق-এর জন্য শর্ত। তাসাব্বুরত্রয় হচ্ছে– মাহকূম আলাই-এর তাসাব্বুর, মাহকূম বিহীর তাসাব্বুর ও নিসবাতে হুকমিয়ার তাসাব্বুর। আর ইমাম রাযী (র)-এর মতে তাসদীক মুরাক্কাব। তাসাব্বুরত্রয় এবং হুকুমের সমষ্টির নাম تَصْدِيْق [তাসদীক]। তাঁর মতে তাসাব্বুরত্রয় تَصْدِيْق-এর অংশ বিশেষ।

قَوْلُهُ الْحُكَمَاءُ -এর আলোচনা : পৃথিবীর বুকে সৃষ্ট সীমাহীন সমস্যাকে সমাধান করতে গিয়ে যুগে যুগে যে সমস্ত দলের উদ্ভব ঘটেছে; তাদের মধ্যে মুতাকাল্লিমীন, ইশরাকীঈন এবং মাশ্‌শাঈন উল্লেখযোগ্য। যারা আসমানী কিতাবের অধীনে থেকে নিজেদের মধ্যে সৃষ্ট সমস্যার সমাধান স্বীয় চিন্তাশক্তির মাধ্যমে করেন, তাঁদেরকে মুতাকাল্লিমীন বলা হয়। যারা আসমানী কিতাব ব্যতীত শুধু খোদায়ী নূরের প্রভাবে স্বীয় সমস্যার সমাধান খুঁজে নেয়, তাঁদেরকে ইশরাকীঈন বলা হয়। আর যারা এ দু'টি ব্যতীত শুধু নিজেদের বিচার-বুদ্ধিকে প্রাধান্য দিয়ে থাকেন, তাঁরাই হলেন মাশ্‌শাঈন বা হুকামা নামে পরিচিত।

قَوْلُهٗ فَاِذَا قُلْتَ الخ -এর আলোচনা : লেখক এখানে تَصْدِيْق-এর উদাহরণ বর্ণনা করেছেন– যদি কেউ বলে 'যায়েদ দণ্ডায়মান' আর যায়েদের দাঁড়ানোর কথা সঠিক হয়ে থাকে, এক্ষেত্রে তার তিনটি বিষয়ের জ্ঞান লাভ হয়েছে বলে ধরে নিতে হবে। তন্মধ্যে ১. যায়েদের জ্ঞান, ২. দণ্ডায়মান শব্দের অর্থের জ্ঞান, ৩. সংযোজক বিষয়ের জ্ঞান। উল্লিখিত উদাহরণে যায়েদ ও দণ্ডায়মান এ দু'টি বিষয়ের মধ্যে যে তৃতীয় বিষয়টি সংযোজন সৃষ্টি করেছে তাকে ফারসি ভাষায় ইতিবাচক বাক্যে 'هست' দ্বারা ব্যক্ত করা হয়, আর নেতিবাচক বাক্যে 'نيست' দ্বারা ব্যক্ত করা হয়। উর্দূ ভাষায় ইতিবাচক বাক্যে 'ہے' দ্বারা এবং নেতিবাচক বাক্যে 'نهيں' দ্বারা ব্যক্ত করা হয়। বাংলা ভাষায় ইতিবাচক বাক্যে 'আছে' এবং নেতিবাচক বাক্যে 'না' বা 'নাই' দ্বারা ব্যক্ত করা হয়। আবার কোনো কোনো ক্ষেত্রে এটি স্পষ্টভাবে ব্যক্ত হয় না। যেমন– زَيْدٌ قَائِمٌ -এর বঙ্গানুবাদ 'যায়েদ দণ্ডায়মান' এ ক্ষেত্রে مَعْنَى رَابِطِيْ তথা সংযোজক বিষয়ের অর্থ শব্দগতভাবে প্রকাশ পায়নি।

قَوْلُهُ الْاِمَامُ يَزْعَمُ الخ-এর আলোচনা :

ইমাম দ্বারা উদ্দেশ্য : এখানে اِمَامٌ দ্বারা গ্রন্থকার ইমাম রাযী (র.)-কে বুঝিয়েছেন। ইমাম রাযীর প্রকৃত নাম মুহাম্মদ। তিনি ফখরুদ্দীন রাযী নামেই সমধিক পরিচিত। জীবনের সূচনাতেই তাঁকে আর্থিক দৈন্যদশার সম্মুখীন হতে হয়। কিন্তু তাঁর অসাধারণ জ্ঞান ও প্রজ্ঞার কারণে ক্রমে ক্রমে চারিদিকে তাঁর সুখ্যাতি ছড়িয়ে পড়ে। তখন তাঁর জীবনের দুঃখ-দুর্দশা দূর হয়ে একটি সচ্ছল জীবিকা অর্জনের পথ খুলে যায়। তিনি আধ্যাত্মিক জ্ঞানসহ দর্শন এবং আকাইদশাস্ত্রেও অধিক জ্ঞান অর্জন করেছিলেন। আরবি ও ফারসি ভাষায় তিনি ছিলেন অনলবর্ষী বক্তা। তিনি ৫৪৩ মতান্তরে ৫৪৪ হিজরিতে জন্মগ্রহণ করেছিলেন এবং ৬০৬ হিজরিতে ঈদুল ফিতরের দিন ইহধাম ত্যাগ করেন।

www.eelm.weebly.com

فَصْلٌ : اَلتَّصَوُّرُ قِسْمَانِ اَحَدُهُمَا بَدِيْهِيٌّ اَىْ حَاصِلٌ بِلَا نَظْرٍ وَكَسْبٍ ـ كَتَصَوُّرِنَا الْحَرَارَةَ وَالْبُرُوْدَةَ وَيُقَالُ لَهُ الضَّرُوْرِيُّ اَيْضًا وَثَانِيْهِمَا نَظْرِيٌّ اَىْ يَحْتَاجُ فِىْ حُصُوْلِهِ اِلَى الْفِكْرِ وَالنَّظْرِ كَتَصَوُّرِنَا الْجِنَّ وَالْمَلَائِكَةَ فَاِنَّا مُحْتَاجُوْنَ فِىْ اَمْثَالِ هٰذِهِ التَّصَوُّرَاتِ اِلٰى تَجَشُّمِ فِكْرٍ وَتَرْتِيْبِ نَظْرٍ وَيُقَالُ لَهُ الْكَسْبِىُّ اَيْضًا وَالتَّصْدِيْقُ اَيْضًا قِسْمَانِ اَحَدُهُمَا الْبَدِيْهِىُّ الْحَاصِلُ مِنْ غَيْرِ فِكْرٍ وَكَسْبٍ وَثَانِيْهِمَا النَّظْرِىُّ الْمُفْتَقِرُ اِلَيْهِ مِثَالُ الْاَوَّلِ اَلْكُلُّ اَعْظَمُ مِنَ الْجُزْءِ وَالْاِثْنَانِ نِصْفُ الْاَرْبَعَةِ وَمِثَالُ الثَّانِىْ اَلْعَالَمُ حَادِثٌ وَالصَّانِعُ مَوْجُوْدٌ وَنَحْوُ ذٰلِكَ ـ

সরল অনুবাদ : পরিচ্ছেদ : تَصَوُّرْ (কল্পনা) দু' প্রকার : তন্মধ্যে প্রথম প্রকার হলো– بَدِيْهِىْ অর্থাৎ যা نَظْر ও كَسْب তথা চিন্তা ও শ্রম ব্যতীত অর্জিত হয়। যেমন– আমাদের গরম ও ঠাণ্ডার تَصَوُّرْ বা কল্পনা। تَصَوُّرْ بَدِيْهِىْ-কে تَصَوُّرْ ضَرُوْرِىْ-ও বলে। তন্মধ্যে দ্বিতীয়টি হলো– تَصَوُّرْ نَظْرِىْ অর্থাৎ যা অর্জন করতে চিন্তা ও যুক্তির প্রতি মুখাপেক্ষী হয়। যেমন– জিন ও ফেরেশতার ব্যাপারে আমাদের تَصَوُّرْ বা কল্পনা। কেননা, আমরা এ সকল تَصَوُّرَاتْ-এর ব্যাপারে চিন্তা-শক্তিকে কষ্টে লিপ্ত করতে এবং যুক্তিকে সাজাতে মুখাপেক্ষী হয়ে থাকি। আর এরূপ تَصَوُّرْ-কে تَصَوُّرْ كَسْبِىْ-ও বলে। আর تَصْدِيْق-ও দু' প্রকার। প্রথমটি হলো– تَصْدِيْق بَدِيْهِىْ যা অর্জন করতে চিন্তা ও শ্রমের প্রয়োজন হয় না। দ্বিতীয়টি হলো– تَصْدِيْق نَظْرِىْ যা অর্জনের ব্যাপারে চিন্তা শ্রমের মুখাপক্ষী হয়। প্রথমটির তথা تَصَوُّرْ بَدِيْهِىْ-এর উদাহরণ اَلْكُلُّ اَعْظَمُ مِنَ الْجُزْءِ (পূর্ণ জিনিস তার অংশ হতে বড়) وَالْاِثْنَانِ نِصْفُ الْاَرْبَعَةِ (দুই চারের অর্ধেক) দ্বিতীয়টির তথা تَصَوُّرْ نَظْرِىْ -এর উদাহরণ اَلْعَالَمُ حَادِثٌ (জগত নশ্বর) وَالصَّانِعُ مَوْجُوْدٌ (সৃষ্টিকর্তা বিরাজমান) ইত্যাদি।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ اَلتَّصَوُّرُ قِسْمَانِ ـ تَصَوُّرْ (কল্পনা) দু'প্রকার اَحَدُهُمَا بَدِيْهِىٌّ তন্মধ্যে প্রথম প্রকার হলো– বাদীহী اَىْ حَاصِلٌ بِلَا نَظْرٍ وَكَسْبٍ অর্থাৎ যা نَظْرْ ও كَسْبْ তথা চিন্তা ও শ্রম ব্যতীত অর্জিত হয় كَتَصَوُّرِنَا الْحَرَارَةَ وَالْبُرُوْدَةَ যেমন– আমাদের গরম ও ঠাণ্ডার تَصَوُّرْ বা কল্পনা وَيُقَالُ لَهُ الضَّرُوْرِيُّ اَيْضًا ـ تَصَوُّرْ بَدِيْهِىْ-কে تَصَوُّرْ ضَرُوْرِىْ-ও বলে وَثَانِيْهِمَا نَظْرِيٌّ দ্বিতীয়টি হলো নজরী اَىْ يَحْتَاجُ فِىْ حُصُوْلِهِ অর্থাৎ যা অর্জন করতে মুখাপেক্ষী হয় اِلَى الْفِكْرِ وَالنَّظْرِ চিন্তা ও যুক্তির প্রতি كَتَصَوُّرِنَا الْجِنَّ وَالْمَلَائِكَةَ যেমন–জিন ও ফেরেশতার ব্যাপারে আমাদের تَصَوُّرْ (কল্পনা) فَاِنَّا مُحْتَاجُوْنَ কেননা, আমরা মুখাপেক্ষী হয়ে থাকি فِىْ اَمْثَالِ هٰذِهِ التَّصَوُّرَاتِ এ সকল تَصَوُّرَاتْ-এর ব্যাপারে اِلٰى تَجَشُّمِ فِكْرٍ চিন্তাশক্তিকে কষ্টে লিপ্ত করতে وَتَرْتِيْبِ نَظْرٍ এবং যুক্তিকে সাজাতে وَيُقَالُ لَهُ الْكَسْبِىُّ اَيْضًا আর এরূপ تَصَوُّرْ-কে تَصَوُّرْ كَسْبِىْ-ও বলে وَالتَّصْدِيْقُ اَيْضًا قِسْمَانِ আর تَصْدِيْق-ও দু'প্রকার اَحَدُهُمَا الْبَدِيْهِىُّ প্রথমটি হলো– تَصْدِيْق بَدِيْهِىْ [তাসদীকে বদীহী] اَلْحَاصِلُ যা অর্জন করতে مِنْ غَيْرِ فِكْرٍ وَكَسْبٍ চিন্তা ও শ্রমের প্রয়োজন হয় না وَثَانِيْهِمَا দ্বিতীয়টি হলো– تَصْدِيْق نَظْرِىْ [তাস্‌দীকে নজরী] اَلْمُفْتَقِرُ اِلَيْهِ যা অর্জনের ব্যাপারে চিন্তা ও শ্রমের মুখাপেক্ষী হয় مِثَالُ الْاَوَّلِ প্রথমটির তথা تَصَوُّرْ بَدِيْهِىْ-এর উদাহরণ اَلْكُلُّ اَعْظَمُ مِنَ الْجُزْءِ পূর্ণ জিনিস তার অংশ হতে বড় وَالْاِثْنَانِ نِصْفُ الْاَرْبَعَةِ এবং দুই চারের অর্ধেক وَمِثَالُ الثَّانِىْ দ্বিতীয়টির তথা تَصَوُّرْ نَظْرِىْ-এর উদাহরণ اَلْعَالَمُ حَادِثٌ জগৎ নশ্বর وَالصَّانِعُ مَوْجُوْدٌ এবং সৃষ্টিকর্তা বিরাজমান وَنَحْوُ ذٰلِكَ ইত্যাদি।

www.eelm.weebly.com

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ اَلتَّصَوُّرُ قِسْمَانِ الخ -এর আলোচনা : تَصَوُّرٌ-এর প্রকারভেদ : মিরকাত গ্রন্থকার বলেন, تَصَوُّرٌ দু'ভাগে বিভক্ত। যেমন– ১. بَدِيْهِيٌّ (প্রকাশ্য কল্পনা), ২. نَظَرِيٌّ (চিন্তাপ্রসূত কল্পনা)।

আভিধানিক অর্থ : بَدِيْهِيٌّ শব্দের আভিধানিক অর্থ হলো– ভাবনা ছাড়াই কিছু বলা, সাবলীল।

পারিভাষিক সংজ্ঞা : মিরকাত গ্রন্থকার আল্লামা ফযলে ইমাম খায়রাবাদী (র.) বলেন, بَدِيْهِيٌّ হলো– حَاصِلٌ بِلَا نَظْرٍ وَكَسْبٍ অর্থাৎ যা চিন্তা-গবেষণা ও সাধনা ব্যতীত অর্জিত হয়. তাই بَدِيْهِيٌّ - কে تَصَوُّرْ ضَرُوْرِيْ-ও বলা হয়।

সাইয়েদ মুফতী আমীমুল ইহসান (র.) বলেন– اَلْبَدِيْهِيُّ هُوَ الَّذِيْ لَا يَتَوَقَّفُ حُصُوْلُهُ عَلٰى نَظْرٍ وَكَسْبٍ -উদাহরণ হলো ঠাণ্ডা ও গরমের তাসাব্বুর।

تَصْدِيْق بَدِيْهِيٌّ-এর উপমা হলো– اَلْاِثْنَانِ نِصْفُ الْاَرْبَعَةِ তথা দুই চারের অর্ধেক।

نَظَرِيٌّ-এর আভিধানিক অর্থ : نَظَرِيٌّ শব্দটি نَظْرٌ শব্দমূল থেকে গঠিত। যার অর্থ– চিন্তা-ভাবনা করা, সময় দেওয়া, দেখা, প্রত্যক্ষ করা ইত্যাদি।

পারিভাষিক সংজ্ঞা : মিরকাত প্রণেতা আল্লামা ফযলে ইমাম খায়রাবাদী (র.) বলেন– هُوَ مَا يَحْتَاجُ فِيْ حُصُوْلِهٖ اِلَى الْفِكْرِ وَالنَّظْرِ অর্থাৎ যে تَصَوُّرٌ-এর জ্ঞান চিন্তা-ভাবনা ও গবেষণার মাধ্যমে অর্জিত হয়, তাকে نَظَرِيٌّ বলে। তাই تَصَوُّرْ نَظَرِيٌّ কে كَسْبِيٌّ নামেও অভিহিত করা হয়। এর উদাহরণ হলো ফেরেশতা ও জিনের تَصَوُّرٌ।

تَصْدِيْق نَظَرِيٌّ -এর উপমা হলো– اَلْعَالَمُ مُتَغَيِّرٌ وَكُلُّ مُتَغَيِّرٍ حَادِثٌ فَالْعَالَمُ حَادِثٌ-এর তাসদীক।

قَوْلُهُ الْحَرَارَةُ وَالْبُرُوْدَةُ الخ-এর আলোচনা : গরম ও ঠাণ্ডা এ দু'টি এমন এক বিষয়, যা সম্পর্কে জ্ঞান অর্জন করতে কোনো চিন্তা-গবেষণা ও প্রমাণের প্রয়োজন হয় না। কারণ. এগুলো স্পর্শ করা মাত্রই তার সম্পর্কে জ্ঞান অর্জন হয়ে যায়।

قَوْلُهُ الْجِنُّ وَالْمَلَائِكَةُ -এর আলোচনা :

جِنٌّ-এর আভিধানিক অর্থ : جِنٌّ শব্দটির মূলবর্ণ (ج - ن - ن) এরূপ মাদ্দাহ থেকে যেসব শব্দ গঠিত হয় সেগুলো গোপন, আড়াল ইত্যাদি অর্থে ব্যবহার হয়। যেহেতু جِنٌّ মানুষের আড়ালে থাকে সেহেতু তাকে جِنٌّ বলে। এভাবে جَنَّةٌ ও جَنِيْنٌ ইত্যাদি।

جِنٌّ-এর পারিভাষিক সংজ্ঞা : পরিভাষায় جِنٌّ বলা হয়–

هُوَ جِسْمٌ لَطِيْفٌ نَارِيٌّ يَتَشَكَّلُ بِاَيِّ اَشْكَالٍ شَاءَ، يُذَكَّرُ وَيُؤَنَّثُ يَاْكُلُ وَيَشْرَبُ .

অর্থাৎ, জিন এমন এক সূক্ষ্ম অগ্নিদেহ, যারা যে কোনো আকৃতি ধারণ করতে পারে। এর পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ হয় এবং পানাহার করে।

مَلَائِكَةٌ-এর আভিধানিক অর্থ : مَلَائِكَةٌ শব্দটি مَلْئَكٌ-এর বহুবচন। আর مَلْئَكٌ শব্দটি মূলত ছিল مَالِكٌ সহজ করার জন্য لَامْ-কে আগে এনে হামযাকে পরে নেওয়া হয়েছে, অর্থ– ফেরেশতা।

مَلَائِكَةٌ-এর পারিভাষিক সংজ্ঞা : পরিভাষায় مَلَائِكَةٌ বলা হয়– هُوَ جِسْمٌ لَطِيْفٌ نُوْرِيٌّ يَتَشَكَّلُ بِاَشْكَالٍ مُخْتَلِفَةٍ لَا يُذَكَّرُ وَلَا يُؤَنَّثُ وَلَا يَاْكُلُ وَلَا يَشْرَبُ مَصْرُوْفٌ فِيْ اَمْرِ اللّٰهِ تَعَالٰى دَائِمًا . অর্থাৎ ফেরেশতা সূক্ষ্ম নূরের দেহবিশিষ্ট, যা বিভিন্ন আকৃতি ধারণ করতে পারে। এরা নারী-পুরুষ হয় না। পানাহার থেকেও মুক্ত, সর্বদা আল্লাহর নির্দেশ পালনে লিপ্ত। কারো কারো মতে– اِنَّهَا اَجْسَامٌ لَطِيْفَةٌ قَادِرَةٌ عَلَى التَّشَكُّلِ بِاَشْكَالٍ مُخْتَلِفَةٍ অর্থাৎ ফেরেশতাগণ হলেন এমন সূক্ষ্ম আকৃতিবিশিষ্ট, যারা বিভিন্ন সময়ে বিভিন্ন রূপ ধারণ করতে পারেন।

قَوْلُهُ تَرْتِيْبُ الخ-এর আলোচনা :

আভিধানিক অর্থ : تَرْتِيْبٌ শব্দটি বাবে تَفْعِيْلٌ থেকে ব্যবহৃত হয়। এর আভিধানিক অর্থ হলো– প্রত্যেক জিনিসকে তার স্থানে রাখা (وَضْعُ الشَّيْءِ فِيْ مَحَلِّهٖ)।

পারিভাষিক সংজ্ঞা : পরিভাষায় تَرْتِيْبٌ হলো, জানা বিষয়কে এমনভাবে সাজানো যাতে অজানা বিষয় সম্পর্কে অবহিত হওয়া যায়।

قَوْلُهُ عَالَمُ الخ-এর আলোচনা : عَالَمٌ-এর আভিধানিক অর্থ হলো– مَا يُعْلَمُ بِهِ الصَّانِعُ যা দ্বারা স্রষ্টার পরিচয় লাভ করা যায়। আর عَالَمٌ বলতে আল্লাহ ছাড়া সব কিছুকেই বুঝায়। عَالَمٌ যথা– عَالَمُ نَبَاتَاتٌ - عَالَمُ اِنْسَانٌ . عَالَمُ حَيْوَانَاتٌ ইত্যাদি।

قوله الصانع موجود-এর আলোচনা : اَلصَّانِعُ مَوْجُوْدٌ (সৃষ্টিকর্তা বিরাজমান)-এর জ্ঞান অর্জন করতে যুক্তি প্রমাণের প্রয়োজন হয়। যেমন– সাধ্য আশ্রয় বাক্য (صُغْرٰى) اَلصَّانِعُ مُؤَثِّرٌ فِى الْمَصْنُوْعَاتِ الْمَوْجُوْدَاتِ পক্ষ আশ্রয় বাক্য وَكُلُّ مُؤَثِّرٍ فِيْ الْمَصْنُوْعَاتِ الْمَوْجُوْدَاتُ فَهُوَ مَوْجُوْدٌ (كُبْرٰى)-এ দু'টি যুক্তিবাক্য সাজালে একটি সিদ্ধান্তে উপনীত হওয়া যায়, তা হলো فَالصَّانِعُ مَوْجُوْدٌ সুতরাং এ সকল নির্ভুল সিদ্ধান্তে উপনীত হতে হলে যুক্তি, চিন্তা ও সাধনা ছাড়া সম্ভব নয়।

www.eelm.weebly.com

فَائِدَةٌ : وَإِذَا عَلِمْتَ مَا ذَكَرْنَا أَنَّ النَّظَرِيَّاتِ مُطْلَقًا تَصَوُّرِيًّا كَانَتْ أَوْ تَصْدِيقِيًّا مُفْتَقِرَةٌ إِلَى نَظْرٍ وَفِكْرٍ فَلَابُدَّ لَكَ أَنْ تَعْلَمَ مَعْنَى النَّظْرِ فَأَقُولُ اَلنَّظْرُ فِيْ اِصْطِلَاحِهِمْ عِبَارَةٌ عَنْ تَرْتِيْبِ أُمُوْرٍ مَعْلُوْمَةٍ لِيَتَأَدَّى ذٰلِكَ التَّرْتِيْبُ إِلَى تَحْصِيْلِ الْمَجْهُوْلِ كَمَا إِذَا رَتَّبْتَ الْمَعْلُوْمَاتِ الْحَاصِلَةَ لَكَ مِنْ تَغَيُّرِ الْعَالَمِ وَحُدُوْثِ كُلِّ مُتَغَيِّرٍ وَتَقُوْلُ "اَلْعَالَمُ مُتَغَيِّرٌ" وَكُلُّ مُتَغَيِّرٍ حَادِثٌ فَحَصَلَ لَكَ مِنْ هٰذَا النَّظْرِ وَالتَّرْتِيْبِ عِلْمُ قَضِيَّةٍ أُخْرَى لَمْ يَكُنْ حَاصِلًا لَكَ قَبْلُ وَهِيَ "اَلْعَالَمُ حَادِثٌ" .

فَصْلٌ : إِيَّاكَ وَأَنْ تَظُنَّ أَنَّ كُلَّ تَرْتِيْبٍ يَكُوْنُ صَوَابًا مُوْصِلًا إِلَى عِلْمٍ صَحِيْحٍ كَيْفَ وَلَوْ كَانَ الْأَمْرُ كَذٰلِكَ مَا وَقَعَ الْاِخْتِلَافُ وَالتَّنَاقُضُ بَيْنَ أَرْبَابِ النَّظْرِ مَعَ أَنَّهُ قَدْ وَقَعَ فَمِنْ قَائِلٍ يَقُوْلُ "اَلْعَالَمُ حَادِثٌ" وَيَسْتَدِلُّ بِقَوْلِهِ "اَلْعَالَمُ مُتَغَيِّرٌ" وَكُلُّ مُتَغَيِّرٍ حَادِثٌ فَالْعَالَمُ حَادِثٌ وَمِنْ زَاعِمٍ يَزْعَمُ أَنَّ الْعَالَمَ قَدِيْمٌ غَيْرُ مَسْبُوْقٍ بِالْعَدَمِ وَيُبَرْهِنُ عَلَيْهِ بِقَوْلِهِ "اَلْعَالَمُ مُسْتَغْنٍ عَنِ الْمُؤَثِّرِ وَكُلُّ مَا هٰذَا شَانُهُ فَهُوَ قَدِيْمٌ"

সরল অনুবাদ : জ্ঞাতব্য: আমাদের বর্ণিত বিষয় হতে যখন তোমরা জানতে পারলে যে, نَظَرِيَّاتٌ চাই তা تَصَوُّرْنَظْرِىْ হোক বা تَصْدِيْق نَظْرِى হোক তা نَظْر و فِكْر তথা চিন্তা ও যুক্তির মুখাপেক্ষী। সুতরাং তোমার জন্য نَظْر-এর অর্থ অবগত হওয়া আবশ্যক। অতএব, আমি বলছি যে, মানতিকশাস্ত্রবিদদের পরিভাষায় জানা বিষয়কে এরূপভাবে সাজানো যা অজানা বিষয় অবগত হওয়ার দিকে পৌঁছায়, তাকে نَظْر বলে। যেমন– তুমি তোমার অবগত বিষয় 'জগত পরিবর্তনশীল এবং প্রত্যেক পরিবর্তনশীল নতুন'-কে সাজালে, যা তোমার অর্জিত আছে এবং তুমি বললে اَلْعَالَمُ مُتَغَيِّرٌ (জগত পরিবর্তনশীল) وَكُلُّ مُتَغَيِّرٍ حَادِثٌ (এবং প্রত্যেক পরিবর্তনশীল নশ্বর– তখন এ نَظْر ও تَرْتِيْب দ্বারা তোমার জন্য অপর একটি قَضِيَّةٌ (বাক্যের) অভিজ্ঞতা অর্জিত হলো, যা পূর্বে তোমার অর্জিত ছিল না, আর তা হলো– اَلْعَالَمُ حَادِثٌ

পরিচ্ছেদ : তোমার এ ধারণা সমীচীন নয় যে, প্রতিটি তারতীবই তোমায় সঠিক ও যথার্থ জ্ঞানের দিকে পৌছে দিবে। এটা কি করে সম্ভব? আর যদি তাই হতো! তবে দার্শনিকদের মধ্যে কখনো মতান্তর ও বিতর্কের সৃষ্টি হতো না ; অথচ বাস্তবে তাই ঘটছে। কেননা, কেউ বলে– اَلْعَالَمُ حَادِثٌ অর্থাৎ পৃথিবী ধ্বংসশীল এবং এ কথা দ্বারা প্রমাণ পেশ করে যে, اَلْعَالَمُ مُتَغَيِّرٌ وَكُلُّ مُتَغَيِّرٍ حَادِثٌ অর্থাৎ পৃথিবী পরিবর্তনশীল। আর প্রতিটি পরিবর্তনশীল বস্তুই ধ্বংসশীল। فَالْعَالَمُ حَادِثٌ কাজেই পৃথিবীও ধ্বংসীল। আবার কারো ধারণা মতে– اَلْعَالَمُ قَدِيْمٌ অর্থাৎ পৃথিবী পুরাতন বা শাশ্বত ; পূর্বে এর কোনো অস্তিত্ব ছিল না। আর তারা প্রমাণ পেশ করে যে, اَلْعَالَمُ مُسْتَغْنٍ عَنِ الْمُؤَثِّرِ وَكُلُّ مَا هٰذَا شَانُهُ فَهُوَ قَدِيْمٌ অর্থাৎ পৃথিবী সর্বদা কোনো মহাশক্তির প্রভাব হতে মুক্ত। আর যার অবস্থা এরূপ তা শাশ্বত ও চিরন্তন হয়ে থাকে। কাজেই পৃথিবীও শাশ্বত ও চিরন্তন।

শাব্দিক অনুবাদ : فَائِدَةٌ জ্ঞাতব্য : وَإِذَا عَلِمْتَ যখন তোমরা জানতে পারলে مَا ذَكَرْنَا আমাদের বর্ণিত বিষয় হতে أَنَّ যে, নজরিয়্যাত اَلنَّظَرِيَّاتِ সাধারণভাবে مُطْلَقًا চাই তা تَصَوُّرِيًّا كَانَتْ হোক تَصَوُّرْ نَظْرِىْ বা أَوْ تَصْدِيْقِيًّا তَصْدِيْق نَظْرِىْ হোক نَظْرَانِ তা مُفْتَقِرَةٌ إِلَى نَظْرٍ وَفِكْرٍ তথা চিন্তা ও যুক্তির মুখাপেক্ষী نَظْر وَفِكْر সুতরাং তোমার জন্য আবশ্যক فَلَابُدَّ لَكَ -এর অবগত হওয়া أَنْ تَعْلَمَ مَعْنَى النَّظْرِ অতএব আমি বলছি যে, فَأَقُوْلُ মানতিক শাস্ত্রবিদদের পরিভাষায় اَلنَّظْرُ فِيْ اِصْطِلَاحِهِمْ বলে نَظْر জানা বিষয়কে এরূপভাবে সাজানো عِبَارَةٌ عَنْ تَرْتِيْبِ أُمُوْرٍ مَعْلُوْمَةٍ যা পৌছায় لِيَتَأَدَّى ঐ সাজানো ذٰلِكَ التَّرْتِيْبُ إِلَى অজানা বিষয় অবগত হওয়ার দিকে تَحْصِيْلِ الْمَجْهُوْلِ যেমন– كَمَا إِذَا رَتَّبْتَ তুমি সাজালে اَلْمَعْلُوْمَاتِ الْحَاصِلَةَ لَكَ তোমার অবগত বিষয়কে مِنْ تَغَيُّرِ الْعَالَمِ জগৎ পরিবর্তনশীল وَحُدُوْثِ كُلِّ مُتَغَيِّرٍ এবং প্রত্যেক পরিবর্তনশীল নশ্বর وَتَقُوْلُ এবং তুমি বললে اَلْعَالَمُ مُتَغَيِّرٌ জগৎ পরিবর্তনশীল وَكُلُّ مُتَغَيِّرٍ حَادِثٌ এবং প্রত্যেক পরিবর্তনশীল নশ্বর فَحَصَلَ لَكَ তখন তোমার জন্য অর্জিত হলো مِنْ هٰذَا النَّظْرِ وَالتَّرْتِيْبِ এ نظر ও تَرْتِيْب দ্বারা عِلْمُ قَضِيَّةٍ أُخْرَى অপর একটি قَضِيَّةٌ (বাক্য)-এর অভিজ্ঞতা لَمْ

www.eelm.weebly.com

إِيَّاكَ وَاَنْ تَظُنَّ يَكُنْ حَاصِلًا لَكَ যা তোমার অর্জিত ছিল না قَبْلُ পূর্বে وَهِيَ আর তা হলো اَلْعَالَمُ حَادِثٌ জগৎ নশ্বর فَصْلٌ পরিচ্ছেদ তোমার এ ধারণা সমীচীন নয় اِنَّ كُلَّ تَرْتِيْبٍ যে, প্রতিটি তারতীবই يَكُوْنُ صَوَابًا مُوْصِلًا সঠিক হবে এবং তোমায় পৌঁছে দিবে اِلَى عِلْمٍ صَحِيْحٍ যথার্থ জ্ঞানের দিকে كَيْفَ এটা কি করে সম্ভব? وَلَوْ كَانَ الْاَمْرُ كَذٰلِكَ আর যদি তাই হতো لَمَا وَقَعَ الْاِخْتِلَافُ তবে মতান্তর সৃষ্টি হতো না وَالتَّنَاقُضُ ও বিতর্ক بَيْنَ اَرْبَابِ النَّظَرِ দার্শনিকদের মধ্যে مَعَ اَنَّهُ قَدْ وَقَعَ অথচ বাস্তবে তাই ঘটছে فَمِنْ قَائِلٍ কেননা, কেউ বলে اَلْعَالَمُ حَادِثٌ পৃথিবী ধ্বংসশীল وَيُسْتَدَلُّ بِقَوْلِهِ এবং একথা দ্বারা প্রমাণ পেশ করে যে اَلْعَالَمُ مُتَغَيِّرٌ পৃথিবী পরিবর্তনশীল وَكُلُّ مُتَغَيِّرٍ حَادِثٌ আর প্রতিটি পরিবর্তনশীল বস্তুই ধ্বংসশীল فَالْعَالَمُ حَادِثٌ কাজেই পৃথিবীও ধ্বংসশীল وَمِنْ زَاعِمٍ يَزْعَمُ আবার কারো ধারণা মতে اَنَّ الْعَالَمَ قَدِيْمٌ পৃথবী পুরাতন বা শাশ্বত غَيْرُ مَسْبُوْقٍ بِالْعَدَمِ পূর্বে এর কোনো অস্তিত্ব ছিল না وَيُبَرْهِنُ عَلَيْهِ بِقَوْلِهِ আর তারা প্রমাণ পেশ করে যে اَلْعَالَمُ مُسْتَغْنٍ عَنِ الْمُؤَثِّرِ পৃথিবী সর্বদা কোনো মহাশক্তির প্রভাব হতে মুক্ত وَكُلُّ مَا هٰذَا شَانُهُ আর যার অবস্থা এরূপ فَهُوَ قَدِيْمٌ তা শাশ্বত ও চিরন্তন হয়ে থাকে (কাজেই পৃথিবীও শাশ্বত ও চিরন্তন)।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ وَاِذَا عَلِمْتَ الخ -এর আলোচনা : تَصَوُّرٌ এবং تَصْدِيْقٌ উভয়টি نَظَرِيْ হতে পারে। যেমন- تَصَوُّرٌ نَظَرِيْ এবং تصديق نظرى - মানতিক শাস্ত্রবিদদের পরিভাষায় অজানাকে জানার জন্য জানা বিষয় সাজানোকে نَظْر وَفِكْرٌ বলে। যেমন- কোনো ব্যক্তির জগৎ পরবর্তনশীল হওয়ার এবং প্রত্যেক পরিবর্তনশীল নশ্বর এবং সে তার এ জানা বিষয়কে اَلْعَالَمُ مُتَغَيِّرٌ وَكُلُّ مُتَغَيِّرٍ حَادِثٌ বর্ণনায় সাজাল। এ সাজানোকে شِكْلِ اَوَّلُ বলে। এর প্রথম বাক্যকে صُغْرٰى আর দ্বিতীয় বাক্যকে كُبْرٰى বলে। আর صُغْرٰى ও كُبْرٰى-এর মধ্যে যে শব্দ পুনঃ পুনঃ উচ্চারিত হয়, তাকে حَدِّ اَوْسَطْ বলে। এই حَدِّ اَوْسَطْ কে বাদ দিলে যা অবশিষ্ট থাকে তাই হবে نَتِيْجَةٌ বা ফলাফল। সুতরাং اَلْعَالَمُ مُتَغَيِّرٌ وَكُلُّ مُتَغَيِّرٍ حَادِثٌ-এর মধ্যে تَغَيُّرٌ শব্দ পুনঃ পুনঃ আসছে, তাই এটি حَدِّ اَوْسَطْ হিসেবে বাদ দেওয়ার পর এবং كُلْ শব্দ سُوْر হিসেবে তাও বাদ যাওয়ার পর অবশিষ্ট থাকবে اَلْعَالَمُ حَادِثٌ তাই পূর্বোক্ত বাক্যদ্বয়ের نَتِيْجَةٌ ও ফল। যা এই تَرْتِيْبٌ-এর পূর্বে জানা ছিল না ; তা تَرْتِيْبٌ দ্বারা জানা গেছে।

قَوْلُهُ اِصْطِلَاحُهُمْ-এর আলোচনা : اِصْطِلَاحٌ-এর আভিধানিক অর্থ পরস্পর সন্ধি করা। পরিভাষায় اِصْطِلَاحٌ বলা হয়- اِجْتِمَاعُ قَوْمٍ مَخْصُوْصٍ عَلٰى شَيْءٍ مَخْصُوْصٍ অর্থাৎ কোনো নির্দিষ্ট সম্প্রদায় কোনো নির্দিষ্ট বিষয়ের উপর একমত হওয়া। উল্লেখ্য, আলোচ্য ইবারতে اِصْطِلَاحُهُمْ-এর মধ্যকার هُمْ সর্বনাম দ্বারা মানতিক শাস্ত্রবিদগণের পরিভাষাকে বুঝানো হয়েছে।

উহ্য প্রশ্ন : نَظْرٌ-এর সংজ্ঞায় বলা হয়েছে- تَرْتِيْبُ اُمُوْرٍ مَعْلُوْمَةٍ এতে বুঝা যায়, مُرَكَّبٌ ছাড়া نَظْر হতে পারে না। বস্তুত مُفْرَدٌ-এর সাথে نَظْر হওয়ার যথেষ্ট প্রমাণ আছে। সুতরাং نَظْر-এর সংজ্ঞায় تَرْتِيْبُ اُمُوْرٍ مَعْلُوْمَةٍ বলা সঙ্গত হয়নি।

জবাব : এখানে نَظْر দ্বারা اُمُوْرٌ مَعْلُوْمَةٌ-এর تَرْتِيْبٌ অর্থ নয়; বরং نَظْر-এর অর্থ হলো- تَاَمُّلٌ এবং এক্ষেত্রে نَظْرٌ-এর সংজ্ঞা- مُلَاحَظَةُ الْمَعْقُوْلِ لِتَحْصِيْلِ الْمَجْهُوْلِ দ্বারা করা উচিত। তাহলে نَظْر-এর সর্বপ্রকার এ সংজ্ঞার আওতায় আসবে।

قَوْلُهُ نَظْر-এর আলোচনা : জানা বিষয়কে সাজিয়ে অজানাকে জানার নাম হলো نَظْر আর এ نَظْر-এর ক্ষেত্রে تَصَوُّرْ-এর মধ্যে জানা বিষয়কে قَوْلُ شَارِحٌ বলে। আর تَصْدِيْقٌ-এর মধ্যে حُجَّتْ وَ دَلِيْل আর অজানা বিষয়কে مَطْلُوْبٌ বলে।

قَوْلُهُ اِيَاكَ وَاَنْ تَظُنَّ الخ -এর আলোচনা : ইলমে মানতিকের প্রয়োজনীয়তা : গ্রন্থকার আল্লামা ফযলে ইমাম খায়রাবাদী (র.) আলোচ্য ইবারতের মাধ্যমে عِلْمُ مَنْطِقٍ-এর প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করেছেন। এতে সন্দেহ নেই যে, প্রতিটি تَرْتِيْبٌ সঠিক ও ত্রুটিমুক্ত নয় এবং প্রত্যেকটি تَرْتِيْبٌ দ্বারা সঠিক জ্ঞান লাভ করা যায় না। এর কারণ হলো, আমরা চিন্তাশীল ও গবেষকদের মাঝে একই বিষয় নিয়ে মতবিরোধ দেখতে পাই। যেমন- পৃথিবী নিয়ে (এটা কি নশ্বর, না চিরন্তন) হুকামা ও মুতাকাল্লিমীনদের মাঝে মতবিরোধ রয়েছে। হুকামাদের মতে, পৃথিবী চিরন্তন, আর মুতাকাল্লেমীনদের মতে, এ পৃথিবী নশ্বর। এ দু'টি মতের যে কোনো একটি ত্রুটিপূর্ণ। কারণ, চিরন্তন ও নশ্বর- এ দু'টি পরস্পর বিরোধী বস্তু, তা কখনো একত্র হতে পারে না। এটা নির্ধারণে এমন একটি নীতিমালা প্রয়োজন, যা চিন্তা-গবেষণার ক্ষেত্রে ভুল-ভ্রান্তি থেকে রক্ষা করবে, আর যাতে জানা বিষয়ের মাধ্যমে অজানা বিষয়ের নিয়ম- পদ্ধতি বর্ণিত হবে। এ নীতিমালার নামই মীযান বা মানতিক।

قَوْلُهُ اَنَّ كُلَّ تَرْتِيْبٍ يَكُوْنُ الخ-এর আলোচনা : প্রকাশ থাকে যে, تَرْتِيْبٌ সহীহ হওয়ার অর্থ-প্রথমে جِنْس-কে উল্লেখ করবে, তারপর فَصْل দ্বারা جِنْس-কে সীমিত করবে। আর تَعْرِيْفٌ-এর গঠন সহীহ হওয়ার অর্থ হলো كُلْ-এর اَجْزَاءٌ বা অঙ্গগুলোর জন্য এমন একটি একক আকৃতি অর্জিত হওয়া যার মাধ্যমে সে تَعْرِيْفٌ টি مُعَرَّفٌ-এর مُطَابِقٌ বা সামঞ্জস্যপূর্ণ হয়ে যায়। যেমন- اَلْاِنْسَانُ حَيَوَانٌ نَاطِقٌ এই উদাহরণে اِنْسَانٌ টি হবে مُعَرَّفٌ আর حَيَوَانٌ نَاطِقٌ হলো تَعْرِيْفٌ এবং এর تَرْتِيْبٌ সহীহ হলো। কেননা, এতে جِنْسٌ- কে উল্লেখ করার পর فَصْل দ্বারা তাকে সীমাবদ্ধ করা হয়েছে এবং এর গঠনও ঠিক হয়েছে। কেননা, حَيَوَانٌ نَاطِقٌ-এর একটি একক আকৃতি অর্জিত হয়ে তা اِنْسَانٌ-এর অনুকূলে হয়েছে। আর قِيَاسٌ সহীহ হওয়ার অর্থ হলো- তার যাবতীয় مُقَدَّمَةٌ গুলোকে যথাযোগ্য পদ্ধতিতে স্থাপন করা।

উল্লিখিত পদ্ধতির ব্যতিক্রম অন্য কোনো পদ্ধতি হলে তাকে فَاسِدٌ বলা হবে।

www.eelm.weebly.com

وَلَا اَظُنُّكَ شَاكًّا فِىْ اَنَّ اَحَدَ الْفِكْرَيْنِ صَحِيْحٌ حَقٌّ وَالْاٰخَرُ فَاسِدٌ غَلَطٌ وَاِذَا كَانَ قَدْ وَقَعَ الْغَلَطُ فِىْ فِكْرِ الْعُقَلَاءِ فَعُلِمَ مِنْ ذٰلِكَ اَنَّ الْفِطْرَةَ الْاِنْسَانِيَّةَ غَيْرُ كَافِيَةٍ فِىْ تَمَيُّزِ الْخَطَاِ مِنَ الصَّوَابِ وَامْتِيَازِ الْقِشْرِ عَنِ اللُّبَابِ فَجَاءَتِ الْحَاجَةُ فِىْ ذٰلِكَ اِلٰى قَانُوْنٍ عَاصِمٍ عَنِ الْخَطَاِ فِى الْفِكْرِ يُبَيَّنُ فِيْهِ طُرُقُ اِكْتِسَابِ الْمَجْهُوْلَاتِ عَنِ الْمَعْلُوْمَاتِ وَهٰذَا الْقَانُوْنُ هُوَ الْمَنْطِقُ وَالْمِيْزَانُ اَمَّا تَسْمِيَتُهٗ بِالْمَنْطِقِ فَلِتَاثِيْرِهٖ فِى النُّطْقِ الظَّاهِرِىِّ اَعْنِى التَّكَلُّمَ اِذِ الْعَارِفُ بِهٖ يَقْوٰى عَلَى التَّكَلُّمِ بِمَا لَا يَقْوٰى عَلَيْهِ الْجَاهِلُ وَكَذَا فِى الْمَنْطِقِ الْبَاطِنِىْ اَعْنِى الْاِدْرَاكَ لِاَنَّ الْمَنْطِقِىَّ يَعْرِفُ حَقَائِقَ الْاَشْيَاءِ وَيَعْلَمُ اَجْنَاسَهَا وَفُصُوْلَهَا وَاَنْوَاعَهَا وَلَوَازِمَهَا وَخَوَاصَّهَا بِخِلَافِ الْغَافِلِ عَنْ هٰذَا الْعِلْمِ الشَّرِيْفِ وَاَمَّا تَسْمِيَتُهٗ بِالْمِيْزَانِ فَلِاَنَّهٗ قِسْطَاسٌ لِلْعَقْلِ يُوْزَنُ بِهِ الْاَفْكَارُ الصَّحِيْحَةُ وَيُعْرَفُ بِهٖ نُقْصَانُ مَا فِى الْاَفْكَارِ الْفَاسِدَةِ وَاخْتِلَالُ مَا فِى الْاَنْظَارِ الْكَاسِدَةِ وَمِنْ ثَمَّ يُقَالُ لَهُ الْعِلْمُ الْاٰلِىْ لِكَوْنِهٖ اٰلَةً لِجَمِيْعِ الْعُلُوْمِ لَاسِيَّمَا لِلْعُلُوْمِ الْحِكْمِيَّةِ -

সরল অনুবাদ : এ বিষয়ে তোমার সন্দেহ থাকা উচিত নয় যে, উপরিউক্ত দু'টি সিদ্ধান্তের মধ্যে একটি সঠিক ও অপরটি সঠিক নয়। যখন জ্ঞানীদের গবেষণা ও বিবেকে ভ্রান্তি ও ত্রুটি আছে প্রমাণিত হলো, এতে বুঝা গেল যে, মানব প্রকৃতি ভুল ও নির্ভুলের মধ্যে পার্থক্যকরণে এবং শস্য হতে আবরণ পৃথকী করণে যথেষ্ট নয়। অতঃপর (উল্লিখিত চাহিদা মিটানোর জন্য) এমন একটি নিয়ম-নীতির প্রয়োজন দেখা দিল যা فِكْر তথা চিন্তা ও ধ্যান-ধারণার ভুল-ত্রুটি হতে রক্ষা করে, যেই নিয়ম-নীতির মধ্যে জানা বিষয় দ্বারা অজানা বিষয় জানার পদ্ধতি বর্ণনা করা হবে। আর এই নিয়ম-পদ্ধতির নামই হলো- مَنْطِق এবং مِيْزَان। আর এ পদ্ধতিকে "مَنْطِق" নামকরণের কারণ হলো- এটি نُطْق ظَاهِرِىْ তথা বাহ্যিক আলাপ-আলোচনার মধ্যে প্রভাব ও প্রতিক্রিয়া বিস্তার করার কারণে। কেননা, এ শাস্ত্রে অভিজ্ঞ ব্যক্তি কথা-বার্তা ও আলাপ-আলোচনার উপর এ পরিমাণ শক্তি রাখে, যে পরমিাণ শক্তি এ শাস্ত্রে অনভিজ্ঞ ব্যক্তির নেই। অনুরূপ نُطْق بَاطِنِىْ তথা অনুভূতির মধ্যেও এ শাস্ত্রের প্রভাব রয়েছে। কেননা, মানতিকে পারদর্শী ব্যক্তি حَقَائِق اَشْيَاء অর্থাৎ বস্তুসমূহের মূলতত্ত্ব সম্পর্কে অবগত এবং বস্তুসমূহের اَجْنَاس জাতসমূহ, فُصُوْل লক্ষণাদি, لَوَازِم আবশ্যকীয় বিষয়াদি ও خَوَاص বৈশিষ্ট্যসমূহ ইত্যাদি সম্পর্কে অভিজ্ঞ হয়ে থাকে। কিন্তু এ ইলম হতে অমনোযোগী ব্যক্তি এর ব্যতিক্রম। আর 'মানতিক' কে "مِيْزَان" এ জন্য নামকরণ করা হয়েছে যে, মানতিক عَقْل বা জ্ঞানের জন্য পাল্লাস্বরূপ। যা দ্বারা সহীহ ধ্যান-ধারণা পরিমাপ করা যায় এবং ভ্রান্ত ধ্যান-ধারণার ত্রুটি-বিচ্যুতি ও অচল উপক্রমণিকার ত্রুটি-বিচ্যুতি জানা যায়। আর এ জন্যই এ শাস্ত্রকে عِلْمُ الْاٰلِىْ বলা হয়। কেননা, এটি সমস্ত عُلُوْم তথা শাস্ত্রের জন্য اٰلَة বা যন্ত্রবিশেষ। বিশেষ করে ইলমে হিকমতের জন্য।

শাব্দিক অনুবাদ : وَلَا اَظُنُّكَ شَاكًّا তোমার সন্দেহ থাকা উচিত নয় فِىْ اَنَّ اَحَدَ الْفِكْرَيْنِ এ বিষয়ে যে, উপরিউক্ত দু'টি সিদ্ধান্তের মধ্যে একটি صَحِيْحٌ حَقٌّ সঠিক وَالْاٰخَرُ فَاسِدٌ غَلَطٌ ও অপরটি সঠিক নয় وَاِذَا كَانَ قَدْ وَقَعَ الْغَلَطُ যখন ভ্রান্তি ও ত্রুটি আছে প্রমাণিত হলো فِىْ فِكْرِ الْعُقَلَاءِ জ্ঞানীদের গবেষণা ও বিবেকে فَعُلِمَ مِنْ ذٰلِكَ এতে বুঝা গেল اَنَّ الْفِطْرَةَ الْاِنْسَانِيَّةَ যে, মানব প্রকৃতি غَيْرُ كَافِيَةٍ যথেষ্ট নয় فِىْ تَمَيُّزِ الْخَطَاِ ভুল পার্থক্যকরণে مِنَ الصَّوَابِ নির্ভুল হতে وَامْتِيَازِ الْقِشْرِ عَنِ اللُّبَابِ এবং শস্য হতে আবরণ পৃথকীকরণে فَجَاءَتِ الْحَاجَةُ فِىْ ذٰلِكَ অতঃপর (উল্লিখিত চাহিদা মিটানোর জন্য) প্রয়োজন দেখা দিল اِلٰى قَانُوْنٍ এমন একটি নিয়ম-নীতির عَاصِمٍ যা রক্ষা করে عَنِ الْخَطَاِ فِى الْفِكْرِ - فِكْر তথা চিন্তা ও ধ্যান-ধারণার ভুল-ত্রুটি হতে يُبَيَّنُ فِيْهِ যে নিয়ম-নীতির মধ্যে বর্ণনা করা হবে طُرُقُ اِكْتِسَابِ الْمَجْهُوْلَاتِ অজানা বিষয় জানার পদ্ধতি عَنِ الْمَعْلُوْمَاتِ জানা বিষয় দ্বারা وَهٰذَا الْقَانُوْنُ আর এ নিয়ম-পদ্ধতির নামই হলো هُوَ الْمَنْطِقُ وَالْمِيْزَانُ মানতিক এবং মীযান اَمَّا تَسْمِيَتُهٗ بِالْمَنْطِقِ আর এ

www.eelm.weebly.com

পদ্ধতিকে مَنْطِقْ নামকরণের কারণ হলো لِتَأْثِيْرِ এটি প্রভাব ও প্রতিক্রিয়া বিস্তার করার কারণে فِي النُّطْقِ الظَّاهِرِيْ নুতকে যাহিরীতে اَعْنِي التَّكَلُّمِ তথা বাহ্যিক আলাপ-আলোচনার মধ্যে اِذِ الْعَارِفُ بِهِ কেননা, এ শাস্ত্রে অভিজ্ঞ ব্যক্তি يَقْوِيْ عَلَى التَّكَلُّمِ কথাবার্তা ও আলাপ-আলোচনার উপর এ পরিমাণ শক্তি রাখে بِمَا لَا يَقْوِيْ عَلَيْهِ الْجَاهِلُ যে পরিমাণ শাক্তি এ শাস্ত্রে অনভিজ্ঞ ব্যক্তির নেই لِاَنَّ الْمَنْطِقِيَّ وَكَذَا فِي النُّطْقِ الْبَاطِنِيِّ অনুরূপ নুতকে বাতিনীর اَعْنِي الْاِدْرَاكَ তথা অনুভূতির মধ্যেও এ শাস্ত্রের প্রভাব রয়েছে يَعْرِفُ কেননা, মানতিক পারদর্শী ব্যক্তি অবগত حَقَائِقَ الْاَشْيَاءِ বস্তুসমূহের মূলতত্ত্ব সম্পর্কে وَيَعْلَمُ اَجْنَاسَهَا এবং বস্তুসমূহের জাতসমূহ সম্পর্কে অভিজ্ঞ হয়ে থাকে وَفُصُوْلَهَا وَاَنْوَاعَهَا লক্ষণাদি, প্রকারাদি وَلَوَازِمَهَا وَخَوَاصَّهَا আবশ্যকীয় বিষয়াদি ও বৈশিষ্ট্যসমূহ بِخِلَافِ الْغَافِلِ কিন্তু অমনযোগী ব্যক্তি এর ব্যতিক্রম عَنْ هٰذَا الْعِلْمِ الشَّرِيْفِ এ মহৎ ইলম হতে وَاَمَّا تَسْمِيَتُهُ بِالْمِيْزَانِ আর 'মানতিক'-কে "مِيْزَانٌ" এ জন্য নামকরণ করা হয়েছে যে, فَلِاَنَّهُ قِسْطَاسٌ لِلْعَقْلِ মানতিক عَقْل বা জ্ঞানের জন্য পাল্লাস্বরূপ يُوْزَنُ بِهِ نُقْصَانُ مَا فِي الْاَفْكَارِ الْاَفْكَارُ الصَّحِيْحَةُ যা দ্বারা সহীহ ধ্যান-ধারণা পরিমাপ করা যায় وَيُعْرَفُ بِهِ এবং যা দ্বারা জানা যায় وَمِنْ ثَمَّ ভ্রান্ত ধ্যান-ধারণার ক্রটি-বিচ্যুতি وَاخْتِلَالُ مَا فِي الْاَنْظَارِ الْكَاسِدَةِ ও অচল উপক্রমণিকার ক্রটি-বিচ্যুতি الْفَاسِدَةِ আর এ জন্যই يُقَالُ لَهُ الْعِلْمُ الْاٰلِيُّ এ শাস্ত্রকে عِلْمُ الْاٰلِيْ বলা হয় لِكَوْنِهِ اٰلَةً কেননা, এটি اٰلَه বা যন্ত্রবিশেষ لِجَمِيْعِ الْعُلُوْمِ সমস্ত عُلُوْم তথা শাস্ত্রের জন্য لَاسِيَّمَا বিশেষ করে لِلْعُلُوْمِ الْحِكْمِيَّةِ ইলমে হিকমতের জন্য।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ وَلَا اَظُنُّكَ شَاكًّا -এর আলোচনা : উল্লেখ্য যে, شَكّ বলে اِسْتِوَاءُ طَرْفَيْنِ-কে, অর্থাৎ কোনো বিষয়ের হওয়া না হওয়া উভয় দিক সমান হওয়া। আর যদি কোনো বিষয়ের এক দিক হওয়া বা না হওয়ার ব্যাপারে প্রবল হয়, তবে তাকে ظَنّ বলে। আর যদি কোনো বিষয়ের হওয়া বা না হওয়ার দিক নিশ্চিত হয়, তবে তাকে يَقِيْن বলে।

قَوْلُهُ اَلْفِطْرَةُ الْاِنْسَانِيَّةُ-এর আলোচনা : فِطْرَت اِنْسَانِيَّه-এর অর্থ হলো মানতিক প্রকৃতি মানবিক বিবেক বিবেচনা। যার মাধ্যমে মানুষ কোনো বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করে থাকে এবং বিষয়ের প্রতি মন্তব্য গ্রহণ করে।

قَوْلُهُ اِلَى قَانُوْنِ الخ -এর আলোচনা : قَانُوْن-এর আভিধানিক অর্থ হলো– রুলার। মানতিকশাস্ত্রের পরিভাষায় এমন নীতিমালাকে قَانُوْن বলে, যা তার সমস্ত একককে অন্তর্ভুক্ত করে। যাতে যে কোনো এককের হুকুম জানার মাধ্যমে অন্যান্য এককের হুকুমও অবগত হওয়া যায়। যার নিয়ম এই যে, নীতিমালার مَوْضُوْع-কে কোনো এককের مَحْمُوْل বানিয়ে صُغْرٰى সাব্যস্ত করা হবে। আর সেই নীতিমালাকে كُبْرٰى সাব্যস্ত করা হবে। যেমন– নাহুবীদদের উক্তি كُلُّ فَاعِلٍ مَرْفُوْعٌ (প্রত্যেক فَاعِلْ পেশাবিশিষ্ট হবে) এটি একটি নীতিমালা। এ নীতিমালায় مَوْضُوْع তথা فَاعِلْ-কে আমাদের উক্তি– ضَرَبَ زَيْدٌ-এর মধ্যে مَحْمُوْل বানিয়ে صُغْرٰى বানানো হবে এবং বলা হবে– زَيْدٌ فَاعِلٌ وَكُلُّ فَاعِلٍ مَرْفُوْعٌ অতঃপর এর نَتِيْجَه বা ফলাফল হবে زَيْدٌ مَرْفُوْعٌ কেননা, زَيْد হলো فَاعِلْ সুতরাং زَيْد এটি كُلُّ فَاعِلٍ مَرْفُوْعٌ-এর এক অঙ্গ হিসেবে তার হুকুম জানা গেল।

قَوْلُهُ وَاَمَّا تَسْمِيَتُهُ بِالْمَنْطِقِ الخ -এর আলোচনা : مَنْطِقْ-কে মানতিক নামকরণের কারণ : গ্রন্থকার আল্লামা ফযলে ইমাম খায়রাবাদী (র.) আলোচ্য বর্ণনায় مَنْطِقْ-কে মানতিক নামকরণের কারণ বর্ণনা করেছেন। مَنْطِقْ শব্দের অর্থ–বাক্যলাপ, যেহেতু এ শাস্ত্র দ্বারা نُطْق ظَاهِرِيْ তথা বাহ্যিক কথাবার্তার ব্যাপারে সহায়তা করে। আমরা দেখতে পাই মানতিকশাস্ত্রে অভিজ্ঞ ব্যক্তি যে পরিমাণ বাকপটু মানতিকশাস্ত্রে অনভিজ্ঞ ব্যক্তি সে পরিমাণ বাকপটু হয় না। অনুরূপ এটা نُطْق بَاطِنِيْ তথা বস্তু জগতের حَقِيْقَتْ অনুধাবন করার ব্যাপারে সহায়তা করে। অতএব, আমরা দেখতে পাই একজন مَنْطِقِيْ বস্তুর হাকীকত جِنْس ، فَصْل ، نَوْع ইত্যাদি ব্যাপারে যেরূপ দক্ষতা রাখে একজন غَيْر مَنْطِقِيْ সেরূপ দক্ষতা রাখে না।

قَوْلُهُ وَاَمَّا تَسْمِيَتُهُ بِالْمِيْزَانِ -এর আলোচনা : مَنْطِقْ-কে মীযান নামকরণের কারণ : مَنْطِقْ-কে মীযান নামকরণের কারণ হলো, علم منطق জ্ঞানের জন্য মীযান তথা পাল্লাস্বরূপ। পাল্লা হওয়ার অর্থ হলো مَنْطِقْ দ্বারা জ্ঞান বিশুদ্ধ ধ্যান-ধারণা ও অশুদ্ধ ধ্যান-ধারণার মাঝে পরিমাপ করে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করা যায় যেভাবে পাল্লা দ্বারা মাপের কমবেশি নির্ণয় করা হয়।

قَوْلُهُ يَعْرِفُ حَقَائِقَ الخ -এর আলোচনা : মানতিকী দাবি এই যে, তারা حَقَائِق اَشْيَاء তথা বিষয়বস্তুর মূলতত্ত্ব জানে– এ কথাটি ঠিক নয়। কেননা আবূ আলী ইবনে সীনা তাঁর تَعْلِيْقَات গ্রন্থে বলেছেন যে, আমরা শুধু জিনিসের خَوَاص এবং لَوَازِمْ জানি– ঐ সকল فُصُوْل সম্পর্কে আমাদের জানা নেই; যা দ্বারা জিনিসের হাকীকত জানা যায়। কেননা, আমরা . زَمِيْن . اَسْمَان . نَفْس نَاطِقَه عَقْل . وَاجِبُ الْوُجُوْد সহ কিছুরই হাকীকত জানি না।

প্রকাশ্য ও অপ্রকাশ্য نُطْق-এর বর্ণনা : মানতিকশাস্ত্রের নিয়ম-নীতি প্রকাশ্য ও অপ্রাকাশ্য সকল ধরনের نُطْق তথা কথাবার্তার মধ্যে প্রতিক্রিয়া ও প্রভাব বিস্তার করে, نُطْق ظَاهِرِيْ বলতে প্রকাশ্য কথাবার্তাকে বুঝানো হয়। আর نُطْق بَاطِنِيْ বলতে اِدْرَاكْ বা অনুভূতিকে বুঝানো হয়। মানতিকশাস্ত্র অনুভূতি ও বিবেকের মধ্যে প্রতিক্রিয়া ও প্রভাব সৃষ্টি করে।

www.eelm.weebly.com

فَائِدَةٌ : اِعْلَمْ اَنَّ اَرَسْطَاطَالِيْسَ الْحَكِيْمَ دَوَّنَ هٰذَا الْعِلْمَ بِاَمْرِ الْاِسْكَنْدَرِ الرُّوْمِيِّ وَلِهٰذَا يُلَقَّبُ بِالْمُعَلِّمِ الْاَوَّلِ وَالْفَارَابِيُّ هَذَّبَ هٰذَا الْفَنَّ وَهُوَ الْمُعَلِّمُ الثَّانِيُّ وَبَعْدَ اِضَاعَةِ كُتُبِ الْفَارَابِيِّ فَصَّلَهُ الشَّيْخُ اَبُوْ عَلِيِّ بْنُ سِيْنَا . فَصْلٌ : وَلَعَلَّكَ عَلِمْتَ بِمَا تَلَوْنَا عَلَيْكَ فِيْ بَيَانِ الْحَاجَةِ حَدَّ الْمَنْطِقِ وَتَعْرِيْفَهُ مِنْ اَنَّهُ عِلْمٌ بِقَوَانِيْنَ تَعْصِمُ مُرَاعَاتُهَا الذِّهْنَ عَنِ الْخَطَاِ فِي الْفِكْرِ .

সরল অনুবাদ : ফায়দা : জেনে রাখো ! বাদশা ইস্কান্দার রুমীর নির্দেশক্রমে হাকীম আরাস্তাতালীস এ শাস্ত্র সংকলন করেছেন। এজন্য তাঁকে (এই বিষয়ের) اَلْمُعَلِّمُ الْاَوَّلُ বা প্রথম শিক্ষক বলা হয়। আর আবূ নসর ফারাবী এ বিষয়কে সুসজ্জিত করেছেন, তাই তাঁকে اَلْمُعَلِّمُ الثَّانِيُّ বা দ্বিতীয় শিক্ষক নামে অভিহিত করা হয়। আর ফারাবীর কিতাবসমূহ বিনষ্ট হয়ে যাওয়ার পর শায়খ আবূ আলী ইবনে সীনা একে বিস্তারিত রূপদান করেছেন।

পরিচ্ছেদ : মানতিকের প্রয়োজনীয়তা বর্ণনায় যা আলোচনা করেছি, তাতে সম্ভবত তুমি ইলমে মানতিকের সংজ্ঞা জানতে পেরেছ। তথা মানতিক এমন কতিপয় বিধি-বিধানকে বলা হয়, যেগুলোর অনুসরণ-অনুকরণ মস্তিষ্ককে চিন্তা-গবেষণায় ভুল-ভ্রান্তি হতে রক্ষা করে।

শাব্দিক অনুবাদ : فَائِدَةٌ ফায়দা اِعْلَمْ জেনে রাখো اَنَّ اَرَسْطَاطَالِيْسَ الْحَكِيْمَ হাকীম আরাস্তাতালীস دَوَّنَ هٰذَا الْعِلْمَ এ শাস্ত্র সংকলন করেছেন بِاَمْرِ الْاِسْكَنْدَرِ الرُّوْمِيِّ বাদশা ইস্কান্দার রুমীর নির্দেশক্রমে وَلِهٰذَا يُلَقَّبُ এ জন্যই তাঁকে বলা হয় بِالْمُعَلِّمِ الْاَوَّلِ এ বিষয়ের প্রথম শিক্ষক وَالْفَارَابِيُّ هَذَّبَ هٰذَا الْفَنَّ আর আবূ নসর ফারাবী এ বিষয়কে সুসজ্জিত করেছেন وَهُوَ الْمُعَلِّمُ الثَّانِيُّ তাই তাঁকে দ্বিতীয় শিক্ষক নামে অভিহিত করা হয় وَبَعْدَ اِضَاعَةِ كُتُبِ الْفَارَابِيِّ আর ফারাবীর কিতাবসমূহ বিনষ্ট হয়ে যাওয়ার পর فَصَّلَهُ একে বিস্তারিত রূপদান করেছেন الشَّيْخُ اَبُوْ عَلِيِّ ابْنُ سِيْنَا শায়খ আবূ আলী ইবনে সীনা। فَصْلٌ পরিচ্ছেদ وَلَعَلَّكَ عَلِمْتَ সম্ভবত তুমি জানতে পেরেছ بِمَا تَلَوْنَا عَلَيْكَ যা আলোচনা করেছি, তাতে فِيْ بَيَانِ الْحَاجَةِ حَدَّ الْمَنْطِقِ মানতিকের প্রয়োজনীয়তা বর্ণনায় وَتَعْرِيْفَهُ আর ইলমে মানতিকের সংজ্ঞা مِنْ اَنَّهُ عِلْمٌ بِقَوَانِيْنَ তথা মানতিক এমন কতিপয় বিধি-বিধানকে বলা হয় تَعْصِمُ مُرَاعَاتُهَا الذِّهْنَ যেগুলোর অনুসরণ-অনুকরণ মস্তিষ্ককে রক্ষা করে عَنِ الْخَطَاِ فِي الْفِكْرِ চিন্তা-গবেষণায় ভুল-ভ্রান্তি হতে।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ اِعْلَمْ اَنَّ اَرَسْطَاطَالِيْسَ الخ **-এর আলোচনা :** আলোচ্য ইবারতে মানতিকশাস্ত্রের ঐতিহাসিক বর্ণনা দেওয়া হয়েছে। এ শাস্ত্রটি যাঁদের একান্ত প্রচেষ্টায় রচিত হয়েছে তাঁরা হলেন– আরাস্তাতালীস, আবূ আলী ইবনে সীনা। আবূ নসর মুহাম্মদ ফারাবী, আরাস্তাতালীসকে এ শাস্ত্রের প্রথম শিক্ষক, আবূ নসর মুহাম্মদ ফারাবীকে দ্বিতীয় শিক্ষক এবং আবূ আলী ইবনে সীনাকে তৃতীয় শিক্ষক হিসেবে অভিহিত করা হয়। নিম্নে তাঁদের সংক্ষিপ্ত পরিচয় তুলে ধরা হলো–

এক. আরাস্তাতালীস :

পরিচিতি : তাঁর নাম আরাস্তাতালীস, সংক্ষেপে আরাস্তু বলা হয়। ইংরেজিতে বলা হয় Aristotle হযরত ঈসা (আ.)-এর জন্মের পূর্বে ৩৮৪ খ্রিস্টাব্দে মকদুনিয়া শহরের অন্তর্গত স্ট্যাগিরা নামক এক পল্লিতে তাঁর জন্ম হয়। উল্লেখ্য, জনৈক জৌতিষীর পরামর্শে তিনি প্রখ্যাত দার্শনিক আফলাতুন (প্লেটো)-এর নিকট দর্শনশাস্ত্র শিক্ষালাভের উদ্দেশ্যে এথেন্স শহরে আগমন করেন। সেখানে আফলাতুনের স্কুলে বিশ বছর সময়কাল ব্যাপী পড়াশোনার পর বাদশা ফিলিপসের রাষ্ট্রদূত হিসেবে নিযুক্ত হন। কিন্তু কিছু দিন এ দায়িত্ব পালন করার পর তা ছেড়ে দিয়ে পুনরায় এথেন্স শহরে চলে আসেন এবং সেখানে আফলাতুনের বিদ্যালয়ে অধ্যাপনার দায়িত্বে নিযুক্ত হন। অল্প দিনের মধ্যে তাঁর প্রতিভার খ্যাতি চতুর্দিকে ছড়িয়ে পড়ে। ফিলিপ যুবরাজ ইস্কান্দার [আলেকজান্ডার]-এর শিক্ষা-দীক্ষার জন্য তাঁকে মকদুনিয়া শহরে ডেকে পাঠান। প্রায় আট বছর যাবৎ এ কাজে নিয়োজিত থাকার পর পুনরায় তিনি এথেন্স শহরে প্রত্যাবর্তন করেন। এবার তিনি নিজেই

www.eelm.weebly.com

একটি শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলেন, যা পরবর্তীতে আফলাতুনের প্রতিষ্ঠানের চেয়েও প্রসিদ্ধি লাভ করেছিল। অসংখ্য ছাত্র তাঁর নিকট শিক্ষালাভ করে জ্ঞানপিপাসা নিবৃত্ত করত। তাঁর ভ্রমণের সময় পালকীর পেছনেও অগণিত শিষ্য জ্ঞান আহরণের উদ্দেশ্যে পথ অনুসরণ করত। আর এজন্য তাঁর অনুসারীদেরকে মাশশাঈন তথা পদব্রজে গমনকারী বলা হয়। যেহেতু তিনিই সর্বপ্রথম দর্শনশাস্ত্রকে পূর্ণাঙ্গ শাস্ত্রে রূপদান করেছেন এবং মানব সমাজে তার বিকাশ সাধনে ভূমিকা রেখেছেন, তাই তাঁকে এ শাস্ত্রের মুয়াল্লিমে আউয়াল বা প্রথম শিক্ষক বলা হয়। এরিস্টোটলের শিক্ষক হলেন প্লেটো (আফলাতুন), তাঁর শিক্ষক হলেন সক্রেটিস, তাঁর শিক্ষক হলেন পীথাগোরাস, তাঁর শিক্ষক হলেন তালীস, তাঁর শিক্ষক হলেন লোকমান হাকীম। এরিস্টোটল মৃত্যুর পূর্ব মুহূর্ত পর্যন্ত তিনি তাঁর শিক্ষা প্রতিষ্ঠানেই শিক্ষাদানে রত ছিলেন।

মৃত্যু : ৬২ বছর বয়সে তিনি মৃত্যুবরণ করেন। তাঁর মৃত্যুর কারণ সম্পর্কে বিভিন্ন অভিমত পরিলক্ষিত হয়। কারো মতে, তিনি পানিতে ডুবে মারা গেছেন। কেউ বলেন, পক্ষাঘাতে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন।

রচনাবলি : আরাস্তাতালীস তাঁর দর্শনজীবনে বহু প্রসিদ্ধ মূল্যবান গ্রন্থ রচনা করে স্বীয় প্রতিভার বিকাশ ঘটিয়েছেন। তন্মধ্যে উল্লেখযোগ্য হলো– ১. كِتَابُ السَّمَاءِ ২. كِتَابُ جَرْيِ الشَّمْسِ وَالْقَمَرِ ৩. كِتَابُ النَّبَاتِ ৪. اَلْاِلٰهَاتُ ৫. اَلْعَالَمُ ইত্যাদি।

দুই. ফারাবী :

পরিচিতি : তাঁর নাম মুহাম্মদ, উপনাম আবূ নসর, পিতার নাম তারখান। নিসবতী নাম ফারাবী। তিনি পারস্যের ফারাব নামক স্থানে জন্মগ্রহণ করেন। দর্শনশাস্ত্রে তিনি পারদর্শী ছিলেন। স্বভাবগতভাবে একাকী থাকতে তিনি ভালোবাসতেন। তিনি আফলাতুন ও আরাস্তুর পরিত্যক্ত জ্ঞানের বিশ্লেষণ করেন এবং দর্শনশাস্ত্রকে সুসজ্জিত করে মানব সমাজে উপস্থাপন করেন। এ জন্য তাঁকে দর্শনশাস্ত্রের দ্বিতীয় শিক্ষক বলা হয়।

মৃত্যু : ৩৩৯ হিজরিতে আব্বাসীয় যুগে ৮০ বছর বয়সে তিনি মৃত্যুবরণ করেন।

রচনাবলি : তিনি অসংখ্য মূলবান গ্রন্থ রচনা করেন। তন্মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি হলো–
১. اِحْصَاءُ الْعُلُوْمِ مَا يَنْبَغِىْ اَنْ تَعْلَمَ ২. مَقَالَةٌ فِى الْعَقْلِ قَبْلَ الْفَلْسَفَةِ ৩. تَحْصِيْلُ السَّعَادَةِ ৪. اٰرَاءُ الْمَدِيْنَةِ الْفَاضِلَةِ

তিন. ইবনে সীনা :

পরিচিতি : তাঁর নাম হোসাইন, উপনাম আবূ আলী, পিতার নাম আব্দুল্লাহ ইবনে সীনা। ৩৭০ হিজরিতে বুখারার অন্তর্গত আখশানা নামক স্থানে তিনি জন্মগ্রহণ করেন। শায়খ আবূ আলী হিসেবে তিনি সমধিক পরিচিত ছিলেন। তিনি চিকিৎসা, দর্শন, সাহিত্য, জ্যামিতি ইত্যাদি শাস্ত্রে অত্যন্ত পারদর্শী ছিলেন। তিনি হাফেজে কুরআন ছিলেন। তাঁর উদ্ভাবিত ইউনানী চিকিৎসা আজ পর্যন্ত বিশ্বে শ্রেষ্ঠ চিকিৎসা বিজ্ঞান হিসেবে সমাদৃত।

রচনাবলি : তিনি চিকিৎসা বিজ্ঞানের উপর বহু গ্রন্থ লিখেছেন। তন্মধ্যে– ১. قَانُوْنُ النَّجَاتِ ২. اِشَارَاتُ ৩. شِفَاءُ ইত্যাদি বিশেষভাবে উল্লেখযোগ্য।

মৃত্যু : তিনি ৪৪৮ হিজরিতে আব্বাসিয় যুগে মৃত্যুবরণ করেন।

চার. ইস্কান্দার রূমী : ইস্কান্দার রূমী আলেকজান্ডার নামে পরিচিত। তিনি একজন প্রভাবশালী বাদশা ছিলেন। তিনি রোম ও পারস্য দখল করেছিলেন। তিনি ছিলেন এরিস্টোটলের দর্শনের ভক্ত। তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতেই এরিস্টোটল এ শাস্ত্র প্রণয়ন করেন। কারো মতে, এরিস্টোটল তাঁর মন্ত্রী ছিলেন। ঈসা (আ.)-এর জন্মের প্রায় তিনশ বছর পূর্বে তিনি বাদশা ছিলেন। তাঁকে সিকান্দর গ্রীক, মকদুন, রূমী ইত্যাদি উপাধিতে ভূষিত করা হতো। তিনি দারার বিরুদ্ধে যুদ্ধ করে তাকে হত্যা করে তার রাজ্য দখল করেন। তিনি ছিলেন আলেকজান্দ্রিয়া শহরের প্রতিষ্ঠাতা।

قَوْلُهٗ لَعَلَّكَ عَلِمْتَ الخ-এর আলোচনা : কিতাবের আলোচ্য বাক্য দ্বারা বুঝা যায় যে, ইলমে মানতিকের প্রয়োজনীয়তার বর্ণনা হতেই বিচক্ষণ ছাত্রগণ ইলমে মানতিকের সংজ্ঞা অবগত হয়েছে, তারপর لَعَلَّكَ عَلِمْتَ-এর ইঙ্গিতের দ্বারা মধ্যম স্তরের ছাত্রগণকেও ইলমে মানতিকের সংজ্ঞা অবগত করানো হয়েছে। এরপর এখানকার বর্ণিত সংজ্ঞা عِلْمٌ بِقَوَانِيْنَ الخ দ্বারা সাধারণ ছাত্রগণকে ইলমে মানতিকের সংজ্ঞা জানিয়ে দেওয়া হয়েছে। এতে গ্রন্থকার ছাত্রদের তিনটি স্তরের প্রতি ইঙ্গিত করেছেন। স্তর তিনটি হচ্ছে– ১. ذَكِىٌّ বা তীক্ষ্ণ, ২. مُتَوَسِّطٌ বা সাধারণ মেধাবী, ৩. غَبِىٌّ বা স্থূল সাধারণ।

www.eelm.weebly.com

فَصْلٌ : مَوْضُوْعُ كُلِّ عِلْمٍ مَا يُبْحَثُ فِيْهِ عَنْ عَوَارِضِهِ الذَّاتِيَةِ لَهُ كَبَدَنِ الْاِنْسَانِ لِلطِّبِّ وَالْكَلِمَةِ وَالْكَلَامِ لِعِلْمِ النَّحْوِ فَمَوْضُوْعُ الْمَنْطِقِ اَلْمَعْلُوْمَاتُ التَّصَوُّرِيَّةُ وَالتَّصْدِيْقِيَّةُ لٰكِنْ لَا مُطْلَقًا بَلْ مِنْ حَيْثُ اَنَّهَا مُوْصِلَةٌ اِلَى الْمَجْهُوْلِ التَّصَوُّرِيِّ وَالتَّصْدِيْقِيِّ ـ

সরল অনুবাদ : পরিচ্ছেদ : প্রত্যেক ইলম বা শাস্ত্রের আলোচ্য বিষয় হলো ঐ জিনিস যা তার عَوَارِض ذَاتِيَة তথা স্বভাবগত প্রাসঙ্গিক বিষয় সম্পর্কে ঐ ইলমের মধ্যে আলোচনা করা হয়। যথা– মানুষের দেহ, চিকিৎসাশাস্ত্রের বিষয়বস্তু। كَلِمَه এবং كَلَامْ হচ্ছে ইলমে নাহুর বিষয়বস্তু। সুতরাং ইলমে মানতিকের বিষয়বস্তু হচ্ছে–مَعْلُوْمَات تَصَوُّرِىْ وَتَصْدِيْقِىْ তথা জানা تَصَوُّر এবং জানা تَصْدِيْق সমূহ। কিন্তু مَعْلُوْمَات تَصَوُّرِىْ এবং مَعْلُوْمَات تَصْدِيْقِى সরাসরি ইলমে মানতিকের مَوْضُوْع বা বিষয়বস্তু নয়; বরং এ হিসেবে যে, এরা مَجْهُوْلَات تَصَوُّرِىْ وَ تَصْدِيْقِىْ তথা অজ্ঞাত تَصَوُّرْ ও تَصْدِيْق-এর দিকে পৌঁছে দেয়।

فَائِدَةٌ : اِعْلَمْ اَنَّ لِكُلِّ عِلْمٍ وَصَنَاعَةٍ غَايَةٌ وَاِلَّا لَكَانَ طَلَبُهُ عَبَثًا وَالْجِدُّ فِيْهِ لَغْوًا وَغَايَةُ عِلْمِ الْمِيْزَانِ اَلْاِصَابَةُ فِى الْفِكْرِ وَحِفْظُ الرَّأْيِ عَنِ الْخَطَأِ فِى النَّظَرِ ـ

ফায়দা : জেনে রেখো যে, প্রত্যেক ইলমের কোনো না কোনো লক্ষ্য ও উদ্দেশ্য থাকে, অন্যথায় সে ইলমের অন্বেষণ অনর্থক হয় এবং তার জন্য সাধনা অর্থহীন হয়। আর ইলমে মানতিকের উদ্দেশ্য হলো– চিন্তাশক্তি যাতে সঠিক হয় তাকে অর্জন করা এবং ধ্যান-ধারণার ভুল-ভ্রান্তি হতে সিদ্ধান্তকে রক্ষা করা।

فَصْلٌ : لَا شُغْلَ لِلْمَنْطِقِيِّ مِنْ حَيْثُ اَنَّهُ مَنْطِقِيٌّ بِبَحْثِ الْاَلْفَاظِ كَيْفَ وَهٰذَا الْبَحْثُ بِمَعْزِلٍ عَنْ غَرْضِهِ وَغَايَتِهِ وَمَعَ ذٰلِكَ فَلَابُدَّ لَهُ مِنْ بَحْثِ الْاَلْفَاظِ الدَّالَّةِ عَلَى الْمَعَانِىْ لِاَنَّ الْاِفَادَةَ وَالْاِسْتِفَادَةَ مَوْقُوْفَةٌ عَلَيْهِ وَلِذٰلِكَ يُقَدَّمُ بَحْثُ الدَّلَالَةِ وَالْاَلْفَاظِ فِىْ كُتُبِ الْمَنْطِقِ ـ

পরিচ্ছেদ : মানতিকশাস্ত্রবিদগণ মানতিকশাস্ত্রবিদ হিসেবে শাব্দিক আলোচনার সাথে তাদের কোনো সম্পর্ক নেই। আর তা কি করে হতে পারে? বস্তুত শাব্দিক আলোচনা তাদের লক্ষ্য ও উদ্দেশ্য হতে পৃথক ব্যাপার ; তা সত্ত্বেও মানতিকশাস্ত্রবিদগণের জন্য এমন শাব্দিক আলোচনা আবশ্যক যা অর্থকে বুঝায়। কেননা, অপরের থেকে উপকার অর্জন করা এবং অপরকে উপকার পৌঁছানো শব্দের অর্থ বুঝানোর উপর নির্ভর করে। এ জন্যই دَلَالَة এবং اَلْفَاظ -এর আলোচনাকে মানতিক শাস্ত্রের কিতাবের মধ্যে অগ্রাধিকার দেওয়া হয়।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ مَوْضُوْعُ كُلِّ عِلْمٍ প্রত্যেক ইলম বা শাস্ত্রের আলোচ্য বিষয় مَا يُبْحَثُ فِيْهِ যাতে আলোচনা করা হয় عَنْ عَوَارِضِهِ الذَّاتِيَةِ لَهُ তার স্বভাবগত প্রাসঙ্গিক বিষয় সম্পর্কে كَبَدَنِ الْاِنْسَانِ যথা– মানুষের দেহ لِلطِّبِّ চিকিৎসাশাস্ত্রের বিষয়বস্তু وَالْكَلِمَةِ وَالْكَلَامِ لِعِلْمِ النَّحْوِ আর كَلِمَه ও كَلَامْ হচ্ছে ইলমে নাহুর বিষয়বস্তু فَمَوْضُوْعُ الْمَنْطِقِ সুতরাং ইলমে মানতিকের বিষয়বস্তু হচ্ছে اَلْمَعْلُوْمَاتُ التَّصَوُّرِيَّةُ وَالتَّصْدِيْقِيَّةُ জানা تَصَوُّرْ এবং জানা تَصْدِيْق সমূহ لٰكِنْ لَا مُطْلَقًا কিন্তু সরাসরি ইলমে মানতিকের বিষয়বস্তু নয় بَلْ مِنْ حَيْثُ বরং এ হিসেবে যে اَنَّهَا مُوْصِلَةٌ এরা পৌঁছে দেয় اِلَى الْمَجْهُوْلِ التَّصَوُّرِيِّ وَالتَّصْدِيْقِيِّ অজ্ঞাত تَصَوُّرْ ও تَصْدِيْق -এর দিকে। فَائِدَةٌ ফায়দা اِعْلَمْ জেনে রাখো اَنَّ لِكُلِّ عِلْمٍ وَصَنَاعَةٍ غَايَةٌ যে, প্রত্যেক ইলমের কোনো না কোনো লক্ষ্য ও উদ্দেশ্য থাকে وَاِلَّا لَكَانَ طَلَبُهُ عَبَثًا অন্যথায় সে ইলমের অন্বেষণ অনর্থক হয় وَالْجِدُّ فِيْهِ لَغْوًا এবং তার জন্য সাধনা অর্থহীন হয় وَغَايَةُ عِلْمِ الْمِيْزَانِ আর ইলমে মানতিকের উদ্দেশ্য হলো اَلْاِصَابَةُ فِى الْفِكْرِ চিন্তাশক্তি যাতে সঠিক হয় তাকে অর্জন করা وَحِفْظُ الرَّأْيِ এবং সিদ্ধান্তকে রক্ষা করা عَنِ الْخَطَأِ فِى النَّظَرِ ধ্যান-ধারণার ভুল-ভ্রান্তি হতে। فَصْلٌ পরিচ্ছেদ لَا شُغْلَ لِلْمَنْطِقِيِّ মানতিকশাস্ত্রবিদগণের কোনো সম্পর্ক নেই مِنْ حَيْثُ اَنَّهُ مَنْطِقِيٌّ সে একজন

www.eelm.weebly.com

মানতিকশাস্ত্রবিদ হিসেবে يَبْحَثُ الْاَلْفَاظَ শাব্দিক আলোচনার সাথে كَيْفَ আর তা কি করে হতে পারে? وَهٰذَا الْبَحْثُ বস্তুত শাব্দিক আলোচনা فَلَابُدَّ لَهُ بِمَعْزِلٍ عَنْ غَرَضِهِ وَغَايَتِهِ তাদের লক্ষ্য ও উদ্দেশ্য হতে পৃথক ব্যাপার وَمَعَ ذٰلِكَ তা সত্ত্বেও মানতিকশাস্ত্রবিদগণের জন্য আবশ্যক مِنْ بَحْثِ الْاَلْفَاظِ এমন শাব্দিক আলোচনা الدَّالَّةِ عَلَى الْمَعَانِيْ যা অর্থকে বুঝায় لِاَنَّ الْاِفَادَةَ وَالْاِسْتِفَادَةَ কেননা, অপরের থেকে উপকার অর্জন করা এবং অপরকে উপকার পৌছানো مَوْقُوْفَةٌ عَلَيْهِ অর্থ বুঝার উপর নির্ভর করে وَلِذٰلِكَ يُقَدَّمُ এ জন্যই অগ্রাধিকার দেওয়া হয় بَحْثُ الدَّلَالَةِ . دَلَالَة -এর আলোচনা وَالْاَلْفَاظِ এবং اَلْفَاظ-এর আলোচনা فِيْ كُتُبِ الْمَنْطِقِ মানতিকশাস্ত্রের কিতাবের মধ্যে।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ مَوْضُوْعُ كُلِّ عِلْمٍ الخ-এর আলোচনা : কোনো শাস্ত্রের আলোচ্য বিষয় এমন একটি বিষয়বস্তু হয়ে থাকে যে, ঐ শাস্ত্রে ঐ বিষয় অথবা ঐ বস্তুর মৌলিক দিক সম্পর্কে আলোচনা করা হয়। মৌলিক বিষয় বা عَوَارِض ذَاتِيَه কোনো বস্তুর এমন একটি গুণ যা ঐ বস্তুর ذَاتِيْ বা প্রকৃতিগত নয়; বরং তা সে বস্তুর মৌলিক সত্তার সম্পূর্ণ বাইরের বিষয়। আর একেই আরবিতে عَوَارِضُ الذَّاتِيَه বলা হয়।

اَلْعَوَارِضُ الذَّاتِيَّةُ-এর আলোচনা : বস্তুর পারিপার্শ্বিক বিষয়গুলো সাধারণত ছয় প্রকার–

১. কোনো وَاسِطَه বা মাধ্যম ব্যতীতই কোনো কোনো সময় অপর বস্তুর সাথে মিলিত হয়। অথচ ব্যাপকতার দিক দিয়ে তা সর্বদা বস্তুর সমান। যেমন– বিস্ময় এবং মানুষ। কেননা, বিস্ময়তা কোনো মাধ্যম ব্যতীতই মানুষের ذَاتْ বা প্রকৃতির সাথে মিলিত হয়। আর যে বিস্ময়াভিভূত সে-ই মানুষ। আবার যে মানুষ সে-ই বিস্ময়াভিভূত। অতএব ব্যাপকতার দিক দিয়ে দু'টোই সমান।

২. আবার কোনো সময় ঐ বিষয়গুলো কোনো বস্তুর মধ্যস্থতায় মিলিত হয়, আর সে মাধ্যমটি সে-ই বস্তুর অংশ বিশেষ হয়। যেমন– নিজের ইচ্ছায় নড়াচড়া করা। এটি মানুষের সাথে মিলিত হয়, মানুষ প্রাণী বা حَيَوَانْ হওয়ার কারণে। আর জীব হওয়াটা মানুষের اِحْسَاس বা উপলব্ধির একাংশ। কারণ মানুষ حَيَوَانْ বা প্রাণী হওয়া ও نَاطِقْ হওয়ার সমষ্টি। অতএব, প্রাণী বা حَيَوَانْ হওয়াও মানুষের একাংশ হলো।

৩. কোনো সময় তা কোনো বস্তুর সাথে কোনো কিছুর মাধ্যমে মিলিত হয়, কিন্তু তা কখনো বস্তুর অংশ হয় না। যেমন- ضِحْك বা হাসি।

৪. কখনো তা বস্তুর সাথে কোনো মাধ্যমে মিলিত হলেও সে মাধ্যম কোনো কোনো সময় ব্যাপকতর হয়ে থাকে। যেমন– সাদা রং, এটা দেহের মাধ্যমে মিলিত হয়, কিন্তু দেহ স্বভাবত সাদা হতে ব্যাপকতর। কেননা, অনেক দেহ এমনও রয়েছে যা সাদা নয়।

৫. আবার কখনো তা বস্তুর সাথে কোনো কিছুর মাধ্যমে মিলিত হলেও মাধ্যম বস্তু হতে ব্যাপকতর হয়ে থাকে। যেমন– হাসি বা প্রশান্তি, এটি জীবের সাথে মিলিত হয় মানুষের মাধ্যমে, অথচ মানুষ জীব হতে খাস।

৬. কখনো তা বস্তুর সাথে কোনো কিছুর মাধ্যমে মিলিত হয়, কিন্তু মাধ্যম ও বস্তুর মধ্যে সর্বদা পারস্পরিক বিরোধী সম্পর্ক বিদ্যমান থাকে। যেমন–উষ্ণতা, আগুনের মাধ্যমে পানির সাথে মিলিত হয়, কিন্তু পানি ও আগুন স্বাভাবিকভাবেই একে অপরের বিপরীত।

قَوْلُهُ فِي النَّظَرِ الخ-এর আলোচনা : মানতিকীদের পরিভাষায় نَظَرٌ বলা হয়– "اَلنَّظَرُ عِبَارَةٌ عَنْ تَرْتِيْبِ اُمُوْرٍ مَعْلُوْمَةٍ لِيَتَأَدّٰى ذٰلِكَ التَّرْتِيْبُ اِلٰى حُصُوْلِ الْمَجْهُوْلِ" অর্থাৎ জানা বিষয়সমূহকে সাজানোর মাধ্যমে অজানা বিষয়ের জ্ঞান অর্জন করা।

قَوْلُهُ لَا شُغْلَ لِلْمَنْطِقِيِّ الخ-এর আলোচনা : প্রকাশ থাকে যে, دَلَالَةُ اللَّفْظِ عَلَى الْمَعْنٰى তথা শব্দ অর্থের উপর دَلَالَة করার আলোচনা মানতিকশাস্ত্রবিদগণের বিষয়বস্তুর অন্তর্ভুক্ত নয়। তাদের মূল বিষয়বস্তু হচ্ছে مَعْنٰى -এর আলোচনা। তা সত্ত্বেও মূল উদ্দেশ্য তথা مَعْنٰى -এর উপকার গ্রহণ করা ও প্রদান করা শব্দের دَلَالَتْ ব্যতীত সম্ভব নয়। এজন্য মানতিকশাস্ত্রবিদগণের মূল উদ্দেশ্য مَعْنٰى -এর জন্য শব্দের আলোচনা, مَوْقُوْف عَلَيْه হিসেবে মানতিকশাস্ত্রবিদগণ دَلَالَةُ اللَّفْظِ عَلَى الْمَعْنٰى -এর আলোচনা করতে বাধ্য হয়ে دَلَالَة -এর আলোচনা করে থাকেন এবং এ জন্য মানতিকের কিতাবে মূল উদ্দেশ্যের পূর্বে শব্দের আলোচনা করা হয়।

قَوْلُهُ مَوْقُوْفَةٌ عَلَيْهِ الخ-এর আলোচনা : অন্যকে কোনো فَائِدَه [ফায়দা] পৌছানো এবং অন্য হতে কোনো فَائِدَه [ফায়দা] অর্জন করা এটি ভাব ও উপলব্ধির ব্যাপার। আর ভাব ও উপলব্ধি ব্যক্ত করার জন্য শব্দ আবশ্যক। তাই মানতিকীদের মূল লক্ষ্য مَعْنٰى -এর প্রকাশের জন্য مَوْقُوْف عَلَيْه হলো শব্দের আলোচনা। আর مَوْقُوْف عَلَيْه অগ্রাধিকারযোগ্য হিসেবে دَلَالَةُ اللَّفْظِ عَلَى الْمَعْنٰى-কে মানতিকের কিতাবের প্রথমাংশে নেওয়া হয়েছে।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

١- عَرِّفْ عِلْمَ الْمَنْطِقِ مَعَ بَيَانِ مَوْضُوْعِهِ وَغَرَضِهِ ثُمَّ اذْكُرْ وَجْهَ تَسْمِيَتِهِ بِالْمَنْطِقِ .

٢- عَرِّفِ الْمَنْطِقَ ثُمَّ بَيِّنْ لِمَ مَسَّتِ الْحَاجَةُ اِلَيْهِ وَلِمَ سُمِّيَ بِهِ؟ وَمَا مَوْضُوْعُهُ وَغَرَضُهُ؟ بَيِّنْ مُفَصَّلًا .

٣- مَا مَعْنَى الْعِلْمِ لُغَةً وَاصْطِلَاحًا؟ بَيِّنْ اَقْسَامَهُ بِالتَّمْثِيْلِ وَالتَّفْصِيْلِ .

٤- عَرِّفِ التَّصَوُّرَ وَالتَّصْدِيْقَ . ثُمَّ بَيِّنْ اَقْسَامَهُمَا مَعَ بَيَانِ الْاِخْتِلَافِ بَيْنَ الْحُكَمَاءِ وَالْاِمَامِ الرَّازِيْ فِيْ تَعْرِيْفِ التَّصْدِيْقِ .

٥- اِلَامَ اَشَارَ الْمُصَنِّفُ بِقَوْلِهِ "مَوْضُوْعُ كُلِّ عِلْمٍ مَا يُبْحَثُ فِيْهِ عَنْ عَوَارِضِهِ الذَّاتِيَةِ لَهُ؟" فَصِّلِ الْمَقَامَ حَقَّ التَّفْصِيْلِ .

www.eelm.weebly.com

فَصْلٌ فِى الدَّلَالَةِ : اَلدَّلَالَةُ لُغَةً هُوَ الْإِرْشَادُ اَىْ رَاه نَمُوْدَنْ وَفِى الْاِصْطِلَاحِ كَوْنُ الشَّئِ بِحَيْثُ يَلْزَمُ مِنَ الْعِلْمِ بِهِ الْعِلْمُ بِشَئٍ اٰخَرَ وَالدَّلَالَةُ قِسْمَانِ لَفْظِيَّةٌ وَغَيْرُ لَفْظِيَّةٍ وَاللَّفْظِيَّةُ مَا يَكُوْنُ الدَّالُّ فِيْهِ اللَّفْظُ وَغَيْرُ اللَّفْظِيَّةِ مَا لَايَكُوْنُ الدَّالُّ فِيْهِ اللَّفْظُ وَكُلٌّ مِنْهُمَا عَلٰى ثَلٰثَةِ اَنْحَاءٍ اَحَدُهَا اللَّفْظِيَّةُ الْوَضْعِيَّةُ كَدَلَالَةِ لَفْظِ زَيْدٍ عَلٰى مُسَمَّاهُ

অর্থাৎ مُفْرَدٌ শব্দ একটি মাত্র অর্থ দেবে এবং তার অধীনে অনেক مُفْرَدٌ থাকবে; কিন্তু প্রত্যেক فَرْد-এর উপর সমানভাবে প্রযোজ্য না; বরং মর্যাদা অনুযায়ী হবে। যেমন– وُجُوْدٌ শব্দটি اِسْم مُفْرَدٌ ; এর দু'টি فَرْد যথা– ক. وَاجِبُ الْوُجُوْدِ খ. مُمْكِنُ الْوُجُوْدِ উভয় প্রকার وُجُوْد-এর উপর প্রযোজ্য হয় বলেই এটাকে مُشَكِّكْ বলে।

قَوْلُهُ ثَانِيْهِمَا الخ-এর আলোচনা : প্রকাশ থাকে যে, مُفْرَدٌ-এর অর্থ তার অনেক اَفْرَادْ -এর উপর প্রযোজ্য হওয়ার দ্বিতীয় প্রক্রিয়ার কথা এখানে উল্লেখ করা হয়েছে। আর তা হলো– مُفْرَدٌ -এর সেই ব্যাপক অর্থটি যার اَفْرَادْ -এর উপর সমানভাবে প্রযোজ্য না হওয়া। এরূপ مُفْرَدٌ -কে مُشَكِّكْ বলা হয়।

قَوْلُهُ بِالْاَوَّلِيَّةِ الخ-এর আলোচনা : مُفْرَدٌ -এর অর্থ তার اَفْرَادْ সমূহের উপর প্রযোজ্য না হওয়ার ব্যাপারে চারটি অবস্থা বর্ণনা করেছেন। ১. اَوَّلِيَّةٌ প্রাথমিকভাবে। এর বিপরীত হলো ثَانَوِيَّةٌ তথা দ্বিতীয়ভাবে। ২. اَوْلَوِيَّةٌ অর্থ– উত্তমভাবে, এর বিপরীত হলো اَدْنَائِيَّةٌ অনুত্তমভাবে। ৩. اَشَدِّيَّةٌ কঠোরভাবে, এর বিপরীত اَضْعَفِيَّةٌ দুর্বলভাবে। ৪. اَزْيَدِيَّةٌ আধিক্যতার সাথে, এর বিপরীত اَنْقَصِيَّتْ অনাধিক্যতার সাথে।

১. اَوَّلِيَّةٌ -এর অর্থ হলো– كُلِّيْ কোনো কোনো অর্থের উপর প্রযোজ্য হওয়া অপর অর্থের উপর প্রযোজ্য হওয়ার জন্য عِلَّةٌ হবে। তথা যতক্ষণ সে কোনো اَفْرَادْ -এর উপর প্রযোজ্য না হবে, ততক্ষণ পর্যন্ত অপর اَفْرَادْ -এর উপর প্রযোজ্য হওয়া مُحَالْ বা অসম্ভব হবে।

২. اَوْلَوِيَّةٌ -এর অর্থ হলো كُلِّيْ -এর প্রযোজ্য হওয়া কোনো কোনো اَفْرَادْ -এর উপর সত্তাগতভাবে হবে তথা كُلِّيْ তার اَفْرَادْ-এর উপর প্রযোজ্য হওয়ার ব্যাপারে অন্য কোনো প্রাসঙ্গিক মধ্যস্থতার আবশ্যক হবে না। আর অপর اَفْرَادْ -এর উপর كُلِّيْ -এর প্রযোজ্য হওয়া প্রাসঙ্গিক হবে তথা তার উপর كُلِّيْ প্রযোজ্য হওয়ার ব্যাপারে প্রাসঙ্গিকতার মধ্যস্থতা আবশ্যক হবে। যেমন– وُجُوْد একটি كُلِّيْ তার اَفْرَادْ হলো وَاجِبُ الْوُجُوْدِ এবং مُمْكِنُ الْوُجُوْدِ উভয়টি কিন্তু وُجُوْد এটি وَاجِبُ الْوُجُوْدِ তথা আল্লাহ তা'আলার অস্তিত্বের উপর প্রাথমিকভাবে প্রযোজ্য হয়। আর مُمْكِنُ الْوُجُوْدِ তথা সৃষ্টির উপর, তা দ্বিতীয়ভাবে প্রযোজ্য হয়। কেননা, وُجُوْد وَاجِبْ এটি وُجُوْد مُمْكِنْ -এর জন্য عِلَّةٌ বিশেষ। আর عِلَّةٌ পাওয়া যাওয়ার পূর্বে مَعْلُوْلْ পাওয়া যাওয়া অসম্ভব। তা ছাড়া وُجُوْدٌটি وَاجِبُ الْوُجُوْدِ তথা স্রষ্টার উপর কোনো প্রসঙ্গ ছাড়াই প্রযোজ্য হয়। আর مُمْكِنُ الْوُجُوْدِ তথা স্রষ্টার উপর وُجُوْدْ মধ্যস্থতার সাথে প্রযোজ্য হয়। কেননা, প্রত্যেক সৃষ্ট তার অস্তিত্বের ব্যাপারে তার স্রষ্টার প্রতি মুখাপেক্ষী।

৩. اَشَدِّيَّةٌ তথা كُلِّيْ তার কোনো কোনো فَرْد -এর উপর شِدَّتْ বা কঠোরভাবে হয়। আর কোনো কোনো فَرْد -এর উপর ضُعْف বা দুর্বলভাবে হয়ে থাকে।

৪. اَزْيَدِيَّةٌ -এর অর্থ হলো এই যে, كُلِّيْ -এর প্রকাশ তার কোনো কোনো فَرْد -এর মধ্যে অধিক ; আর কোন فَرْد -এর মধ্যে কম হবে। যেমন– بَيَاضْ একটি كُلِّيْ এর প্রকাশ বরফের মধ্যে অধিকভাবে হবে, আর হাতির দাঁতের মধ্যে দুর্বলভাবে হবে। কেননা, হাতির দাঁতের তুলনায় বরফের শুভ্রতা দ্বিগুণ, তিন গুণেরও অধিক।

বি. দ্র. اَشَدِّيَّةٌ এবং اَضْعَفِيَّةٌ -এর সম্পর্ক كَيْفِيَّاتْ বা অবস্থা-এর সাথে হবে। আর اَزْيَدِيَّةٌ ও اَنْقَصِيَّةٌ -এর সম্পর্ক كَمِيَّاتْ পরিমাণের সাথে হবে।

قَوْلُهُ وَيُسَمّٰى هٰذَا الْقِسْمُ-এর আলোচনা : এখানে লেখক مُشَكِّكْ -এর নামকরণে এ কথার উল্লেখ করেছেন যে, اَفْرَادْ -এর প্রতি দৃষ্টিকারী যখন দৃষ্টি করে, তখন مُشَكِّكْ -কে مُتَّحِدُ الْمَعْنٰى দেখে তাকে مُتَوَاطِئْ মনে করবে, না এটি এর شَكْ -এর উপর প্রযোজ্য হওয়ার মতভেদ দেখে একে مُشْتَرِكْ মনে করবে ; এই সন্দেহে পড়ে। আর দৃষ্টিকারীকে এ সন্দেহে নিপতিতকারী مُشَكِّكْ বলেই مُشَكِّكْ -কে مُشَكِّكْ বলে নামকরণ করা হয়েছে।

বি. দ্র. **مُفْرَدٌ তিন প্রকারে সীমাবদ্ধ হওয়ার কারণ :** مُفْرَدٌ দ্বারা হয়তো কোন বিষয়ের خَبَرْ (সংবাদ) দেওয়া যাবে বা যাবে না। যদি সংবাদ দেয়া না যায়, তবে তা اَدَاةٌ বা حَرْف আর যদি তা দ্বারা সংবাদ দেয়া যায়, তবে তার দু'অবস্থা, হয়তো তা তিনকালের কোন এককালের সাথে সম্পৃক্ত হবে বা হবে না। যদি কোন কালের সাথে সম্পৃক্ত হয় তবে তা فِعْل বা كَلِمَةٌ আর যদি কালের সাথে সম্পৃক্ত না হয় তাহলে তা اِسْم হবে।

www.eelm.weebly.com

فَصْلٌ : اَلْمُتَكَثِّرُ الْمَعْنٰى لَهٗ اَقْسَامٌ عَدِيْدَةٌ وَجْهُ الْحَصْرِ اَنَّ اللَّفْظَ الَّذِىْ كَثُرَ مَعْنَاهُ اِنْ وُضِعَ ذٰلِكَ اللَّفْظُ لِكُلِّ مَعْنًى اِبْتِدَاءً بِاَوْضَاعٍ مُتَعَدِّدَةٍ عَلٰى حِدَةٍ يُسَمّٰى مُشْتَرِكًا كَالْعَيْنِ وُضِعَ تَارَةً لِلذَّهَبِ وَتَارَةً لِلْبَاصِرَةِ وَتَارَةً لِلرُّكْبَةِ وَاِنْ لَمْ يُوْضَعْ لِكُلٍّ اِبْتِدَاءً بَلْ وُضِعَ اَوَّلًا لِمَعْنًى ثُمَّ اسْتُعْمِلَ فِىْ مَعْنًى ثَانٍ لِاَجْلِ مُنَاسَبَةٍ بَيْنَهُمَا اِنِ اشْتَهَرَ فِى الثَّانِىْ وَتُرِكَ مَوْضُوْعُهُ الْاَوَّلُ يُسَمّٰى مَنْقُوْلًا ـ

সরল অনুবাদ : পরিচ্ছেদ : একাধিক অর্থ বিশিষ্ট শব্দকে কয়েক ভাগে ভাগ করা যায়। সীমিতকরণের কারণ– যে শব্দের অনেক অর্থ রয়েছে, সে শব্দটি যদি প্রথম হতেই প্রত্যেক অর্থের জন্য ভিন্ন ভিন্নভাবে গঠন করা হয়, তবে তাকে مُشْتَرَكٌ বলা হবে। যথা– اَلْعَيْنُ শব্দটিকে কখনো স্বর্ণের অর্থ বুঝানোর জন্য, আবার কখনো চক্ষুর অর্থ বুঝানোর জন্য, আবার কখনো হাঁটুর অর্থ প্রদানের জন্য গঠন করা হয়েছে। আর যদি প্রত্যেক অর্থের জন্য প্রথম হতেই গঠন না করা হয়; বরং প্রথমে এক অর্থের জন্য গঠন করা হয়েছিল পরবর্তীতে অন্য অর্থে ব্যবহৃত হয়েছে পারস্পরিক সম্পর্কের কারণে। এ অবস্থায় শব্দটি যদি দ্বিতীয় অর্থের ক্ষেত্রে অধিক প্রসিদ্ধি লাভ করে এবং প্রথম অর্থকে ছেড়ে দেওয়া হয়, তবে তাকে مَنْقُوْلٌ বলা হবে।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ اَلْمُتَكَثِّرُ الْمَعْنٰى একাধিক অর্থবিশিষ্ট শব্দকে لَهٗ اَقْسَامٌ عَدِيْدَةٌ কয়েকভাগে ভাগ করা যায় وَجْهُ الْحَصْرِ সীমিতকরণের কারণ اَنَّ اللَّفْظَ الَّذِىْ যে শব্দের كَثُرَ مَعْنَاهُ অনেক অর্থ রয়েছে اِنْ وُضِعَ যদি গঠন করা হয় ذٰلِكَ اللَّفْظُ সে শব্দটি لِكُلِّ مَعْنًى প্রত্যেক অর্থের জন্য اِبْتِدَاءً প্রথম হতেই بِاَوْضَاعٍ مُتَعَدِّدَةٍ বিভিন্নরূপে عَلٰى حِدَةٍ ভিন্ন ভিন্নভাবে يُسَمّٰى তবে তাকে বলা হয় مُشْتَرِكًا মুশতারিক كَالْعَيْنِ যথা– [চক্ষু] শব্দটি وُضِعَ গঠন করা হয়েছে تَارَةً কখনো لِلذَّهَبِ স্বর্ণের অর্থ বুঝানোর জন্য وَتَارَةً আবার কখনো لِلْبَاصِرَةِ চক্ষুর অর্থ বুঝানোর জন্য وَتَارَةً আবার কখনো لِلرُّكْبَةِ হাঁটুর অর্থ প্রদানের জন্য وَاِنْ لَمْ يُوْضَعْ আর যদি গঠন না করা হয় لِكُلٍّ প্রত্যেক অর্থের জন্য اِبْتِدَاءً প্রথম হতেই بَلْ وُضِعَ বরং গঠন করা হয়েছিল اَوَّلًا প্রথমে لِمَعْنًى এক অর্থের জন্য ثُمَّ اسْتُعْمِلَ পরবর্তীতে ব্যবহৃত হয়েছে فِىْ مَعْنًى ثَانٍ অন্য অর্থে لِاَجْلِ مُنَاسَبَةٍ পারস্পরিক সম্পর্কের কারণে بَيْنَهُمَا উভয়ের মাঝে اِنِ اشْتَهَرَ যদি প্রসিদ্ধি লাভ করে فِى الثَّانِىْ দ্বিতীয় অর্থের ক্ষেত্রে وَتُرِكَ ছেড়ে দেওয়া হয় مَوْضُوْعُهُ الْاَوَّلُ প্রথম অর্থকে يُسَمّٰى তবে তাকে বলা হয় مَنْقُوْلًا [মানকূল]।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهٗ اَلْمُتَكَثِّرُ الْمَعْنٰى الخ -এর আলোচনা : এক অর্থবিশিষ্ট مُفْرَدٌ-এর প্রকার বর্ণনা করার পর গ্রন্থকার একাধিক অর্থবিশিষ্ট مُفْرَدٌ-এর প্রকার বর্ণনা করতে গিয়ে বলেন, একাধিক অর্থবিশিষ্ট مُفْرَدٌ চার প্রকার। যথা– ১. مُشْتَرَكٌ, ২. مَنْقُوْلٌ, ৩. مَجَازٌ ৪. حَقِيْقَةٌ এগুলোর পরিচয় বর্ণিত হলো–

১. مُشْتَرَكٌ-এর আভিধানিক অর্থ : مُشْتَرَكٌ শব্দটি বাবে اِفْتِعَالٌ-এর اَلْاِشْتِرَاكُ মাসদার থেকে اِسْمُ مَفْعُوْلٍ-এর وَاحِدٌ مُذَكَّرٌ-এর সীগাহ। মূলবর্ণ (ش ـ ر ـ ك) জিনসে সহীহ। এর ইংরেজি প্রতিশব্দ Compound আভিধানিক অর্থ– ১. অংশীদারিত্বপূর্ণ, দ্বৈত অর্থবোধক, ২. مَا لَهٗ اَكْثَرُ مِنْ مَعْنًى তথা যার একাধিক অর্থ রয়েছে, ৩. লিসানুল আরব গ্রন্থকার বলেন– تَشْتَرِكُ فِيْهِ مَعَانٍ كَثِيْرَةٌ তথা যাতে অনেক অর্থ রয়েছে।

www.eelm.weebly.com

পারিভাষিক সংজ্ঞা : মিরকাত গ্রন্থকার বলেন–

هُوَ الْمُفْرَدُ اَنَّ اللَّفْظَ الَّذِيْ كَثُرَ مَعْنَاهُ اِنْ وُضِعَ ذٰلِكَ اللَّفْظُ لِكُلِّ مَعْنًى اِبْتِدَاءً بِاَوْضَاعٍ مُتَعَدِّدَةٍ عَلٰى حِدَةٍ ـ

অর্থাৎ মুশতারিক ঐ মুফরাদকে বলা হয়, যে শব্দের একাধিক অর্থ রয়েছে এবং সে শব্দটি প্রথম হতেই প্রত্যেক অর্থের জন্য বিভিন্নরূপে পৃথক পৃথকভাবে গঠন করা হয়েছে।

মীযানুল মানতিক গ্রন্থকার বলেন– اَلْمُفْرَدُ اِنْ كَانَ كَثِيْرًا فَاِنْ وَضَعَهُ لِتِلْكَ الْمَعَانِيْ عَلَى السَّوِيَّةِ فَهُوَ مُشْتَرِكٌ ـ

উদাহরণ : اَلْعَيْنُ শব্দটি مُشْتَرِكٌ কেননা, তা চক্ষু, ঝর্ণা, স্বর্ণ, গুপ্তচর এরকম প্রায় ৬০টি অর্থ প্রকাশ করে। আর এ সকল অর্থ প্রকাশের জন্য সূচনা থেকে عَيْنٌ শব্দটিকে ভিন্ন ভিন্নভাবে গঠন করা হয়েছে।

مَنْقُوْلٌ-এর আভিধানিক অর্থ : مَنْقُوْلٌ শব্দটি বাবে نَصَرَ থেকে اِسْمُ مَفْعُوْلٍ-এর وَاحِدْ مُذَكَّرْ-এর সীগাহ। এটা نَقْلٌ মাদ্দাহ থেকে নেওয়া হয়েছে। জিনসে সহীহ। এর ইংরেজি প্রতিশব্দ Changed. আভিধানিক অর্থ– ১. اَلْمَقْلُوْبُ তথা পরিবর্তন, ২. اَلْمُنْتَقِلُ তথা স্থানান্তরিত, ৩. حَوْلُ الشَّيْئِ مِنْ مَوْضِعٍ اِلٰى مَوْضِعٍ অর্থাৎ, বস্তুকে এক স্থান থেকে অন্য স্থানে নিয়ে যাওয়া।

পারিভাষিক সংজ্ঞা :

ক. مَنْقُوْلٌ-এর সংজ্ঞায় মিরকাত গ্রন্থকার বলেন–

اِنْ لَمْ يُوْضَعْ لِكُلٍّ اِبْتِدَاءً بَلْ وُضِعَ اَوَّلًا لِمَعْنًى ثُمَّ اسْتُعْمِلَ فِيْ مَعْنًى ثَانٍ لِاَجْلِ مُنَاسَبَةٍ بَيْنَهُمَا اِنِ اشْتَهَرَ فِي الثَّانِيْ وَتُرِكَ مَوْضُوْعُهُ الْاَوَّلُ يُسَمّٰى مَنْقُوْلًا ـ

অর্থাৎ مُفْرَدٌ টি যদি مُشْتَرَكٌ-এর মতো না হয়; বরং এটাকে যদি দু'টি অর্থের কোনো একটির জন্য গঠন করা হয়, অতঃপর দ্বিতীয় অর্থে স্থানান্তরিত করা হয় এবং এ দ্বিতীয় অর্থটিই প্রসিদ্ধি লাভ করায় প্রথম অর্থকে বাদ দেওয়া হয়, তাহলে তাকে مَنْقُوْلٌ বলে।

খ. কুতবী গ্রন্থ প্রণেতা বলেন–

اَنْ تَخَلَّلَ بَيْنَ تِلْكَ الْمَعَانِيْ نُقِلَ فَاِمَّا اَنْ يَتْرُكَ اِسْتِعْمَالَهُ فِي الْمَعَانِي الْاَوَّلِ اَوْ لَا فَاِنْ تُرِكَ يُسَمّٰى لَفْظًا مَنْقُوْلًا ـ

গ. মীযানুল মানতিক গ্রন্থকার বলেন–

اِنْ لَمْ يَكُنْ كَذٰلِكَ بَلْ وُضِعَ لِاَحَدِهِمَا فَنُقِلَ اِلَى الثَّانِيْ فَحِيْنَئِذٍ اِنْ تُرِكَ مَوْضُوْعُهُ الْاَوَّلُ يُسَمّٰى مَنْقُوْلًا ـ

অর্থাৎ একাধিক অর্থবিশিষ্ট যে مُفْرَدٌ-কে প্রথম থেকেই ভিন্ন ভিন্ন অর্থের জন্য গঠন করা হয়নি; বরং প্রথমত এক অর্থের জন্য গঠিত হয়েছিল পরে তা অন্য অর্থের জন্য ব্যবহৃত হয়েছে এবং প্রথম অর্থটি পরিত্যক্ত হয়েছে, তবে তাকে مَنْقُوْلٌ বলে।

উদাহরণ : صَلٰوةٌ শব্দটিকে প্রথমে دُعَاءٌ অর্থের জন্য গঠন করা হয়েছিল, কিন্তু পরে ইসলামি শরিয়তে এটাকে اَرْكَانٌ مَخْصُوْصَةٌ-এর জন্য ব্যবহার করা হয়েছে, তাই এটা مَنْقُوْلٌ-এর সর্বোৎকৃষ্ট দৃষ্টান্ত।

حَقِيْقَةٌ-এর আভিধানিক অর্থ : حَقِيْقَةٌ শব্দটি فَعِيْلَةٌ-এর ওযনে সিফাতের সীগাহ। এটি একবচন, বহুবচনে حَقَائِقُ; এর আভিধানিক অর্থ– ১. প্রকৃত ও মূল, ২. خَالِصَةٌ বা বিশুদ্ধ, ৩. اَلشَّيْئُ الثَّابِتُ يَقِيْنًا তথা অকাট্যভাবে সাব্যস্ত বস্তু।

পারিভাষিক সংজ্ঞা : মীযানুল মানতিক গ্রন্থকার বলেন– اِنْ لَمْ يَتْرُكْ يُسَمّٰى بِالنِّسْبَةِ اِلَى الْاَوَّلِ حَقِيْقَةً

অর্থাৎ যার একাধিক অর্থ রয়েছে এবং প্রথমে এক অর্থের জন্য এবং পরে অন্য অর্থের জন্য গঠন করা হয়েছে, তবে দ্বিতীয় অর্থটি প্রসিদ্ধি লাভ করেনি এবং প্রথম অর্থটিও বর্জিত হয়নি, তখন প্রথম অর্থে শব্দ ব্যবহার করাকে حَقِيْقَةٌ বলা হয়।

উদাহরণ : যেমন– اَسَدٌ শব্দটির দু'টি অর্থ রয়েছে। ১. হিংস্র জন্তু সিংহ, ২. বাহাদুর মানুষ। শব্দটি যদি তার প্রকৃত অর্থ তথা সিংহ অর্থে ব্যবহার হ,য় তখন তা হচ্ছে حَقِيْقَةٌ।

مَجَازٌ-এর আভিধানিক অর্থ : مَجَازٌ শব্দটি বাবে نَصَرَ-এর মাসদার। جَوْزٌ শব্দমূল থেকে নির্গত। আভিধানিক অর্থ– অতিক্রম করা, স্থানান্তর করা ইত্যাদি।

পারিভাষিক সংজ্ঞা : মীযানুল মানতিক গ্রন্থকার বলেন– اِنْ لَّمْ يَتْرُكْ يُسَمّٰى بِالنِّسْبَةِ اِلَى الثَّانِيْ مَجَازًا অর্থাৎ মাজায হলো এমন একাধিক অর্থবিশিষ্ট مُفْرَدٌ যাকে প্রথমে এক অর্থের জন্য এবং পরে অন্য অর্থের জন্য গঠন করা হয়েছে। তবে দ্বিতীয় অর্থটি প্রসিদ্ধি লাভ করেনি এবং প্রথম অর্থটিও বর্জিত হয়নি। এমতাবস্থায় শব্দটি দ্বিতীয় অর্থে ব্যবহার করাকে مَجَازٌ বলা হয়।

উদাহরণ : যেমন– কারো বীরত্বের কারণে যদি তাকে اَسَدٌ বা সিংহ বলা হয়, তখন এটা হবে مَجَازٌ বা রূপক।

www.eelm.weebly.com

وَالْمَنْقُوْلُ بِالنَّظْرِ اِلَى النَّاقِلِ يَنْقَسِمُ اِلٰى ثَلٰثَةِ اَقْسَامٍ اَحَدُهَا اَلْمَنْقُوْلُ الْعُرْفِىْ بِاعْتِبَارِ كَوْنِ النَّاقِلِ عُرْفًا عَامًّا وَثَانِيْهَا الْمَنْقُوْلُ الشَّرْعِىْ بِاعْتِبَارِ كَوْنِهٖ اَرْبَابُ الشَّرْعِ وَثَالِثُهَا الْمَنْقُوْلُ الْاِصْطِلَاحِىْ بِاعْتِبَارِ كَوْنِهٖ عُرْفًا خَاصًّا وَطَائِفَةً مَخْصُوْصَةً مِثَالُ الْاَوَّلِ كَلَفْظِ الدَّابَّةِ كَانَ فِى الْاَصْلِ مَوْضُوْعًا لِمَا يَدُبُّ عَلَى الْاَرْضِ ثُمَّ نَقَلَهُ الْعَامَّةُ لِلْفَرَسِ اَوْ لِذَاتِ الْقَوَائِمِ الْاَرْبَعِ مِثَالُ الثَّانِىْ كَلَفْظِ الصَّلٰوةِ كَانَ فِى الْاَصْلِ بِمَعْنَى الدُّعَاءِ ثُمَّ نَقَلَهُ الشَّارِعُ اِلٰى اَرْكَانٍ مَخْصُوْصَةٍ مِثَالُ الثَّالِثِ كَلَفْظِ الْاِسْمِ كَانَ فِى اللُّغَةِ بِمَعْنَى الْعُلُوِّ ثُمَّ نَقَلَهُ النُّحَاةُ اِلٰى كَلِمَةٍ مُسْتَقِلَّةٍ فِى الدَّلَالَةِ غَيْرُ مُقْتَرِنَةٍ بِزَمَانٍ مِنَ الْاَزْمِنَةِ الثَّلٰثَةِ وَاِنْ لَمْ يَشْتَهِرْ فِى الثَّانِىْ وَلَمْ يُتْرَكِ الْاَوَّلُ بَلْ يُسْتَعْمَلُ فِى الْمَوْضُوْعِ الْاَوَّلِ مَرَّةً وَفِى الثَّانِىْ اُخْرٰى يُسَمّٰى بِالنِّسْبَةِ اِلَى الْاَوَّلِ حَقِيْقَةً وَبِالنِّسْبَةِ اِلَى الثَّانِىْ مَجَازًا كَالْاَسَدِ بِالنِّسْبَةِ اِلَى الْحَيَوَانِ الْمُفْتَرِسِ وَالرَّجُلِ الشُّجَاعِ فَهُوَ بِالنِّسْبَةِ اِلَى الْاَوَّلِ حَقِيْقَةٌ وَ بِالنِّسْبَةِ اِلَى الثَّانِىْ مَجَازٌ۔

সরল অনুবাদ : আর مَنْقُوْل তথা দ্বিতীয় অর্থে প্রসিদ্ধ مُفْرَدْ টি نَاقِلْ -এর হিসেবে তিন প্রকার : ১. مَنْقُوْل عُرْفِىْ এ হিসেবে যে, এর نَاقِلْ সাধারণ প্রচলন অর্থাৎ عُرْف عَامْ হবে। ২. مَنْقُوْل شَرْعِىْ এ হিসেবে যে, نَاقِلْ তথা শরিয়ত প্রণেতা এর اَرْبَابُ شَرْع হবে। ৩. مَنْقُوْل اِصْطِلَاحِىْ এ হিসেবে যে, عُرْف خَاصْ তথা বিশেষ প্রচলন বা طَائِفَةْ مَخْصُوْصَةْ বিশেষ সম্প্রদায় এর نَاقِلْ হবে। প্রথমটির উদাহরণ যেমন- دَابَّةْ শব্দ। এটি মূলত ভূমিতে বিচরণকারীর জন্য গঠিত হয়েছিল। অতঃপর সর্ব সাধারণের প্রচলন শব্দটিকে فَرَسْ ঘোড়া অথবা চতুষ্পদ জন্তুর অর্থের দিকে নিয়ে গেছে। আর مَنْقُوْل -এর দ্বিতীয় প্রকারের উদাহরণ হলো صَلٰوةْ শব্দ, যা دُعَا অর্থে গঠিত হয়েছিল। অতঃপর শরিয়ত প্রবর্তক একে اَرْكَانْ مَخْصُوْصَةْ -এর অর্থ প্রকাশের জন্য নিয়েছেন। তৃতীয় প্রকারের উদাহরণ হলো- اِسْم শব্দ। অভিধানে এটি عُلُوْ বা উঁচু অর্থের জন্য গঠিত হয়েছিল। অতঃপর নাহুশাস্ত্রবিদগণ একে এমন শব্দের অর্থের জন্য স্থানান্তর করেছেন, যা তিন কালের কোনো একটি কালের সাথে সংশ্লিষ্ট হওয়া ব্যতীত অর্থ প্রকাশে স্বয়ংসম্পূর্ণ।

আর এক অর্থের জন্য গঠিত হওয়া مُفْرَدْ অন্য অর্থে ব্যবহৃত হওয়ার পর যদি দ্বিতীয় অর্থে প্রসিদ্ধ না হয় এবং প্রথম অর্থটি ছেড়ে দেওয়া হয়নি এবং শব্দটি একবার প্রথম অর্থে ব্যবহৃত হয় এবং একবার দ্বিতীয় অর্থে ব্যবহৃত হয় ; তখন প্রথম অর্থের দৃষ্টিতে শব্দটিকে حَقِيْقَةْ বলা হয়, আর দ্বিতীয় অর্থের দৃষ্টিতে শব্দটিকে مَجَازْ বলা হয়। যেমন- اَسَدْ এটি حَيَوَانْ مُفْتَرِسْ তথা হিংস্র প্রাণী অর্থে এবং বীর পুরুষ অর্থে ব্যবহৃত হয়। সুতরাং প্রথম অর্থের দৃষ্টিতে একে حَقِيْقَةْ বলা হয় এবং দ্বিতীয় অর্থের দৃষ্টিতে একে مَجَازْ বলা হয়।

শাব্দিক অনুবাদ : وَالْمَنْقُوْلُ আর مَنْقُوْل তথা দ্বিতীয় অর্থে প্রসিদ্ধ مُفْرَدْ টি بِالنَّظْرِ اِلَى النَّاقِلِ - نَاقِلْ -এর হিসেবে يَنْقَسِمُ বিভক্ত হয় اِلٰى ثَلٰثَةِ اَقْسَامٍ তিন ভাগে اَحَدُهَا الْمَنْقُوْلُ الْعُرْفِىْ ১. মানকূলে উরফী بِاعْتِبَارِ كَوْنِ النَّاقِلِ এ হিসেবে যে, এর نَاقِلْ হবে عُرْفًا عَامًّا সাধারণ প্রচলন وَثَانِيْهَا الْمَنْقُوْلُ الشَّرْعِىْ ২. মানকূলে শরয়ী بِاعْتِبَارِ كَوْنِهٖ এ হিসেবে যে, এর نَاقِلْ হবে اَرْبَابُ الشَّرْعِ তথা শরিয়ত প্রণেতা وَثَالِثُهَا الْمَنْقُوْلُ الْاِصْطِلَاحِىْ ৩. মানকূলে ইসতিলাহী بِاعْتِبَارِ كَوْنِهٖ এ হিসেবে যে, এর نَاقِلْ হবে عُرْفًا خَاصًّا বিশেষ প্রচলন وَطَائِفَةً مَخْصُوْصَةً বা বিশেষ সম্প্রদায় مِثَالُ الْاَوَّلِ প্রথমটির উদাহরণ كَلَفْظِ الدَّابَّةِ যেমন- دَابَّةْ শব্দ كَانَ فِى الْاَصْلِ এটি মূলত مَوْضُوْعًا গঠিত হয়েছিল لِمَا يَدُبُّ বিচরণকারীর জন্য فِى الْاَرْضِ ভূমিতে ثُمَّ نَقَلَهُ অতঃপর শব্দটিকে নিয়ে গেছে الْعَامَّةُ সর্ব সাধারণের প্রচলন لِلْفَرَسِ ঘোড়া اَوْ لِذَاتِ الْقَوَائِمِ الْاَرْبَعِ অথবা চতুষ্পদ জন্তুর অর্থের দিকে وَمِثَالُ الثَّانِىْ আর مَنْقُوْل-এর দ্বিতীয় প্রকারের উদাহরণ হলো كَلَفْظِ الصَّلٰوةِ যথা- صَلٰوةْ শব্দ كَانَ فِى الْاَصْلِ যা মূলত بِمَعْنَى الدُّعَاءِ দোয়া অর্থে

www.eelm.weebly.com

গঠিত হয়েছিল ثُمَّ نَقَلَهُ অতঃপর একে নিয়েছে الشَّارِعُ শরিয়ত প্রবর্তক إِلَى أَرْكَانٍ مَخْصُوصَةٍ বিশেষ আরকান-এর অর্থ প্রকাশের জন্য مِثَالُ الثَّالِثِ তৃতীয় প্রকারের উদাহরণ হলো كَلَفْظِ الْاِسْمِ যেমন- اِسْمٌ শব্দ كَانَ فِي اللُّغَةِ অভিধানে এটি গঠিত হয়েছিল بِمَعْنَى الْعُلُوِّ উঁচু অর্থের জন্য ثُمَّ نَقَلَهُ অতঃপর একে স্থানান্তর করেছেন النُّحَاةُ নাহুশাস্ত্রবিদগণ إِلَى كَلِمَةٍ এমন শব্দের অর্থের জন্য مُسْتَقِلَّةٍ فِي الدَّلَالَةِ অর্থ প্রকাশে স্বয়ংসম্পূর্ণ غَيْرُ مُقْتَرِنَةٍ যা সংশ্লিষ্ট হওয়া ব্যতীত بِزَمَانٍ কোনো একটি কালের সাথে مِنَ الْأَزْمِنَةِ الثَّلٰثَةِ তিন কালের وَإِنْ لَمْ يَشْتَهِرْ আর যদি প্রসিদ্ধ না হয় فِي الثَّانِي দ্বিতীয় অর্থে وَلَمْ يُتْرَكِ الْأَوَّلُ এবং প্রথম অর্থটি ছেড়ে দেওয়া হয়নি بَلْ يَسْتَعْمِلُ বরং শব্দটি ব্যবহৃত হয় فِي الْمَوْضُوعِ الْأَوَّلِ مَرَّةً একবার প্রথম অর্থে وَفِي الثَّانِي এবং দ্বিতীয় অর্থে ব্যবহৃত হয় أُخْرٰى আরেকবার يُسَمّٰى তখন শব্দটিকে বলা হয় بِالنِّسْبَةِ দৃষ্টিতে إِلَى الْأَوَّلِ প্রথম অর্থের حَقِيقَةً হাকীকত وَبِالنِّسْبَةِ আর দৃষ্টিতে إِلَى الثَّانِي দ্বিতীয় অর্থের مَجَازًا মাজায كَالْأَسَدِ যেমন- أَسَدٌ শব্দটি بِالنِّسْبَةِ দৃষ্টিতে إِلَى الْحَيَوَانِ الْمُفْتَرِسِ হিংস্র প্রাণী অর্থে وَالرَّجُلِ الشُّجَاعِ এবং বীর পুরুষ অর্থে فَهُوَ সুতরাং একে بِالنِّسْبَةِ দৃষ্টিতে إِلَى الْأَوَّلِ প্রথম অর্থের حَقِيقَةٌ হাকীকত বলা হয় وَبِالنِّسْبَةِ এবং দৃষ্টিতে إِلَى الثَّانِي দ্বিতীয় অর্থের مَجَازٌ একে مَجَازٌ বলা হয়।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ أَحَدُهَا الْمَنْقُوْلُ الخ-এর আলোচনা : সম্মানিত গ্রন্থকার এখান থেকে তিন প্রকারের مَنْقُوْلٌ-এর বিস্তারিত বিবরণ দিয়েছেন। নিম্নে তার বিস্তারিত বর্ণনা দেওয়া হলো।

مَنْقُوْلٌ-এর প্রারভেদ : উল্লেখ্য যে, نَاقِلٌ-এর আলোকে مَنْقُوْلٌ টি তিন ভাগে বিভক্ত : ১. مَنْقُوْلٌ عُرْفِيٌّ বা উরফগত মানকূল, ২. مَنْقُوْلٌ شَرْعِيٌّ বা শরিয়তগত মনকূল, ৩. مَنْقُوْلٌ اِصْطِلَاحِيٌّ বা পরিভাষাগত মানকূল।

১. **مَنْقُوْلٌ عُرْفِيٌّ-এর পরিচয় :** ক. গ্রন্থকার এর পরিচয় দিতে গিয়ে বলেন যে, إِنْ كَانَ النَّاقِلُ عُرْفًا عَامًّا فَهُوَ مَنْقُوْلٌ عُرْفِيٌّ অর্থাৎ مُفْرَدٌ টিকে অন্য অর্থে প্রত্যাবর্তনকারী যদি عُرْفٌ عَامٌّ বা সর্ব সাধারণের প্রচলন হয়, তবে তাকে مَنْقُوْلٌ عُرْفِيٌّ বলা হবে। খ. মীযানুল মানতিক গ্রন্থে বলা হয়েছে, نَاقِلٌ বা পরিবর্তনকারী যদি عُرْفٌ عَامٌّ বা সাধারণ প্রচলনকারী হয়। তবে তাকে مَنْقُوْلٌ عُرْفِيٌّ বলা হয়। যথা- دَابَّةٌ শব্দের অর্থ- مَا يَدِبُّ فِي الْأَرْضِ বা যা জমিনে বিচরণ করে। কিন্তু عرف তাকে চতুষ্পদ জন্তুর জন্য নির্ধারণ করেছে, বিধায় তা مَنْقُوْلٌ হয়েছে।

২. **مَنْقُوْلٌ شَرْعِيٌّ-এর পরিচয় :** ক. এর পরিচয় দিতে গিয়ে লিখক বলেন- إِنْ كَانَ النَّاقِلُ مِنْ أَهْلِ الشَّرْعِ يُسَمّٰى مَنْقُوْلًا شَرْعِيًّا অর্থাৎ نَاقِلٌ বা পরিবর্তনকারী যদি শরিয়ত হয়, তবে তাকে مَنْقُوْلٌ شَرْعِيٌّ বলা হয়।

খ. কারো মতে- إِنْ كَانَ النَّاقِلُ مِنْ أَهْلِ الشَّرْعِ فَيُسَمّٰى بِمَنْقُوْلٍ شَرْعِيٍّ অর্থাৎ نَاقِلٌ যদি শরিয়ত প্রবর্তক হয়, তবে সে পরিবর্তনকে مَنْقُوْلٌ شَرْعِيٌّ বলা হয়। যথা- حَجٌّ শব্দের অর্থ হলো- الْقَصْدُ وَالْإِرَادَةُ বা সংকল্প করা, ইচ্ছা করা; কিন্তু শরিয়ত একে নির্দিষ্ট একটি ইবাদত তথা হজের জন্য নির্ধারণ করে ফেলেছে, বিধায় এটা مَنْقُوْلٌ شَرْعِيٌّ হয়েছে।

৩. **مَنْقُوْلٌ اِصْطِلَاحِيٌّ-এর পরিচয় :** ক. এর পরিচয় দিতে গিয়ে গ্রন্থকার বলেন- إِنْ كَانَ نَاقِلُهُ عُرْفًا خَاصًّا অর্থাৎ যদি مَنْقُوْلٌ-এর নকলকারী কোনো বিশেষ পরিভাষা হয়, তখন তাকে مَنْقُوْلٌ اِصْطِلَاحِيٌّ বলা হবে।

খ. তর্কশাস্ত্রবিদদের মতে- إِنْ كَانَ النَّاقِلُ مِنْ أَهْلِ الْاِصْطِلَاحِ فَيُسَمّٰى بِالْاِصْطِلَاحِيِّ অর্থাৎ مَنْقُوْلٌ اِصْطِلَاحِيٌّ বলে ঐ مَنْقُوْلٌ-কে যার নাকিল কোনো বিশেষ পরিভাষা হয়। যথা- اِسْمٌ শব্দটি নিদর্শন, আলামত, চিহ্ন বা উঁচু অর্থের জন্য গঠন করা হয়েছিল, পরবর্তীতে নাহুবিদদের পরিভাষায় اِسْمٌ কাল সংশ্লিষ্ট নয় এমন স্বয়ংসম্পূর্ণ পদ অর্থে ব্যবহৃত হয়েছে, কাজেই এটি مَنْقُوْلٌ اِصْطِلَاحِيٌّ হলো।

قَوْلُهُ وَإِنْ لَمْ يَشْتَهِرْ الخ-এর আলোচনা : এ ইবারত হতে লেখক حَقِيقَةٌ ও مَجَازٌ-এর পরিচয় ফুটিয়ে তুলেছেন-

حَقِيقَةٌ-এর পরিচয় : حَقِيقَةٌ-এর শাব্দিক অর্থ হলো- ثَابِتٌ বা সাব্যস্ত। আর পরিভাষায় حَقِيقَةٌ বলা হয়, শব্দকে যে অর্থের জন্য গঠন করা হয়েছে, শব্দটি যদি সে অর্থে ব্যবহৃত হয়, তবে তাকে حَقِيقَةٌ বলা হবে। যথা- أَسَدٌ শব্দটি দ্বারা সিংহ উদ্দেশ্য করা হয়, তবে তা حَقِيقَةٌ হবে।

حَقِيقَةٌ-এর নামকরণ : حَقِيقَةٌ-এর মধ্যে যেহেতু শব্দটি তার বাস্তব مَعْنٰى مَوْضُوعٍ لَهُ বা গঠনমূলক অর্থে প্রয়োগ হয়ে থাকে, বিধায় তাকে حَقِيقَةٌ বলে নামকরণ করা হয়েছে।

مَجَازٌ-এর পরিচয় : مَجَازٌ শব্দটির مِيْمٌ হলো مِيْمٌ مَصْدَرِيٌّ; আর তা اِسْمُ فَاعِلٍ অর্থে ব্যবহৃত হয়ে থাকে অর্থাৎ مَجَازٌ শব্দের অর্থ হলো- অতিক্রমকারী। আর পরিভাষায় مَجَازٌ বলা হয়- শব্দকে যে অর্থের জন্য গঠন করা হয়েছে, শব্দটি যদি সে অর্থে ব্যবহৃত না হয়ে তার সাথে সাদৃশ্যশীল কোনো অর্থে ব্যবহৃত হয়, তখন তাকে مَجَازٌ বলা হবে।

مَجَازٌ-এর নামকরণ : যেহেতু مَجَازٌ শব্দটি তার مَعْنٰى مَوْضُوعٍ لَهُ বা গঠনমূলক অর্থকে অতিক্রম করে অন্য অর্থে ব্যবহার হয়, বিধায় তাকে مَجَازٌ বলা হয়।

www.eelm.weebly.com

فَصْلٌ : اِنْ كَانَ اللَّفْظُ مُتَعَدِّدًا وَالْمَعْنٰى وَاحِدًا يُسَمّٰى مُرَادِفًا كَالْاَسَدِ وَاللَّيْثِ وَالْمَطَرِ وَالْغَيْثِ ـ

فَصْلٌ : اَلْمُرَكَّبُ قِسْمَانِ اَحَدُهُمَا الْمُرَكَّبُ التَّامُّ وَهُوَ مَا يَصِحُّ السُّكُوْتُ عَلَيْهِ كَزَيْدٌ قَائِمٌ وَثَانِيْهِمَا الْمُرَكَّبُ النَّاقِصُ وَهُوَ مَالَيْسَ كَذٰلِكَ ـ

فَصْلٌ : اَلْمُرَكَّبُ التَّامُّ ضَرْبَانِ يُقَالُ لِاَحَدِهِمَا الْخَبَرُ وَالْقَضِيَّةُ وَهُوَ مَا قُصِدَ بِهِ الْحِكَايَةُ وَيَحْتَمِلُ الصِّدْقَ وَالْكِذْبَ وَيُقَالُ لِقَائِلِهٖ اَنَّهٗ صَادِقٌ اَوْ كَاذِبٌ نَحْوُ اَلسَّمَاءُ فَوْقَنَا وَالْعَالَمُ حَادِثٌ فَاِنْ قِيْلَ قَوْلُنَا لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ قَضِيَّةٌ وَخَبَرٌ مَعَ اَنَّهٗ لَا يَحْتَمِلُ الْكِذْبَ قُلْتُ مُجَرَّدُ اللَّفْظِ يَحْتَمِلُهٗ وَاِنْ كَانَ نَظَرًا اِلٰى خُصُوْصِيَّةِ الْحَاشِيَتَيْنِ غَيْرَ مُحْتَمِلٍ لِلْكِذْبِ وَيُقَالُ لِثَانِي الْقِسْمَيْنِ الْاِنْشَاءُ وَالْاِنْشَاءُ اَقْسَامُ اَمْرٍ وَنَهْيٍ وَتَمَنٍّ وَتَرَجٍّ وَاِسْتِفْهَامٍ وَنِدَاءٍ ـ

সরল অনুবাদ : পরিচ্ছেদ : যদি একাধিক শব্দসমূহের মাত্র একটি অর্থ থাকে, তবে একে مُرَادِفٌ বা সমার্থক শব্দ বলা হয়। যেমন– اَلْاَسَدُ ও اَللَّيْثُ উভয়ের অর্থই সিংহ এবং اَلْمَطَرُ ও اَلْغَيْثُ দু'টিকেই বৃষ্টির অর্থে ব্যবহার করা হয়।

পরিচ্ছেদ : مُرَكَّبٌ দু' প্রকার। একটির নাম مُرَكَّبٌ تَامٌ বা পূর্ণ যৌগিক, যা বলার পর বক্তার উপর চুপ থাকা সহীহ হয়। যেমন– زَيْدٌ قَائِمٌ। অপরটি مُرَكَّبٌ نَاقِصٌ বা অপূর্ণ যৌগিক, যা প্রথমটির মতো নয়।

পরিচ্ছেদ : مُرَكَّبٌ تَامٌ বা পূর্ণ যৌগিক আবার দু' প্রকার, তার একটিকে خَبَرٌ বা قَضِيَّةٌ বলা হয়। আর তা হচ্ছে– এমন مُرَكَّبٌ যার দ্বারা কোনো কিছুর বর্ণনা উদ্দেশ্য করা হয় এবং তাতে সত্য মিথ্যার অবকাশ থাকে। বক্তাকে সত্যবাদী বা মিথ্যাবাদী উভয়টিই বলা যেতে পারে। যথা– اَلسَّمَاءُ فَوْقَنَا (আকাশ আমাদের উপর), اَلْعَالَمُ حَادِثٌ (পৃথিবী ধ্বংসশীল)। যদি প্রশ্ন করা হয় যে, আমাদের উক্তি لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ বাক্যটি قَضِيَّةٌ এবং خَبَرٌ তবে এতে মিথ্যার কোনোই সম্ভাবনা নেই। জবাবে বলবো– যদিও مَحْكُوْمٌ عَلَيْهِ এবং مَحْكُوْمٌ بِهٖ-এর বৈশিষ্ট্য হিসেবে এতে মিথ্যার সম্ভাবনা নেই, তবে শব্দগতভাবে তাতে মিথ্যার সম্ভাবনা রয়েছে। আর দ্বিতীয় প্রকারকে اِنْشَاءٌ বলা হয়। اِنْشَاءٌ আবার কয়েক প্রকার : ১. اَمْرٌ ২. نَهْيٌ ৩. تَمَنِّيْ ৪. تَرَجِّيْ ৫. اِسْتِفْهَامٌ ৬. نِدَاءٌ।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ اِنْ كَانَ اللَّفْظُ যদি শব্দসমূহের থাকে مُتَعَدِّدًا একাধিক وَالْمَعْنٰى وَاحِدًا মাত্র একটি অর্থ يُسَمّٰى مُرَادِفًا তবে একে مُرَادِفٌ বা সামর্থক শব্দ বলা হয় كَالْاَسَدِ যেমন– সিংহ وَاللَّيْثُ ও সিংহ وَالْمَطَرُ এবং [বৃষ্টি] وَالْغَيْثُ ও [বৃষ্টি] فَصْلٌ পরিচ্ছেদ اَلْمُرَكَّبُ قِسْمَانِ - مُرَكَّبٌ দু' প্রকার اَحَدُهُمَا একটির নাম اَلْمُرَكَّبُ التَّامُّ পূর্ণ যৌগিক وَهُوَ مَا يَصِحُّ যা বলার পর সহীহ হয় السُّكُوْتُ عَلَيْهِ তার বক্তার উপর চুপ থাকা كَزَيْدٌ قَائِمٌ যেমন– যায়েদ দণ্ডায়মান وَثَانِيْهِمَا অপরটি اَلْمُرَكَّبُ النَّاقِصُ অপূর্ণ যৌগিক وَهُوَ مَا لَيْسَ كَذٰلِكَ যা প্রথমটির মতো নয়। فَصْلٌ পরিচ্ছেদ اَلْمُرَكَّبُ التَّامُّ পূর্ণ যৌগিক ضَرْبَانِ আবার দু'প্রকার يُقَالُ لِاَحَدِهِمَا তার একটিকে বলা হয় اَلْخَبَرُ وَالْقَضِيَّةُ - خَبَرٌ বা قَضِيَّةٌ - وَهُوَ مَا قُصِدَ بِهٖ আর তা হচ্ছে এমন مُرَكَّبٌ যার দ্বারা উদ্দেশ্য করা হয় اَلْحِكَايَةُ কোনো কিছুর বর্ণনা وَيَحْتَمِلُ এবং তাতে অবকাশ থাকে اَلصِّدْقَ وَالْكِذْبَ সত্য মিথ্যার وَيُقَالُ এবং বলা যেতে পারে لِقَائِلِهٖ তার বক্তাকে اَنَّهٗ صَادِقٌ সত্যবাদী اَوْ كَاذِبٌ অথবা মিথ্যাবাদী نَحْوُ যথা– اَلسَّمَاءُ فَوْقَنَا আকাশ আমাদের উপর وَالْعَالَمُ حَادِثٌ পৃথিবী ধ্বংসশীল فَاِنْ قِيْلَ যদি প্রশ্ন করা হয় যে, قَوْلُنَا আমাদের উক্তি لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ 'লা-ইলাহা ইল্লাল্লাহু' বাক্যটি قَضِيَّةٌ কাযিয়া এবং খবর وَخَبَرٌ مَعَ اَنَّهٗ তবে এতে لَا يَحْتَمِلُ কোনোই সম্ভাবনা নেই اَلْكِذْبُ মিথ্যার قُلْتُ জবাবে বলবো مُجَرَّدُ اللَّفْظِ শব্দগতভাবে يَحْتَمِلُهٗ তাতে মিথ্যার সম্ভাবনা রয়েছে وَاِنْ كَانَ نَظَرًا যদিও হিসেবে اِلٰى خُصُوْصِيَّةِ বৈশিষ্ট্য اَلْحَاشِيَتَيْنِ মাহকূম আলাইহ এবং মাহকূম বিহীর غَيْرَ مُحْتَمِلٍ এতে সম্ভাবনা নেই لِلْكِذْبِ মিথ্যার وَيُقَالُ আর বলা হয় لِثَانِي الْقِسْمَيْنِ দ্বিতীয় প্রকারকে اَلْاِنْشَاءُ ইনশা وَالْاِنْشَاءُ আবার ইনশা اَقْسَامٌ কয়েক প্রকার– ১. اَمْرٌ আমর ২. نَهْيٌ নাহী ৩. تَمَنِّيْ তামান্নী ৪. تَرَجِّيْ তারাজ্জী ৫. اِسْتِفْهَامٌ ইস্তিফহাম ৬. وَنِدَاءٌ এবং নিদা।

www.eelm.weebly.com

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ اِنْ كَانَ اللَّفْظُ الخ -এর আলোচনা : পূর্ববর্তী পরিচ্ছেদে গ্রন্থকার একাধিক অর্থবিশিষ্ট একক শব্দের আলোচনা করেছেন। আর এ পরিচ্ছেদে একার্থবোধক একাধিক শব্দের আলোচনা করেছেন। যেমন- مُرَادِفٌ এ শব্দটি وَاحِدْ مُذَكَّرْ-এর اِسْمُ فَاعِلْ-এর সীগাহ। এর আভিধানিক অর্থ হচ্ছে- একে অপরের সাহায্যকারী, পেছনে আগমনকারী।

আর মানতিকশাস্ত্রের পরিভাষায়, যদি একাধিক শব্দের একটি অর্থ থাকে, তবে তাকে مُرَادِفٌ বা সমার্থক বলা হয়। যেমন- اَللَّيْثُ ও اَلْاَسَدُ এ দু'টি শব্দের একই অর্থ। তা হচ্ছে 'সিংহ'। সুতরাং اَسَدٌ এবং লাইস শব্দ দু'টি একটি অপরটির مرادف।

قَوْلُهُ الْمُرَكَّبُ قِسْمَانِ الخ -এর আলোচনা : مُرَكَّبٌ-এর প্রকারভেদ : গ্রন্থকার পূর্বের পরিচ্ছেদে مُفْرَدٌ-এর প্রকারভেদের আলোচনা শেষে আলোচ্য ইবারতে مُرَكَّبٌ-এর প্রকার সম্পর্কে আলোকপাত করেছেন। গ্রন্থকার বলেন, مُرَكَّبٌ প্রথমত দু'ভাগে বিভক্ত। যথা- ১. مُرَكَّبْ تَامٌ বা পরিপূর্ণ যৌগিক, ২. مُرَكَّبْ نَاقِصٌ বা অসম্পূর্ণ যৌগিক।

مُرَكَّبْ تَامٌ-এর আভিধানিক অর্থ : تَامٌ শব্দের অর্থ হলো- পরিপূর্ণ আর مُرَكَّبٌ শব্দের অর্থ- যৌগিক। সুতরাং مُرَكَّبْ تَامٌ-এর অর্থ হচ্ছে- পরিপূর্ণ যৌগিক।

পারিভাষিক সংজ্ঞা :

১. মিরকাত প্রণেতা مُرَكَّبْ تَامٌ-এর পরিচয় দিতে গিয়ে বলেন- اَلْمُرَكَّبُ التَّامُّ هُوَ مَا يَصِحُّ السُّكُوْتُ عَلَيْهِ অর্থাৎ مُرَكَّبْ تَامٌ হলো যা শ্রবণ করার পর শ্রোতার জন্য তার উপর চুপ থাকা শুদ্ধ হয়।

২. কারো কারো মতে- هُوَ عِبَارَةٌ مِمَّا يُفِيْدُ الْمُخَاطَبُ فَائِدَةً تَامَّةً فَلَا يُسْئَلُ عَنْهُ অর্থাৎ যে مُرَكَّبٌ-টি শ্রোতাকে পূর্ণ উপকারিতা প্রদান করে এবং যা বুঝতে কোনোরূপ প্রশ্নের প্রয়োজন হয় না, তাকেই مُرَكَّبْ تَامٌ বলা হয়। যেমন- كَاتِبٌ (খালিদ একজন লেখক) অথবা جَابِرٌ عَالِمٌ (জাবির বিদ্বান)। এতে কোনো প্রকার প্রশ্নের অবকাশ নেই।

مُرَكَّبْ نَاقِصٌ-এর আভিধানিক অর্থ : نَاقِصٌ শব্দের অর্থ হলো- অপূর্ণাঙ্গ আর مُرَكَّبٌ শব্দের অর্থ- যৌগিক। সুতরাং مُرَكَّبْ نَاقِصٌ-এর অর্থ হচ্ছে- অপূর্ণাঙ্গ যৌগিক।

পারিভাষিক সংজ্ঞা : মিরকাত গ্রন্থকার বলেন- هُوَ مَا لَا يَصِحُّ السُّكُوْتُ عَلَيْهِ অর্থাৎ যার উপর চুপ থাকা শুদ্ধ হয় না।

উদাহরণ : যেমন- غُلَامُ زَيْدٍ বাক্যটির ভাব অসম্পূর্ণ থাকায় শ্রোতার মনে প্রশ্ন থেকে যায়, তাই এটা مُرَكَّبْ نَاقِصٌ।

জ্ঞাতব্য বিষয় : শ্রোতা চুপ হওয়ার অর্থ হলো, مُرَكَّبٌ-টি শ্রবণ করার পর শ্রোতা বক্তার বক্তব্য পরিপূর্ণভাবে বুঝতে পারা এবং তার মনে কোনোরূপ সংশয় না থাকা। আর শ্রোতার চুপ থাকা তখনই শুদ্ধ যখন বক্তব্যে উদ্দেশ্যের সাথে সঙ্গত বিষয়টি উল্লেখ থাকে। অন্যথায় তাকে مُرَكَّبْ نَاقِصٌ তথা অপূর্ণ যৌগিক বলা হয়।

قَوْلُهُ مُرَكَّبُ التَّامُّ الخ -এর আলোচনা :

১. شَرْحُ التَّهْذِيْبِ গ্রন্থকার مُرَكَّبٌ-এর পরিচয় দিতে গিয়ে বলেন- اَلْمُرَكَّبُ التَّامُّ هُوَ مَا يَصِحُّ السُّكُوْتُ عَلَيْهِ অর্থাৎ যা শ্রবণ করার পর শ্রোতার জন্য তার উপর চুপ থাকা সঠিক হয়, তাকেই مُرَكَّبْ تَامٌ বলে।

২. কারো কারো মতে- هُوَ عِبَارَةٌ مِمَّا يُفِيْدُ الْمُخَاطَبُ فَائِدَةً تَامَّةً فَلَا يُسْئَلُ عَنْهُ অর্থাৎ যে مُرَكَّبٌ টি শ্রোতাকে পূর্ণ উপকারিতা দান করে এবং যা বুঝতে কোনোরূপ জিজ্ঞাসার প্রয়োজন হয় না, তাকেই مُرَكَّبْ تَامٌ বলা হয়। যথা- بَكْرٌ كَاتِبٌ অর্থাৎ বকর একজন লেখক।

مُرَكَّبْ تَامٌ -এর প্রকারভেদ : مُرَكَّبْ تَامٌ দু' প্রকার। যথা- ১. اَلْخَبَرُ ২. اَلْاِنْشَاءُ

১. **اَلْخَبَرُ-এর পরিচয় :** خَبَرٌ শব্দটি একবচন, বহুবচন হলো اَخْبَارٌ ; এর অর্থ হলো- সংবাদ। পরিভাষায় خَبَرٌ বলা হয়- اِنِ احْتَمَلَ الصِّدْقَ وَالْكِذْبَ فَهُوَ خَبَرٌ অর্থাৎ مُرَكَّبْ تَامٌ টি যদি সত্য-মিথ্যার অবকাশ রাখে, তবে তাকে خَبَرٌ বলে। যথা- زَيْدٌ حَاضِرٌ অর্থাৎ যায়েদ উপস্থিত।

২. **اِنْشَاءٌ -এর পরিচয় :** اِنْشَاءٌ শব্দটি বাবে اِفْعَالٌ-এর মাসদার। এর অর্থ হলো- اَلْخَلْقُ বা সৃষ্টি করা। পরিভাষায় اِنْشَاءٌ বলা হয়- هُوَ مَا لَا يَصِحُّ اَنْ يُقَالَ لِقَائِلِهِ اَنَّهُ صَادِقٌ فِيْهِ اَوْ كَاذِبٌ অর্থাৎ যার বক্তাকে সত্যবাদী বা মিথ্যাবাদী বলার কোনো অবকাশ নেই। যথা- اُنْصُرْ زَيْدًا (তুমি যায়েদকে সাহায্য করো) এখানে বক্তাকে সত্যবাদী বা মিথ্যাবাদী বলার কোনোই অবকাশ নেই।

قَوْلُهُ وَيَحْتَمِلُ الصِّدْقَ الخ -এর আলোচনা : অর্থাৎ বাক্যটি এমন যে সত্যবাদী অথবা মিথ্যাবাদী বলা যেতে পারে। যেমন কেউ বলল, اَلسَّمَاءُ فَوْقَنَا (আকাশ আমাদের উপর)। এখন এ ব্যক্তিকে আমরা বলত পারি যে, সে সত্য বলেছে। এমনিভাবে কেউ বলল, اَلْاِثْنَانِ نِصْفُ الثَّلٰثَةِ (দুই তিনের অর্ধেক)। এ ক্ষেত্রে আমরা বলতে পারবো যে, সে মিথ্যা বলেছে। পক্ষান্তরে اِنْشَاءٌ-এর ক্ষেত্রে এরূপ বলা যাবে না। যেমন- কেউ যদি বলে, اِضْرِبْ (প্রহার করো) তবে তাকে আমরা সত্যবাদী বা মিথ্যাবাদী কোনোটিই বলতে পারবো না।

قَوْلُهُ فَاِنْ قِيْلَ الخ -এর আলোচনা : মুসান্নিফ (র.) এখানে একটি প্রশ্ন উত্থাপন করে নিজেই তার উত্তর প্রদান করেছেন। প্রশ্নটি হলো, قَضِيَّةٌ এবং خَبَرٌ-এর উল্লেখিত সংজ্ঞা অনুযায়ী لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ-কে قَضِيَّةٌ বা خَبَرٌ বলা যাবে না। কারণ, এতে মিথ্যার সম্ভাবনাই নেই। অথচ এটি সর্বসম্মতিক্রমে خَبَرٌ ও قَضِيَّةٌ।

এর উত্তরে বলা হয়- لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ -এর দু' প্রান্ত তথা مَحْكُوْمٌ بِهٖ ও مَحْكُوْمٌ عَلَيْهِ-এর বৈশিষ্ট্যের প্রতি লক্ষ্য করলে অবশ্য বলতেই হবে যে, এতে মিথ্যার সম্ভাবনা নেই; কিন্তু শুধু শব্দগতভাবে এতেও মিথ্যার সম্ভাবনা রয়েছে। আল্লাহর সত্তা, মা'বূদের অর্থ ও সংবাদদাতার সত্যতার প্রতি লক্ষ্য করলে ঐ সম্ভাবনা দূর হয়ে যাবে। অতএব, لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ-কেও خَبَرٌ ও قَضِيَّةٌ বলা হবে।

www.eelm.weebly.com

فَصْلٌ : اَلْمُرَكَّبُ النَّاقِصُ عَلٰى اَنْحَاءٍ مِنْهَا الْمُرَكَّبُ الْاِضَافِيُّ كَغُلَامِ زَيْدٍ وَمِنْهَا الْمُرَكَّبُ التَّوْصِيْفِيُّ كَالرَّجُلِ الْعَالِمِ وَمِنْهَا الْمُرَكَّبُ غَيْرُ التَّقْيِيْدِيِّ كَفِى الدَّارِ وَهٰهُنَا قَدْ تَمَّ بَحْثُ الْاَلْفَاظِ وَالْاٰنَ نُرْشِدُكَ اِلٰى بَحْثِ الْمَعَانِيْ -

সরল অনুবাদ : পরিচ্ছেদ : مُرَكَّبْ نَاقِصْ কয়েক প্রকার : ১. مُرَكَّبْ اِضَافِيْ যথা- غُلَامُ زَيْدٍ [যায়েদের দাস]। ২. مُرَكَّبْ تَوْصِيْفِيْ যথা- اَلرَّجُلُ الْعَالِمُ [জ্ঞানী ব্যক্তি]। ৩. مُرَكَّبْ غَيْرُ تَقْيِيْدِيْ যথা- فِى الدَّارِ [ঘরের মধ্যে]। আপাতত এখানে শব্দের আলোচনা শেষ হলো, এখন তোমাকে অর্থসমূহের আলোচনার দিকে পথ দেখাবো।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ اَلْمُرَكَّبُ النَّاقِصُ অপূর্ণ যৌগিক عَلٰى اَنْحَاءٍ কয়েক প্রকার ১. مِنْهَا الْمُرَكَّبُ الْاِضَافِيُّ মুরাক্কাবে ইযাফী كَغُلَامِ زَيْدٍ যথা- যায়েদের দাস ২. وَمِنْهَا الْمُرَكَّبُ التَّوْصِيْفِيُّ মুরাক্কাবে তাওসিফী كَالرَّجُلِ الْعَالِمِ যথা- জ্ঞানী ব্যক্তি ৩. وَمِنْهَا الْمُرَكَّبُ غَيْرُ التَّقْيِيْدِيِّ মুরাক্কাবে গায়রে তাকয়িদী كَفِى الدَّارِ যথা- (ঘরের মধ্যে وَهٰهُنَا এখানে قَدْ تَمَّ আপাতত শেষ হলো بَحْثُ الْاَلْفَاظِ শব্দের আলোচনা وَالْاٰنَ এখন نُرْشِدُكَ তোমাকে পথ দেখাবো اِلٰى بَحْثِ الْمَعَانِيْ অর্থসমূহের আলোচনার দিকে।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ الْمُرَكَّبُ النَّاقِصُ -এর আলোচনা : এখানে লেখক مُرَكَّبْ نَاقِصْ -এর প্রকারভেদ সম্পর্কে আলোচনা করেছেন। নিম্নে এ প্রসঙ্গে আলোকপাত করা হলো-

قَوْلُهُ مُرَكَّبْ نَاقِصْ -এর পরিচয় : مُرَكَّبْ نَاقِصْ -এর পরিচয় দিতে গিয়ে গ্রন্থকার বলেন- هُوَ مَا لَا يَصِحُّ السُّكُوْتُ عَلَيْهِ অর্থাৎ যে বক্তব্যের উপর শ্রোতার চুপ থাকা শুদ্ধ হয় না। অন্যত্র এর পরিচয় দিতে গিয়ে বলা হয়েছে- مَا لَا يُفِيْدُ الْمُخَاطَبَ بَعْدَ السَّمْعِ فَيَحْتَمِلُ السُّؤَالَ عَنْهُ অর্থাৎ যা শ্রবণ করার পর শ্রোতার বক্তব্য বুঝতে প্রশ্ন করার অবকাশ থাকে, তাকেই مُرَكَّبْ نَاقِصْ বলা হয়। যথা- غُلَامُ زَيْدٍ অর্থ- যায়েদের গোলাম। এখানে স্বভাবতই প্রশ্নের অবকাশ থাকে যে, যায়েদের গোলাম কি দণ্ডায়মান- না বসা ইত্যাদি।

مُرَكَّبْ نَاقِصْ -এর প্রকারভেদ : مُرَكَّبْ نَاقِصْ টি তিন ভাগে বিভক্ত। যথা- ১. مُرَكَّبْ اِضَافِيْ ২. مُرَكَّبْ تَوْصِيْفِيْ ৩. مُرَكَّبْ غَيْرُ تَقْيِيْدِيْ

১. **مُرَكَّبْ اِضَافِيْ -এর পরিচয় :** যে مُرَكَّبْ টি مُضَافْ ও مُضَافْ اِلَيْهِ মিলে গঠিত হয়, তাকে مُرَكَّبْ اِضَافِيْ বলা হয়। যথা- رَسُوْلُ اللّٰهِ অর্থাৎ আল্লাহর দূত। এখানে رَسُوْلُ হলো مُضَافْ আর اَللّٰهُ হলো مُضَافْ اِلَيْهِ কাজেই বাক্যটি مُرَكَّبْ اِضَافِيْ হয়েছে।

১. **مُرَكَّبْ تَوْصِيْفِيْ -এর পরিচয় :** যে مُرَكَّبْ টি مَوْصُوْفْ ও صِفَتْ মিলে গঠিত হয়, তাকে مُرَكَّبْ تَوْصِيْفِيْ বলা হয়। যথা- رَجُلٌ شَرِيْفٌ অর্থাৎ একজন ভদ্র লোক। এখানে رَجُلٌ হলো مَوْصُوْفْ আর شَرِيْفٌ হলো তার সিফাত, কাজেই এটি مُرَكَّبْ تَوْصِيْفِيْ হয়েছে।

২. **مُرَكَّبْ غَيْرُ تَقْيِيْدِيْ -এর পরিচয় :** যে مُرَكَّبْ -এর মধ্যে এক অংশ অন্য অংশের জন্য قَيْدْ হয়, তাকেই مُرَكَّبْ غَيْرُ تَقْيِيْدِيْ বলা হয়। যথা- فِى الدَّارِ অর্থাৎ ঘরের মধ্যে। এখানে فِيْ এবং دَارْ যুক্ত হয়ে مُرَكَّبْ হয়েছে, তবে এখানে এক অংশ অন্য অংশের জন্য قَيْدْ নয়।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

١- مَا هِيَ الدَّلَالَةُ لُغَةً وَاصْطِلَاحًا ؟ وَكَمْ قِسْمًا لَهَا ؟ فَصِّلْ بِالتَّفْصِيْلِ وَالتَّمْثِيْلِ .

٢- مَا هِيَ الدَّلَالَةُ لُغَةً وَاصْطِلَاحًا ؟ ثُمَّ بَيِّنْ اَقْسَامَ الدَّلَالَةِ اللَّفْظِيَّةِ الْوَضْعِيَّةِ مُمَثِّلًا وَمُفَصِّلًا .

٣- عَرِّفِ الْمُفْرَدَ ثُمَّ بَيِّنْ اَقْسَامَهُ مُفَصِّلًا وَمُمَثِّلًا .

٤- اَلْمُفْرَدُ مَا هُوَ؟ ثُمَّ اذْكُرْ اَقْسَامَ الْمُفْرَدِ مِنْ حَيْثُ الْمَعْنٰى الْمُتَّحِدِ بِالتَّمْثِيْلِ .

٥- كَمْ قِسْمًا لِلْمُفْرَدِ مِنْ حَيْثُ الْمَعْنٰى الْمُتَكَثِّرِ؟ بَيِّنْ مُفَصِّلًا وَمُمَثِّلًا .

٦- عَرِّفِ الْمُفْرَدَ وَالْمُرَكَّبَ . ثُمَّ بَيِّنْ اَقْسَامَ الْمُرَكَّبِ بَيَانًا تَامًّا .

٧- مَا هُوَ الْمُرَكَّبُ وَكَمْ قِسْمًا لَهُ؟ بَيِّنْ بِالتَّفْصِيْلِ وَالتَّمْثِيْلِ .

٨- مَا هُوَ الْمَنْقُوْلُ وَكَمْ قِسْمًا لَهُ؟ بَيِّنْ بِالتَّفْصِيْلِ وَالتَّمْثِيْلِ .

www.eelm.weebly.com

فَصْلٌ : اَلْمَفْهُوْمُ اَىْ مَا حَصَلَ فِى الذِّهْنِ قِسْمَانِ اَحَدُهُمَا جُزْئِىٌّ وَالثَّانِىْ كُلِّىٌّ اَمَّا الْجُزْئِىُّ فَهُوَ مَا يَمْتَنِعُ نَفْسُ تَصَوُّرِهٖ عَنْ صِدْقِهٖ عَلٰى كَثِيْرِيْنَ كَزَيْدٍ وَعَمْرٍو وَهٰذَا الْفَرَسُ وَهٰذَا الْجِدَارُ وَاَمَّا الْكُلِّىُّ فَهُوَ مَا لَايَمْتَنِعُ نَفْسُ تَصَوُّرِهٖ عَنْ وُقُوْعِ الشِّرْكَةِ فِيْهِ وَعَنْ صِدْقِهٖ عَلٰى كَثِيْرِيْنَ كَالْاِنْسَانِ وَالْفَرَسِ وَقَدْ يُفَسَّرُ الْكُلِّىُّ وَالْجُزْئِىُّ بِتَفْسِيْرَيْنِ اٰخَرَيْنِ اَمَّا الْكُلِّىُّ فَهُوَ مَا جَوَّزَ الْعَقْلُ تَكَثُّرَهٗ مِنْ حَيْثُ تَصَوُّرِهٖ وَاَمَّا الْجُزْئِىُّ فَهُوَ مَا لَايَكُوْنُ كَذٰلِكَ

فَصْلٌ : اَلْكُلِّىُّ اَقْسَامٌ اَحَدُهَا مَا يَمْتَنِعُ وُجُوْدُ اَفْرَادِهٖ فِى الْخَارِجِ كَاللَّا شَىْءَ وَاللَّا مُمْكِنْ وَاللَّا مَوْجُوْد وَثَانِيْهَا مَا يُمْكِنُ اَفْرَادُهٗ وَلَمْ تُوْجَدْ كَالْعَنْقَاءِ وَجَبَلٌ مِنَ الْيَاقُوْتِ وَثَالِثُهَا مَا اَمْكَنَتْ اَفْرَادُهٗ وَلَمْ تُوْجَدْ مِنْ اَفْرَادِهٖ اِلَّا فَرْدٌ وَاحِدٌ كَالشَّمْسِ وَالْوَاجِبِ تَعَالٰى وَ رَابِعُهَا مَا وُجِدَتْ لَهٗ اَفْرَادٌ كَثِيْرَةٌ اِمَّا مُتَنَاهِيَةٌ كَالْكَوَاكِبِ السَّيَّارَةِ فَاِنَّهَا سَبْعٌ اَلشَّمْسُ وَالْقَمَرُ وَالْمِرِّيْخُ وَالزُّهْرَةُ و زُحَلٌ وَعَطَارِدُ وَالْمُشْتَرِى اَوْ غَيْرُ مُتَنَاهِيَةٍ كَاَفْرَادِ الْاِنْسَانِ وَالْفَرَسِ وَالْغَنَمِ وَالْبَقَرِ ـ

সরল অনুবাদ : পরিচ্ছেদ : مَفْهُوْم তথা যা স্মৃতিতে উদয় হয় ; তা দু' প্রকার ১. جُزْئِىْ ২. كُلِّىْ । جُزْئِىْ ঐ مَفْهُوْم -কে বলে, যার কল্পনা একাধিক বিষয়ের উপর প্রযোজ্য হওয়াকে বাধা প্রদান করে। যথা- যায়েদ, ওমর, এ ঘোড়াটি, এ দেয়ালটি। আর كُلِّىْ হচ্ছে এমন مَفْهُوْم যার تَصَوُّرْ বা কল্পনা কোনো জিনিসের অংশীদারিত্বকে এবং একাধিক বিষয়ের উপর প্রযোজ্য হওয়াকে বাধা প্রদান করে না। যথা- اَلْاِنْسَانُ (মানুষ) اَلْفَرَسُ (ঘোড়া)। আবার কখনো كُلِّىْ এবং جُزْئِىْ -এর পরিচয় অন্যভাবেও দেওয়া হয়- كُلِّىْ এমন مَفْهُوْم কে বলে যার تَصَوُّرْ করলে বিবেক তাতে একাধিক বিষয়কে সমর্থন করে। আর جُزْئِىْ হচ্ছে, যার تَصَوُّرْ করলে বিবেক তাতে একাধিক বিষয়কে সমর্থন করে না।

পরিচ্ছেদ : كُلِّىْ আবার কয়েক ভাগে বিভক্ত। তন্মধ্যে একটি হচ্ছে- এমন كُلِّىْ যার اَفْرَادْ বাস্তবে পাওয়া অসম্ভব। যথা- لَاشَىْءَ (কোনো কিছুই নয়), لَامُمْكِنْ (অসম্ভব), لَامَوْجُوْدْ (অস্তিত্বহীন)। দ্বিতীয়টি হচ্ছে- যার اَفْرَادْ বাস্তবে পাওয়া যাওয়া সম্ভব ; তবে পাওয়া যায় না। যথা- اَلْعَنْقَاءُ (এক জাতীয় পাখি), ইয়াকুত পাথরের পাহাড়। তৃতীয়টি হচ্ছে- যার اَفْرَادْ পাওয়া যাওয়া সম্ভব, তবে একটির অধিক পাওয়া যায় না। যথা- اَلشَّمْسُ (সূর্য), اَلْوَاجِبُ تَعَالٰى (আল্লাহ তা'আলা)। চতুর্থটি হচ্ছে- এমন كُلِّىْ যার অনেক اَفْرَادْ আছে, হয়তো তা مُتَنَاهِىْ বা সীমিত হবে। যথা- اَلْكَوَاكِبُ السَّيَّارَةِ (পরিভ্রমণকারী গ্রহ), কেননা এগুলো মোট সাতটি- ১. সূর্য, ২. চন্দ্র, ৩ মঙ্গল গ্রহ, ৪. শুক্র গ্রহ, ৫. শনি গ্রহ, ৬. বুধ গ্রহ, ৭. বৃহস্পতি গ্রহ। অথবা غَيْرُ مُتَنَاهِىْ বা অগণিত হবে। যথা- মানুষ, ঘোড়া, ছাগল, গরু ইত্যাদির এককসমূহ।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ اَلْمَفْهُوْمُ মাফহূম اَىْ অর্থাৎ مَاحَصَلَ যা উদয় হয় فِى الذِّهْنِ স্মৃতিতে قِسْمَانِ তা দু' প্রকার اَحَدُهُمَا جُزْئِىٌّ ১. জুযয়ী وَالثَّانِىْ كُلِّىٌّ ২. কুল্লী اَمَّا الْجُزْئِىُّ জুযয়ী فَهُوَ ঐ مَفْهُوْمُ-কে বলে مَا يَمْتَنِعُ যা বাধা প্রদান করে نَفْسُ تَصَوُّرِهٖ যার কল্পনা عَنْ صِدْقِهٖ প্রযোজ্য হওয়াকে عَلٰى كَثِيْرِيْنَ একাধিক বিষয়ের উপর كَزَيْدٍ وَعَمْرٍو যথা- যায়েদ, আমর وَهٰذَا الْفَرَسُ এ ঘোড়াটি ও وَهٰذَا الْجِدَارُ ও এ দেয়ালটি وَاَمَّا الْكُلِّىُّ আর كُلِّىْ হচ্ছে فَهُوَ এমন মাফহূম مَا لَايَمْتَنِعُ যা বাধা প্রদান করে না نَفْسُ تَصَوُّرِهٖ যার কল্পনা عَنْ وُقُوْعِ الشِّرْكَةِ فِيْهِ কোনো জিনিসের অংশীদারিত্বকে وَعَنْ صِدْقِهٖ এবং প্রযোজ্য হওয়াকে عَلٰى كَثِيْرِيْنَ একাধিক বিষয়ের উপর كَالْاِنْسَانِ وَالْفَرَسِ যথা- মানুষ ও ঘোড়া وَقَدْ يُفَسَّرُ আবার কখনো পরিচয় দেওয়া হয় الْكُلِّىُّ وَالْجُزْئِىُّ কুল্লী ও জুযয়ীর بِتَفْسِيْرَيْنِ اٰخَرَيْنِ অন্যভাবেও اَمَّا الْكُلِّىُّ আর কুল্লী فَهُوَ এমন মাফহূমকে বলে مَا جَوَّزَ الْعَقْلُ বিবেক সমর্থন করে تَكَثُّرَهٗ

www.eelm.weebly.com

مَا لَا يَكُونُ হতে একাধিক বিষয়কে مِنْ حَيْثُ تَصَوُّرِهِ যার تَصَوُّرْ করলে وَاَمَّا الْجُزْئِيُّ আর জুযয়ী হচ্ছে فَهُوَ এমন মাফহুমকে বলে مَا يَمْتَنِعُ যা হবে না كَذٰلِكَ অনুরূপ فَصْلٌ পরিচ্ছেদ اَلْكُلِّيُّ اَقْسَامٌ কুল্লী আবার কয়েক ভাগে বিভক্ত اَحَدُهَا তন্মধ্যে একটি হচ্ছে وَالَّا مَوْجُوْدٌ কুল্লী অসম্ভব وُجُوْدُ اَفْرَادِهٖ যার اَفْرَادٌ পাওয়া فِى الْخَارِجِ বাস্তবে كَاللَّا شَئْ যথা– কোনো কিছুই নয় وَالَّا مُمْكِنٌ অসম্ভব كَالْعَنْقَاءِ অস্তিত্বহীন وَثَانِيْهَا দ্বিতীয়টি হচ্ছে مَا يُمْكِنُ সম্ভব اَفْرَادُهٗ যার اَفْرَادٌ বাস্তবে পাওয়া যাওয়া وَلَمْ تُوْجَدْ তবে পাওয়া যায় না যথা– عَنْقَاءُ (এক জাতীয় পাখি) وَجَبَلٌ مِنَ الْيَاقُوْتِ ইয়াকুত পাথরের পাহাড় وَثَالِثُهَا তৃতীয়টি হচ্ছে مَا اَمْكَنَتْ সম্ভব اَفْرَادُهٗ যার আফরাদ পাওয়া যাওয়া وَلَمْ تُوْجَدْ তবে পাওয়া যায় না مِنْ اَفْرَادِهٖ তার আফরাদ اِلَّا فَرْدٌ وَاحِدٌ একটির অধিক كَالشَّمْسِ যথা– সূর্য وَالْوَاجِبُ تَعَالٰى আল্লাহ তা'আলা وَرَابِعُهَا চতুর্থটি হচ্ছে مَا وُجِدَتْ لَهٗ এমন কুল্লী যার আছে اَفْرَادٌ كَثِيْرَةٌ অনেক আফরাদ مُتَنَاهِيَةٌ হয়তো তা সীমিত হবে كَالْكَوَاكِبِ السَّيَّارَةِ যথা– পরিভ্রমণকারী গ্রহ فَاِنَّهَا سَبْعٌ কেননা, এগুলো মোট সাতটি ১. اَلشَّمْسُ সূর্য ২. وَالْقَمَرُ চন্দ্র ৩. وَالْمِرِّيْخُ মঙ্গল গ্রহ ৪. وَالزُّهْرَةُ শুক্র গ্রহ ৫. وَزُحَلُ শনি গ্রহ ৬. وَعَطَارِدُ বুধ গ্রহ ৭. وَالْمُشْتَرِىْ বৃহস্পতি গ্রহ اَوْ غَيْرُ مُتَنَاهِيَةٍ অথবা অগণিত হবে كَاَفْرَادِ الْاِنْسَانِ যথা– মানুষ وَالْفَرَسِ ঘোড়া وَالْغَنَمِ ছাগল وَالْبَقَرِ গরু ইত্যাদির এককসমূহ।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهٗ اَلْمَفْهُوْمُ الخ -এর আলোচনা : লেখক এ পর্যন্ত শব্দ নিয়ে আলোচনা করেছেন। এখান থেকে তিনি مَعْنٰى তথা অর্থ নিয়ে আলোচনা আরম্ভ করেছেন। مَعْنٰى এবং مَفْهُوْمٌ হচ্ছে مُرَادِفٌ বা একই অর্থবোধক দু'টি শব্দ। নিম্নে এ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হলো।

مَفْهُوْمٌ-এর আভিধানিক অর্থ : مَفْهُوْمٌ শব্দটি اِسْمُ مَفْعُوْلٍ-এর وَاحِدٌ مُذَكَّرٌ-এর সীগাহ। বাবে سَمِعَ থেকে ব্যবহৃত হয়। এর অর্থ হলো– জ্ঞাত হওয়া, কোনো বিষয় সম্পর্কে জ্ঞান লাভ করা।

مَفْهُوْمٌ-এর পারিভাষিক সংজ্ঞা : মানতিকশাস্ত্রের পরিভাষায়– اَلْمَفْهُوْمُ هُوَ مَا يَحْصُلُ فِى الذِّهْنِ بِاللَّفْظِ

অর্থাৎ শব্দ দ্বারা মস্তিষ্কে যে জ্ঞান অর্জিত হয়, তাকে مَفْهُوْمٌ বলে। যেমন– زَيْدٌ বলার সাথে সাথে মস্তিষ্ক বুঝে যে, সে একজন মানুষ। আর তা শব্দের উদ্দেশ্য হিসেবে مَعْنٰى নামে অভিহিত। আর শব্দ তার উপর দালালত করে হিসেবে তা শব্দের মাদলূল। শব্দ হতে অর্জিত বিষয়টি বিভিন্ন দৃষ্টিতে বিভিন্ন নামে অভিহিত হলেও মূলত এরা এক ও অভিন্ন।

اَقْسَامُ الْمَفْهُوْمِ : [مَفْهُوْمٌ-এর প্রকারভেদ] : মমিরকাত প্রণেতার মতে مَفْهُوْمٌ দু' প্রকার। যথা– ১. جُزْئِىٌّ (আংশিক), ২. كُلِّىٌّ (পরিপূর্ণ)।

جُزْئِىٌّ-এর আভিধানিক অর্থ : جُزْئِىٌّ শব্দটি جُزْءٌ-এর দিকে নিসবত করেছে। মূলবর্ণ [ج . ز . ء] জিনসে مَهْمُوْزُ لَامٌ ইংরেজি প্রতিশব্দ Partly. এর আভিধানিক অর্থ– ১. نَصِيْبٌ তথা অংশ বা পাওয়া, ২. قِطْعَةٌ তথা টুকরা বা খণ্ড বিশেষ, ৩. حِصَّةٌ বা অংশ। ৪. Partion, Share.

পারিভাষিক সংজ্ঞা :

ক. মিরকাত প্রণেতার মতে– هُوَ مَا يَمْتَنِعُ نَفْسُ تَصَوُّرِهٖ عَنْ صِدْقِهٖ عَلٰى كَثِيْرِيْنَ

অর্থাৎ جُزْئِىٌّ ঐ مَفْهُوْمٌ-কে বলা হয়, যা তার تصور বা কল্পনাকে একাধিক বিষয়ের উপর প্রযোজ্য হওয়া থেকে বাধা দেয়।

খ. মীযানুল আখবার প্রণেতার মতে– اِنْ مَنَعَ نَفْسُ تَصَوُّرِهٖ عَنْ وُقُوْعِ الشِّرْكَةِ فِيْهِ فَهُوَ كُلِّىٌّ

অর্থাৎ যদি কোনো مَفْهُوْمٌ স্বীয় تَصَوُّرٌ-কে অংশীদারিত্ব থেকে বাধা দেয়, তবে তাকে جُزْئِىٌّ বলে।

গ. মীযানুল মানতিক প্রণেতা বলেন, যে مَفْهُوْمٌ-এর نَفْسُ تَصَوُّرٍ-এর মাঝে অংশীদারিত্ব নিষেধ, তাই جُزْئِىٌّ।

ঘ. কারো কারো মতে– اَمَّا الْجُزْئِىُّ فَهُوَ اِنْ يَمْنَعَ نَفْسُ تَصَوُّرِهٖ عَنْ وُقُوْعِ الشِّرْكَةِ فِيْهِ

উদাহরণ : যেমন– زَيْدٌ শব্দ বললে তার মাঝে অন্য কারো অংশীদারিত্ব বুঝায় না, শুধু একজন নির্দিষ্ট ব্যক্তিকে বুঝায়। এর সাথে অংশীদারিত্ব কল্পনা করা যায় না।

كُلِّىٌّ-এর আভিধানিক অর্থ : كُلِّىٌّ শব্দটি اِسْمُ الْمَنْسُوْبِ-এর শেষে ى বর্ণটি نِسْبَتٌ বুঝানোর জন্য ব্যবহৃত। শব্দটি كُلٌّ মূলধাতু থেকে اِسْمُ جَامِدٌ। মূলবর্ণ (ك . ل . ل) জিনসে مُضَاعَفٌ ثُلَاثِىٌّ ইংরেজি প্রতিশব্দ Completely, Fully. এর আভিধানিক অর্থ– ১. جَمِيْعٌ বা সমস্ত, ২. প্রত্যেক। যেমন আল্লাহর বাণী– وَكُلٌّ فِىْ فَلَكٍ يَّسْبَحُوْنَ ৩. পরিপূর্ণ।

www.eelm.weebly.com

পারিভাষিক সংজ্ঞা :

১ মিরকাত প্রণেতার মতে- هُوَ مَا لَا يَمْتَنِعُ نَفْسُ تَصَوُّرِهِ عَنْ وُقُوْعِ الشِّرْكَةِ فِيْهِ وَعَنْ صِدْقِهِ عَلٰى كَثِيْرِيْنَ
অর্থাৎ যে مَفْهُوْم একাধিক বিষয় শরিক হওয়াকে নিষেধ করে না এবং অনেকের উপর প্রযোজ্য হয়, তাকে كُلِّيٌّ বলে।

২. সুল্লামুল উলূম গ্রন্থকার বলেন- اَلْمَفْهُوْمُ اِنْ جَوَّزَ الْعَقْلُ تَكَثُّرَهُ مِنْ حَيْثُ التَّصَوُّرِ فَكُلِّيٌّ
অর্থাৎ, নিজস্ব সত্তার দিক থেকে مَفْهُوْم যদি একাধিক এককের উপর প্রযোজ্য হয়, তবে তাকে كُلِّيٌّ বলে।

৩. মীযানুল আখবার প্রণেতার মতে- اِنْ مَنَعَ نَفْسُ تَصَوُّرِهِ عَنْ وُقُوْعِ الشِّرْكَةِ فِيْهِ فَهُوَ كُلِّيٌّ
অর্থাৎ যে مَفْهُوْم তার উপর আরোপিত অংশীদারিত্বকে নিষেধ করে না, তাই كُلِّيٌّ।

৪. কারো কারো মতে, যার কল্পনা কোনো জিনিসের অংশীদারিত্বকে এবং একাধিক বিষয়ের উপর প্রযোজ্য হওয়াকে বাধা দেয় না, তাই كُلِّيٌّ।

উদাহরণ : যেমন- اِنْسَانٌ শব্দটি زَيْدٌ . بَكْرٌ . رَاشِدٌ সবার উপর সমানভাবে প্রযোজ্য।

كُلِّيٌّ ও جُزْئِيٌّ-এর সংজ্ঞার قَيْدٌ-এর বর্ণনা : جُزْئِيٌّ-এর সংজ্ঞায় نَفْسُ تَصَوُّرِهِ-এর قَيْد দ্বারা যেসব كُلِّيٌّ বের হয়ে গেছে যা বাস্তবে অংশীদারিত্ব মুক্ত, কিন্তু কল্পনাগত দিক থেকে অংশীদারিত্ব মুক্ত নয়। আর كُلِّيٌّ-এর সংজ্ঞায় نَفْسُ تَصَوُّرِهِ-এর قَيْد দ্বারা ঐ সব كُلِّيٌّ অন্তর্ভুক্ত হয়েছে যা বাস্তবে অংশীদারিত্ব মুক্ত। যেমন- وَاجِبُ الْوُجُوْدِ

উল্লেখ্য, অত্র আলোচনায় جُزْئِيٌّ ও كُلِّيٌّ-এর সংজ্ঞায় একটু ভিন্নতর বর্ণনা দেওয়া হয়েছে যা উপরোল্লিখিত বর্ণনার ব্যতিক্রম হলেও উভয় সংজ্ঞার মূল বক্তব্য এক ও অভিন্ন।

قَوْلُهُ اَلْكُلِّيُّ اَقْسَامٌ الخ-এর আলোচনা : এখানে كُلِّيٌّ-এর প্রকারের বর্ণনা দেওয়া হয়েছে। আর كُلِّيٌّ-এর اَفْرَادٌ বাস্তব ও অবাস্তব এবং কম বা বেশি ও সীমিত ও সীমাহীন হওয়ার দিক দিয়ে كُلِّيٌّ চার প্রকার। এদের সার এই যে, كُلِّيٌّ-এর اَفْرَادٌ-এর অস্তিত্ব পাওয়া যাবে বা যাবে না । اَفْرَادٌ পাওয়া না গেলে প্রথম প্রকার। আর পাওয়া গেলে এর সংখ্যা এক হবে বা অধিক হবে। এক হলে এটি দ্বিতীয় প্রকার। আর اَفْرَادٌ অধিক হলে সীমিত হবে বা সীমাহীন হবে সীমিত হলে এটি তৃতীয় প্রকার। অন্যথায় চতুর্থ প্রকার।

قَوْلُهُ اَحَدُهَا يَمْتَنِعُ الخ-এর আলোচনা : كُلِّيٌّ-এর প্রথম প্রকার ঐ كُلِّيٌّ যার কোনো فَرْدٌ (একক) خَارِجٌ (বাস্তবে) পাওয়া যাবে না। যেমন- لَا شَيْئٌ . لَا مُمْكِنٌ . لَا مَوْجُوْدٌ এগুলোর مَفْهُوْمٌ এ তিনটি كُلِّيٌّ কিন্তু এগুলোর কোনোটির কোনো فَرْدٌ বা একক বাস্তবে পাওয়া যেতে পারে না। কেননা, বাস্তবে যা পাওয়া যায় তাকে شَيْئٌ مُمْكِنٌ এবং شَيْئٌ مَوْجُوْدٌ বলা হয়। অতঃপর لَا مَوْجُوْدٌ . لَا مُمْكِنٌ . لَا شَيْئٌ ও যদি বাস্তবে পাওয়া যায়, তাহলে এটি اِجْتِمَاعُ نَقِيْضَيْنِ (দু বৈপরীত্যের একত্রিকরণ) জরুরি হবে, যা অসম্ভব।

قَوْلُهُ كَالْعَنْقَاءِ-এর আলোচনা : এটি كُلِّيٌّ-এর দ্বিতীয় প্রকারের উদাহরণ। كُلِّيٌّ-এর দ্বিতীয় প্রকার হলো- যার اَفْرَادٌ বাস্তবে পাওয়া যাওয়া সম্ভব; কিন্তু তার একটি فَرْدٌও পাওয়া যায় না। যেমন- عَنْقَاءُ-এর مَفْهُوْمٌ এবং ইয়াকুতের পাহাড়ের مَفْهُوْمٌ -কেননা, عَنْقَاءُ-এর ব্যাপারে কথিত আছে যে, তা এমন একটি পাখি যার চারটি পা আছে, দু'টি ডানা আছে, একটি ডানা مَشْرِقٌ-এ এবং একটি ডানা مَغْرِبٌ-এ থাকে। এমন পাখি বাস্তবে পাওয়া যাওয়া সম্ভব ; কিন্তু এ যাবৎ পাওয়া যায়নি। অনুরূপ ইয়াকুতের পাহাড় পাওয়া যাওয়া সম্ভব ; কিন্তু পাওয়া যায়নি।

قَوْلُهُ وَثَالِثُهَا مَا اَمْكَنَتْ الخ-এর আলোচনা : كُلِّيٌّ-এর তৃতীয় প্রকার যার اَفْرَادٌ পাওয়া যাওয়া সম্ভব ; কিন্তু বাস্তবে মাত্র একটি فَرْدٌ পাওয়া যাবে। এরূপ كُلِّيٌّ দু' প্রকার :

১. كُلِّيٌّ-এর এক فَرْدٌ-এর অধিক বাস্তবে পাওয়া যাওয়া সম্ভব নয়। যেমন- وَاجِبُ تَعَالٰى যার শুধু একমাত্র একক। অর্থাৎ আল্লাহ তা'আলা বাস্তব, বাস্তবে যার অন্য কোনো সংখ্যা নেই। কেননা, তার অন্য কোনো সংখ্যা থাকলে শিরক হবে যা অসম্ভব।

২. যার এক فَرْدٌ বাস্তবে পাওয়া যায় তবে একাধিক فَرْدٌ পাওয়া যাওয়াও সম্ভব। যেমন- اَلشَّمْسُ (সূর্য যার) একটি فرد পাওয়া যায়। একাধিক পাওয়া যাওয়ার ব্যাপারেও عَقْلًا কোনো আপত্তি নেই।

قَوْلُهُ وَرَابِعُهَا مَا وُجِدَتْ الخ-এর আলোচনা : চতুর্থ প্রকার ঐ كُلِّيٌّ যার অনেক اَفْرَادٌ বাস্তবে পাওয়া যায়। তবে তা দু' প্রকার- ১. যার افراد বাস্তবে সীমিত। যেমন- كَوَاكِبُ سَيَّارَةٌ যার اَفْرَادٌ বাস্তবে অনেক পাওয়া যাওয়ার ব্যাপারে عَقْلًا কোনো আপত্তি নেই। তবে বাস্তবে শুধু সাতটি পাওয়া যায়, যা سَبْعُ سَيَّارَةٌ নামে অপরিচিত। এরা হলো مُشْتَرِيْ . زُحَلٌ . مِرِّيْخٌ . زُهْرَةٌ . عُطَارِدٌ . اَلْقَمَرُ . اَلشَّمْسُ ২. যার اَفْرَادٌ বাস্তবে সীমাহীন, যেমন- اِنْسَانٌ এবং فَرَسٌ ইত্যাদির اَفْرَادٌ বাস্তবে غَيْرُ مُتَنَاهِيْ তবে যারা عَالَمٌ-কে حَادِثٌ বলে তাদের মতে اِنْسَانٌ اَفْرَادٌ সীমিত বা مُتَنَاهِيْ হবে। আর আমাদের উদাহরণ ঐ সকল বিশেষজ্ঞদের মতানুসারে যারা عَالَمٌ-কে قَدِيْمٌ বলেন।

www.eelm.weebly.com

وَقَدْ اُوْرِدَ عَلٰى تَعْرِيْفِ الْكُلِّيِّ وَالْجُزْئِيِّ سُؤَالٌ تَقْرِيْرُهٗ اَنَّ الصُّوْرَةَ الْحَاصِلَةَ مِنَ الْبَيْضَةِ الْمُعَيَّنَةِ وَالشَّبْهِ الْمَرْئِىْ مِنْ بَعِيْدٍ وَمَحْسُوْسَ الطِّفْلِ فِىْ مَبْدَأِ الْوِلَادَةِ كُلُّهَا جُزْئِيَّاتٌ مَعَ اَنَّهٗ يَصْدُقُ عَلَيْهَا تَعْرِيْفُ الْكُلِّىْ لِاَنَّ فِىْ هٰذِهِ الصُّوْرَةِ فَرْضُ صِدْقِهَا عَلٰى كَثِيْرِيْنَ غَيْرُ مُمْتَنِعٍ وَالْجَوَابُ اَنَّ الْمُرَادَ بِصِدْقِ الْمَفْهُوْمِ فِىْ تَعْرِيْفِ الْكُلِّيِّ هُوَ الصِّدْقُ عَلٰى وَجْهِ الْاِجْتِمَاعِ وَهٰذِهِ الصُّوَرُ اَعْنِىْ صُوْرَةُ الْبَيْضَةِ الْمُعَيَّنَةِ وَغَيْرُهَا اِنَّمَا يَصْدُقُ عَلٰى كَثِيْرِيْنَ بَدَلًا لَا اِجْتِمَاعًا فَاِنَّ الْوَحْدَةَ مَاخُوْذَةٌ فِىْ هٰذِهِ الصُّوْرَةِ ضَرُوْرَةَ اَنَّهَا مَاخُوْذَةٌ مِنْ مَادَّةٍ مُعَيَّنَةٍ جُزْئِيَّةٍ وَلَوْلَا فِيْهَا اِعْتِبَارُ التَّوَحُّدِ لَكَانَتْ كُلِّيَّةً مِنْ غَيْرِ لُزُوْمِ اَشْكَالِ هٰذَا

সরল অনুবাদ : আর كُلِّى এবং جُزْئِى-এর সংজ্ঞার উপর একটি প্রশ্ন উত্থাপিত হয়েছে। যার বিশ্লেষণ হলো, নির্দিষ্ট ডিমের অর্জিত আকৃতি, দূর হতে অবলোকিত আকৃতি এবং শিশু জন্মের প্রাথমিক অবস্থায় অনুভূত আকৃতি– এসব কিছুই جُزْئِى অথচ এগুলোর উপর كُلِّى -এর সংজ্ঞা প্রযোজ্য হয়। কেননা, এ অবস্থায় এদের একাধিক বস্তুর ক্ষেত্রে প্রযোজ্য হওয়া অসম্ভব নয়।

উত্থাপিত প্রশ্নটির উত্তর এই যে, كُلِّى -এর সংজ্ঞার ব্যাপারে কোনো বিষয় প্রযোজ্য হওয়ার অর্থ হচ্ছে– তার ব্যাপারে সমষ্টিগতভাবে প্রযোজ্য হওয়া, আর নির্দিষ্ট একটি ডিমের আকৃতি এবং আরো যা কিছু রয়েছে এগুলো একাধিক বস্তুর ক্ষেত্রে প্রযোজ্য হয় বদল বা পরিবর্তন হিসেবে সমষ্টিগত হিসেবে নয়। কেননা, এ সকল আকৃতি হচ্ছে جُزْئِى এবং নির্দিষ্ট বস্তু হতে সংগৃহীত বিধায় এগুলোর মধ্যে এককত্ব রয়েছে। আর যদি এগুলোর মধ্যে এককত্বের বিবেচনা না হতো, তবে বিনা প্রশ্নেই এগুলো كُلِّى হিসেবে ধর্তব্য হতো।

فَصْلٌ فِى النِّسْبَةِ بَيْنَ الْكُلِّيَّيْنِ : اِعْلَمْ اَنَّ النِّسْبَةَ بَيْنَ الْكُلِّيَّيْنِ تَتَصَوَّرُ عَلٰى اَنْحَاءٍ اَرْبَعَةٍ لِاَنَّكَ اِذَا اَخَذْتَ كُلِّيَّيْنِ فَاَمَّا اَنْ يَصْدُقَ كُلٌّ مِنْهُمَا عَلٰى مَا صَدَقَ عَلَيْهِ الْاٰخَرُ فَهُمَا مُتَسَاوِيَانِ كَالْاِنْسَانِ وَالنَّاطِقِ لِاَنَّ كُلَّ اِنْسَانٍ نَاطِقٌ وَكُلُّ نَاطِقٍ اِنْسَانٌ اَوْ يَصْدُقُ اَحَدُهُمَا عَلٰى مَا يَصْدُقُ عَلَيْهِ الْاٰخَرُ وَلَا يَصْدُقُ الْاٰخَرُ عَلٰى جَمِيْعِ اَفْرَادِ اَحَدِهِمَا فَبَيْنَهُمَا عُمُوْمٌ وَخُصُوْصٌ مُطْلَقًا كَالْحَيَوَانِ وَالْاِنْسَانِ فَيَصْدُقُ الْحَيَوَانُ عَلٰى كُلِّ مَا يَصْدُقُ عَلَيْهِ الْاِنْسَانُ وَلَا يَصْدُقُ الْاِنْسَانُ عَلٰى كُلِّ مَا يَصْدُقُ عَلَيْهِ الْحَيَوَانُ بَلْ عَلٰى بَعْضِهٖ اَوْ لَا يَصْدُقُ شَىْءٌ مِنْهُمَا عَلٰى شَىْءٍ مِمَّا يَصْدُقُ عَلَيْهِ الْاٰخَرُ فَهُمَا مُتَبَايِنَانِ كَالْاِنْسَانِ وَالْفَرَسِ

পরিচ্ছেদ : দু' كُلِّى -এর মধ্যে نِسْبَةٌ-এর বর্ণনা প্রসঙ্গে। জেনে রাখো যে, দু'টি كُلِّى -এর মধ্যে চার প্রকারের نِسْبَةٌ কল্পনা করা যায়। কেননা, যখন তুমি দু'টি كُلِّى গ্রহণ করবে, তখন হয়তো উভয়ের প্রত্যেক كُلِّى ঐ সকল اَفْرَادٌ -এর উপর প্রযোজ্য হবে যাদের উপর অপর كُلِّى প্রযোজ্য হবে। তখন এ উভয় كُلِّى-কে مُتَسَاوِيَانِ বলা হবে। যেমন– اِنْسَانٌ এবং نَاطِقٌ কেননা, প্রত্যেক اِنْسَانٌ ই-نَاطِقٌ এবং প্রত্যেক نَاطِقٌ ই-اِنْسَانٌ অথবা উভয় كُلِّى -এর একটি كُلِّى এমন সকল اَفْرَادٌ -এর উপর প্রযোজ্য হবে যাদের উপর অপর كُلِّى প্রযোজ্য হয় ; কিন্তু অপর كُلِّى প্রথম كُلِّى -এর সকল اَفْرَادٌ -এর উপর প্রযোজ্য হবে না। এরূপ দু' كُلِّى -এর মধ্যে عُمُوْم خُصُوْص مُطْلَقْ -এর نِسْبَةٌ হবে। যেমন– حَيَوَانٌ এবং اِنْسَانٌ সুতরাং حَيَوَانٌ যে সকল اِنْسَانٌ -এর উপর প্রযোজ্য হবে اَفْرَادٌ তাদের সকলের উপর প্রযোজ্য হবে না; বরং তাদের অংশের উপর প্রযোজ্য হবে। অথবা দু' كُلِّى -এর কোনো كُلِّى ঐ সকল اَفْرَادٌ সমূহ হতে কোনো فَرْدٌ -এর উপর প্রযোজ্য হবে না যার উপর অপর كُلِّى প্রযোজ্য হবে। আর এ দু' كُلِّى -কে مُتَبَايِنَانِ বলে। যেমন– اِنْسَانٌ এবং فَرَسٌ

www.eelm.weebly.com

মাশরুতায়ে খাসসা সালিবায়ে কুল্লিয়া	بِالضَّرُوْرَةِ لَا شَيْءَ مِنَ الْكَاتِبِ بِسَاكِنِ الْاَصَابِعِ مَادَامَ كَاتِبًا لَا دَائِمًا .	”	اَمَّا بَعْضُ الْكَاتِبِ سَاكِنُ الْاَصَابِعِ بِالْاِمْكَانِ حِيْنَ هُوَ كَاتِبٌ وَاَمَّا بَعْضُ الْكَاتِبِ لَيْسَ بِسَاكِنِ الْاَصَابِعِ دَائِمًا .
উরফিয়ায়ে খাসসা মূজিবায়ে কুল্লিয়া	كُلُّ كَاتِبٍ مُتَحَرِّكُ الْاَصَابِعِ دَائِمًا مَادَامَ كَاتِبًا لَا دَائِمًا .	”	اَمَّا بَعْضُ الْكَاتِبِ لَيْسَ بِمُتَحَرِّكِ الْاَصَابِعِ بِالْفِعْلِ حِيْنَ هُوَ كَاتِبٌ وَاَمَّا بَعْضُ الْكَاتِبِ مُتَحَرِّكُ الْاَصَابِعِ دَائِمًا .
উরফিয়ায়ে খাসসা সালিবায়ে কুল্লিয়া	لَا شَيْءَ مِنَ الْكَاتِبِ بِسَاكِنِ الْاَصَابِعِ دَائِمًا مَادَامَ كَاتِبًا لَا دَائِمًا .	”	اَمَّا بَعْضُ الْكَاتِبِ سَاكِنُ الْاَصَابِعِ بِالْفِعْلِ حِيْنَ هُوَ كَاتِبٌ وَاَمَّا بَعْضُ الْكَاتِبِ لَيْسَ بِسَاكِنِ الْاَصَابِعِ دَائِمًا .
ওয়াকতিয়া মূজিবায়ে কুল্লিয়া	بِالضَّرُوْرَةِ كُلُّ قَمَرٍ مُنْخَسِفٌ وَقْتَ الْحَيْلُوْلَةِ لَا دَائِمًا .	”	اَمَّا بَعْضُ الْقَمَرِ لَيْسَ بِمُنْخَسِفٍ بِالْاِمْكَانِ وَقْتَ الْحَيْلُوْلَةِ وَاَمَّا بَعْضُ الْقَمَرِ مُنْخَسِفٌ دَائِمًا .
ওয়াকতিয়া সালিবায়ে কুল্লিয়া	بِالضَّرُوْرَةِ لَاشَيْءَ مِنَ الْقَمَرِ بِمُنْخَسِفٍ وَقْتَ التَّرْبِيْعِ لَادَائِمًا .	”	اَمَّا بَعْضُ الْقَمَرِ مُنْخَسِفٌ بِالْاِمْكَانِ وَقْتَ التَّرْبِيْعِ وَاَمَّا بَعْضُ الْقَمَرِ لَيْسَ بِمُنْخَسِفٍ دَائِمًا .
মুনতাশিরা মূজিবায়ে কুল্লিয়া	بِالضَّرُوْرَةِ كُلُّ اِنْسَانٍ مُتَنَفِّسٌ وَقْتًا مَا لَا دَائِمًا .	”	اَمَّا بَعْضُ الْاِنْسَانِ لَيْسَ بِمُتَنَفِّسٍ بِالْاِمْكَانِ وَاَمَّا بَعْضُ الْاِنْسَانِ لَيْسَ بِمُتَنَفِّسٍ دَائِمًا .
মুনতাশিরা সালিবায়ে কুল্লিয়া	بِالضَّرُوْرَةِ لَا شَيْءَ مِنَ الْاِنْسَانِ بِمُتَنَفِّسٍ وَقْتًا مَا لَا دَائِمًا .		اَمَّا بَعْضُ الْاِنْسَانِ لَيْسَ بِمُتَنَفِّسٍ بِالْاِمْكَانِ وَاَمَّا بَعْضُ الْاِنْسَانِ لَيْسَ بِمُتَنَفِّسٍ دَائِمًا .
অজূদিয়া লা যরুরিয়া মূজিবায়ে কুল্লিয়া	كُلُّ اِنْسَانٍ ضَاحِكٌ بِالْفِعْلِ لَا بِالضَّرُوْرَةِ .	”	اَمَّا بَعْضُ الْاِنْسَانِ لَيْسَ بِضَاحِكٍ دَائِمًا وَاَمَّا بَعْضُ الْاِنْسَانِ ضَاحِكٌ بِالضَّرُوْرَةِ .
অজূদিয়া লা যরুরিয়া সালিবায়ে কুল্লিয়া	لَا شَيْءَ مِنَ الْاِنْسَانِ بِضَاحِكٍ بِالْفِعْلِ لَا بِالضَّرُوْرَةِ .	”	اَمَّا بَعْضُ الْاِنْسَانِ لَيْسَ بِضَاحِكٍ دَائِمًا وَاَمَّا بَعْضُ الْاِنْسَانِ ضَاحِكٌ بِالضَّرُوْرَةِ .
অজূদিয়া লা দায়েমা মূজিবায়ে কুল্লিয়া	كُلُّ اِنْسَانٍ ضَاحِكٌ بِالْفِعْلِ لَا دَائِمًا .	”	اَمَّا بَعْضُ الْاِنْسَانِ لَيْسَ بِضَاحِكٍ دَائِمًا وَاَمَّا بَعْضُ الْاِنْسَانِ ضَاحِكٌ بِالْفِعْلِ .
অজূদিয়া লা দায়েমা সালিবায়ে কুল্লিয়া	لَا شَيْءَ مِنَ الْاِنْسَانِ بِضَاحِكٍ بِالْفِعْلِ لَا دَائِمًا .	”	اَمَّا بَعْضُ الْاِنْسَانِ لَيْسَ بِضَاحِكٍ دَائِمًا وَاَمَّا بَعْضُ الْاِنْسَانِ ضَاحِكٌ بِالْفِعْلِ .

www.eelm.weebly.com

فَصْلٌ : وَيُشْتَرَطُ فِىْ اَخْذِ نَقَائِضِ الشَّرْطِيَّاتِ الْاِتِّفَاقُ فِى الْجِنْسِ وَالنَّوْعِ وَالْمُخَالَفَةِ فِى الْكَيْفِ فَنَقِيْضُ الْمُتَّصِلَةِ اللُّزُوْمِيَّةِ الْمُوْجِبَةِ سَالِبَةٌ مُتَّصِلَةٌ لُزُوْمِيَّةٌ وَنَقِيْضُ الْمُنْفَصِلَةِ الْعِنَادِيَّةِ الْمُوْجِبَةِ سَالِبَةٌ مُنْفَصِلَةٌ عِنَادِيَّةٌ وَهٰكَذَا فَاِذَا قُلْتَ دَائِمًا كُلَّمَا كَانَ اَبَ فَجَ دَ وَكَانَ نَقِيْضُهُ لَيْسَ كُلَّمَا كَانَ اَبَ فَجَ دَ وَاِذَا قُلْتَ دَائِمًا اِمَّا اَنْ يَّكُوْنَ هٰذَا الْعَدَدُ زَوْجًا اَوْ فَرْدًا فَنَقِيْضُهُ لَيْسَ دَائِمًا اَمَّا اَنْ يَّكُوْنَ هٰذَا الْعَدَدُ زَوْجًا اَوْ فَرْدًا ـ

সরল অনুবাদ : পরিচ্ছেদ : কাযিয়ায়ে শর্তিয়ার নকীয গঠনের জন্য জিনস ও نَوْعٌ-এর ক্ষেত্রে এক হওয়া এবং কায়েফের ক্ষেত্রে একটি অপরটির বিপরীত হওয়া পূর্বশর্ত। অতএব, মুত্তাসিলায়ে লুযূমিয়ায়ে মূজিবার نَقِيْض হবে সালিবায়ে মুত্তাসিলায়ে লুযূমিয়া। আর মুনফাসিলায়ে ইনাদিয়ায়ে মূজিবার نَقِيْض হবে সালিবায়ে মুনফাসিলায়ে ইনাদিয়া। এমনিভাবে অন্যান্য কাযিয়ার نَقِيْض গঠন পদ্ধতি এর উপর কিয়াস করে নিবে। অতএব, তুমি যখন বলবে- كُلَّمَا كَانَ اَبَ فَجَ دَ তখন তার نَقِيْضُ হবে لَيْسَ كُلَّمَا كَانَ اَبَ فَجَ دَ আর যখন তুমি বলবে- دَائِمًا اِمَّا اَنْ يَّكُوْنَ هٰذَا الْعَدَدُ زَوْجًا اَوْ فَرْدًا (সর্বদা এ সংখ্যাটি হয়তো জোড় হবে অথবা বিজোড় হবে) তখন এর نَقِيْض হবে- لَيْسَ دَائِمًا اِمَّا اَنْ يَّكُوْنَ هٰذَا الْعَدَدُ زَوْجًا اَوْ فَرْدًا (সর্বদা এ সংখ্যাটি হয়তো জোড় হবে অথবা বিজোড় হবে না)।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ وَيُشْتَرَطُ পূর্বশর্ত فِىْ اَخْذِ نَقَائِضِ الشَّرْطِيَّاتِ কাযিয়ায়ে শর্তিয়ার নকীয গঠনের জন্য الْاِتِّفَاقُ এক হওয়া فِى الْجِنْسِ وَالنَّوْعِ - جِنْس ও نَوْع-এর ক্ষেত্রে وَالْمُخَالَفَةُ একটি অপরটির বিপরীত হওয়া فِى الْكَيْفِ - كَيْف-এর ক্ষেত্রে فَنَقِيْضُ অতএব নকীয হবে الْمُتَّصِلَةِ اللُّزُوْمِيَّةِ الْمُوْجِبَةِ মুত্তাসিলায়ে লুযূমিয়ায়ে মূজিবার سَالِبَةٌ مُتَّصِلَةٌ لُزُوْمِيَّةٌ সালিবায়ে মুত্তাসিলায়ে লুযূমিয়া وَنَقِيْضُ আর নকীয হবে الْمُنْفَصِلَةِ الْعِنَادِيَّةِ الْمُوْجِبَةِ মুনফাসিলায়ে ইনাদিয়ায়ে মূজিবার سَالِبَةٌ مُنْفَصِلَةٌ عِنَادِيَّةٌ সালিবায়ে মুনফাসিলায়ে ইনাদিয়া وَهٰكَذَا এমনিভাবে অন্যান্য কাযিয়ার نَقِيْض গঠন পদ্ধতি এর উপর কিয়াস করে নিবে فَاِذَا قُلْتَ অতএব তুমি যখন বলবে دَائِمًا كُلَّمَا كَانَ اَبَ فَجَ دَ সর্বদা যখন আ বা হয়, তখন জা দা হয় وَكَانَ نَقِيْضُهُ তখন তার نَقِيْض হবে لَيْسَ كُلَّمَا كَانَ اَبَ فَجَ دَ যখন আ বা হবে, তখন জা দা হবে না وَاِذَا قُلْتَ আর যখন তুমি বলবে دَائِمًا اِمَّا اَنْ يَّكُوْنَ সর্বদা হয়তো হবে هٰذَا الْعَدَدُ এ সংখ্যাটি زَوْجًا اَوْ فَرْدًا জোড় অথবা বিজোড় فَنَقِيْضُهُ তখন এর نَقِيْض হবে لَيْسَ دَائِمًا সর্বদা হবে না اِمَّا اَنْ يَّكُوْنَ হয়তো হবে هٰذَا الْعَدَدُ এ সংখ্যাটি زَوْجًا اَوْ فَرْدًا জোড় অথবা বিজোড়।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ وَيُشْتَرَطُ فِىْ اَخْذِ الخ-এর আলোচনা : অত্র পরিচ্ছেদে মুসান্নিফ (র.) কাযিয়া শর্তিয়ার نَقِيْض গঠন পদ্ধতি বর্ণনা করেছেন। কাযিয়া শর্তিয়ার نَقِيْض গঠনের জন্য جِنْس ও نَوْع হিসেবে এক হওয়া এবং كَيْف হিসেবে একটি অপরটির বিপরীত হওয়া জরুরি। جِنْس হিসেবে এক হওয়ার অর্থ এ ক্ষেত্রে مُنْفَصِلَةٌ ও مُتَّصِلَةٌ হওয়ার ব্যাপারে এক হওয়া। আর نَوْع হিসেবে এক হওয়ার অর্থ- لُزُوْم ও عِنَاد-এর ব্যাপারে উভয় কাযিয়া এক হওয়া। আর كَيْف হিসেবে এক হওয়ার অর্থ- একটি اِيْجَابٌ হলে অপরটি سَالِبَةٌ হবে। অধিকন্তু كَمّ হিসেবেও এক হওয়া আবশ্যক। অর্থাৎ একটি كُلِّى হলে অপরটি كُلِّىٌّ হবে।

قَوْلُهُ فَنَقِيْضُ الْمُتَّصِلَةِ اللُّزُوْمِيَّةِ-এর আলোচনা : مُتَّصِلَةٌ لُزُوْمِيَّةٌ مُوْجِبَةٌ-এর নকীয سَالِبَةٌ مُتَّصِلَةٌ لُزُوْمِيَّةٌ যেমন- كُلَّمَا كَانَتِ الشَّمْسُ طَالِعَةً فَالنَّهَارُ مَوْجُوْدٌ এটি مُتَّصِلَةٌ لُزُوْمِيَّةٌ مُوْجِبَةٌ; এর নকীয لَيْسَ كُلَّمَا كَانَتِ الشَّمْسُ طَالِعَةً فَالنَّهَارُ مَوْجُوْدٌ এটি مُتَّصِلَةٌ لُزُوْمِيَّةٌ سَالِبَةٌ -

www.eelm.weebly.com

سَالِبَةٌ مُنْفَصِلَةٌ عِنَادِيَةٌ وَنَقِيْضُ الْمُنْفَصِلَةِ الخ -এর আলোচনা : قَوْلُهُ মুনফাসিলা منفصلة عنادية موجبة -এর নকীয سَالِبَةٌ مُنْفَصِلَةٌ عِنَادِيَةٌ
লাইস দাইমান لَيْسَ دَائِمًا إِمَّا أَنْ يَكُوْنَ هٰذَا الْعَدَدُ زَوْجًا أَوْ فَرْدًا -এর নকীয مُنْفَصِلَةٌ عِنَادِيَةٌ مُوْجِبَةٌ এটি دَائِمًا إِمَّا أَنْ يَكُوْنَ هٰذَا الْعَدَدُ زَوْجًا أَوْ فَرْدًا যেমন- এটি عِنَادِيَةٌ سَالِبَةٌ مُنْفَصِلَةٌ -

قَوْلُهُ كُلَّمَا كَانَ اَبَ فَجَ دَ -এর আলোচনা : এ উদাহরণ দ্বারা ইতিবাচক مُتَّصِلَةٌ لُزُوْمِيَّةٌ কাযিয়ার নকীয নেতিবাচক مُتَّصِلَةٌ لُزُوْمِيَّةٌ আসার উদাহরণ প্রদান করেছেন। যেমন– 'আ'-কে যদি মনে করা হয় যে, এটি সূর্য। আর 'বা' -কে মনে করা হয় উদিত হওয়া। আর 'জা'-কে ধরা হয় দিবস এবং 'দা' দ্বারা মনে করা হয় অস্তিত্বশীল হওয়া। তখন সংকেত প্রদানমূলক উদাহরণটির রূপ এভাবে হবে যে, সর্বদা যখন সূর্য উদিত হয় তখনই দিবস অস্তিত্বশীল হয়। অতএব, এর نَقِيْض এটি নয় যে, যখন সূর্য উদিত হবে আর তখনই দিবস অস্তিত্বশীল হবে। মূল কাযিয়া সত্য আর نَقِيْض মিথ্যা। নিম্নে হামলিয়া এবং শর্তিয়ার নাকীযসমূহের চিত্র বর্ণিত হলো।

হামলিয়া ও শর্তিয়ার নাকীযসমূহের চিত্র

মূল কাযিয়া	উদাহরণ	নাকীয	উদাহরণ
হামলিয়ায়ে মূজিবায়ে কুল্লিয়া	كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ	হামলিয়ায়ে সালিবায়ে জুযয়িয়া	بَعْضُ الْاِنْسَانِ لَيْسَ بِحَيَوَانٍ
হামলিয়ায়ে সালিবায়ে কুল্লিয়া	لَا شَيْءَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ	হামলিয়ায়ে মূজিবায়ে জুযয়িয়া	بَعْضُ الْاِنْسَانِ بِحَجَرٍ
মুত্তাসিলায়ে লুযূমিয়ায়ে মূজিবায়ে কুল্লিয়া	كُلَّمَا كَانَتِ الشَّمْسُ طَالِعَةً كَانَ النَّهَارُ مَوْجُوْدًا	মুত্তাসিলায়ে লুযূমিয়ায়ে সালিবায়ে জুযয়িয়া	قَدْ لَا يَكُوْنُ إِذَا كَانَتِ الشَّمْسُ طَالِعَةً كَانَ النَّهَارُ مَوْجُوْدًا
মুত্তাসিলায়ে লুযূমিয়ায়ে সালিবায়ে কুল্লিয়া	لَيْسَ الْبَتَّةَ إِذَا كَانَتِ الشَّمْسُ طَالِعَةً كَانَ اللَّيْلُ مَوْجُوْدًا	মুত্তাসিলায়ে লুযূমিয়ায়ে মূজিবায়ে জুযয়িয়া	قَدْ يَكُوْنُ إِذَا كَانَتِ الشَّمْسُ طَالِعَةً كَانَ اللَّيْلُ مَوْجُوْدًا
মুনফাসিলায়ে ইনাদিয়ায়ে মূজিবায়ে কুল্লিয়া	دَائِمًا إِمَّا أَنْ تَكُوْنَ الشَّمْسُ طَالِعَةً أَوْ لَا يَكُوْنَ النَّهَارُ مَوْجُوْدًا	মুত্তাসিলায়ে ইনাদিয়ায়ে সালিবায়ে জুযয়িয়া	قَدْ لَا يَكُوْنُ إِمَّا أَنْ يَكُوْنَ الشَّمْسُ طَالِعَةً أَوْ لَا يَكُوْنَ النَّهَارُ مَوْجُوْدًا
মুনফাসিলায়ে ইনাদিয়ায়ে সালিবায়ে কুল্লিয়া	لَيْسَ الْبَتَّةَ إِمَّا أَنْ تَكُوْنَ الشَّمْسُ طَالِعَةً وَإِمَّا أَنْ يَكُوْنَ النَّهَارُ مَوْجُوْدًا	মুত্তাসিলায়ে ইনাদিয়ায়ে মূজিবায়ে জুযয়িয়া	قَدْ يَكُوْنُ إِمَّا أَنْ يَكُوْنَ الشَّمْسُ طَالِعَةً وَإِمَّا أَنْ يَكُوْنَ النَّهَارُ مَوْجُوْدًا

উল্লেখ্য, كُلَّمَا كَانَ اَبَ فَجَ دَ -এর প্রকৃত রূপ হলো– كُلَّمَا كَانَتِ الشَّمْسُ طَالِعَةً فَالنَّهَارُ مَوْجُوْدٌ এটা মূজিবায়ে কুল্লিয়ায়ে মুত্তাসিলায়ে লুযূমিয়া। এর নাকীয হবে لَيْسَ كُلَّمَا كَانَ اَبَ فَجَ دَ অর্থাৎ لَيْسَ كُلَّمَا كَانَتِ الشَّمْسُ طَالِعَةً فَالنَّهَارُ مَوْجُوْدٌ এটা সালেবায়ে কুল্লিয়ায়ে মুত্তাসিলায়ে লুযূমিয়া।

www.eelm.weebly.com

فَصْلٌ : اَلْعَكْسُ الْمُسْتَوِى وَيُقَالُ لَهُ الْعَكْسُ الْمُسْتَقِيْمُ اَيْضًا وَهُوَ عِبَارَةٌ عَنْ جَعْلِ الْجُزْءِ الْاَوَّلِ مِنَ الْقَضِيَّةِ ثَانِيًا وَالْجُزْءِ الثَّانِىْ اَوَّلاً مَعَ بَقَاءِ الصِّدْقِ وَالْكَيْفِ فَالسَّالِبَةُ الْكُلِّيَّةُ تَنْعَكِسُ كَنَفْسِهَا كَقَوْلِكَ لَا شَيْئَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ يَنْعَكِسُ اِلٰى قَوْلِكَ لَا شَيْئَ مِنَ الْحَجَرِ بِاِنْسَانٍ بِدَلِيْلِ الْخَلْفِ تَقْرِيْرُهٗ اَنَّهٗ لَوْ لَمْ يَصْدُقْ لَا شَيْئَ مِنَ الْحَجَرِ بِاِنْسَانٍ عِنْدَ صِدْقِ قَوْلِنَا لَا شَيْئَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ لَصَدَقَ نَقِيْضُهٗ اَعْنِىْ قَوْلَنَا بَعْضُ الْحَجَرِ اِنْسَانٌ فَنَضُمُّهٗ مَعَ الْاَصْلِ وَنَقُوْلُ بَعْضُ الْحَجَرِ اِنْسَانٌ وَلَا شَيْئَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ يَنْتُجُ سَلْبُ الشَّيْئِ عَنْ بَعْضِ الْحَجَرِ لَيْسَ بِحَجَرٍ فَيَلْزَمُ نَفْسِهٖ وَ ذٰلِكَ مُحَالٌ وَالسَّالِبَةُ الْجُزْئِيَّةُ لَا تَنْعَكِسُ لُزُوْمًا لِجَوَازِ عُمُوْمِ الْمَوْضُوْعِ فِىْ الْحَمْلِيَّةِ وَالْمُقَدَّمِ فِى الشَّرْطِيَّةِ مَثَلاً يَصْدُقُ بَعْضُ الْحَيَوَانِ لَيْسَ بِاِنْسَانٍ وَلَيْسَ يَصْدُقُ بَعْضُ الْاِنْسَانِ

সরল অনুবাদ : পরিচ্ছেদ : عَكْسُ مُسْتَوِىْ যাকে عَكْسُ مُسْتَقِيْم ও বলা হয়। তার অর্থ صِدْق (সত্যতা) ও كَيْف (অবস্থা) ঠিক রেখে কাযিয়ার প্রথম অংশকে দ্বিতীয় অংশে পরিণত করে দেওয়া, আর দ্বিতীয় অংশকে প্রথম অংশে পরিণত করা। অতএব, সালিবায়ে কুল্লিয়ার عَكْس ঠিক সালিবায়ে কুল্লিয়াই হবে। যেমন- তোমার উক্তি لَا شَيْئَ مِنَ الْحَجَرِ بِاِنْسَانٍ (কোনো পাথর মানুষ নয়) এর عَكْس হবে ; তোমার উক্তি لَا شَيْئَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ (কোনো মানুষ পাথর নয়) এটি দলীলে খালফ দ্বারা সাব্যস্ত হয়েছে। দলীল খালফের বিশ্লেষণ এই যে, আমাদের উক্তি لَا شَيْئَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ এ উক্তিটি সত্য হওয়ার সময় لَا شَيْئَ مِنَ الْحَجَرِ بِاِنْسَانٍ উক্তিটি যদি সত্য না হয়, তাহলে তার নকীয অর্থাৎ بَعْضُ الْاِنْسَانِ حَجَرٌ সত্য হবে। অতএব আমরা একে আসল কাযিয়ার সাথে মিলাবো এবং বলবো, بَعْضُ الْحَجَرِ اِنْسَانٌ وَلَا شَيْئَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ (কতক পাথর মানুষ ; আর কোনো মানুষই পাথর নয়)। এর নতীজা হবে بَعْضُ الْحَجَرِ لَيْسَ بِحَجَرٍ (কতক পাথর পাথর নয়)। ফলে স্বয়ং বস্তু হতে তাকে দূরীভূত করা হবে ; আর এটি অসম্ভব। সালিবায়ে জুযয়িয়ার عَكْس কখনো হয় না। কারণ, কাযিয়ায়ে হামলিয়ায় মাওযূ' এবং শর্তিয়ায় مُقَدَّمٌ আম হওয়ার সম্ভাবনা রয়েছে। যেমন- بَعْضُ الْحَيَوَانِ لَيْسَ بِاِنْسَانٍ এ উক্তিটি সত্য, কিন্তু بَعْضُ الْاِنْسَانِ لَيْسَ بِحَيَوَانٍ এ উক্তিটি সত্য নয়।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ اَلْعَكْسُ الْمُسْتَوِىْ আকসে মুসতাবী وَيُقَالُ لَهٗ যাকে বলা হয় اَلْعَكْسُ الْمُسْتَقِيْمُ আকসে মুসতাকীম اَيْضًا ও وَهُوَ عِبَارَةٌ তার অর্থ عَنْ جَعْلِ পরিণত করে দেওয়া الْجُزْءِ الْاَوَّلِ প্রথম অংশকে مِنَ الْقَضِيَّةِ কাযিয়ার ثَانِيًا দ্বিতীয় অংশে وَالْجُزْءِ الثَّانِىْ আর দ্বিতীয় অংশকে اَوَّلاً প্রথম অংশে مَعَ بَقَاءِ ঠিক রেখে اَلصِّدْقِ وَالْكَيْفِ - صِدْق (সত্যতা) ও كَيْف (অবস্থা) فَالسَّالِبَةُ الْكُلِّيَّةُ অতএব সালিবায়ে কুল্লিয়া تَنْعَكِسُ এর عَكْس - كَنَفْسِهَا ঠিক সালিবায়ে কুল্লিয়াই হবে كَقَوْلِكَ যেমন- তোমার উক্তি لَا شَيْئَ مِنَ الْاِنْسَانِ কোনো মানুষ নয় بِحَجَرٍ পাথর يَنْعَكِسُ এর عَكْس হবে اِلٰى قَوْلِكَ তোমার উক্তি لَا شَيْئَ مِنَ الْحَجَرِ কোনো পাথর নয় بِاِنْسَانٍ মানুষ بِدَلِيْلِ الْخَلْفِ এটি দলিলে খলফ দ্বারা সাব্যস্ত হয়েছে تَقْرِيْرُهٗ দলীলে খালফের বিশ্লেষণ এই যে, اَنَّهٗ لَوْ لَمْ يَصْدُقْ যদি সত্য না হয় لَا شَيْئَ مِنَ الْحَجَرِ কোনো পাথর নয় بِاِنْسَانٍ মানুষ عِنْدَ صِدْقِ قَوْلِنَا আমাদের উক্তি সত্য হওয়ার সময় لَا شَيْئَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ কোনো মানুষ পাথর নয় لَصَدَقَ نَقِيْضُهٗ তাহলে তার নকীয সত্য হবে اَعْنِىْ قَوْلَنَا অর্থাৎ আমাদের উক্তি بَعْضُ الْحَجَرِ কতক পাথর اِنْسَانٌ মানুষ فَنَضُمُّهٗ অতএব আমরা একে মিলাবো مَعَ الْاَصْلِ আসল কাযিয়ার সাথে وَنَقُوْلُ এবং বলবো بَعْضُ الْحَجَرِ কতক পাথর اِنْسَانٌ মানুষ وَلَا شَيْئَ مِنَ الْاِنْسَانِ আর কোনো মানুষই নয় بِحَجَرٍ পাথর يَنْتُجُ এর নতীজা হবে بَعْضُ الْحَجَرِ কতক পাথর لَيْسَ بِحَجَرٍ পাথর নয় فَيَلْزَمُ অতএব আবশ্যক হবে سَلْبُ الشَّيْئِ বস্তুকে দূরীভূত করা عَنْ نَفْسِهٖ স্বয়ং বস্তু হতে وَ ذٰلِكَ مُحَالٌ আর এটি অসম্ভব وَالسَّالِبَةُ الْجُزْئِيَّةُ সালিবায়ে জুযয়িয়া لَا تَنْعَكِسُ এর عَكْس হয় না لُزُوْمًا কখনো لِجَوَازِ কারণ সম্ভাবনা রয়েছে عُمُوْمِ الْمَوْضُوْعِ মাওযূ' আম হওয়ার فِى الْحَمْلِيَّةِ কাযিয়ায়ে হামলিয়ায় وَالْمُقَدَّمِ فِى الشَّرْطِيَّةِ এবং শর্তিয়ায় মুকাদ্দাম مَثَلاً যেমন- يَصْدُقُ এ উক্তিটি সত্য بَعْضُ الْحَيَوَانِ কতক প্রাণী لَيْسَ بِاِنْسَانٍ মানুষ নয় وَلَيْسَ يَصْدُقُ কিন্তু এ উক্তিটি সত্য নয় بَعْضُ الْاِنْسَانِ কতক মানুষ لَيْسَ بِحَيَوَانٍ প্রাণী নয়।

www.eelm.weebly.com

সংশ্লিষ্ট আলোচনা

عَكْس مُسْتَوِىْ-এর আলোচনা : عَكْس مُسْتَوِىْ-এর আভিধানিক অর্থ : عَكْس শব্দটি বাবে ضَرَبَ-এর মাসদার। মূলবর্ণ (ع . ك . س) জিনসে صَحِيْح -এর আভিধানিক অর্থ– পরিবর্তন করা, উল্টিয়ে দেওয়া, বিপরীত হওয়া ইত্যাদি। আর مُسْتَوِىْ শব্দটি বাবে اِفْتِعَالْ থেকে اِسْمُ فَاعِلْ-এর وَاحِدْ مُذَكَّرْ-এর সীগাহ। মূলবর্ণ (س . و . ى) জিনসে لَفِيْف مَقْرُوْن অর্থ– সমভাবে, সমান সমান, সরল-সহজ ইত্যাদি। সুতরাং عَكْس مُسْتَوِىْ অর্থ– সমানভাবে বিপরীত।

مَعْنَى الْعَكْسِ الْمُسْتَوِىْ اِصْطِلَاحًا [عَكْس مُسْتَوِىْ -এর পারিভাষিক সংজ্ঞা] :

১. মিরকাত গ্রন্থকার বলেন– هُوَ عِبَارَةٌ عَنْ جَعْلِ الْجُزْءِ الْاَوَّلِ مِنَ الْقَضِيَّةِ ثَانِيًا وَالْجُزْءِ الثَّانِىْ اَوَّلاً مَعَ بَقَاءِ الصِّدْقِ وَالْكَيْفِ . অর্থাৎ قَضِيَّةْ বা বাক্যের صِدْق বা সত্যতা এবং كَيْفِيَّةْ বা ধরন ঠিক রেখে প্রথমাংশকে দ্বিতীয়াংশে এবং দ্বিতীয়াংশকে প্রথমাংশে পরিবর্তন করাকে عَكْس مُسْتَوِىْ বলা হয়।

২. মীযানুল মানতিক গ্রন্থকার বলেন– هُوَ عِبَارَةٌ عَنْ جَعْلِ طَرَفَيِ الْقَضِيَّةِ مَكَانَ الْاٰخَرِ مَعَ بَقَاءِ الصِّدْقِ وَالْكَيْفِ

উদাহরণ : بَعْضُ الْحَيَوَانِ اِنْسَانٌ ; كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ-এর কিছু অংশ পরিবর্তন করে عَكْس مُسْتَوِىْ করা হয়– অনুরূপভাবে لَا شَيْئَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ-এর عَكْس مُسْتَوِىْ হলো لَا شَيْئَ مِنَ الْحَجَرِ بِاِنْسَانٍ।

قَوْلُهُ الْعَكْسُ الْمُسْتَوِىْ-এর আলোচনা : عَكْس مُسْتَوِىْ কাযিয়ার كَيْف ও صِدْق ঠিক রেখে তার প্রথম অংশকে দ্বিতীয় অংশে এবং দ্বিতীয় অংশকে প্রথম অংশে পরিণত করে দেওয়াকে বলা হয়। এখানে কাযিয়ার এক অংশের দ্বারা অন্য অংশের পরিবর্তন করার অর্থ হলো, যদি কাযিয়াটি حَمْلِيَّةْ হয়, তাহলে কাযিয়ার مَوْضُوْع-কে مَحْمُوْل করা এবং مَحْمُوْل-কে مَوْضُوْع করা। আর যদি শর্তিয়া হয়, তবে মুকাদ্দমকে তালী এবং তালীকে মুকাদ্দাম করা।

قَوْلُهُ مَعَ بَقَاءِ الصِّدْقِ وَالْكَيْفِ-এর আলোচনা : صِدْق (সিদ্‌ক) ঠিক থাকার অর্থ হলো, যদি মূল কাযিয়া সত্য হয় কিংবা তাকে সত্য বলে ধরে নিয়ে থাকে, তবে কাযিয়ার উভয় অংশ পরিবর্তন করার পরও তা অনিবার্যভাবে সত্য থাকবে অথবা তাকে সত্য মেনে নেওয়া হবে। আর كَيْف-এর ঠিক থাকার অর্থ হলো, যদি মূল কাযিয়া হ্যাঁ-বাচক হয়, তবে নতুন কাযিয়াটিও অনিবার্য হবে। আর যদি মূল কাযিয়াটি না-বাচক হয়, তবে নতুন কাযিয়াটিও অনিবার্য না-বাচক হবে।

قَوْلُهُ لَوْ لَمْ يَصْدُقْ-এর আলোচনা : লেখকের দাবি সালিবা কুল্লিয়ার عَكْس সালিবা কুল্লিয়া, এটি দলীলে খালফ দ্বারা প্রমাণিত। তর্কশাস্ত্রবিদদের পরিভাষায় দলীলে খাল্‌ফ অর্থ হলো, একটি نَقِيْض অস্বীকার করলে অপরটি সাব্যস্ত করার জন্য দলিল পেশ করা। অর্থাৎ যে عَكْس-কে অস্বীকার করা হচ্ছে তার نَقِيْض-কে মূল কাযিয়ার সাথে মিলিয়ে شَكْلِ اَوَّلْ-এর মাধ্যমে ফলাফল বের করা। কারণ, শিকলে আউয়ালের মাধ্যমে যে নতীজা বের হয়, তা সঠিক। দলীলে খালফের মর্মকথা এই যে, যদি দাবির সত্যতা স্বীকার না করা হয়, তাহলে দাবির বিপরীত পক্ষকে স্বীকার করতে বাধ্য থাকবে। এখন দাবির বিপরীত পক্ষকে যার সম্পর্কে দাবি করা হয়েছে; এর সাথে মিলালে যে ফলাফল বের হবে যদি তা শুদ্ধ হয়, তাহলে দাবি সত্য নয়। আর যদি ফলাফল শুদ্ধ না হয়, তাহলে বুঝতে হবে দাবির বিপরীত পক্ষ সত্য নয়– দাবিই সঠিক ও সত্য।

দলীলে খালফের উদাহরণ– لَا شَيْئَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ (কোনো মানুষই পাথর নয়।) এর عَكْس যদি অপর একটি سَالِبَةْ كُلِّيَّةْ তথা لَا شَيْئَ مِنَ الْحَجَرِ بِاِنْسَانٍ (কোনো পাথরই মানুষ নয়) হয়, তবে তার نَقِيْض-কে عَكْس ধরতে হবে। নচেৎ اِرْتِفَاعُ نَقِيْضَيْن -এর সুবিধা দেখা দিবে। আর এটি অসম্ভব, সুতরাং একে মূল কাযিয়ার সাথে মিলিয়ে شَكْلِ اَوَّلْ গঠন করা হবে। শিকলে আউয়াল এই– بَعْضُ الْحَجَرِ اِنْسَانٌ وَلَا شَيْئَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ (কতক পাথর মানুষ ; আর কোনো মানুষ পাথর নয়)। এর ফলাফল বের হবে بَعْضُ الْحَجَرِ لَيْسَ بِحَجَرٍ (কতক পাথর পাথর নয়)। এতে বস্তুকে নিজ হতে বিদূরিত করা হচ্ছে, আর এটি অসম্ভব। অতএব, سَالِبَةْ كُلِّيَّةْ-এর عَكْس পূর্বোল্লেখিত سَالِبَةْ كُلِّيَّةْ-ই মেনে নিতে হবে।

قَوْلُهُ وَالسَّالِبَةُ الْجُزْئِيَّةُ الخ-এর আলোচনা : সালিবায়ে জুযয়িয়ার عَكْس সালিবায়ে কুল্লিয়া বা সালিবায়ে জুযয়িয়া কোনোটিই আসে না। কারণ, যদি حَمْلِيَّةْ قَضِيَّةْ হয় তবে তাতে مَوْضُوْع আম হওয়ার সম্ভাবনা রয়েছে। যেমন– بَعْضُ الْحَيَوَانِ لَيْسَ بِاِنْسَانٍ এটি সালিবায়ে জুযয়িয়া এবং তার مَوْضُوْع তথা حَيَوَانْ আম। যদি এর عَكْس সালিবায়ে জুযয়িয়া ধরা হয় এবং বলা হয়– بَعْضُ الْاِنْسَانِ لَيْسَ بِحَيَوَانٍ তবে এটি সহীহ হবে না। এমনিভাবে যদি এর عَكْس সালিবায়ে কুল্লিয়া ধরা হয় এবং বলা হয়– لَا شَيْئَ مِنَ الْاِنْسَانِ بِحَيَوَانٍ -তবে এটিও সহীহ হবে না। অনুরূপভাবে যদি কাযিয়া শর্তিয়া হয়, তবে সে ক্ষেত্রেও তার عَكْس সালিবায়ে কুল্লিয়া বা সালিবায়ে জুযয়িয়া কোনোটিই হবে না। যেমন– قَدْ لَا يَكُوْنُ اِذَا كَانَ الشَّيْئُ حَيَوَانًا كَانَ اِنْسَانًا এ কাযিয়ায়ে শর্তিয়াটি সত্য। কিন্তু এর عَكْس সালিবায়ে কুল্লিয়া তথা لَيْسَ اَلْبَتَّةَ اِذَا كَانَ الشَّيْئُ اِنْسَانًا كَانَ حَيَوَانًا সত্য নয়। অনুরূপভাবে সালেবায়ে জুযয়িয়া তথা, قَدْ لَا يَكُوْنُ اِذَا كَانَ الشَّيْئُ اِنْسَانًا كَانَ حَيَوَانًا এটিও সত্য নয়।

www.eelm.weebly.com

لَيْسَ بِحَيَوَانٍ وَالْمُوْجَبَةُ الْكُلِّيَّةُ تَنْعَكِسُ اِلٰى مُوْجَبَةٍ جُزْئِيَّةٍ فَقَوْلُنَا كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ يَنْعَكِسُ اِلٰى قَوْلِنَا بَعْضُ الْحَيَوَانِ اِنْسَانٌ وَلَا يَنْعَكِسُ اِلٰى مُوْجَبَةٍ كُلِّيَّةٍ لِاَنَّهٗ يَجُوْزُ اَنْ يَّكُوْنَ الْمَحْمُوْلُ وَالتَّالِيْ عَامًّا كَمَا فِيْ مِثَالِنَا فَلَا يَصْدُقُ كُلُّ حَيَوَانٍ اِنْسَانٌ - وَهٰهُنَا شَكٌّ تَقْرِيْرُهٗ اَنَّ قَوْلَنَا كُلُّ شَيْخٍ كَانَ شَابًّا مُوْجَبَةٌ كُلِّيَّةٌ صَادِقَةٌ مَعَ اَنَّ عَكْسَهٗ بَعْضُ الشَّابِّ كَانَ شَيْخًا لَيْسَ بِصَادِقٍ وَاُجِيْبَ عَنْهُ بِاَنَّ عَكْسَهٗ لَيْسَ مَا ذَكَرْتَ بَلْ عَكْسُهٗ بَعْضُ مَنْ كَانَ شَابًّا شَيْخٌ وَقَدْ يُجَابُ بِوَجْهٍ اٰخَرَ وَهُوَ اَنَّ حِفْظَ النِّسْبَةِ لَيْسَ بِضَرُوْرِيٍّ فِي الْعَكْسِ فَعَكْسُهٗ بَعْضُ الشَّابِّ يَكُوْنُ شَيْخًا وَهُوَ صَادِقٌ لَا مُحَالَةَ -

সরল অনুবাদ : আর মূজিবায়ে কুল্লিয়ার আকস মূজিবায়ে জুযয়িয়া আসে। যেমন– আমাদের উক্তি كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ-এর عَكْس হবে بَعْضُ الْحَيَوَانِ اِنْسَانٌ; মূজিবায়ে কুল্লিয়ার عَكْس মূজিবায়ে কুল্লিয়া আসে না। কারণ, মাহমূল অথবা তালী আম হওয়ার সম্ভাবনা রয়েছে। যেমন আমাদের (পূর্বোল্লিখিত) দৃষ্টান্ত। অতএব, كُلُّ حَيَوَانٍ اِنْسَانٌ এ উক্তি সত্য হবে না।

এখানে একটি প্রশ্ন উত্থাপিত হয়, যার বিবরণ এই যে, আমাদের উক্তি– كُلُّ شَيْخٍ كَانَ شَابًّا (প্রত্যেক বৃদ্ধই যুবক ছিল) এটি মূজিবায়ে কুল্লিয়া যা সত্য। অথচ এর আকস بَعْضُ الشَّابِّ كَانَ شَيْخًا সত্য নয়। এর উত্তর এভাবে দেওয়া হয় যে, তুমি যা উল্লেখ করেছ তা এর عَكْس নয়; বরং এর عَكْس হচ্ছে بَعْضُ مَنْ كَانَ شَابًّا شَيْخٌ (যারা যুবক ছিল তন্মধ্যে কিছু বৃদ্ধ)। আবার কখনও এর জবাব অন্যভাবেও দেওয়া হয়। তা এই যে, আকসের মধ্যে নিসবতের প্রতি লক্ষ্য রাখা জরুরি নয়। অতএব তার عَكْس হবে بَعْضُ الشَّابِّ يَكُوْنُ شَيْخًا (কতক যুবক বৃদ্ধ হবে) এটি নিঃসন্দেহে সত্য।

শাব্দিক অনুবাদ : وَالْمُوْجَبَةُ الْكُلِّيَّةُ আর মূজিবায়ে কুল্লিয়া تَنْعَكِسُ এর عَكْس আসে اِلٰى مُوْجَبَةٍ جُزْئِيَّةٍ মূজিবায়ে জুযয়িয়া فَقَوْلُنَا যেমন– আমাদের উক্তি كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ প্রত্যেক মানুষ প্রাণী يَنْعَكِسُ এর عَكْس হবে اِلٰى قَوْلِنَا আমাদের এ উক্তি بَعْضُ الْحَيَوَانِ اِنْسَانٌ কতক প্রাণী মানুষ وَلَا يَنْعَكِسُ আর عَكْس আসে না (মূজিবায়ে কুল্লিয়ার) اِلٰى مُوْجَبَةٍ كُلِّيَّةٍ মূজিবায়ে কুল্লিয়া لِاَنَّهٗ يَجُوْزُ কারণ, সম্ভাবনা রয়েছে اَنْ يَّكُوْنَ হওয়ার اَلْمَحْمُوْلُ اَوِ التَّالِيْ عَامًّا মাহমূল অথবা তালী আম كَمَا فِيْ مِثَالِنَا যেমন আমাদের (পূর্বোল্লিখিত) দৃষ্টান্ত فَلَا يَصْدُقُ অতএব এ উক্তি সত্য হবে না كُلُّ حَيَوَانٍ اِنْسَانٌ প্রত্যেক প্রাণীই মানুষ وَهٰهُنَا شَكٌّ এখানে একটি প্রশ্ন উত্থাপিত হয় تَقْرِيْرُهٗ যার বিবরণ এই اَنَّ قَوْلَنَا যে, আমাদের উক্তি كُلُّ شَيْخٍ প্রত্যেক বৃদ্ধই كَانَ شَابًّا যুবক ছিল مُوْجَبَةٌ كُلِّيَّةٌ صَادِقَةٌ এটি মূজিবায়ে কুল্লিয়া যা সত্য مَعَ اَنَّ عَكْسَهٗ অথচ এর আকস بَعْضُ الشَّابِّ কতক যুবক كَانَ شَيْخًا বৃদ্ধ ছিল لَيْسَ بِصَادِقٍ সত্য নয় وَاُجِيْبَ عَنْهُ এর উত্তর এভাবে দেওয়া হয় بِاَنَّ عَكْسَهٗ যে, এর আকস لَيْسَ مَا ذَكَرْتَ তুমি যা উল্লেখ করেছ তা নয় بَلْ عَكْسُهٗ বরং এর عَكْس হচ্ছে بَعْضُ مَنْ كَانَ شَابًّا شَيْخٌ যারা যুবক ছিল তন্মধ্যে কিছু বৃদ্ধ وَقَدْ يُجَابُ আবার কখনো এর জবাব দেওয়া হয় بِوَجْهٍ اٰخَرَ অন্যভাবেও وَهُوَ তা এই اَنَّ حِفْظَ النِّسْبَةِ যে, নিসবতের প্রতি লক্ষ্য রাখা لَيْسَ بِضَرُوْرِيٍّ জরুরি নয় فِي الْعَكْسِ আকসের মধ্যে فَعَكْسُهٗ অতএব, তার عَكْس হবে بَعْضُ الشَّابِّ কতক যুবক يَكُوْنُ شَيْخًا বৃদ্ধ হবে وَهُوَ صَادِقٌ এটি সত্য لَا مُحَالَةَ নিঃসন্দেহে।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهٗ وَلَا يَنْعَكِسُ اِلٰى مُوْجَبَةٍ كُلِّيَّةٍ الخ -এর আলোচনা : মূজিবায়ে কুল্লিয়ার عَكْس মূজিবায়ে জুযয়িয়া আসে; মূজিবায়ে কুল্লিয়া আসে না। কারণ কাযিয়ায়ে হামলিয়ায় مَحْمُوْل এবং কাযিয়ায়ে শর্তিয়ায় تَالِيْ আম হওয়ার সম্ভাবনা রয়েছে। আর এ অবস্থায় কাযিয়া মিথ্যা হবে। যেমন– كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ -এর عَكْس যদি كُلُّ حَيَوَانٍ اِنْسَانٌ ধরা হয়, তবে এটি মিথ্যা হবে। এমনিভাবে শর্তিয়ার বেলায় كُلَّمَا كَانَ الشَّيْءُ اِنْسَانًا كَانَ حَيَوَانًا -এ কাযিয়াটি সত্য। কিন্তু এর عَكْس মূজিবায়ে কুল্লিয়া كُلَّمَا كَانَ الشَّيْءُ حَيَوَانًا كَانَ اِنْسَانًا এটি মিথ্যা হবে।

www.eelm.weebly.com

قَوْلُهٗ وَهٰهُنَا شَكٌّ الخ -এর আলোচনা : মুসান্নিফ (র.)-এর উপরিউক্ত বর্ণনায় একটি প্রশ্ন উত্থাপিত হয়। هٰهُنَا شَكٌّ বলে উক্ত প্রশ্নটি বর্ণনা করে তার জবাবও দিয়েছেন। প্রশ্নটি হলো, উপরে বলা হয়েছে, মূজিবায়ে কুল্লিয়ার عَكْس মূজিবায়ে জুযয়িয়া আসে এবং তা সত্য হয়। অথচ كُلُّ شَيْخٍ كَانَ شَابًّا এটি মূজিবায়ে কুল্লিয়া এবং এটি সত্য কাযিয়া। কিন্তু এর عَكْس মূজিবায়ে জুযয়িয়া তথা بَعْضُ الشَّابِّ كَانَ شَيْخًا সহীহ নয়। অতএব, এ কথা প্রমাণিত হলো যে, মূজিবায়ে কুল্লিয়ার عَكْس মূজিবায়ে জুযয়িয়া প্রযোজ্য হবে না।

মুসান্নিফ (র.) উক্ত প্রশ্নের দু'টি উত্তর প্রদান করেছেন–

প্রথমত: উল্লিখিত প্রশ্নে যে, বলা হয়েছে كُلُّ شَيْخٍ كَانَ شَابًّا -এর আকস بَعْضُ الشَّابِّ كَانَ شَيْخًا এটি ঠিক নয়। বরং كُلُّ شَيْخٍ كَانَ شَابًّا এ মূজিবায়ে কুল্লিয়ার আকস হচ্ছে بَعْضُ مَنْ كَانَ شَابًّا شَيْخٌ (যারা যুবক ছিল তাদের কতক বৃদ্ধ)। আর এ কাযিয়াটি সত্য। গ্রন্থকারের এ জবাবটি তত মজবুত নয়। কারণ, পূর্ববর্তী আকস তথা بَعْضُ الشَّابِّ كَانَ شَيْخًا ও بَعْضُ مَنْ كَانَ شَابًّا شَيْخٌ এক দু'টি বাক্যের মধ্যে তেমন কোনো পার্থক্য নেই, কেবল كَانَ-কে আগে পরে করা পার্থক্য হয়েছে। আর كَانَ যেহেতু রাবেতা যা স্বতন্ত্র অর্থ প্রকাশ করতে পরে না, তাই এটি মাহমূলও হতে পারবে না কিংবা মাহমূলের অংশ বিশেষও হতে পারবে না। আসল কাযিয়াতে কেবল شَابٌّ ই মাহমূল ছিল যা আকসের মধ্যে مَوْضُوْع হবে। সুতরাং এতটুকু পার্থক্য করাতে কোনো কিছু আসে যায় না। উক্ত দুর্বলতার প্রতি লক্ষ্য করত মুসান্নিফ দ্বিতীয় একটি জবাব দিয়েছেন যা নিম্নে বর্ণনা করা হয়েছে।

দ্বিতীয়ত: عَكْس -এর মধ্যে আসল قَضِيَّة -এর নিসবতের পূর্ণ বিবেচনা করা জরুরি নয়। আসল কাযিয়ার নিসবত ছিল অতীতকালীন, এখন যদি আকস-এর মধ্যে ভবিষ্যৎকালীন নিসবত হয় ; তবে এতে কোনো অসুবিধা নেই। সুতরাং উক্ত মূজিবায়ে কুল্লিয়ার عَكْس হবে بَعْضُ الشَّابِّ يَكُوْنُ شَيْخًا (কতেক যুবক বৃদ্ধ হবে) আর এ কাযিয়াটি সত্য। অতএব মূজিবায়ে কুল্লিয়ার عَكْس মূজিবায়ে জুযয়িয়া আসে এ কথা প্রমাণিত হলো।

এ শেষোক্ত জবাবটি অনেকেই পছন্দ করেছেন, কিন্তু গভীর দৃষ্টিতে লক্ষ্য করলে এটিও ত্রুটিমুক্ত নয়। কারণ, আসল কাযিয়া ছিল মুতলাকায়ে ওয়াক্তিয়া, আর عَكْس ও মুতলাকায়ে ওয়াক্তিয়া। অথচ মুতালকায়ে ওয়াক্তিয়ার عَكْس মুতলাকায়ে ওয়াক্তিয়া আসে না। অতএব, এর তৃতীয় একটি জবাব দেওয়া দরকার যা সংশয়মুক্ত, তা হচ্ছে– আসল কাযিয়াটি ছিল ওয়াক্তিয়ায়ে মুতালাকা, আর এর عَكْس আসে মুতলাকায়ে আম্মাহ। সুতরাং উল্লিখিত কাযিয়ায়ে عَكْس হবে بَعْضُ الشَّابِّ شَيْخٌ بِالْفِعْلِ আর এটি সত্য। কেননা, অতীতকালে যে شَابٌّ (যুবক) ছিল, সে اَحَدُ الْاَزْمِنَةِ অর্থাৎ ভবিষ্যৎকালে شَيْخٌ (বৃদ্ধ) হচ্ছে।

হামলিয়া ও শর্তিয়ার আকসের চিত্র

মূল কাযিয়া	উদাহরণ	আকসে মুসতাবী	উদাহরণ
হামলিয়ায়ে মূজিবায়ে কুল্লিয়া	كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ	হামলিয়ায়ে মূজিবায়ে জুযয়িয়া	بَعْضُ الْحَيَوَانِ اِنْسَانٌ
হামলিয়ায়ে মূজিবায়ে জুযয়িয়া	بَعْضُ الْحَيَوَانِ اِنْسَانٌ	হামলিয়ায়ে মূজিবায়ে জুযয়িয়া	بَعْضُ الْاِنْسَانِ حَيَوَانٌ
হামলিয়ায়ে সালিবায়ে কুল্লিয়া	لَا شَيْئَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ	হামলিয়ায়ে সালিবায়ে কুল্লিয়া	لَا شَيْئَ مِنَ الْحَجَرِ بِاِنْسَانٍ
শর্তিয়ায়ে মূজিবায়ে কুল্লিয়া	كُلَّمَا كَانَتِ الشَّمْسُ طَالِعَةً كَانَ النَّهَارُ مَوْجُوْدًا	শর্তিয়ায়ে মূজিবায়ে জুযয়িয়া	قَدْ يَكُوْنُ اِذَا كَانَ النَّهَارُ مَوْجُوْدًا كَانَتِ الشَّمْسُ طَالِعَةً
শর্তিয়ায়ে মূজিবায়ে জুযয়িয়া	قَدْ يَكُوْنُ اِذَا كَانَ الشَّمْسُ طَالِعَةً كَانَ النَّهَارُ مَوْجُوْدًا	শর্তিয়ায়ে মূজিবায়ে জুযয়িয়া	قَدْ يَكُوْنُ اِذَا كَانَ النَّهَارُ مَوْجُوْدًا كَانَتِ الشَّمْسُ طَالِعَةً
শর্তিয়ায়ে সালিবায়ে কুল্লিয়া	لَيْسَ اَلْبَتَّةَ اِذَا كَانَتِ الشَّمْسُ طَالِعَةً كَانَ اللَّيْلُ مَوْجُوْدًا	শর্তিয়ায়ে সালিবায়ে কুল্লিয়া	لَيْسَ اَلْبَتَّةَ اِذَا كَانَ اللَّيْلُ مَوْجُوْدًا كَانَتِ الشَّمْسُ طَالِعَةً

www.eelm.weebly.com

وَالْمُوجَبَةُ الْجُزْئِيَّةُ تَنْعَكِسُ اِلٰى مُوْجَبَةٍ جُزْئِيَّةٍ كَقَوْلِنَا بَعْضُ الْحَيَوَانِ اِنْسَانٌ يَنْعَكِسُ اِلٰى قَوْلِنَا بَعْضُ الْاِنْسَانِ حَيَوَانٌ وَقَدْ يُوْرَدُ عَلٰى اِنْعِكَاسِ الْمُوْجَبَةِ الْجُزْئِيَّةِ كَنَفْسِهَا اِيْرَادٌ وَهُوَ اَنَّ بَعْضَ الْوَتَدِ فِى الْحَائِطِ صَادِقٌ وَعَكْسُهُ اَعْنِىْ بَعْضُ الْحَائِطِ فِى الْوَتَدِ غَيْرُ صَادِقٍ وَالْجَوَابُ اِنَّا لَا نُسَلِّمُ اَنَّ عَكْسَ هٰذِهِ الْقَضِيَّةِ مَا قُلْتَ مِنْ بَعْضِ الْحَائِطِ فِى الْوَتَدِ بَلْ عَكْسُهُ بَعْضُ مَا فِى الْحَائِطِ وَتَدٌ وَلَا مِرْيَةَ فِىْ صِدْقِهٖ وَبَاقِىْ مَبَاحِثِ الْعُكُوْسِ مِنْ عَكْسِ الْمُوَجَّهَاتِ وَالشَّرْطِيَّاتِ فَمَذْكُوْرٌ فِى الْمُطَوَّلَاتِ ـ

সরল অনুবাদ : مُوْجَبَةٌ جُزْئِيَّةٌ -এর عَكْس মূজিবায়ে জুযয়িয়াই আসে। যেমন– আমাদের উক্তি بَعْضُ الْحَيَوَانِ اِنْسَانٌ (কতেক প্রাণী মানুষ)। এর عَكْس হয় بَعْضُ الْاِنْسَانِ حَيَوَانٌ (কতিক মানুষ প্রাণী)। আর কখনো مُوْجَبَةٌ جُزْئِيَّةٌ -এর আকস্ মূজিবায়ে জুযয়িয়া প্রযোজ্য হওয়ার ব্যাপারে প্রশ্ন উত্থাপিত হয়। যেমন– بَعْضُ الْوَتَدِ فِى الْحَائِطِ (কিছু পেরেক দেয়ালে) এ কাযিয়াটি সত্য, কিন্তু এর عَكْس অর্থাৎ بَعْضُ الْحَائِطِ فِى الْوَتَدِ (কিছু দেয়াল পেরেকে) এটি কখনো সত্য নয়। এর জবাব এই যে, তুমি যে বলেছ بَعْضُ الْحَائِطِ فِى الْوَتَدِ উক্ত কাযিয়ার আকস্ ; এ কথা আমরা কখনো স্বীকার করবো না; বরং এর আকস্ بَعْضُ الْحَائِطِ وَتَدٌ (দেয়ালে যা কিছু আছে তন্মধ্যে কিছু পেরেক)। আর এটি সত্য হওয়ার ব্যাপারে কোনো প্রকার সন্দেহ নেই। মুওয়াজ্জাহা ও শর্তিয়ায় আকসের যেসব বর্ণনা রয়েছে, তা বড় বড় কিতাবে বিস্তারিত উল্লেখ রয়েছে।

শাব্দিক অনুবাদ : وَالْمُوْجَبَةُ الْجُزْئِيَّةُ মূজিবায়ে জুযয়িয়া تَنْعَكِسُ এর عَكْس আসে اِلٰى مُوْجَبَةٍ جُزْئِيَّةٍ মূজিবায়ে জুযয়িয়াই كَقَوْلِنَا যেমন– আমাদের উক্তি بَعْضُ الْحَيَوَانِ اِنْسَانٌ কতক প্রাণী মানুষ يَنْعَكِسُ এর عَكْس হয় اِلٰى قَوْلِنَا আমাদের উক্তির দিকে بَعْضُ الْاِنْسَانِ حَيَوَانٌ কতক মানুষ প্রাণী وَقَدْ يُوْرَدُ আর কখনো প্রশ্ন উত্থাপিত হয় عَلٰى اِنْعِكَاسِ الْمُوْجَبَةِ الْجُزْئِيَّةِ মূজিবায়ে জুযয়িয়ার আকস হওয়ার ব্যাপারে كَنَفْسِهَا মূজিবায়ে জুযয়িয়াই اِيْرَادٌ প্রশ্ন وَهُوَ যেমন– اِنَّ بَعْضَ الْوَتَدِ কিছু পেরেক فِى الْحَائِطِ দেয়ালে صَادِقٌ এ কাযিয়াটি সত্য وَعَكْسُهُ কিন্তু এর আকস اَعْنِىْ অর্থাৎ بَعْضُ الْحَائِطِ فِى الْوَتَدِ কিছু দেয়াল পেরেকে غَيْرُ صَادِقٍ এটি কখনো সত্য নয় وَالْجَوَابُ -এর জবাব এই اِنَّا لَا نُسَلِّمُ যে, আমরা কখনো স্বীয়কার করবো না اَنَّ عَكْسَ هٰذِهِ الْقَضِيَّةِ উক্ত কাযিয়ার আকস مَا قُلْتَ তুমি যা বলেছ مِنْ بَعْضِ الْحَائِطِ فِى الْوَتَدِ কতক দেয়াল পেরেকে একথা بَلْ عَكْسُهُ বরং এর আকস بَعْضُ مَا فِى الْحَائِطِ দেয়ালে যা কিছু আছে তন্মধ্যে কিছু পেরেক وَلَا مِرْيَةَ আর কোনো প্রকার সন্দেহ নেই فِىْ صِدْقِهٖ এটি সত্য হওয়ার ব্যাপারে وَبَاقِىْ مَبَاحِثِ الْعُكُوْسِ আর যেসব বর্ণনা রয়েছে مِنْ عَكْسِ الْمُوَجَّهَاتِ وَالشَّرْطِيَّاتِ মুওয়াজ্জাহা ও শর্তিয়ার আকসের فَمَذْكُوْرٌ فِى الْمُطَوَّلَاتِ তা বড় বড় কিতাবে বিস্তারিত উল্লেখ রয়েছে।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهٗ وَقَدْ يُوْرَدُ عَلٰى اِنْعِكَاسِ الخ -এর আলোচনা : উল্লিখিত ইবারতে মুসান্নিফ (র.) একটি প্রশ্ন বর্ণনা করছেন। প্রশ্নটি হলো পূর্বে বলা হয়েছে মূজিবায়ে জুযয়িয়ার عَكْس মূজিবায়ে জুযয়িয়া প্রযোজ্য হয়, এটি ঠিক নয়। কেননা, আমরা দেখতে পাই بَعْضُ الْوَتَدِ فِى الْحَائِطِ কাযিয়াটি মূজিবায়ে জুযয়িয়া, আর এটি সত্য, কিন্তু এর আকস্ بَعْضُ الْحَائِطِ فِى الْوَتَدِ সত্য নয়।

اَلْجَوَابُ الخ বলে মুসান্নিফ (র.) উক্ত প্রশ্নের উত্তর দিয়েছেন। উত্তরের মূল কথা হলো প্রশ্নে যে بَعْضُ الْحَائِطِ فِى الْوَتَدِ-কে উল্লিখিত কাযিয়ার عَكْس হিসেবে উল্লেখ করা হয়েছে ; এটি অনস্বীকার্য হয়; বরং তার عَكْس হলো بَعْضُ مَا فِى الْحَائِطِ وَتَدٌ আর এ কাযিয়াটি সত্য। অর্থাৎ পূর্ববর্তী কাযিয়ার মধ্যে মাহমূল শুধু اَلْحَائِطُ ছিল না, বরং فِى الْحَائِطِ ছিল। কিন্তু প্রশ্নকারী আকসের মধ্যে কেবল حَائِطٌ-কে মাওযূ' ধরে কাযিয়া গঠন করার ফলে উক্ত অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে।

www.eelm.weebly.com

فَصْلٌ : عَكْسُ النَّقِيْضِ هُوَ جَعْلُ نَقِيْضِ الْجُزْءِ الْاَوَّلِ مِنَ الْقَضِيَّةِ ثَانِيًا وَنَقِيْضُ الْجُزْءِ الثَّانِيْ اَوَّلًا مَعَ بَقَاءِ الصِّدْقِ وَالْكَيْفِ هٰذَا اُسْلُوْبُ الْمُتَقَدِّمِيْنَ فَتَنْعَكِسُ الْمُوْجَبَةُ الْكُلِّيَّةُ بِهٰذَا الْعَكْسِ كَنَفْسِهَا كَقَوْلِنَا كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ يَنْعَكِسُ اِلٰى قَوْلِنَا كُلُّ لَا حَيَوَانٍ لَا اِنْسَانٌ وَالْمُوْجَبَةُ الْجُزْئِيَّةُ لَا تَنْعَكِسُ بِهٰذَا الْعَكْسِ لِاَنَّ قَوْلَنَا بَعْضَ الْحَيَوَانِ لَا اِنْسَانٌ صَادِقٌ وَعَكْسُهُ اَعْنِيْ بَعْضَ الْاِنْسَانِ لَاحَيَوَانٌ كَاذِبٌ

সরল অনুবাদ : পরিচ্ছেদ : সিদ্‌ক ও কাইফ ঠিক রেখে কাযিয়ার প্রথম অংশের نَقِيْض -কে দ্বিতীয় অংশে এবং দ্বিতীয় অংশের نَقِيْض -কে প্রথম অংশে পরিণত করাকে عَكْس نَقِيْض বলা হয়। এটি হলো মুতাকাদ্দিমীনের পন্থা। সুতরাং مُوْجَبَةٌ كُلِّيَّةٌ -এর অনুরূপ কাযিয়ার (مُوْجَبَةٌ كُلِّيَّةٌ) দিকেই আক্‌স হবে। যেমন– আমাদের উক্তি كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ (সমস্ত মানুষ প্রাণী)। এর আক্‌স হবে كُلُّ لَا حَيَوَانٍ لَا اِنْسَانٌ (প্রত্যেক অপ্রাণী অমানুষ)। আর مُوْجَبَةٌ جُزْئِيَّةٌ -এর এ ধরনের আক্‌সই হয় না। কেননা, আমাদের উক্তি– بَعْضُ الْحَيَوَانِ لَا اِنْسَانٌ (কতক প্রাণী মানুষ) এটি সত্য এবং এর আক্‌স অর্থাৎ بَعْضُ الْاِنْسَانِ لَا حَيَوَانٌ (কিছু মানুষ অপ্রাণী) এটি মিথ্যা।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ عَكْسُ النَّقِيْضِ আকসে নকীয هُوَ বলা হয় جَعْلُ نَقِيْضِ الْجُزْءِ الْاَوَّلِ প্রথম অংশের اَوَّلًا-نَقِيْضُ-কে পরিণত করা مِنَ الْقَضِيَّةِ কাযিয়ার ثَانِيًا দ্বিতীয় অংশে وَنَقِيْضُ الْجُزْءِ الثَّانِيْ এবং দ্বিতীয় অংশের نَقِيْض-কে প্রথম অংশে مَعَ بَقَاءِ الصِّدْقِ وَالْكَيْفِ সিদক ও কাইফ ঠিক রেখে هٰذَا اُسْلُوْبٌ এটি হলো পন্থা الْمُتَقَدِّمِيْنَ মুতাকাদ্দিমীনের فَتَنْعَكِسُ সুতরাং আকস হবে الموجبة الكلية মূজিবায়ে কুল্লিয়া بِهٰذَا الْعَكْسِ كَنَفْسِهَا অনুরূপ কাযিয়া (مُوْجَبَةٌ كُلِّيَّةٌ)-এর দিকেই كَقَوْلِنَا যেমন– আমাদের উক্তি كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ সমস্ত মানুষ প্রাণী يَنْعَكِسُ এর আকস হবে اِلٰى قَوْلِنَا আমাদের এ উক্তির দিকে كُلُّ لَاحَيَوَانٍ প্রত্যেক অপ্রাণী لَا اِنْسَانٌ অমানুষ وَالْمُوْجَبَةُ الْجُزْئِيَّةُ আর মূজিবায়ে জুযয়িয়া لَاتَنْعَكِسُ -এর আকসই হয় না بِهٰذَا الْعَكْسِ এ ধরনের لِاَنَّ قَوْلَنَا কেননা, আমাদের উক্তি بَعْضُ الْحَيَوَانِ কতক প্রাণী لَا اِنْسَانٌ অমানুষ صَادِقٌ এটি সত্য عَكْسُهُ এবং এর আকস اَعْنِيْ অর্থাৎ بَعْضُ الْاِنْسَانِ কিছু মানুষ لَاحَيَوَانٌ অপ্রাণী كَاذِبٌ এটি মিথ্যা।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ عَكْسُ النَّقِيْضِ الخ-এর আলোচনা : গ্রন্থকার অত্র পরিচ্ছেদে عَكْس نَقِيْض সম্বন্ধে আলোচনা করেছেন। এখানে عَكْس শব্দের অর্থ–উল্টা ; আর نَقِيْض শব্দের অর্থ– বিপরীত। সুতরাং عَكْس نَقِيْض -এর অর্থ দাঁড়াল বিপরীত বাক্যের উল্টা। عَكْس نَقِيْض -এর সংজ্ঞায় مُتَاَخِّرِيْنَ ও مُتَقَدِّمِيْن দের মধ্যে মতপার্থক্য রয়েছে। مُتَقَدِّمِيْن বলতে পূর্বের তর্কশাস্ত্রবিদগণকে বুঝায়। আর مُتَاَخِّرِيْنَ বলতে পরের তর্কশাস্ত্রবিদগণকে বুঝায়। مُتَقَدِّمِيْن দের মতে عَكْس نَقِيْض -এর মধ্যে صِدْق ও كَيْف অপরিবর্তিত থাকবে। কিন্তু مُتَاَخِّرِيْن দের মতে عَكْس نَقِيْض -এর মধ্যে صِدْق অপরিবর্তিত থাকলে ও كَيْف অর্থাৎ হ্যাঁ, বা না– বাচকের মধ্যে পরিবর্তন সাধিত হবে। সুতরাং مُتَقَدِّمِيْن দের মতে عَكْس نَقِيْض -এর উদাহরণ হলো– كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ -এর عكس نقيض হলো– كُلُّ لَاحَيَوَانٍ لَا اِنْسَانٌ আর مُتَاَخِّرِيْن দের মতে عَكْس نَقِيْض হলো– كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ -এর لَا شَئْ مِمَّا لَيْسَ بِحَيَوَانٍ بِاِنْسَانٍ

উল্লেখ্য যে, عَكْس مُسْتَوِىْ -এর সালিবার যে হুকুম ছিল عَكْس نَقِيْض -এর মধ্যে মূজিবার ক্ষেত্রেও ঠিক সে হুকুম হবে। যেমন– عَكْس مُسْتَوِىْ-এর মধ্যে কুল্লিয়ার عَكْس সালিবায়ে কুল্লিয়া আসত। عَكْس نَقِيْض -এর ক্ষেত্রে মূজিবায়ে কুল্লিয়ার عَكْس মূজিবায়ে কুল্লিয়া আসবে। সেখানে সালিবা জুযয়িয়ার عَكْس মোটেই আসবে না। সুতরা এখানেও মূজিবা জুযয়িয়ার عَكْس মোটেই আসতে পারে না।

قَوْلُهُ مَعَ بَقَاءِ الصِّدْقِ وَالْكَيْفِ الخ -এর আলোচনা : صِدْق ঠিক থাকার অর্থ হলো, আসল কাযিয়া যদি সত্য হয় তবে عَكْس نَقِيْض ও সত্য হবে। আর আসল কাযিয়া যদি মিথ্যা হয় তবে তার نَقِيْض ও মিথ্যা হবে।

আর كَيْف ঠিক থাকার অর্থ হলো, আসল কাযিয়া যদি মূজিবা হয়, তবে عَكْس نَقِيْض ও মূজিবা হবে, আর আসল কাযিয়া যদি সালিবা হয়, তবে তার নকীযও সালেবা হবে। مُتَقَدِّمِيْن দের মতে عَكْس نَقِيْض -এর সিদ্‌ক ও কাইফ উভয়টি ঠিক থাকতে হবে। আর مُتَاَخِّرِيْن দের মতে সিদ্‌ক ঠিক থাকবে, কিন্তু কাইফ পরিবর্তন করতে হবে।

অতএব, মুতাকাদ্দিমীনদের মতে مُوْجَبَةٌ كُلِّيَّةٌ -এর عَكْس نَقِيْض ঠিক مُوْجَبَةٌ كُلِّيَّةٌ-ই আসবে। আর মুতাআখখিরীনের মতে مُوْجَبَةٌ كُلِّيَّةٌ -এর আক্‌স سَالِبَةٌ كُلِّيَّةٌ আসবে। (উদাহরণ অনুবাদে বর্ণনা করা হয়েছে)। যেহেতু মুতাআখখিরীনদের নিয়ম অনুসারে যে عَكْس نَقِيْض গঠিত হয় তা ব্যবহার হয় না। এ জন্য গ্রন্থকার তা উল্লেখ করেননি।

www.eelm.weebly.com

وَالسَّالِبَةُ الْكُلِّيَّةُ تَنْعَكِسُ اِلٰى سَالِبَةٍ جُزْئِيَّةٍ تَقُوْلُ لَا شَيْءَ مِنَ الْاِنْسَانِ بِفَرَسٍ وَتَقُوْلُ فِيْ عَكْسِهٖ بِهٰذَا الْعَكْسِ بَعْضُ اللَّا فَرَسٍ لَيْسَ بِلَا اِنْسَانٍ اِلٰى جُزْئِيَّةٍ وَلَا تَقُوْلُ لَا شَيْءَ مِنَ اللَّا فَرَسٍ بِلَا اِنْسَانٍ لِصِدْقِ نَقِيْضِهٖ اَعْنِيْ بَعْضُ اللَّا فَرَسٍ لَا اِنْسَانٌ كَالْجِدَارِ وَالسَّالِبَةُ الْجُزْئِيَّةُ تَنْعَكِسُ اِلٰى سَالِبَةٍ جُزْئِيَّةٍ كَقَوْلِكَ بَعْضُ الْحَيَوَانِ لَيْسَ بِاِنْسَانٍ تَنْعَكِسُ اِلٰى قَوْلِكَ بَعْضُ اللَّا اِنْسَانِ لَيْسَ بِلَا حَيَوَانٍ كَالْفَرَسِ وَعَكْسُ الْمُوَجَّهَاتِ مَذْكُوْرَةٌ فِي الْكُتُبِ الطِّوَالِ وَهٰهُنَا قَدْ تَمَّ مَبَاحِثُ الْقَضَايَا وَاَحْكَامِهَا-

فَصْلٌ : وَاِذَا قَدْ فَرَغْنَا عَنْ مَبَاحِثِ الْقَضَايَا وَالْعُكُوْسِ الَّتِيْ كَانَتْ مِنْ مَبَادِي الْحُجَّةِ فَحَرِيٌّ لَنَا اَنْ نَتَكَلَّمَ فِيْ مَبَاحِثِ الْحُجَّةِ فَنَقُوْلُ الْحُجَّةُ عَلٰى ثَلٰثَةِ اَقْسَامٍ اَحَدُهَا الْقِيَاسُ وَثَانِيْهَا الْاِسْتِقْرَاءُ وَثَالِثُهَا التَّمْثِيْلُ فَلْنُبَيِّنْ هٰذِهِ الثَّلٰثَةَ فِيْ ثَلٰثَةِ فُصُوْلٍ۔

সরল অনুবাদ : আর سَالِبَةٌ كُلِّيَّةٌ -এর আক্স سَالِبَةٌ جُزْئِيَّةٌ আসবে। যেমন- তুমি বলবে لَا شَيْءَ مِنَ الْاِنْسَانِ بِفَرَسٍ (কোনো মানুষই ঘোড়া নয়)। আর এর عَكْس نَقِيْض -এর ক্ষেত্রে বলবে بَعْضُ اللَّافَرَسِ لَيْسَ بِلَا اِنْسَانٍ (কতক অঘোড়া অমানুষ নয়।) এটা জুযয়িয়া। আর তুমি বলতে পারবে না যে, لَا شَيْءَ مِنَ اللَّافَرَسِ بِلَا اِنْسَانٍ (কোনো অঘোড়া অমানুষ নয়)। কেননা, এর নকীয অর্থাৎ بَعْضُ اللَّافَرَسِ لَااِنْسَانٌ (কতক ঘোড়া অমানুষ) এটি সত্য। যেমন- اَلْجِدَارُ (দেয়াল)। আর سَالِبَةٌ جُزْئِيَّةٌ -এর আক্স سَالِبَةٌ جُزْئِيَّةٌ আসে। যেমন- তোমার উক্তি بَعْضُ الْحَيَوَانِ لَيْسَ بِاِنْسَانٍ (কতক প্রাণী মানুষ নয়)-এর عَكْس হয় بَعْضُ الْاِنْسَانِ لَيْسَ بِلَا حَيَوَانٍ (কতক মানুষ প্রাণী নয়)। যেমন- ঘোড়া। আর কাযিয়ায়ে মুয়াজ্জাহাসমূহের আকস বড় বড় গ্রন্থে উল্লেখ রয়েছে। আর এখানে কাযিয়া ও তার আহকামের বর্ণনাসমূহ সমাপ্ত করা হলো।

পরিচ্ছেদ : আর যখন আমরা অবসর গ্রহণ করলাম কাযিয়া ও আকসসমূহের বর্ণনা হতে, যা দলিলের ভূমিকা স্বরূপ। অতএব, আমাদের উচিত যে, দলিল সম্পর্কে আলোচনা করা। তাই আমরা বলছি حُجَّةٌ (দলিল) তিন প্রকার : প্রথমটি قِيَاسٌ দ্বিতীয়টি اِسْتِقْرَاءٌ এবং তৃতীয়টি تَمْثِيْل এ তিনটি বিষয়কে তিনটি অনুচ্ছেদে বর্ণনা করবো।

শাব্দিক অনুবাদ : وَالسَّالِبَةُ الْكُلِّيَّةُ আর সালিবায়ে কুল্লিয়ার تَنْعَكِسُ আকস হবে اِلٰى سَالِبَةٍ جُزْئِيَّةٍ সালিবায়ে জুযয়িয়া تَقُوْلُ যেমন- তুমি বলবে لَا شَيْءَ مِنَ الْاِنْسَانِ কোনো মানুষই নয় بِفَرَسٍ ঘোড়া وَتَقُوْلُ فِيْ عَكْسِهٖ আর এর عَكْس نَقِيْض-এর ক্ষেত্রে বলবে بِهٰذَا الْعَكْسِ এভাবে بَعْضُ اللَّا فَرَسٍ কতক অঘোড়া لَيْسَ بِلَا اِنْسَانٍ অমানুষ নয় اِلٰى جُزْئِيَّةٍ এ জুযয়িয়া وَلَا تَقُوْلُ আর তুমি বলতে পারবে না لَاشَيْءَ مِنَ اللَّا فَرَسٍ কোনো অঘোড়া নয় بِلَا اِنْسَانٍ অমানুষ لِصِدْقِ نَقِيْضِهٖ কেননা, এর নকীযটি সত্য اَعْنِيْ অর্থাৎ بَعْضُ اللَّا فَرَسٍ কতক অঘোড়া لَا اِنْسَانٌ অমানুষ كَالْجِدَارِ যেমন- দেয়াল وَالسَّالِبَةُ الْجُزْئِيَّةُ আর সালিবায়ে জুযয়িয়ার تَنْعَكِسُ আকস আসে اِلٰى سَالِبَةٍ جُزْئِيَّةٍ সালিবায়ে জুযয়িয়া كَقَوْلِكَ যেমন- তোমার উক্তি بَعْضُ الْحَيَوَانِ কতক প্রাণী لَيْسَ بِاِنْسَانٍ মানুষ নয় تَنْعَكِسُ اِلٰى قَوْلِكَ এর عَكْس হয় যেমন- তোমার উক্তি بَعْضُ اللَّا اِنْسَانِ কতক অমানুষ لَيْسَ بِلَا حَيَوَانٍ অপ্রাণী নয় كَالْفَرَسِ যেমন- ঘোড়া وَعَكْسُ الْمُوَجَّهَاتِ আর কাযিয়ায়ে মুয়াজ্জাহাসমূহের আকস مَذْكُوْرَةٌ فِي الْكُتُبِ الطِّوَالِ বড় বড় গ্রন্থে উল্লেখ রয়েছে وَهٰهُنَا আর এখানে قَدْ تَمَّ সমাপ্ত করা হলো مَبَاحِثُ الْقَضَايَا কাযিয়াসমূহের বর্ণনাসমূহ وَاَحْكَامِهَا এবং তার আহকামের فَصْلٌ পরিচ্ছেদ وَاِذَا قَدْ فَرَغْنَا আর যখন আমরা অবসর গ্রহণ করলাম عَنْ مَبَاحِثِ الْقَضَايَا কাযিয়াসমূহের বর্ণনা হতে وَالْعُكُوْسِ ও আকসসমূহে الَّتِيْ كَانَتْ যা স্বরূপ مِنْ مَبَادِي الْحُجَّةِ দলিলের ভূমিকা فَحَرِيٌّ لَنَا অতএব, আমাদের উচিত اَنْ نَتَكَلَّمَ যে, আলোচনা করা فِيْ مَبَاحِثِ الْحُجَّةِ দলিল সম্পর্কে فَنَقُوْلُ তাই আমরা বলছি اَلْحُجَّةُ عَلٰى ثَلٰثَةِ اَقْسَامٍ দলিল তিন প্রকার اَحَدُهَا الْقِيَاسُ প্রথমটি قِيَاسٌ - وَثَانِيْهَا الْاِسْتِقْرَاءُ দ্বিতীয়টি اِسْتِقْرَاءٌ - وَثَالِثُهَا التَّمْثِيْلُ এবং তৃতীয়টি تَمْثِيْل - فَلْنُبَيِّنْ বর্ণনা করবো هٰذِهِ الثَّلٰثَةَ এ তিনটি বিষয়কে فِيْ ثَلٰثَةِ فُصُوْلٍ তিনটি অনুচ্ছেদে।

www.eelm.weebly.com

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ وَالسَّالِبَةُ الْكُلِّيَّةُ الخ -এর আলোচনা : সালিবা কুল্লিয়ার عَكْس সালিবা জুযয়িয়া আসে; কিন্তু সালিবা কুল্লিয়ার عَكْس نَقِيْض সালিবা কুল্লিয়া আসে না। এতে اِجْتِمَاعُ النَّقِيْضَيْن অর্থাৎ দু'টি বিরোধী জিনিস একই বস্তুতে বিদ্যমান হওয়ার অসুবিধা দেখা দিবে, যা নিতান্ত বৈধ নয়। যেমন- لَا شَيْئَ مِنَ اللَّا فَرَس لَا اِنْسَانٌ وَبَعْضُ اللَّا فَرَسٍ اِنْسَانٌ উভয়ই দু'টি বিরোধী জিনিস। গ্রন্থকার মতনের মধ্যে অত্র দাবিকে উদাহরণের সাথে বর্ণনা করেছেন।

لَا شَيْئَ مِنَ الْاِنْسَانِ -এর আলোচনা : وَالسَّالِبَةُ الْكُلِّيَّةُ الخ -سَالِبَةٌ كُلِّيَّةٌ -এর আকস سَالِبَةٌ جُزْئِيَّةٌ আসে। যেমন- لَا شَيْئَ مِنَ الْاِنْسَانِ بِفَرَسٍ -এর আকসে নকীয করার জন্য প্রথমে مَوْضُوْع ও مَحْمُوْل -এর নকীয বের করতে হবে। اِنْسَانٌ হলো مَوْضُوْع , এর নকীয لَا اِنْسَانٌ আর مَحْمُوْل হলো فَرَسٌ, এর নকীয لَا فَرَسٌ সুতরাং আকসে নকীয হলো بَعْضُ اللَّا فَرَسٍ لَيْسَ بِلَا اِنْسَانٍ (কিছু অঘোড়া অমানুষ নয়)। যেমন- মানুষ। এটি ঘোড়া নয় কিন্তু অমানুষও নয়। অর্থাৎ মানুষ। সুতরাং عَكْس نَقِيْض টি সত্য। পক্ষান্তরে سَالِبَةٌ كُلِّيَّةٌ-এর عَكْس হতে পারবে না। অতএব, لَا شَيْئَ مِنَ اللَّا فَرَسٍ بِلَا اِنْسَانٍ -কে উক্ত কাযিয়ার عَكْس বলা যাবে না। কেননা, এর নকীয بَعْضُ اللَّا فَرَسٍ لَا اِنْسَانٌ সুতরাং এটি সত্য।

قَوْلُهُ وَالسَّالِبَةُ الْجُزْئِيَّةُ الخ -এর ব্যাখ্যা : سَالِبَةُ الْجُزْئِيَّةُ -এর আকস سَالِبَةٌ جُزْئِيَّةٌ -ই হয়ে থাকে। যেমন- بَعْضُ الْحَيَوَانِ لَيْسَ بِاِنْسَانٍ -এর আকসে নকীয بَعْضُ اللَّا اِنْسَانٍ لَيْسَ بِلَا حَيَوَانٍ (কিছু অমানুষ অপ্রাণী নয়।) যেমন- ঘোড়া, এটি অমানুষ কিন্তু অপ্রাণী নয়, বরং প্রাণী। সুতরাং কাযিয়াটি সত্য।

قَوْلُهُ وَاِذَا قَدْ فَرَغْنَا الخ-এর আলোচনা : এখানে মুসান্নিফ (র.) বলছেন যে, আমরা حُجَّةٌ বা দলিলের সূচনা স্বরূপ কাযিয়া এবং আক্‌স সমূহের আলোচনা হতে অবসর গ্রহণ করে এখন আমাদের হুজ্জতের আলোচনা করা উচিত। তাই হুজ্জতকে তিন ভাগে বিভক্ত করেছেন : ১. قِيَاسٌ , ২. اِسْتِقْرَاءٌ এবং ৩. تَمْثِيْل এবং তিনি এ তিনটি বিষয়কে তিনটি অনুচ্ছেদে বর্ণনা করেছেন।

قَوْلُهُ الْحُجَّةُ -এর আলোচনা : حُجَّةٌ শব্দের আভিধানিক অর্থ- বিজয়ী হওয়া, যুক্তি, বাদানুবাদ, আলোচনা, প্রমাণ, কারণ। বাংলা ভাষাতে যুক্তি, প্রমাণ দলিল শব্দ দ্বারাও এর অর্থ প্রকাশ করা হয়। যেহেতু যুক্তি-প্রমাণের মাধ্যমে এক পক্ষ অপর পক্ষের উপর জয়ী হয়, তাই যুক্তি-প্রমাণকে حُجَّةٌ বলা হয়।

আর মানতিকীদের পরিভাষায় এমন কতগুলো تَصْدِيْق -কে হুজ্জত বলা হয়, যাদেরকে নিয়মানুযায়ী বিন্যাস করলে তাদের দ্বারা একটি অজ্ঞাত تَصْدِيْق সম্পর্কে জ্ঞাত হওয়া যায়। অর্থাৎ অজ্ঞাত تَصْدِيْق সম্পর্কে জ্ঞান লাভ করার জন্য যে সকল তাসদীকের সাহায্য গ্রহণ করা হয়, তাকেই মানতিকী শাস্ত্রের পরিভাষায় হুজ্জত বলে।

সুতরাং তাসদীকদের সাহায্য করার তিনটি অবস্থা রয়েছে। তাদের মধ্যে এক অবস্থায় অবস্থানকারী কাযিয়াসমূহের রূপকে قِيَاسٌ বলা হয়, আর অন্য এক অবস্থায় অবস্থানকারী রূপকে اِسْتِقْرَاءٌ বলা হয়। অন্য আরেক অবস্থায় অবস্থানকারী কাযিয়াসমূহের রূপকে تَمْثِيْل বলা হয়। অথবা এরূপে বলা যায় যে, ১. কুল্লী দ্বারা অন্য কুল্লী বা জুযয়ীর উপর-যুক্তি প্রমাণ উপস্থাপন করা, ২. জুযয়ী দ্বারা কুল্লীর উপর যুক্তি-প্রমাণ উপস্থাপন করা এবং ৩. জুযয়ীর উপর যুক্তি-প্রমাণ উপস্থাপন করা। প্রথম পন্থাকে قِيَاسٌ বলা হয়, দ্বিতীয় পন্থাকে اِسْتِقْرَاءٌ এবং তৃতীয় পন্থাকে تَمْثِيْل বলা হয়।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

١- مَا هِيَ الْقَضِيَّةُ الشَّرْطِيَّةُ؟ وَكَمْ قِسْمًا لَهَا؟ فَصِّلْ كُلَّ قِسْمٍ بِالتَّفْصِيْلِ وَالتَّمْثِيْلِ .

٢- اَلشَّرْطِيَّةُ الْمُنْفَصِلَةُ مَا هِيَ؟ وَمَا هِيَ اَقْسَامُهَا؟ فَصِّلْ مَعَ الْاَمْثِلَةِ .

٣- مَا هِيَ الشَّرْطِيَّةُ الْمُتَّصِلَةُ؟ وَكَمْ قِسْمًا لَهَا؟ فَصِّلْ مَعَ الْاَمْثِلَةِ .

٤- عَرِّفِ الْمَشْرُوْطَةَ الْعَامَّةَ وَالْعُرْفِيَةَ الْعَامَّةَ مُمَثِّلًا . ثُمَّ بَيِّنْ مَا هِيَ الْقَضِيَّةُ الْمُوَجَّهَةُ الْبَسِيْطَةُ؟ وَكَمْ قِسْمًا لَهَا؟

٥- اَلتَّنَاقُضُ مَا هُوَ؟ فَصِّلْ مَعَ شَرَائِطِهِ مُمَثِّلًا .

٦- مَا هُوَ الْعَكْسُ الْمُسْتَوِيْ؟ بَيِّنْ صُوْرَتَهُ مُشَرِّحًا وَمُمَثِّلًا .

٧- مَا هُوَ عَكْسُ النَّقِيْضِ؟ بَيِّنْ بِالتَّفْصِيْلِ وَالتَّمْثِيْلِ .

www.eelm.weebly.com

فَصْلٌ : فِى الْقِيَاسِ وَهُوَ قَوْلٌ مُؤَلَّفٌ مِنْ قَضَايَا يَلْزَمُ عَنْهَا قَوْلٌ اٰخَرُ بَعْدَ تَسْلِيْمِ تِلْكَ الْقَضَايَا فَاِنْ كَانَ النَّتِيْجَةُ اَوْ نَقِيْضُهَا مَذْكُوْرًا فِيْهِ يُسَمّٰى اِسْتِثْنَائِيًّا كَقَوْلِنَا اِنْ كَانَ زَيْدٌ اِنْسَانًا كَانَ حَيَوَانًا لٰكِنَّهُ اِنْسَانٌ يَنْتِجُ فَهُوَ حَيَوَانٌ وَاِنْ كَانَ زَيْدٌ حِمَارًا كَانَ نَاهِقًا لٰكِنَّهُ لَيْسَ بِنَاهِقٍ يَنْتِجُ اَنَّهُ لَيْسَ بِحِمَارٍ وَاِنْ لَمْ تَكُنِ النَّتِيْجَةُ وَنَقِيْضُهَا مَذْكُوْرًا يُسَمّٰى اِقْتِرَانِيًّا كَقَوْلِكَ زَيْدٌ اِنْسَانٌ وَكُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ يَنْتِجُ زَيْدٌ حَيَوَانٌ -

সরল অনুবাদ : পরিচ্ছেদ : قِيَاسْ প্রসঙ্গে। তা এমন কতিপয় কাযিয়া দ্বারা গঠিত উক্তি, যেগুলো স্বীকার করে নিলে অন্য একটি উক্তি স্বীকার করতে হয়। যদি তাতে নতীজা অথবা নতীজার নকীয উল্লেখ থাকে, তবে তাকে اِسْتِثْنَائِيَّةٌ বলা হয়। যেমন- আমাদের উক্তি اِنْ كَانَ زَيْدٌ اِنْسَانًا كَانَ حَيَوَانًا لٰكِنَّهُ اِنْسَانٌ (যদি যায়েদ মানুষ হয় তবে সে প্রাণী হবে ; কিন্তু সে মানুষ)। তার নতীজা হবে فَهُوَ حَيَوَانٌ (সে প্রাণী)। وَاِنْ كَانَ زَيْدٌ حِمَارًا كَانَ نَاهِقًا لٰكِنَّهُ لَيْسَ بِنَاهِقٍ (আর যদি যায়েদ গাধা হয় তবে সে নাহিক হবে ; কিন্তু নাহিক নয়)। এর নতীজা হবে اَنَّهُ لَيْسَ بِحِمَارٍ (সে গাধা নয়)। যদি কিয়াসের মধ্যে নতীজা অথবা নতীজার নকীয কোনটিই উল্লেখ না থাকে, তবে তাকে اِقْتِرَانِىْ বলা হয়। যেমন- তোমার উক্তি زَيْدٌ اِنْسَانٌ وَكُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ (যায়েদ মানুষ আর প্রত্যেক মানুষ প্রাণী)-এর নতীজা হবে زَيْدٌ حَيَوَانٌ (যায়েদ প্রাণী)।

فَصْلٌ : فِى الْقِيَاسِ الْاِقْتِرَانِىْ وَهُوَ قِسْمَانِ حَمْلِىٌّ وَشَرْطِىٌّ وَمَوْضُوْعُ النَّتِيْجَةِ فِى الْقِيَاسِ يُسَمّٰى اَصْغَرُ لِكَوْنِهٖ اَقَلُّ اَفْرَادًا فِى الْاَغْلَبِ وَمَحْمُوْلُهٗ يُسَمّٰى اَكْبَرُ لِكَوْنِهٖ اَكْثَرُ اَفْرَادًا غَالِبًا وَالْقَضِيَّةُ الَّتِىْ جُعِلَتْ جُزْءَ قِيَاسٍ يُسَمّٰى مُقَدَّمَةً وَالْمُقَدَّمَةُ الَّتِىْ فِيْهَا الْاَصْغَرُ تُسَمّٰى صُغْرٰى وَالَّتِىْ فِيْهَا الْاَكْبَرُ كُبْرٰى وَالْجُزْءُ الَّذِىْ تَكَرَّرَ بَيْنَهُمَا يُسَمّٰى حَدًّا وَسَطًا وَاِقْتِرَانُ الصُّغْرٰى بِالْكُبْرٰى يُسَمّٰى قَرِيْنَةً اَوْ ضَرْبًا وَالْهَيْئَةُ الْحَاصِلَةُ مِنْ كَيْفِيَةِ وَضْعِ الْاَوْسَطِ عِنْدَ الْاَصْغَرِ وَالْاَكْبَرِ يُسَمّٰى شَكْلًا وَالْاَشْكَالُ اَرْبَعَةٌ -

পরিচ্ছেদ : قِيَاسْ اِقْتِرَانِىْ প্রসঙ্গ। তা দু' প্রকার- হামলী ও শর্তী। কিয়াসের নতীজার মাওযূকে আসগর বলা হয়। কেননা, সাধারণত তার اَفْرَادْ কম হয়। আর তার মাহমূলকে আকবার বলা হয়। কেননা, তার اَفْرَادْ সাধারণত অধিক হয়। আর যে কাযিয়াকে কিয়াসের অংশ বানানো হয়, তাকে مُقَدَّمَةٌ বলা হয়। যে মুকাদ্দামায় আসগর উল্লেখ থাকে, তাকে সুগরা বলা হয়। আর যে মুকাদ্দামায় আকবার উল্লেখ থাকে, তাকে কুবরা বলা হয়। আর যে অংশটি উভয়টির মধ্যে বারবার উল্লেখ হয়, তাকে حَدْ اَوْسَطْ বলা হয়। সুগরা ও কুবরার সংযোজনকে قَرِيْنَةٌ ও ضَرْبٌ বলা হয়। আর হদ্দে আওসাতকে আসগর এবং আকবরের সাথে রাখার ফলে যে অবস্থার সৃষ্টি হয়, তাকে বলা হয় شَكْلٌ। আর শাক্লসমূহ মোট চারটি।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ فِى الْقِيَاسِ কিয়াস প্রসঙ্গে وَهُوَ قَوْلٌ مُؤَلَّفٌ তা এমন গঠিত উক্তি مِنْ قَضَايَا কতিপয় কাযিয়া দ্বারা يَلْزَمُ عَنْهَا যা দ্বারা আবশ্যক হয় قَوْلٌ اٰخَرُ অন্য একটি উক্তি بَعْدَ تَسْلِيْمِ স্বীকার করে নিলে تِلْكَ الْقَضَايَا ঐ কাযিয়াগুলো فَاِنْ كَانَ النَّتِيْجَةُ যদি তাতে নতীজা اَوْ نَقِيْضُهَا অথবা নতীজার নকীয مَذْكُوْرًا فِيْهِ উল্লেখ থাকে يُسَمّٰى اِسْتِثْنَائِيًّا তবে তাকে اِسْتِثْنَائِيَّةٌ বলা হয় كَقَوْلِنَا যেমন- আমাদের উক্তি اِنْ كَانَ زَيْدٌ اِنْسَانًا যদি যায়েদ মানুষ হয় كَانَ حَيَوَانًا তবে সে প্রাণী হবে لٰكِنَّهُ اِنْسَانٌ কিন্তু সে মানুষ يَنْتِجُ فَهُوَ حَيَوَانٌ তার নতীজা হবে সে প্রাণী وَاِنْ كَانَ زَيْدٌ حِمَارًا আর যদি যায়েদ গাধা হয় كَانَ

www.eelm.weebly.com

وَاِنْ لَمْ تَكُنْ نَاهِقًا তবে সে নাহিক হবে لٰكِنَّهٗ لَيْسَ بِنَاهِقٍ কিন্তু সে নাহিক নয় يَنْتُجُ এর নতীজা হবে اَنَّهٗ لَيْسَ بِحِمَارٍ সে গাধা নয় যদি কিয়াসের মধ্যে না থাকে النَّتِيْجَةُ وَنَقِيْضُهَا নতীজা অথবা নতীজার নকীয কোনোটিই مَذْكُوْرًا উল্লেখ يُسَمّٰى اِقْتِرَانِيًّا তবে তাকে اِقْتِرَانِيٌّ বলা হয় كَقَوْلِكَ যেমন- তোমার উক্তি زَيْدٌ اِنْسَانٌ যায়েদ মানুষ وَكُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ আর প্রত্যেক মানুষ প্রাণী يَنْتُجُ এর নতীজা হবে زَيْدٌ حَيَوَانٌ যায়েদ প্রাণী فَصْلٌ পরিচ্ছেদ فِى الْقِيَاسِ الْاِقْتِرَانِيِّ কিয়াসে ইকতিরানী প্রসঙ্গে وَهُوَ قِسْمَانِ তা দু'প্রকার لِكَوْنِهٖ حَمْلِيٌّ وَشَرْطِيٌّ হামলী ও শর্তী وَمَوْضُوْعُ النَّتِيْجَةِ নতীজার মাওযূ'কে فِى الْقِيَاسِ কিয়াসের يُسَمّٰى اَصْغَرَ আসগর বলা হয় لِكَوْنِهٖ কেননা, তার হয় اَقَلُّ اَفْرَادًا আফরাদ কম فِى الْاَغْلَبِ সাধারণত وَمَحْمُوْلُهٗ আর তার মাহমূলকে يُسَمّٰى اَكْبَرَ আকবার বলা হয় لِكَوْنِهٖ কেননা, তার হয় اَكْثَرُ اَفْرَادًا আফরাদ অধিক غَالِبًا সাধারণত وَالْقَضِيَّةُ আর যে কাযিয়াকে الَّتِىْ جُعِلَتْ যাকে বানানো হয় جُزْءَ قِيَاسٍ কিয়াসের অংশ يُسَمّٰى مُقَدَّمَةً তাকে مُقَدَّمَةً বলা হয় وَالْمُقَدَّمَةُ আর যে মুকাদ্দাম الَّتِىْ فِيْهَا الْاَصْغَرُ যাতে আসগর উল্লেখ থাকে تُسَمّٰى صُغْرٰى তাকে সুগরা বলা হয় وَالَّتِىْ فِيْهَا الْاَكْبَرُ আর যে মুকাদ্দামায়ে আকবর উল্লেখ থাকে كُبْرٰى তাকে কুবরা বলা হয় وَالْجُزْءُ الَّذِىْ আর যে অংশটি تَكَرَّرَ بَيْنَهُمَا উভয়টির মধ্যে বারবার উল্লেখ হয় يُسَمّٰى حَدًّا اَوْسَطًا তাকে حَدّ اَوْسَط বলা হয় وَاقْتِرَانُ الصُّغْرٰى بِالْكُبْرٰى সুগরা ও কুবরার সংযোজনকে يُسَمّٰى قَرِيْنَةً وَضَرْبًا - قَرِيْنَةً ও ضَرْب বলা হয় وَالْهَيْئَةُ الْحَاصِلَةُ আর যে অবস্থার সৃষ্টি হয় مِنْ كَيْفِيَّةِ وَضْعِ الْاَوْسَطِ হদ্দে আওসাতকে রাখার ফলে عِنْدَ الْاَصْغَرِ وَالْاَكْبَرِ আসগর এবং আকবরের সাথে يُسَمّٰى شَكْلًا তাকে شكل বলা হয় وَالْاَشْكَالُ اَرْبَعَةٌ আর শাকলসমূহ মোট চারটি।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهٗ فَصْلٌ فِى الْقِيَاسِ -এর আলোচনা : সম্মানিত গ্রন্থকার এখানে قَضِيَّةٌ-এর আলোচনা শেষ করে حُجَّةٌ-এর আলোচনা শুরু করেছেন। যেহেতু হুজ্জতের মধ্যে কিয়াস হলো সর্বোচ্চ মর্যাদার অধিকারী, তাই قِيَاسٌ-এর আলোচনা সর্বপ্রথম করেছেন।

مَعْنَى الْقِيَاسِ لُغَةً : [قِيَاسٌ-এর আভিধানিক অর্থ] : قِيَاسٌ শব্দটি فِعَالٌ ওজনে বাবে مُفَاعَلَةٌ-এর মাসদার। এর আভিধানিক অর্থ- ১. اَلتَّقْدِيْرُ তথা পরিমাপ করা, ২. اَلتَّمْيِيْزُ তথা তুলনা করা, ৩. اَلْحُجَّةُ তথা প্রদর্শন করা, ৪. اَلظَّنُّ তথা ধারণা করা, ৫. رَدُّ الشَّيْءِ اِلٰى نَظِيْرِهٖ তথা বস্তুকে তার সমজাতীয়-এর দিকে ফিরিয়ে দেওয়া, ৬. অনুমান করা। قِيَاسٌ-এর প্রতিশব্দ Compare.

مَعْنَى الْقِيَاسِ اِصْطِلَاحًا : [اَلْقِيَاسُ-এর পারিভাষিক সংজ্ঞা] :

১. মিরকাত গ্রন্থকার বলেন- هُوَ قَوْلٌ مُؤَلَّفٌ مِنْ قَضَايَا يَلْزَمُ عَنْهَا قَوْلٌ اٰخَرُ بَعْدَ تَسْلِيْمِ تِلْكَ الْقَضَايَا . অর্থাৎ قِيَاسٌ এমন কতগুলো قَضِيَّةٌ দ্বারা গঠিত উক্তি যেগুলো মেনে নিলে অন্য একটি উক্তি মেনে নেওয়া অপরিহার্য হয়ে পড়ে।

২. মীযানুল মানতিক গ্রন্থকার বলেন- هُوَ قَوْلٌ مُؤَلَّفٌ مِنْ قَضَايَا مَتٰى سُلِّمَتْ لَزِمَ عَنْهُ لِذَاتِهٖ قَوْلٌ اٰخَرُ

৩. আল্লামা তাফতাযানী (র.)-এর মতে- هُوَ قَوْلٌ مُؤَلَّفٌ مِنَ الْقَضَايَا يَلْزَمُ لِذَاتِهٖ قَوْلٌ اٰخَرُ

উদাহরণ : زَيْدٌ اِنْسَانٌ كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ (যায়েদ মানুষ আর প্রত্যেক মানুষ প্রাণী)। এটা একাধিক কাযিয়ার সমন্বয়ে গঠিত একটি উক্তি। এটা স্বীকার করে নিলে অপর একটি উক্তি স্বীকার করে নিতে হবে। আর তা হলো زَيْدٌ حَيَوَانٌ (যায়েদ প্রাণী) আর এটাকেই নতীজা বলা হয়।

اَقْسَامُ الْقِيَاسِ : [قِيَاسٌ -এর প্রকারভেদ] : কিয়াস দু'প্রকার। যথা- ১. قِيَاسٌ اِسْتِثْنَائِىٌّ ২. قِيَاسٌ اِقْتِرَانِىٌّ

قِيَاسٌ اِسْتِثْنَائِىٌّ-এর সংজ্ঞা : যদি কিয়াসের মধ্যে তার নতীজা অথবা নতীজার নকীয উল্লেখ থাকে, তবে তাকে اِسْتِثْنَائِىٌّ বলা হয়।

মিরকাত প্রণেতার মতে- اِنْ كَانَ عَيْنَ النَّتِيْجَةِ اَوْ نَقِيْضُهَا مَذْكُوْرًا فِيْهِ بِالْفِعْلِ

কারো কারো মতে- اِنْ كَانَتِ النَّتِيْجَةُ اَوْ نَقِيْضُهَا مَذْكُوْرًا فِيْهِ يُسَمّٰى اِسْتِثْنَائِيًّا

নামকরণ : অত্র কিয়াসে দুই কাযিয়ার মাঝে ইসতিসনার বাক্য অবস্থান করে, তাই এটাকে কিয়াসে ইসতিছনায়ী করে নামকরণ করা হয়েছে। যার আলোচনা কিয়াসে ইসতিছনায়ী পরিচ্ছেদে আসবে।

www.eelm.weebly.com

উদাহরণ : ক. نَتِيْجَةٌ উল্লেখ অবস্থার উদাহরণ– اِنْ كَانَ خَالِدٌ اِنْسَانًا كَانَ حَيْوَانًا لٰكِنَّهٗ اِنْسَانٌ অর্থাৎ খালিদ যদি মানুষ হয় তবে সে হবে প্রাণী, অথচ খালিদ মানুষ।' এখানে لٰكِنَّهٗ اِنْسَانٌ হচ্ছে কিয়াসের নতীজা বা ফলাফল।

খ. نَقِيْضُ النَّتِيْجَةِ উল্লেখ অবস্থার উদাহরণ– اِنْ كَانَ خَالِدٌ حِمَارًا كَانَ نَاهِقًا لٰكِنَّهٗ لَيْسَ بِنَاهِقٍ اِنَّ خَالِدًا لَيْسَ بِحِمَارٍ অর্থাৎ যদি খালিদ গাধা হয় তাহলে সে হবে নির্বোধ, কিন্তু সে যেহেতু নির্বোধ নয়, সুতরাং খালিদ নিশ্চয় গাধা নয়।

২. **قِيَاسْ اِقْتِرَانِىْ-এর সংজ্ঞা :** মিরকাত প্রণেতা বলেন–

اِنْ لَمْ تَكُنِ النَّتِيْجَةُ اَوْ نَقِيْضُهَا مَذْكُوْرًا فِيْهِ يُسَمّٰى اِقْتِرَانِيًّا . অর্থাৎ قِيَاسْ-এর মধ্যে যদি তার نَتِيْجَةٌ কিংবা نَقِيْضُ النَّتِيْجَةِ কোনোটি উল্লেখ না থাকে, তবে তাকে قِيَاسْ اِقْتِرَانِىْ বলা হয়।

নামকরণ : اِقْتِرَانٌ শব্দের অর্থ– মিলিত হওয়া। যেহেতু এ কাযিয়াতে নতীজার উভয় পার্শ্ব حَدْ اَوْسَطْ দ্বারা মিলিত হয়, তাই তাকে قِيَاسْ اِقْتِرَانِىْ নামকরণ করা হয়।

উদাহরণ : زَيْدٌ اِنْسَانٌ وَكُلُّ اِنْسَانٍ حَيْوَانٌ (যায়েদ মানুষ আর প্রত্যেক মানুষ প্রাণী)-এর নতীজা হবে زَيْدٌ حَيْوَانٌ অত্র কিয়াসে নতীজা বা তার নকীয কোনোটিই উল্লেখ নেই।

قَوْلُهٗ اَلْقِيَاسُ الْاِقْتِرَانِىْ الخ - এর আলোচনা : قِيَاسْ اِقْتِرَانِىْ দু' প্রকার– হামলী ও শর্তী। হামলী ঐ কিয়াসকে বলা হয়, যার উভয় مُقَدَّمَةٌ হামলিয়া। আর শর্তী ঐ কিয়াসকে বলা হয়, যার উভয় مُقَدَّمَةٌ হামলিয়া নয়। চাই উভয়টি শর্তিয়া হোক অথবা একটি শর্তিয়া ও অপরটি হামলিয়া হোক।

قَوْلُهٗ يُسَمّٰى اَصْغَرُ الخ -এর আলোচনা : কিয়াসের নতীজার মাওযূ'কে اَصْغَرٌ বলা হয়। কেননা, সাধারণত এর আফরাদ কম হয়ে থাকে। আর নতীজার মাহমূলকে আকবর বলা হয়। কারণ, সাধারণত তার আফরাদ অধিক হয়ে থাকে। যে কাযিয়াতে اَصْغَرٌ উল্লেখ থাকে তাকে সুগরা বলা হয়, আর যে কাযিয়াতে আকবর উল্লেখ থাকে كُبْرٰى বলা হয়। আর যে অংশটি সুগরা ও কুবরায় বারবার আসে, তাকে حَدْ اَوْسَطْ বলা হয়। যেমন– زَيْدٌ اِنْسَانٌ وَكُلُّ اِنْسَانٍ حَيْوَانٌ এটি একটি কিয়াস। এর নতীজা زَيْدٌ حَيْوَانٌ এ কিয়াসটিতে زَيْدٌ اِنْسَانٌ একটি মুকাদ্দামা এবং وَكُلُّ اِنْسَانٍ حَيْوَانٌ একটি মুকাদ্দামা। প্রথম মুকাদ্দামাটিকে সুগরা বলা হবে, যেহেতু তাতে নতীজার مَوْضُوْعٌ তথা زَيْدٌ উল্লেখ রয়েছে। আর দ্বিতীয়টিকে কুবরা বলা হবে, যেহেতু তাতে নতীজার مَحْمُوْلٌ তথা حَيْوَانٌ উল্লেখ রয়েছে। আর اِنْسَانٌ শব্দটি উভয় মুকাদ্দামায় উল্লেখ হয়েছে। অতএব, একে حَدْ اَوْسَطْ বলা হবে।

قَوْلُهٗ وَالْهَيْئَةُ الْحَاصِلَةُ الخ -এর আলোচনা : حَدْ اَوْسَطْ-কে আসগর ও আকবরের সাথে মিলানোর ফলে যে একটি রূপের সৃষ্টি হয়, তাকে শিকল বলা হয়। এ শাকল চার ভাগে বিভক্ত, যা শীঘ্রই তোমাদের সম্মুখে বর্ণনা করা হবে।

www.eelm.weebly.com

وَوَجْهُ الضَّبْطِ اَنْ يُّقَالَ الْحَدُّ الْاَوْسَطُ اِمَّا مَحْمُوْلُ الصُّغْرٰى وَمَوْضُوْعُ الْكُبْرٰى كَمَا فِىْ قَوْلِنَا اَلْعَالَمُ مُتَغَيِّرٌ وَكُلُّ مُتَغَيِّرٍ حَادِثٌ يَنْتَجُ اَلْعَالَمُ حَادِثٌ فَهُوَ الشَّكْلُ الْاَوَّلُ وَاِنْ كَانَ مَحْمُوْلًا فِيْهِمَا فَهُوَ الشَّكْلُ الثَّانِىْ كَمَا تَقُوْلُ كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ وَلَا شَيْئَ مِنَ الْحَجَرِ بِحَيَوَانٍ فَالنَّتِيْجَةُ لَا شَيْئَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ وَاِنْ كَانَ مَوْضُوْعًا فِيْهِمَا فَهُوَ الشَّكْلُ الثَّالِثُ نَحْوُ كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ وَبَعْضُ الْاِنْسَانِ كَاتِبٌ يَنْتَجُ بَعْضُ الْحَيَوَانِ كَاتِبٌ وَاِنْ كَانَ مَوْضُوْعًا فِى الصُّغْرٰى وَمَحْمُوْلًا فِى الْكُبْرٰى فَهُوَ الشَّكْلُ الرَّابِعُ نَحْوُ قَوْلِنَا كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ وَبَعْضُ الْكَاتِبِ اِنْسَانٌ يَنْتَجُ بَعْضُ الْحَيَوَانِ كَاتِبٌ -

সরল অনুবাদ : এটি আয়ত্ত করার পন্থা হলো এই যে, حَدْ اَوْسَطْ হয়তো সুগরার مَحْمُوْل ও কুবরার مَوْضُوْع হবে। যেমন- আমাদের এ উক্তি اَلْعَالَمُ مُتَغَيِّرٌ وَكُلُّ مُتَغَيِّرٍ حَادِثٌ; এর নতীজা হবে اَلْعَالَمُ حَادِثٌ এটি شَكْل اَوَّلْ নামে অভিহিত। আর যদি উভয়টির মধ্যে মাহমূল হয়, তবে তা شَكْل ثَانِىْ নামে অভিহিত হবে। যেমন- তোমার উক্তি كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ وَلَا شَيْئَ مِنَ الْحَجَرِ بِحَيَوَانٍ এর নতীজা হবে لَا شَيْئَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ আর যদি উভয়টিতে مَوْضُوْع হয়, তবে তাকে شَكْل ثَالِثْ বলে। যেমন- كُلُّ اِنْسَانٍ حَيَوَانٍ وَبَعْضُ الْاِنْسَانِ كَاتِبٌ; এর নতীজা হবে بَعْضُ الْحَيَوَانِ كَاتِبٌ - আর যদি সুগরায় মাওযূ এবং কুবরায় মাহমূল হয়, তবে তা شَكْل رَابِعْ। যেমন- আমাদের উক্তি كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ وَبَعْضُ الْكَاتِبِ اِنْسَانٌ এর নতীজা হবে; بَعْضُ الْحَيَوَانِ كَاتِبٌ।

শাব্দিক অনুবাদ : وَجْهُ الضَّبْطِ এটি আয়ত্ত করার পন্থা হলো এই اَنْ يُّقَالَ الْحَدُّ الْاَوْسَطُ যে, حَدْ اَوْسَطْ হবে اِمَّا مَحْمُوْلُ الصُّغْرٰى হয়তো সুগরার মাহমূল وَمَوْضُوْعُ الْكُبْرٰى ও কুবরার মওযূ' كَمَا فِىْ قَوْلِنَا যেমন- আমাদের এ উক্তি اَلْعَالَمُ مُتَغَيِّرٌ পৃথিবী পরিবর্তনশীল وَكُلُّ مُتَغَيِّرٍ حَادِثٌ আর প্রত্যেক পরিবর্তনশীল বস্তুই ধ্বংসশীল يَنْتَجُ এর নতীজা হবে اَلْعَالَمُ حَادِثٌ পৃথিবী ধ্বংসশীল فَهُوَ الشَّكْلُ الْاَوَّلُ এটি شَكْل اَوَّلْ নামে অভিহিত وَاِنْ كَانَ مَحْمُوْلًا فِيْهِمَا আর যদি উভয়টির মধ্যে মাহমূল হয় فَهُوَ الشَّكْلُ الثَّانِىْ তবে তা شَكْل ثَانِىْ নামে অভিহিত হবে كَمَا تَقُوْلُ যেমন- তোমার উক্তি كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ প্রত্যেক মানুষই প্রাণী وَلَا شَيْئَ مِنَ الْحَجَرِ আর কোনো পাথর নেই بِحَيَوَانٍ প্রাণী فَالنَّتِيْجَةُ এর নতীজা হবে لَا شَيْئَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ কোনো মানুষই পাথর নয় وَاِنْ كَانَ مَوْضُوْعًا فِيْهِمَا আর যদি উভয়টিতে مَوْضُوْع হয় فَهُوَ الشَّكْلُ الثَّالِثُ তবে তাকে شَكْل ثَالِثْ বলে نَحْوُ যেমন- كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ প্রত্যেক মানুষই প্রাণী وَبَعْضُ الْاِنْسَانِ كَاتِبٌ কতক মানুষ লেখক يَنْتَجُ নতীজা হবে بَعْضُ الْحَيَوَانِ كَاتِبٌ কতক প্রাণী লেখক وَاِنْ كَانَ مَوْضُوْعًا فِى الصُّغْرٰى আর যদি সুগরায় মাওযূ' হয় وَمَحْمُوْلًا فِى الْكُبْرٰى এবং কুবরায় মাহমূল فَهُوَ الشَّكْلُ الرَّابِعُ তবে তা شَكْل رَابِعْ - نَحْوُ قَوْلِنَا যেমন- আমাদের উক্তি كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ প্রত্যেক মানুষ প্রাণী وَبَعْضُ الْكَاتِبِ اِنْسَانٌ কতক লেখক মানুষ يَنْتَجُ এর নতীজা হবে بَعْضُ الْحَيَوَانِ كَاتِبٌ কতক প্রাণী লেখক।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ الشَّكْلُ الْاَوَّلُ الخ **-এর আলোচনা :** مَعْنَى الشَّكْلِ لُغَةً : **[شَكْل-এর আভিধানিক অর্থ] :** شَكْل শব্দটি মাসদার। এটা একবচন, বহুবচনে اَشْكَالٌ অথবা شُكُوْلٌ ইংরেজি প্রতিশব্দ Structure. এর আভিধানিক অর্থ- ১. اَلصُّوْرَةُ বা আকৃতি, ২. كَيْف বা গঠন, ৩. هَيْئَةٌ বা কাঠামো, ৪. اَلْمِثْلُ الشُّبْهَةُ বা দৃষ্টান্ত, ৫. اَلْمُعَامَلَةُ বা পারস্পরিক ব্যবহার, আচরণ, ৬. اَلْاَمْرُ الْمُشْكِلُ বা কঠিন বিষয়, কাজ, ৭. اَلنَّظِيْرُ বা দৃষ্টান্ত, অনুরূপ।

مَعْنَى الشَّكْلِ اِصْطِلَاحًا : **[شَكْل-এর পারিভাষিক সংজ্ঞা] :**

১. মিরকাত গ্রন্থকার বলেন- اَلشَّكْلُ هُوَ الْهَيْئَةُ الْحَاصِلَةُ مِنْ كَيْفِيَّةِ وَضْعِ الْاَوْسَطِ عِنْدَ الْاَصْغَرِ وَالْاَكْبَرِ. অর্থাৎ حَدْ اَوْسَطْ-কে اَصْغَرْ ও اَكْبَرْ-এর কাছে রাখার অবস্থা দ্বারা অর্জিত নকশা বা কাঠামোকেই شَكْل বলা হয়।

২. মীযানুল মানতিক গ্রন্থকার বলেন- هُوَ الْهَيْئَةُ الْحَاصِلَةُ مِنْ كَيْفِيَّةِ وَضْعِ الْحَدِّ الْاَوْسَطِ عِنْدَ الْحَدَّيْنِ الْاٰخَرَيْنِ.

www.eelm.weebly.com

৩. আ-মু'জামুল ওয়াসীত অভিধান প্রণেতার মতে–

هُوَ صُوْرَةٌ مِنَ الدَّلِيْلِ تَخْتَلِفُ تَبْعًا لِنِسْبَةِ الْحَدِّ الْاَوْسَطِ اِلَى الْحَدَّيْنِ الْاٰخَرَيْنِ الْاَصْغَرِ وَالْاَكْبَرِ.

উদাহরণ : زَيْدٌ اِنْسَانٌ وَكُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ এ বাক্যটি একটি شَكْل ; এখানে اِنْسَانٌ শব্দটি حَدْ اَوْسَط আর زَيْدٌ শব্দটি اَصْغَر এবং حَيَوَانٌ শব্দটি اَكْبَر : এ তিনটির সমন্বয়ে গঠিত হয়েছে।

اَقْسَامُ الشَّكْلِ : [شَكْل– এর প্রকারভেদ] : شَكْل চার প্রকার। যথা–

১. اَلشَّكْلُ الْاَوَّلُ, ২. اَلشَّكْلُ الثَّانِىْ, ৩. اَلشَّكْلُ الثَّالِثُ, ৪. اَلشَّكْلُ الرَّابِعُ

১. **اَلشَّكْلُ الْاَوَّلُ-এর পরিচিতি :** যদি حَدْ اَوْسَط সুগরায় مَحْمُوْل আর কুবরায় مَوْضُوْع হয়, তখন তাকে شَكْل اَوَّل বলা হয়। যেমন– اَلْعَالَمُ مُتَغَيِّرٌ وَكُلُّ مُتَغَيِّرٍ حَادِثٌ এখানে مُتَغَيِّرٌ শব্দটি حَدْ اَوْسَط যেহেতু এটা সুগরা ও কুবরা উভয়টিতে উল্লেখ রয়েছে। আর এটা সুগরায় مَحْمُوْل ও কুবরায় مَوْضُوْع হয়েছে। উক্ত حَدْ اَوْسَط-কে দূর করে দেওয়ার পর নাতীজা বের হবে اَلْعَالَمُ حَادِثٌ।

নামকরণ : এটাকে شَكْل اَوَّل বলার কারণ হলো, এর নাতীজা বাদীহী ও সুনিশ্চিত।

২. **اَلشَّكْلُ الثَّانِىْ-এর পরিচিতি :** যদি حَدْ اَوْسَط সুগরা ও কুবরা উভয়টিতে مَحْمُوْل হয়, তবে তাকে شَكْل ثَانِىْ বলা হয়। যেমন– كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ وَلَا شَئَ مِنَ الْحَجَرِ بِحَيَوَانٍ ; এখানে حَيَوَانٌ শব্দটি حَدْ اَوْسَط এটা صُغْرٰى ও كُبْرٰى উভয়টিতে মাহমূল হয়েছে। উক্ত حَدْ اَوْسَط-কে দূর করে দিলে نَتِيْجَة বের হবে لَا شَئَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ

নামকরণ: এটাকে شَكْل ثَانِىْ বলার কারণ হলো, কিয়াসের উত্তম মুকাদ্দামা তথা সুগরার মধ্যে شَكْل اَوَّل-এর সাথে এর সামঞ্জস্যতা রয়েছে।

৩. **اَلشَّكْلُ الثَّالِثُ-এর পরিচিতি :** যদি حَدْ اَوْسَط সুগরা ও কুবরা উভয়টিতে মাওযূ' হয়, তবে তাকে شَكْل ثَالِث বলা হয়। যেমন– كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ وَبَعْضُ الْاِنْسَانِ كَاتِبٌ ; এ قِيَاس টিতে اِنْسَانٌ শব্দটি حَدْ اَوْسَط; এটা صُغْرٰى ও كُبْرٰى উভয়টিতে مَوْضُوْع হয়েছে। উক্ত حَدْ اوسط-কে দূর করে দিলে নাতীজা বের হবে بَعْضُ الْحَيَوَانِ كَاتِبٌ।

নামকরণ : এটাকে شَكْل ثَالِث বলার কারণ হলো, কিয়াসের নিকৃষ্ট মুকাদ্দামা তথা কুবরার দিক দিয়ে شَكْل اَوَّل-এর সাথে এর সামস্যতা রয়েছে।

৪. **اَلشَّكْلُ الرَّابِعُ-এর পরিচিতি :** যদি حَدْ اَوْسَط সুগরায় মাওযূ' এবং কুবরায় মাহমূল হয়, তবে তাকে شَكْل رَابِع বলা হয়। যেমন– كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ وَبَعْضُ الْكَاتِبِ اِنْسَانٌ এ কিয়াসটিতে اِنْسَانٌ শব্দটি حَدْ اَوْسَط; তাকে দূর করে দিলে নতীজা হবে بَعْضُ الْحَيَوَانِ كَاتِبٌ।

নামকরণ : শাকলে আওয়ালের সাথে এর মোটেই সামঞ্জস্যতা নেই। তাই এটাক شَكْل رَابِع বলা হয়। চার শাকলের সংজ্ঞায় জনৈক কবি বলেছেন–

اوسط ارمحمول صاد وہم بود موضوع کاف * داں تو او را شکل اول چہار می بر عکس آں

گر بود محمول ہر دو شکل ثانی می شود * ور بود موضوع ہر دو شکل ثالث می شود

عکس اول شکل رابع حاصل آید بیگماں * گفتہ ام ایں چند مصرع از برائے طالباں

অত্র চরণগুলোতে اوسط দ্বারা হচ্ছে আওসাত; ار দ্বারা اگر (যদি), صاد দ্বারা সুগরা আর كاف দ্বারা কুবরা বুঝানো হয়েছে। ছন্দগুলোর অর্থ নিম্নরূপ–

অর্থাৎ ১. হদ্দে আওসাত যদি সুগরার মাহমূল এবং কুবরার মাওযূ' হয়, তাহলে তুমি তাকে শাকলে আওয়াল মনে করবে আর চতুর্থ শাকলটি তার বিপরীত। ২. যদি হদ্দে আওসাত সুগরা ও কুবরা (উভয়ের) মাহমূল হয়, তাহলে তা শাকলে ছানী; ৩. আর যদি উভয়ের মাওযূ' হয়, তাহলে শাকলে ছালিছ। ৪. চতুর্থ শাকলটি নিঃসন্দেহে প্রথম শাকলের বিপরীত হয়, আমি এই ছন্দগুলো ইলম অন্বেষণকারীদের উদ্দেশ্যেই বলেছি।

ক্রমিক নং	সুগরা	কুবরা	শাকলের নাম	নতীজা
১	اَلْعَالَمُ مُتَغَيِّرٌ	وَكُلُّ مُتَغَيِّرٍ حَادِثٌ	শাকলে আওয়াল	اَلْعَالَمُ حَادِثٌ
২	كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ	وَلَا شَئَ مِنَ الْحَجَرِ بِحَيَوَانٍ	শাকলে ছানী	لَا شَئَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ
৩	كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ	وَبَعْضُ الْاِنْسَانِ كَاتِبٌ	শাকলে ছালিছ	بَعْضُ الْحَيَوَانِ كَاتِبٌ
৪	كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ	وَبَعْضُ الْكَاتِبِ اِنْسَانٌ	শাকলে রাবে'	بَعْضُ الْحَيَوَانِ كَاتِبٌ

www.eelm.weebly.com

فَصْلٌ : وَاَشْرَفُ الْاَشْكَالِ مِنَ الْاَرْبَعَةِ الشَّكْلُ الْاَوَّلُ وَلِذٰلِكَ كَانَ اِنْتَاجُهُ بَيِّنًا بَدِيْهِيًّا يَسْبِقُ الذِّهْنُ فِيْهِ اِلَى النَّتِيْجَةِ سَبْقًا طَبْعِيًّا مِنْ دُوْنِ حَاجَةٍ اِلٰى فِكْرٍ وَتَاَمُّلٍ وَلَهٗ شَرَائِطُ وَضُرُوْبٌ اَمَّا الشَّرَائِطُ فَاثْنَانِ اَحَدُهُمَا اِيْجَابُ الصُّغْرٰى وَثَانِيْهِمَا كُلِّيَّةُ الْكُبْرٰى فَاِنْ يَفْقِدَا مَعًا اَوْ يَفْقِدَ اَحَدُهُمَا لَا يَلْزَمُ النَّتِيْجَةُ كَمَا يَظْهَرُ عِنْدَ التَّاَمُّلِ وَاَمَّا الضُّرُوْبُ فَاَرْبَعَةٌ لِاَنَّ الْاِحْتِمَالَاتِ فِيْ كُلِّ شَكْلٍ سِتَّةَ عَشَرَ لِاَنَّ الصُّغْرٰى اَرْبَعَةٌ وَالْكُبْرٰى اَيْضًا اَرْبَعَةٌ اَعْنِيْ اَلْمُوْجَبَةُ الْكُلِّيَّةُ وَالْمُوْجَبَةُ الْجُزْئِيَّةُ وَالسَّالِبَةُ الْكُلِّيَّةُ وَالسَّالِبَةُ الْجُزْئِيَّةُ وَالْاَرْبَعَةُ فِى الْاَرْبَعَةِ سِتَّةَ عَشَرَ وَاَسْقَطَ شَرَائِطَ الشَّكْلِ الْاَوَّلِ اِثْنَىْ عَشَرَ وَهُوَ الصُّغْرٰى السَّالِبَةُ الْكُلِّيَّةُ مَعَ الْكُبْرَيَاتِ الْاَرْبَعِ وَالصُّغْرٰى السَّالِبَةُ الْجُزْئِيَّةُ مَعَ تِلْكَ الْاَرْبَعِ وَهٰذِهٖ ثَمَانِيَةٌ وَالْكُبْرٰى الْمُوْجَبَةُ الْجُزْئِيَّةُ وَالسَّالِبَةُ الْجُزْئِيَّةُ مَعَ الصُّغْرٰى الْمُوْجَبَةُ الْجُزْئِيَّةُ وَالْكُلِّيَّةُ وَهٰذِهِ الْاَرْبَعَةُ فَبَقِىَ اَرْبَعَةُ ضُرُوْبٍ مُنْتَجَةٍ ـ

সরল অনুবাদ : পরিচ্ছেদ : شَكْل চতুষ্টয়ের মধ্যে সর্বোত্তম হলো شَكْل اَوَّل। এ জন্য এর নতীজা স্পষ্ট এবং প্রকাশ্য। স্বভাবগতভাবে এর নতীজার দিকে চিন্তাশক্তি ধাবিত হয় এবং চিন্তা-গবেষণার প্রয়োজন হয় না। প্রথম শাকলের জন্য কতগুলো শর্ত এবং কতিপয় ضَرْب রয়েছে। শর্ত হচ্ছে দু'টি : প্রথম শর্ত–সুগরা ঈজাব বা হ্যাঁ-বাচক হওয়া; আর দ্বিতীয় শর্ত– كُبْرٰى কুল্লিয়া হওয়া। যদি একত্রে উভয় শর্ত বিলুপ্ত হয় অথবা যে কোনো একটি বিলুপ্ত হয়, তাহলে নতীজা বের হওয়া অপরিহার্য হবে না, যা চিন্তা-গবেষণা করলেই স্পষ্ট হয়ে যাবে। ضَرَبَ সমূহ চারটি। কেননা ,প্রত্যেক শাকলেই ষোলটি করে ضَرَبَ হওয়ার সম্ভাবনা রয়েছে। কারণ, صُغْرٰى চার প্রকার– এমনিভাবে كُبْرٰى ও চার প্রকার। অর্থাৎ মূজিবায়ে কুল্লিয়া, মূজিবায়ে জুযয়িয়া, সালিবায়ে কুল্লিয়া ও সালিবায়ে জুযয়িয়া। আর চারকে চার দ্বারা গুণ করলে ষোল হয়। শাকলে আওয়ালে যে শর্ত আরোপ করা হয়েছে, তার ফলে বারোটি যরব (অবস্থা) বাদ পড়েছে। সেগুলো হচ্ছে, সালিবায়ে কুল্লিয়াযুক্ত সুগরা কুবরা চতুষ্টয়সহ এবং সালেবায়ে জুযয়িয়া যুক্ত সুগরা উক্ত কুবরা চতুষ্টয়সহ। এখানে সর্বমোট আটটি হলো। আর মূজেবায়ে জুযয়িয়াযুক্ত ও সালিবায়ে জুযয়িয়াযুক্ত কুবরা, মূজিবায়ে কুল্লিয়া ও মূজিবায়ে জুযয়িয়াযুক্ত সুগরাসহ। এখানে হলো মোট চারটি। অতএব অবশিষ্ট রইল চারটি মুনতাজ (ফলপ্রসূ) যরব।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ وَاَشْرَفُ الْاَشْكَالِ সর্বোত্তম شَكْل হলো مِنَ الْاَرْبَعَةِ শাকল চতুষ্টয়ের মধ্যে اَلشَّكْلُ الْاَوَّلُ প্রথম শাকল وَلِذٰلِكَ আর এ কারণে كَانَ اِنْتَاجُهٗ এর নতীজা হয় بَيِّنًا بَدِيْهِيًّا স্পষ্ট ও প্রকাশ্য يَسْبِقُ الذِّهْنُ فِيْهِ এর চিন্তাশক্তি ধাবিত হয় اِلَى النَّتِيْجَةِ নতীজার দিকে سَبْقًا طَبْعِيًّا স্বভাবগতভাবে مِنْ دُوْنِ حَاجَةٍ এবং প্রয়োজন হয় না اِلٰى فِكْرٍ وَتَاَمُّلٍ চিন্তাগবেষণার وَلَهٗ شَرَائِطُ প্রথম শাকলের জন্য কতগুলো শর্ত রয়েছে وَضُرُوْبٌ এবং কতিপয় ضَرْب - اَمَّا الشَّرَائِطُ শর্ত হচ্ছে فَاثْنَانِ দু'টি اَحَدُهُمَا প্রথম শর্ত اِيْجَابُ الصُّغْرٰى সুগরা ইজবা বা হ্যাঁ-বোধক হওয়া وَثَانِيْهِمَا আর দ্বিতীয় শর্ত كُلِّيَّةُ الْكُبْرٰى - كُبْرٰى কুল্লী হওয়া فَاِنْ يَفْقِدَا مَعًا যদি একত্রে উভয় শর্ত বিলুপ্ত হয় اَوْ يَفْقِدَ اَحَدُهُمَا অথবা যে কোনো একটি বিলুপ্ত হয় لَا يَلْزَمُ النَّتِيْجَةُ তাহলে নতীজা বের হওয়া অপরিহার্য হবে না كَمَا يَظْهَرُ যা স্পষ্ট হয়ে যাবে عِنْدَ التَّاَمُّلِ চিন্তা-গবেষণা করলেই وَاَمَّا الضُّرُوْبُ আর যররসমূহ فَاَرْبَعَةٌ চারটি لِاَنَّ الْاِحْتِمَالَاتِ কেননা, সম্ভাবনা রয়েছে فِيْ كُلِّ شَكْلٍ প্রত্যেক শাকলেই سِتَّةَ عَشَرَ ষোলটি করে لِاَنَّ الصُّغْرٰى اَرْبَعَةٌ কেননা, صُغْرٰى চার প্রকার وَالْكُبْرٰى اَيْضًا اَرْبَعَةٌ এমনিভাবে كُبْرٰى ও চার প্রকার اَعْنِيْ অর্থাৎ اَلْمُوْجَبَةُ الْكُلِّيَّةُ মূজিবায়ে কুল্লিয়া وَالْمُوْجَبَةُ الْجُزْئِيَّةُ মূজিবায়ে জুযয়িয়া وَالسَّالِبَةُ الْكُلِّيَّةُ সালিবায়ে কুল্লিয়া وَالسَّالِبَةُ الْجُزْئِيَّةُ ও সালিবায়ে জুযয়িয়া وَالْاَرْبَعَةُ فِىْ

www.eelm.weebly.com

الْأَرْبَعَةُ আর চারকে চার দ্বারা গুণ করলে سِتَّةَ عَشَرَ ষোল হয় وَأَسْقَطَ আর ফেলে দিয়েছে شَرَائِطُ الشَّكْلِ الْأَوَّلِ শাকলে আওয়ালের শর্তগুলো اِثْنَيْ عَشَرَ বারোটি যরবকে وَهُوَ সেগুলো হচ্ছে اَلصُّغْرَى السَّالِبَةُ الْكُلِّيَّةُ সালিবায়ে কুল্লিয়াযুক্ত সুগরা مَعَ الْكُبْرَيَاتِ الْأَرْبَعِ কুবরা চতুষ্টয়সহ وَالصُّغْرَى السَّالِبَةُ الْجُزْئِيَّةُ এবং সালিবায়ে জুযয়িয়াযুক্ত সুগরা مَعَ تِلْكَ الْأَرْبَعِ উক্ত কুবরা চতুষ্টয়সহ وَهٰذِهٖ ثَمَانِيَةٌ এখানে সর্বমোট আটটি হলো وَالْكُبْرَى الْمُوْجِبَةُ الْجُزْئِيَّةُ وَالسَّالِبَةُ الْجُزْئِيَّةُ আর মূজিবায়ে জুযয়িয়াযুক্ত ও সালিবায়ে জুযয়িয়াযুক্ত কুবরা مَعَ الصُّغْرَى الْمُوْجِبَةُ الْجُزْئِيَّةُ وَالْكُلِّيَّةُ মূজিবায়ে জুযয়িয়া ও মূজিবায়ে কুল্লিয়াযুক্ত সুগরাসহ وَهٰذِهٖ أَرْبَعَةٌ এখানে হলো মোট চারটি فَبَقِيَ أَرْبَعَةُ ضُرُوْبٍ অতএব অবশিষ্ট রইল চারটি যরব مُنْتِجَةٌ মুনতাজ (ফলপ্রসূ)।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ أَشْرَفُ الْأَشْكَالِ مِنَ الْأَرْبَعَةِ الشَّكْلُ الْأَوَّلُ الخ -এর আলোচনা : প্রথম شَكْل অবশিষ্ট শাকলত্রয় হতে অধিক মর্যাদাসম্পন্ন। আর এটিই একমাত্র شَكْل যা হতে সর্বপ্রকার নতীজা পাওয়া যায়। কারণ, অবশিষ্ট শাকলত্রয়ের নতীজা গঠনের ব্যাপারে প্রথম شَكْل -এর মুখাপেক্ষী। অর্থাৎ শাকলত্রয়কেও প্রথম শাকলে সামান্য পরিবর্তন করে গঠন করা হয়েছে। যেমন– চতুর্থ আকৃতি, প্রথম শাকলকে উল্টিয়ে দেওয়ায় এটি গঠিত হয়েছে। অর্থাৎ প্রথম শাকলে حَدِّ أَوْسَط -কে সুগরার মাওযূ' ও কুবরার মাহমূল বানিয়ে দেওয়া হয়েছে। তদ্রূপ দ্বিতীয় شَكْل গঠন করতে গিয়ে প্রথম শাকলের কুবরার মাওযূ'কে মাহমূল বানিয়ে দেওয়া হয়েছে। তদ্রূপ তৃতীয় শাকল গঠন করতে গিয়ে সুগরার মাহমূলকে মাওযূ' বানিয়ে মাওযূকে মাহমূলের স্থানে রেখে দেওয়া হয়েছে।

قَوْلُهُ وَأَمَّا الشَّرَائِطُ فَاثْنَانِ الخ -এর আলোচনা : শাকলে আওয়ালের দু'টি শর্ত রয়েছে। যথা– ১. তার صُغْرَى হ্যাঁ-বাচক হতে হবে। ২. আর كُبْرَى কুল্লিয়া হতে হবে। উক্ত শর্ত আরোপ করার কারণ এই যে, শাকলে আওয়ালে حَدِّ أَوْسَط আসগরের উপর মাহমূল হয়। আর অপরদিকে মাহমূল মাওযূ'-এর তুলনায় ব্যাপক হওয়ার সম্ভাবনা আছে। অতঃপর কুবরার حَدِّ أَوْسَط এর কতিপয় আফরাদের উপর আরোপিত হয়, তবে আসগর তাদের অন্তর্ভুক্ত নাও হতে পারে। অতএব, এমতাবস্থায় উক্ত কতিপয় আফরাদের উপর কোনো হুকুম আরোপ করা হলে তা আসগরের উপর আরোপিত হতো না। যেমন– প্রত্যেক মানুষ প্রাণী, আর কতক প্রাণী ঘোড়া। এর নতীজা হবে– কতেক মানুষ ঘোড়া, আর এটি মিথ্যা। আর যদি উভয় শর্ত একত্রে বিলুপ্ত হয় কিংবা যে কোনো একটি বিলুপ্ত হয়, তাহলে নতীজা বের হওয়া অপরিহার্য হবে না।

قَوْلُهُ وَأَمَّا الضُّرُوْبُ فَأَرْبَعَةٌ الخ -এর আলোচনা : মুনতাজ (ফলপ্রসূ) ضَرْب মোট চারটি, তবে সম্ভাব্য ضَرْب মোট ষোলটি হতে পারে। কিন্তু তন্মধ্যে বারোটি বিশুদ্ধ নতীজা প্রকাশ করে না বলে ঐগুলো গ্রহণযোগ্য নয়। ضَرْب ষোল প্রকার হওয়ার কারণ এই যে, সুগরা কুবরা প্রত্যেকটিই চার প্রকার হতে পারে। যেমন– ১. মূজিবায়ে কুল্লিয়া, ২. মূজিবায়ে জুযয়িয়া, ৩. সালিবায়ে কুল্লিয়া, ৪. সালিবায়ে জুযয়িয়া। চারকে চার দ্বারা গুণ করলে ষোল হবে। ضَرْب গুলোর চিত্র নিম্নে দেওয়া হলো।

ষোল প্রকার যরবের চিত্র

ক্রমিক নং	সুগরা	কুবরা	ক্রমিক নং	সুগরা	কুবরা
১	মূজিবায়ে কুল্লিয়া	মূজিবায়ে কুল্লিয়া	৯	সালেবায়ে কুল্লিয়া	মূজিবায়ে জুযয়িয়া
২	মূজিবায়ে কুল্লিয়া	মূজিবায়ে কুল্লিয়া	১০	সালেবায়ে কুল্লিয়া	মূজিবায়ে জুযয়িয়া
৩	মূজিবায়ে কুল্লিয়া	সালেবায়ে কুল্লিয়া	১১	সালেবায়ে কুল্লিয়া	সালেবায়ে কুল্লিয়া
৪	মূজিবায়ে কুল্লিয়া	সালেবায়ে কুল্লিয়া	১২	সালেবায়ে কুল্লিয়া	মূজিবায়ে জুযয়িয়া
৫	মূজিবায়ে কুল্লিয়া	মূজিবায়ে কুল্লিয়া	১৩	সালেবায়ে কুল্লিয়া	মূজিবায়ে জুযয়িয়া
৬	মূজিবায়ে কুল্লিয়া	সালেবায়ে কুল্লিয়া	১৪	সালেবায়ে কুল্লিয়া	সালেবায়ে কুল্লিয়া
৭	মূজিবায়ে কুল্লিয়া	সালেবায়ে কুল্লিয়া	১৫	সালেবায়ে কুল্লিয়া	মূজিবায়ে জুযয়িয়া
৮	মূজিবায়ে কুল্লিয়া	সালেবায়ে কুল্লিয়া	১৬	সালেবায়ে কুল্লিয়া	মূজিবায়ে জুযয়িয়া

উল্লেখ্য, সালিবায়ে কুল্লিয়াযুক্ত সুগরা কুবরা চতুষ্টয়সহ এবং সালিবা জুযয়িয়াযুক্ত সুগরা উক্ত কুবরা চতুষ্টয়সহ সর্বমোট আটটি যরবের নাতীজা আসবে না। কারণ, প্রথম শাকলের জন্য শর্ত হলো সুগরা ইতিবাচক হওয়া। আর এ আট যরবের সুগরা নেতিবাচক। আর অবশিষ্ট আট যরবে যাদের কুবরা কুল্লী নয় ঐগুলো নতীজা প্রকাশ করবে না। আর যে যরবগুলোতে প্রথম শাকলের উভয় শর্ত পাওয়া যায় সেগুলো সঠিক নতীজা প্রকাশ করবে। অর্থাৎ ৯, ১১, ১৩ ও ১৫ নং যরবগুলো সঠিক নতীজা প্রকাশ করবে।

www.eelm.weebly.com

اَلضَّرْبُ الْاَوَّلُ مُرَكَّبٌ مِنْ مُوْجِبَةٍ كُلِّيَّةٍ صُغْرٰى وَمُوْجِبَةٍ كُلِّيَّةٍ كُبْرٰى يَنْتَجُ مُوْجِبَةً كُلِّيَّةً نَحْوُ كُلُّ ج ب وَكُلُّ ب د يَنْتَجُ كُلُّ ج د وَالضَّرْبُ الثَّانِىْ مُؤَلَّفٌ مِنْ مُوْجِبَةٍ كُلِّيَّةٍ صُغْرٰى وَسَالِبَةٍ كُلِّيَّةٍ كُبْرٰى يَنْتَجُ سَالِبَةٌ كُلِّيَّةٌ نَحْوُ كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ وَلَا شَيْءَ مِنَ الْحَيَوَانِ بِحَجَرٍ يَنْتَجُ لَا شَيْءَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ وَالضَّرْبُ الثَّالِثُ مُلْتَئِمٌ مِنْ مُوْجِبَةٍ جُزْئِيَّةٍ صُغْرٰى وَمُوْجِبَةٍ كُلِّيَّةٍ كُبْرٰى وَالنَّتِيْجَةُ مُوْجِبَةٌ جُزْئِيَّةٌ نَحْوُ بَعْضُ الْحَيَوَانِ فَرَسٌ وَكُلُّ فَرَسٍ صَهَّالٌ يَنْتَجُ بَعْضُ الْحَيَوَانِ صَهَّالٌ وَالضَّرْبُ الرَّابِعُ مِنْ د وَ ج مِنْ مُوْجِبَةٍ جُزْئِيَّةٍ صُغْرٰى وَسَالِبَةٍ كُلِّيَّةٍ كُبْرٰى يَنْتَجُ سَالِبَةٌ جُزْئِيَّةٌ كَقَوْلِنَا بَعْضُ الْحَيَوَانِ نَاطِقٌ وَلَا شَيْءَ مِنَ النَّاطِقِ بِنَاهِقٍ فَالنَّتِيْجَةُ بَعْضُ الْحَيَوَانِ لَيْسَ بِنَاهِقٍ -

সরল অনুবাদ : প্রথম ضَرْبٌ মুজিবায়ে কুল্লিয়াযুক্ত صُغْرٰى এবং মুজিবায়ে কুল্লিয়াযুক্ত كُبْرٰى -এর সমন্বয়ে গঠিত। এর নতীজা হবে মুজিবায়ে কুল্লিয়া। যেমন- كُلُّ ج ب وَ كُلُّ ب د এর নতীজা হবে كُلُّ ج د আর দ্বিতীয় ضَرْبٌ মুজিবায়ে কুল্লিয়াযুক্ত صُغْرٰى এবং সালেবায়ে কুল্লিয়াযুক্ত কুবরার সমন্বয়ে গঠিত। এর নতীজা হবে সালিবায়ে কুল্লিয়া। যেমন- كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ وَلَا شَيْءَ مِنَ الْحَيَوَانِ بِحَجَرٍ (সমস্ত মানুষ প্রাণী আর কোনো প্রাণী পাথর নয়।) এর নতীজা হবে لَا شَيْءَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ (কোনো মানুষ পাথর নয়)। তৃতীয় ضَرْبٌ মুজিবায়ে জুযয়িয়াযুক্ত صُغْرٰى ও মুজিবায়ে কুল্লিয়াযুক্ত কুবরার সমন্বয়ে গঠিত। এর নতীজা হবে মুজিবায়ে জুযয়িয়া। যেমন- بَعْضُ الْحَيَوَانِ فَرَسٌ وَكُلُّ فَرَسٍ صَهَّالٌ (প্রতিটি প্রাণী ঘোড়া; আর প্রতিটি ঘোড়া হ্নহ্ন আওয়াজ প্রদানকারী)। এর নতীজা হবে بَعْضُ الْحَيَوَانِ صَهَّالٌ (কতক প্রাণী হ্নহ্ন আওয়াজ প্রদানকারী)। আর চতুর্থ ضَرْبٌ মুজিবায়ে জুযয়িয়াযুক্ত صُغْرٰى এবং সালিবায়ে কুল্লিয়াযুক্ত কুবরার সমন্বয়ে গঠিত। এর নতীজা দিবে সালিবায়ে জুযয়িয়া। যেমন- আমাদের উক্তি بَعْضُ الْحَيَوَانِ نَاطِقٌ وَلَا شَيْءَ مِنَ النَّاطِقِ بِنَاهِقٍ (কতক প্রাণী বাকশক্তি সম্পন্ন ; আর কোনো নাতিকই নাহিক বা গাধা নয়)। এর নতীজা হবে بَعْضُ الْحَيَوَانِ لَيْسَ بِنَاهِقٍ (কতক প্রাণী নাহিক নয়)।

শাব্দিক অনুবাদ : اَلضَّرْبُ الْاَوَّلُ প্রথম যরব مُرَكَّبٌ গঠিত مِنْ مُوْجِبَةٍ كُلِّيَّةٍ صُغْرٰى মুজিবায়ে কুল্লিয়াযুক্ত সুগারার সমন্বয়ে وَمُوْجِبَةٍ كُلِّيَّةٍ كُبْرٰى এবং মুজিবায়ে কুল্লিয়াযুক্ত কুবরার يَنْتَجُ এর নতীজা হবে مُوْجِبَةٌ كُلِّيَّةٌ মুজিবায়ে কুল্লিয়া نَحْوُ যেমন- كُلُّ ج ب প্রত্যেক জীম বা وَكُلُّ ب د এবং প্রত্যেক বা দাল يَنْتَجُ كُلُّ ج د এর নতীজা হবে প্রত্যেক জীম দাল وَالضَّرْبُ الثَّانِىْ আর দ্বিতীয় যরব مُؤَلَّفٌ গঠিত مِنْ مُوْجِبَةٍ كُلِّيَّةٍ صُغْرٰى মুজিবায়ে কুল্লিয়াযুক্ত সুগারার সমন্বয়ে وَسَالِبَةٍ كُلِّيَّةٍ كُبْرٰى এবং সালিবায়ে কুল্লিয়াযুক্ত কুবরার يَنْتَجُ এর নতীজা হবে سَالِبَةٌ كُلِّيَّةٌ সালিবায়ে কুল্লিয়া نَحْوُ যেমন- كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ সমস্ত মানুষ প্রাণী وَلَا شَيْءَ مِنَ الْحَيَوَانِ بِحَجَرٍ কোনো প্রাণী পাথর নয় يَنْتَجُ এর নতীজা হবে لَا شَيْءَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ কোনো মানুষ পাথর নয় وَالضَّرْبُ الثَّالِثُ তৃতীয় যরব مُلْتَئِمٌ গঠিত مِنْ مُوْجِبَةٍ جُزْئِيَّةٍ صُغْرٰى মুজিবায়ে জুযয়িয়াযুক্ত সুগারার সমন্বয়ে وَمُوْجِبَةٍ كُلِّيَّةٍ كُبْرٰى এবং মুজিবায়ে কুল্লিয়াযুক্ত কুবরার وَالنَّتِيْجَةُ এর নতীজা হবে مُوْجِبَةٌ جُزْئِيَّةٌ মুজিবায়ে জুযয়িয়া نَحْوُ যেমন- بَعْضُ الْحَيَوَانِ فَرَسٌ প্রতিটি প্রাণী ঘোড়া وَكُلُّ فَرَسٍ صَهَّالٌ আর প্রতিটি ঘোড়া হ্নহ্ন আওয়াজ প্রদানকারী يَنْتَجُ এর নতীজা হবে بَعْضُ الْحَيَوَانِ صَهَّالٌ কতক প্রাণী হ্নহ্ন আওয়াজ প্রদানকারী وَالضَّرْبُ الرَّابِعُ আর চতুর্থ যরব مِنْ مُوْجِبَةٍ جُزْئِيَّةٍ صُغْرٰى মুজিবায়ে জুযয়িয়াযুক্ত সুগরার সমন্বয়ে وَسَالِبَةٍ كُلِّيَّةٍ

www.eelm.weebly.com

كُبْرَىٰ এবং সালিবায়ে কুল্লিয়াযুক্ত কুবরার يَنْتَجُ এর নতীজা হবে سَالِبَةً جُزْئِيَّةً সালিবায়ে জুযয়িয়া كَقَوْلِنَا যেমন- আমাদের উক্তি فَالنَّتِيْجَةُ بَعْضُ الْحَيَوَانِ نَاطِقٌ কতক প্রাণী বাকশক্তিসম্পন্ন وَلَا شَيْءَ مِنَ النَّاطِقِ بِنَاهِقٍ আর কোনো নাতিকই নাহিক বা গাধা নয় এর নতীজা হবে بَعْضُ الْحَيَوَانِ কতক প্রাণী لَيْسَ بِنَاهِقٍ নাহিক নয়।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ اَلضَّرْبُ الْاَوَّلُ مُرَكَّبٌ الخ -এর আলোচনা : شَكْلُ اَوَّلُ -এ যে চারটি ضَرْبُ সহীহ নতীজা প্রদান করে এখানে তার গঠন পদ্ধতি আলোচনা করা হচ্ছে।

প্রথমত: প্রথম ضَرْبُ সুগরা হবে- মূজিবায়ে কুল্লিয়া, আর কুবরা হবে মূজিবায়ে কুল্লিয়া। যেমন- كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ وَكُلُّ حَيَوَانٍ جِسْمٌ (সমস্ত মানুষ প্রাণী, আর সমস্ত প্রাণী দেহবিশিষ্ট।) এর নতীজা হবে كُلُّ اِنْسَانٍ جِسْمٌ (সমস্ত মানুষ দেহবিশিষ্ট)। এ যরবে প্রথম শাকলের দু'টি শর্ত পাওয়া গেছে। সুগরা মূজিবা, আর কুবরা কুল্লিয়া। যেহেতু সুগরা ও কুবরা উভয়টি মূজিবা হলে, নতীজা مُوْجِبَةٌ হয়। আর উভয়টি কুল্লিয়া হলে নতীজা কুল্লিয়া হয়। অতএব, এর নতীজাও مُوْجِبَةٌ كُلِّيَّةٌ হচ্ছে।

দ্বিতীয়ত: দ্বিতীয় যরবের নতীজা সালিবায়ে কুল্লিয়া হচ্ছে। কারণ, সুগরা ও কুবরাতে অবস্থিত উভয় কাযিয়া কুল্লিয়া, আর কুবরার কাযিয়া সালিবা, এ অনুসারে নতীজাও সালিবায়ে কুল্লিয়া হচ্ছে।

তৃতীয়ত: তৃতীয় যরবে যেহেতু উভয় কাযিয়া মূজিবা। তাই ফলাফল হচ্ছে মূজিবা। আর যেহেতু প্রথম কাযিয়া জুয্য়ী। তাই ফলাফলও জুয্য়ী হচ্ছে। কারণ, এক কাযিয়া জুয্য়ী অপর কাযিয়া কুল্লী হতে নতীজা কায়দা অনুসারে জুয্য়ী হয়।

চতুর্থত : চতুর্থ যরবেও প্রথম কাযিয়া জুয্য়িয়া বলে নতীজা জুয্য়ী, আর দ্বিতীয় কাযিয়া সালিবা বলে নতীজা সালিবা।

নতীজা প্রদানকারী ضَرْبُ সহ শাকলে আওয়ালের চিত্র

নতীজার শ্রেণী	উদাহরণ	নতীজা
১ম যরবে আওওয়াল- সুগরা কুবরা উভয়টি মূজিবায়ে কুল্লিয়া		
মূজিবায়ে কুল্লিয়া	كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ وَكُلُّ حَيَوَانٍ جِسْمٌ	فَكُلُّ اِنْسَانٍ جِسْمٌ
২. যরবে ছানী- সুগরা মূজিবায়ে কুল্লিয়া ও কুবরা সালেবায়ে কুল্লিয়া		
সালিবায়ে কুল্লিয়া	كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ وَلَا شَيْءَ مِنَ الْحَيَوَانِ بِحَجَرٍ	فَلَا شَيْءَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ
৩. যরবে ছালিছ- সুগরা মূজিবায়ে জুযয়িয়া ও কুবরা মূজিবায়ে কুল্লিয়া		
মূজিবায়ে জুযয়িয়া	بَعْضُ الْحَيَوَانِ اِنْسَانٌ وَكُلُّ اِنْسَانٍ نَاطِقٌ	فَبَعْضُ الْحَيَوَانِ نَاطِقٌ
৪. যরবে রাবে'- সুগরা মূজিবায়ে জুযয়িয়া ও কুবরা সালিবায়ে কুল্লিয়া		
সালিবায়ে জুযয়িয়া	بَعْضُ الْحَيَوَانِ اِنْسَانٌ وَلَا شَيْءَ مِنَ الْاِنْسَانِ بِصَاهِلٍ	فَبَعْضُ الْحَيَوَانِ لَيْسَ بِصَاهِلٍ

قَوْلُهُ اَلضَّرْبُ الرَّابِعُ الخ -এর আলোচনা : চতুর্থ যরবের মধ্যে সুগরা মূজিবায়ে জুযয়িয়া হবে এবং কুবরা সালিবায়ে কুল্লিয়া হবে। যেমন- 'কিছু প্রাণী' নাতিক আর কোনো নাতিকই নাহিক (গাধা) নয়। সুতরাং নতীজা হবে 'কতক প্রাণী নাহিক নয়'।

قَوْلُهُ صَهَّالٌ -এর আলোচনা : صَهْلٌ হতে এর উৎপত্তি। এটি مُبَالَغَةٌ -এর সীগাহ। صَهْلٌ অর্থ- ঘোড়ার হ্রেষা হ্রেষা আওয়াজ, হ্রেষা ধ্বনি।

قَوْلُهُ نَاهِقٌ -এর আলোচনা : এটি نَهْقٌ হতে উৎপত্তি, اِسْمُ فَاعِلٍ -এর সীগাহ। نَهْقٌ অর্থ- গাধার চিৎকার।

www.eelm.weebly.com

تَنْبِيْهٌ : اِنْتَاجُ الْمُوْجَبَةِ الْكُلِّيَّةِ مِنْ خَوَاصِّ الشَّكْلِ الْاَوَّلِ كَمَا اَنَّ الْاِنْتَاجَ لِلنَّتَائِجِ الْاَرْبَعَةِ اَيْضًا مِنْ خَصَائِصِهٖ وَالصُّغْرٰى الْمُمْكِنَةُ غَيْرُ مُنْتَجَةٍ فِيْ هٰذَا الشَّكْلِ فَقَدْ وَضَحَ بِمَا ذَكَرْنَا اَنَّهٗ لَابُدَّ فِيْ هٰذَا الشَّكْلِ كَيْفًا اِيْجَابُ الصُّغْرٰى وَكَمًا كُلِّيَّةُ الْكُبْرٰى وَجْهَةً فِعْلِيَّةُ الصُّغْرٰى -

فَصْلٌ : وَيُشْتَرَطُ فِيْ اِنْتَاجِ الشَّكْلِ الثَّانِيْ بِحَسْبِ الْكَيْفِ اَيْ الْاِيْجَابُ وَالسَّلْبُ اِخْتِلَافُ الْمُقَدَّمَتَيْنِ فَاِنْ كَانَتِ الصُّغْرٰى مُوْجَبَةً كَانَتِ الْكُبْرٰى سَالِبَةً وَ بِالْعَكْسِ وَبِحَسْبِ الْكَمِّ اَيْ الْكُلِّيَّةُ وَالْجُزْئِيَّةِ كُلِّيَّةُ الْكُبْرٰى وَاِلَّا يَلْزَمُ الْاِخْتِلَافُ الْمُوْجِبُ لِعَدَمِ الْاِنْتَاجِ اَيْ صِدْقُ الْقِيَاسِ مَعَ اِيْجَابِ النَّتِيْجَةِ تَارَةً وَمَعَ سَلْبِهَا اُخْرٰى وَنَتِيْجَةُ هٰذَا الشَّكْلِ لَا يَكُوْنُ اِلَّا سَالِبَةً وَضُرُوْبُهُ النَّاتِجَةُ اَيْضًا اَرْبَعَةٌ اَحَدُهَا مِنْ كُلِّيَّتَيْنِ وَالصُّغْرٰى مُوْجَبَةٌ يَنْتِجُ سَالِبَةً كُلِّيَّةً كَقَوْلِنَا كُلُّ ج ب وَلَا شَيْءَ مِنْ ا ب فَلَا شَيْءَ مِنْ ج ا -

সরল অনুবাদ : জ্ঞাতব্য : শুধু মূজিবায়ে কুল্লিয়ার নতীজা প্রদান করাই শাকলে আওয়ালের বৈশিষ্ট্য। যেমন– চার প্রকার নতীজা প্রদান করাও শাকলে আওয়ালের বৈশিষ্ট্য। এ শাকলে কাযিয়া সুগরা মুমকিনা হলে তা নতীজা প্রদানকারী হবে না। অতএব, আমরা যা উল্লেখ করেছি তা স্পষ্ট বুঝা গেল যে, এ শাকলে كَيْف বা অবস্থার দিক দিয়ে সুগরা মূজিবা হওয়া, كَمْ বা সংখ্যার দিক দিয়ে কুবরা কুল্লিয়া হওয়া এবং জিহাতের দিক দিয়ে সুগরা فِعْلِيَّةٌ হওয়া জরুরি।

পরিচ্ছেদ : দ্বিতীয় শাকলের মুন্তাজ হওয়ার জন্য كَيْف (অবস্থা) হিসেবে অর্থাৎ হ্যাঁ-বাচক ও না-বাচক হিসেবে মুকাদ্দামাদ্বয়ের বিভিন্নতা শর্ত করা হয়। অতএব, صُغْرٰى যদি মূজিবা হয় তবে كُبْرٰى সালিবা হবে এবং এর বিপরীতও। আর كَمْ (সংখ্যা)-এর দিক দিয়ে অর্থাৎ কুল্লী ও জুযয়ী হওয়া হিসেবে كُبْرٰى কুল্লী হওয়া শর্ত। নতুবা এমন বিভিন্নতা অপরিহার্য হবে যা নতীজা প্রকাশের ক্ষেত্রে বিঘ্নতা সৃষ্টি করবে। অর্থাৎ কিয়াস কখনো প্রযোজ্য হবে হ্যাঁ বাচক নতীজার সাথে; আবার কখনো প্রযোজ্য হবে না-বাচক নতীজার সাথে। অথচ এ শিকলের নতীজা কেবল সালেবা হয়। এর মুন্তাজ যরবও চারটি। প্রথমটি দু'টি কুল্লিয়া হ্যাঁ বাচক صُغْرٰى দ্বারা গঠিত। এটির নতীজা হবে সালিবা কুল্লিয়া, যেমন– আমাদের উক্তি كُلُّ ج ب وَلَا شَيْءَ مِنْ ا ب (সমস্ত 'জীম' 'বা' এবং কোনো 'আ' 'বা' নয়।)। এর নতীজা হবে فَلَا شَيْءَ مِنْ ج ا (অতএব কোনো 'জীম' 'আ' নয়)।

শাব্দিক অনুবাদ : تَنْبِيْهٌ জ্ঞাতব্য اِنْتَاجُ الْمُوْجَبَةِ الْكُلِّيَّةِ শুধু মূজিবায়ে কুল্লিয়ার নতীজা প্রদান করা مِنْ خَوَاصِّ الشَّكْلِ الْاَوَّلِ শাকলে আওয়ালেরই বৈশিষ্ট্য كَمَا اَنَّ الْاِنْتَاجَ যেমন– নতীজা প্রদান করা لِلنَّتَائِجِ الْاَرْبَعَةِ চার প্রকার নতীজার اَيْضًا مِنْ خَصَائِصِهٖ এটাও শাকলে আওয়ালের বৈশিষ্ট্য وَالصُّغْرٰى الْمُمْكِنَةُ আর সুগরা মুমকিনা হলে غَيْرُ مُنْتَجَةٍ তা নতীজা প্রদানকারী হবে না فِيْ هٰذَا الشَّكْلِ এ শাকলে فَقَدْ وَضَحَ অতএব স্পষ্ট হয়ে গেল بِمَا ذَكَرْنَا আমরা যা উল্লেখ করেছি তা اَنَّهٗ لَابُدَّ যে, জরুরি فِيْ هٰذَا الشَّكْلِ এ শাকলে كَيْفًا - كَيْف বা অবস্থার দিক দিয়ে اِيْجَابُ الصُّغْرٰى সুগরা মূজিবা হওয়া وَكَمًا - كَمْ বা সংখ্যার দিক দিয়ে كُلِّيَّةُ الْكُبْرٰى কুবরা কুল্লিয়া হওয়া وَجْهَةً এবং জিহাতের দিক দিয়ে فِعْلِيَّةُ الصُّغْرٰى সুগরা فِعْلِيَّةٌ হওয়া পরিচ্ছেদ وَيُشْتَرَطُ আর শর্ত করা হয় فِيْ اِنْتَاجِ الشَّكْلِ الثَّانِيْ দ্বিতীয় শাকলের মুন্তাজ হওয়ার জন্য بِحَسْبِ الْكَيْفِ - كَيْف (অবস্থা) হিসেবে اَيْ الْاِيْجَابُ وَالسَّلْبُ অর্থাৎ হ্যাঁ-বাচক ও না-বাচক হিসেবে اِخْتِلَافُ الْمُقَدَّمَتَيْنِ মুকাদ্দামাদ্বয়ের বিভিন্নতা فَاِنْ كَانَتِ الصُّغْرٰى অতএব صُغْرٰى যদি হয় مُوْجَبَةً মূজিবা كَانَتِ الْكُبْرٰى سَالِبَةً তবে كُبْرٰى সালিবা হবে وَبِالْعَكْسِ এবং এর বিপরীতও وَبِحَسْبِ الْكَمِّ আর كَمْ (সংখ্যা)-এর দিক দিয়ে اَيْ الْكُلِّيَّةُ وَالْجُزْئِيَّةِ অর্থাৎ কুল্লী ও জুযয়ী হওয়া হিসেবে كُلِّيَّةُ الْكُبْرٰى কুবরা কুল্লী হওয়া শর্ত وَاِلَّا يَلْزَمُ الْاِخْتِلَافُ নতুবা এমন বিভিন্নতা অপরিহার্য হবে الْمُوْجِبُ যা বিঘ্নতা সৃষ্টি করবে لِعَدَمِ الْاِنْتَاجِ নতীজা না প্রকাশের ক্ষেত্রে اَيْ অর্থাৎ صِدْقُ الْقِيَاسِ

www.eelm.weebly.com

কিয়াস প্রযোজ্য হবে مَعَ اِيْجَابِ النَّتِيْجَةِ হ্যাঁ-বাচক নতীজার সাথে تَارَةً কখনো وَمَعَ سَلْبِهَا اُخْرٰى আবার কখনো প্রযোজ্য হবে না-বাচক নতীজার সাথে وَنَتِيْجَةُ هٰذَا الشَّكْلِ অথচ এ শিকলের নতীজা لَا يَكُوْنُ اِلَّا سَالِبَةً কেবল সালিবা হয় وَضُرُوْبُهُ النَّاتِجَةُ এর মুন্তাজ যরবও اَرْبَعَةٌ চারটি اَحَدُهَا প্রথমটি مِنْ كُلِّيَّتَيْنِ দু'টি কুল্লিয়া দ্বারা গঠিত وَالصُّغْرٰى مُوْجِبَةٌ এবং হ্যাঁ-বাচক সুগরা দ্বারা يَنْتَجُ এটির নতীজা হবে سَالِبَةً كُلِّيَّةً সালিবা কুল্লিয়া كَقَوْلِنَا যেমন- আমাদের উক্তি كُلُّ ج ب সমস্ত জীম বা وَلَا شَيْءَ مِنْ ا بَ এবং কোনো আলিফ বা নয়। فَلَا شَيْءَ مِنْ ج ا অতএব কোনো জীম আ নয়।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ تَنْبِيْهُ اِنْتَاجِ الخ -এর আলোচনা : অত্র ইবারতে গ্রন্থকার বলেন, প্রথম শাকলের তিনটি বৈশিষ্ট্য রয়েছে। যথা- ১. কেবল শাকলে আওয়ালেই মূজিজবায়ে কুল্লিয়া নতীজা প্রদান করে। ২. এ শাকলে আওয়ালই কাযিয়া মাহসূরার চার প্রকারের নতীজা প্রদান করে। ৩. একমাত্র এ শাকলে সুগরা মুমকিনা হলে নতীজা প্রদান করে না। প্রাকাশ থাকে যে, মাহসূরার চার প্রকার কাযিয়ার নতীজা প্রদান করার অর্থ মুজেবা কুল্লিয়া, মূজিবায়ে জুযয়িয়া, সালিবা কুল্লিয়ায়ে ও সালিবা জুযয়িয়া নতীজা প্রদান করে। অন্য কোনো শাকল দ্বারা এটি লাভ হয় না।

قَوْلُهُ وَالصُّغْرٰى اَلْمُمْكِنَةُ غَيْرُ مُنْتِجَةٍ الخ - এর আলোচনা : শাকলে আওয়ালে সুগরা মুমকিনা হলে নতীজা প্রদান করে। কেননা, কুবরার হুকুম اَوْسَطْ -এর মাধ্যমে اَصْغَرْ -এর উপর আসে। সুগরা যদি মুমকিনা হয়, তাহলে সুগরার حَدْ اَوْسَطْ হবে। অর্থাৎ সুগরার মাহমূল মাওযূ'র জন্য আবশ্যিকভাবে সাবেত হবে না। বরং হুকুম সাবেত হওয়ার সম্ভাবনা থাকবে। অপর পক্ষে কুবরার মাহমূল অর্থাৎ মাওযূ' অবশ্যই সাবেত হয়, কারণ মাওযূ'র একক আবশ্যিক না হলে হুকুম সাবেত হয় না। কুবরার মাওযূ' আবশ্যিক হলে আর সুগরার মাহমূল সম্ভাবনাময় হলে উভয়টি এক জাতীয় বিষয় হলো না। আর উভয়টি حَدْ اَوْسَطْ - আর হদ্দে আওসাত সর্বদা এক জাতীয় হয়। এক স্থানে সম্ভাবনাময় অপর স্থানে আবশ্যিক হয় না। তাই কুবরার মাওযূ' ও সুগরার মাহমূল এক হলো না। সুতরাং দু'টি ভিন্ন ভিন্ন বিষয় হলো। সুতরাং حَدْ اَوْسَطْ -এর পুনরাবৃত্তি হলো না। এজন্য সুগরা মুমকিনা হতে পারবে না। সুগরার حَدْ اَوْسَطْ আবশ্যক হতে হলে তা বাস্তবে بِالْفِعْلِ হতে হবে। তাই সুগরা بِالْفِعْلِ হওয়ার শর্ত লাগানো হয়েছে।

قَوْلُهُ فَقَدْ وَضَعَ بِمَا ذَكَرْنَا الخ -এর আলোচনা : মুসান্নিফ (র.) এখানে শাকলে আওয়ালের শর্তাবলির প্রতি গুরুত্ব আরোপ করেছেন। শাকলে আওয়ালের তিনটি শর্ত-১. صُغْرٰى টি مُوْجِبَةٌ হবে। ২. كُبْرٰى টি كُلِّيَّةٌ হবে। ৩. صُغْرٰى টি مُمْكِنَةٌ হবে।

قَوْلُهُ وَيُشْتَرَطُ فِيْ اِنْتَاجِ الخ -এর আলোচনা : মুসান্নিফ (র.) এখানে শাকলে ছানী মুন্তাজ হওয়ার জন্য দু'টি শর্ত বর্ণনা করেছেন। প্রথম শর্ত হলো, হ্যাঁ-বাচক ও না-বাচক ক্ষেত্রে كُبْرٰى ও صُغْرٰى একটি অপরটির বিপরীত হতে হবে। অর্থাৎ صُغْرٰى যদি মূজিবা হয় তবে كُبْرٰى সালিবা হতে হবে, আর صُغْرٰى যদি সালিবা হয় তবে كُبْرٰى মূজিবা হতে হবে। দ্বিতীয় শর্ত হলো কাম (كَمْ)অর্থাৎ কুল্লী ও জুযয়ী হিসেবে كُبْرٰى কুল্লী হতে হবে। উক্ত শর্ত না থাকলে সঠিক নতীজা বের হবে না। অর্থাৎ صُغْرٰى জুযয়িয়া হয়ে كُبْرٰى কুল্লিয়া আবার সুগরা কুল্লিয়া হয়েও كُبْرٰى কুল্লিয়া। কেননা, শর্তদ্বয়ের যে কোনো একটি না পাওয়া গেলেই নতীজার মধ্যে পার্থক্য দেখা যায়। যেমন- সমস্ত মানুষ প্রাণী আর সমস্ত নাতিক প্রাণী। এর নতীজা হবে- সমস্ত মানুষ নাতিক। এটি সত্য, যদি এভাবে বলা হয় 'সমস্ত মানুষ প্রাণী', 'সমস্ত ঘোড়া প্রাণী'। এর নতীজা হবে- সমস্ত মানুষ ঘোড়া, এটি সত্য নয়। দ্বিতীয় শাকলের নিয়মানুসারে যে কোনো এক মুকাদ্দমা না-বাচক হওয়ার শর্ত, এ শর্তের দিকে বিবেচনা করা হয়নি বলে নতীজা অসত্য বের হলো। সত্যে পরিণত করতে হলে বলতে হবে- যে কোনো মানুষ ঘোড়া নয়। কারণ, সমস্ত মানুষ ঘোড়া কিংবা কতেক মানুষ ঘোড়া উভয়টি অসত্য। সুতরাং বাধ্য হয়ে বলবো যে, এর নতীজা হলো কোনো মানুষ ঘোড়া নয়। যদিও নতীজা ঠিক তবুও দেখা গেল যে, একই যরবে প্রথম নতীজা হ্যাঁ-বাচক আর দ্বিতীয় নতীজা না-বাচক, এটিও সঙ্গত নয়। সুতরাং বাধ্য হয়ে বলতে হবে যে, কোনো এক মোকাদ্দামা না-সূচক হতে হবে। অনুরূপভাবে উভয় মুকাদ্দমা না-সূচকও হতে পারবে না। উদাহরণ- যদি বলা হয় কোনো মানুষ পাথর আর কোনো ঘোড়া পাথর নয়। এর নতীজা হবে কোনো মানুষ ঘোড়া নয়। এটি সত্য। যদি এভাবে বলা হয় যে, কোনো মানুষ পাথর নয়, অবার নাতেক পাথর নয়। এর নতীজা হবে কোনো মানুষ নাতিক নয়, এটি মিথ্যা। সুতরাং দ্বিতীয় শাকলের উভয় মুকাদ্দমা না-বাচক হওয়ার কারণে একই যরবে এক নতীজা সত্য ও অপর নতীজা অসত্য হয়। এখন যদি অসত্য নতীজাকে সত্যে পরিণত করতে চাই, তাহলে বলতে হবে- সমস্ত মানুষ নাতিক। কেননা, যেভাবে সমস্ত মানুষ নাতিক নয় এটি সত্য নয়, তদ্রূপ কতক মানুষ নাতেক নয় এটিও সত্য নয়। তাহলে এখন দু' নতীজা হলো-কোনো মানুষ ঘোড়া নয়, আর সমস্ত মানুষ নাতেক- এক নতীজা না-বাচক, অপরটি হ্যাঁ-বাচক। এক যরব হতে দু' ধরনের নতীজা বের হওয়া অসঙ্গত। সুতরাং প্রমাণিত হলো যে, দ্বিতীয় শাকলে এক মুকাদ্দমা হ্যাঁ-বাচক ও অপর মোকাদ্দমা না-বাচক হতে হবে।

قَوْلُهُ اَحَدُهَا مِنْ كُلِّيَّتَيْنِ الخ - এর আলোচনা : দ্বিতীয় শাকলের ضَرْبٌ চতুষ্টয়ের প্রথমটি দু'টি কুল্লিয়া ও না বাচক সুগরা দ্বারা গঠিত হয়, আর এর নতীজা হয় সালিবায়ে কুল্লিয়া। যেমন- كل ج ب وَلَا شَيْءَ مِنْ اَبَ অর্থাৎ كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ وَ لَا شَيْءَ مِنَ الْحَجَرِ بِحَيَوَانٍ এর নতীজা হবে فَلَاشَيْءَ مِنْ ج ا। অর্থাৎ فَلَا شَيْءَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ

www.eelm.weebly.com

وَالدَّلِيْلُ عَلٰى هٰذَا الْاِنْتَاجِ عَكْسُ الْكُبْرٰى فَاِنَّكَ اِذَا عَكَسْتَ الْكُبْرٰى صَارَ لَا شَيْءَ مِنْ بَ اَ وَبِانْضِمَامِهٖ اِلَى الصُّغْرٰى اِنْتَظَمَ الشَّكْلُ الْاَوَّلُ وَيَنْتَجُ النَّتِيْجَةُ الْمَطْلُوْبَةُ وَالضَّرْبُ الثَّانِيْ مِنْ مُوْجَبَةٍ كُلِّيَّةٍ كُبْرٰى وَسَالِبَةٍ كُلِّيَّةٍ صُغْرٰى كَقَوْلِنَا لَا شَيْءَ مِنْ جَ بَ وَكُلُّ اَ بَ يَنْتَجُ لَا شَيْءَ مِنْ جَ اَ وَالدَّلِيْلُ عَلَى الْاِنْتَاجِ عَكْسُ الصُّغْرٰى وَجَعْلُهَا كُبْرٰى ثُمَّ عَكْسُ النَّتِيْجَةِ وَالضَّرْبُ الثَّالِثُ مِنْ مُوْجَبَةٍ جُزْئِيَّةٍ صُغْرٰى وَسَالِبَةٍ كُلِّيَّةٍ كُبْرٰى يَنْتَجُ سَالِبَةً جُزْئِيَّةً كَقَوْلِكَ بَعْضُ جَ بَ وَلَا شَيْءَ مِنْ اَ بَ فَلَيْسَ بَعْضُ جَ اَ وَالضَّرْبُ الرَّابِعُ مِنْ سَالِبَةٍ جُزْئِيَّةٍ صُغْرٰى وَمُوْجَبَةٍ كُلِّيَّةٍ كُبْرٰى يَنْتَجُ سَالِبَةً جُزْئِيَّةً تَقُوْلُ بَعْضُ جَ لَيْسَ بَ وَكُلُّ اَ بَ فَبَعْضُ جَ لَيْسَ اَ-

সরল অনুবাদ : উক্ত নতীজা সঠিক হওয়ার প্রমাণ হলো কুবরার عَكْس বের করা। কেননা, তুমি যখন কুবরার عَكْس বের করবে, তখন لَا شَيْءَ مِنْ بَ اَ হবে। আর একে সুগরার সাথে মিলিয়ে শাকলে আওয়াল গঠিত হবে এবং প্রত্যাশিত নতীজা প্রকাশ করবে। দ্বিতীয়টি মূজিবায়ে কুল্লিয়া كُبْرٰى ও সালিবায়ে কুল্লিয়াযুক্ত সুগরার সমন্বয়ে গঠিত। যেমন- আমাদের উক্তি لَا شَيْءَ مِنْ جَ بَ وَكُلُّ اَ بَ এটি নতীজা দিবে لَا شَيْءَ مِنْ جَ اَ উক্ত নতীজার বিশুদ্ধতার দলিল হলো সুগরার عَكْس বের করতঃ তাকে كُبْرٰى বানানো, তারপর নতীজার كُبْرٰى বের করা।

তৃতীয় যরব মূজিবায়ে জুযয়িয়াযুক্ত صُغْرٰى ও সালিবায়ে কুল্লিয়াযুক্ত কুবরার সমন্বয়ে গঠিত। এটি নতীজা দিবে সালিবায়ে জুযয়িয়া। যেমন- তোমার উক্তি بَعْضُ جَ بَ وَلَا شَيْءَ مِنْ اَ بَ অতএব, এর নতীজা لَيْسَ بَعْضُ جَ হবে।

চতুর্থ জরব সালেবায়ে জুযয়িয়াযুক্ত صُغْرٰى ও মূজিবায়ে কুল্লিয়াযুক্ত কুবরার সমন্বয়ে গঠিত। এটি নতীজা দিবে সালিবায়ে জুযয়িয়া। তুমি বলবে, بَعْضُ جَ لَيْسَ بَ وَكُلُّ اَ بَ অতএব, এর নতীজা بَعْضُ جَ لَيْسَ اَ হবে।

শাব্দিক অনুবাদ : وَالدَّلِيْلُ عَلٰى هٰذَا الْاِنْتَاجِ উক্ত নতীজা সঠিক হওয়ার প্রমাণ হলো عَكْسُ الْكُبْرٰى কুবরার عَكْس বের করা فَاِنَّكَ কেননা, তুমি اِذَا عَكَسْتَ الْكُبْرٰى যখন কুবরার عَكْس বের করবে صَارَ তখন হবে لَا شَيْءَ مِنْ بَ اَ কোনো বা আলিফ নয় وَبِانْضِمَامِهٖ আর একে মিলিয়ে اِلَى الصُّغْرٰى সুগরার সাথে اِنْتَظَمَ الشَّكْلُ الْاَوَّلُ শাকলে আওয়াল গঠিত হবে وَيَنْتَجُ এবং নতীজা প্রকাশ করবে النَّتِيْجَةُ الْمَطْلُوْبَةُ প্রত্যাশিত নতীজা وَالضَّرْبُ الثَّانِيْ দ্বিতীয়টি مِنْ مُوْجَبَةٍ كُلِّيَّةٍ كُبْرٰى মূজিবায়ে কুল্লিয়াযুক্ত কুবরার সমন্বয়ে গঠিত وَسَالِبَةٍ كُلِّيَّةٍ صُغْرٰى ও সালিবায়ে কুল্লিয়াযুক্ত সুগরার كَقَوْلِنَا যেমন- আমাদের উক্তি لَا شَيْءَ مِنْ جَ بَ কোনো জীম বা নয় وَكُلُّ اَ بَ আর প্রত্যেক আলিফ বা يَنْتَجُ এটি নতীজা দিবে لَا شَيْءَ مِنْ جَ اَ কোনো জীম আলিফ নয় وَالدَّلِيْلُ عَلَى الْاِنْتَاجِ উক্ত নতীজার বিশুদ্ধতার দলিল হলো عَكْسُ الصُّغْرٰى সুগরার عَكْس বের করতঃ وَجَعْلُهَا كُبْرٰى তাকে كُبْرٰى বানানো ثُمَّ عَكْسُ النَّتِيْجَةِ তারপর নতীজার عَكْس বের করা وَالضَّرْبُ الثَّالِثُ তৃতীয় যরব مِنْ مُوْجَبَةٍ جُزْئِيَّةٍ صُغْرٰى মূজিবায়ে জুযয়িয়াযুক্ত সুগরার সমন্বয়ে গঠিত وَسَالِبَةٍ كُلِّيَّةٍ كُبْرٰى ও সালিবায়ে কুল্লিয়াযুক্ত কুবরার يَنْتَجُ এটি নতীজা দিবে سَالِبَةً جُزْئِيَّةً সালিবায়ে জুযয়িয়া كَقَوْلِكَ যেমন- তোমার উক্তি بَعْضُ جَ بَ কতক জীম বা وَلَا شَيْءَ مِنْ اَ بَ আর কোনো আলিফ বা নয়। فَلَيْسَ بَعْضُ جَ اَ অতএব কতক জীম আলিফ নয় وَالضَّرْبُ الرَّابِعُ চতুর্থ যরব مِنْ سَالِبَةٍ جُزْئِيَّةٍ صُغْرٰى সালিবায়ে জুযয়িযাযুক্ত সুগরার সমন্বয়ে গঠিত وَمُوْجَبَةٍ كُلِّيَّةٍ كُبْرٰى ও মূজিবায়ে কুল্লিয়াযুক্ত কুবরার يَنْتَجُ এটি নতীজা দিবে سَالِبَةً جُزْئِيَّةً সালিবায়ে জুযয়িয়া تَقُوْلُ তুমি বলবে بَعْضُ جَ لَيْسَ بَ কতক জীম বা নয় وَكُلُّ اَ بَ আর প্রত্যেক আলিফ বা। فَبَعْضُ جَ لَيْسَ অতএব, কতক জীম আলিফ নয়।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهٗ وَالدَّلِيْلُ عَلٰى هٰذَا الْاِنْتَاجِ الخ **-এর আলোচনা :** প্রথম প্রকার দ্বারা যে সালিবায়ে কুল্লিয়ার নতীজা বের হয়েছে, এখানে গ্রন্থকার উক্ত নতীজার বিশুদ্ধ দলিল পেশ করেছেন। দলিলের সারসংক্ষেপ হলো, যদি যরবে আওয়ালের নতীজা لَا شَيْءَ مِنْ جَ اَ স্বীকার না করা হয় তখন কুবরার عَكْس বের করে তাকে সুগরার সাথে মিলিয়ে شَكْلِ اَوَّلْ গঠন করা হবে। نَتِيْجَةْ شَكْلِ اَوَّلْ-এর

www.eelm.weebly.com

যেহেতু নির্ভুল তাই তা স্বীকার করে নিতে হবে। যেমন– لَا شَيْءَ مِنْ بَ آ একে সুগরার হলো لَا شَيْءَ مِنْ آ بَ كُبْرَى ; এর عَكْس হলো لَا شَيْءَ مِنْ بَ آ একে সুগরার সাথে মিলিয়ে شَكْل أَوَّل গঠন করা হবে এবং বলা হবে كُلُّ ج ب وَلَا شَيْءَ مِنْ ب آ অতএব হদ্দে আওসাত ب-কে দূর করে দেওয়ার পর নতীজা হবে لَا شَيْءَ مِنْ ج آ এটাই পূর্ববর্তী নতীজা।

قَوْلُهُ اَلضَّرْبُ الثَّانِيْ مِنْ مُوْجِبَةٍ الخ **-এর আলোচনা :** দ্বিতীয় শাকলের দ্বিতীয় ضَرْب-এর মধ্যে কুবরা মূজিবায়ে কুল্লিয়া ও সুগরা সালিবায়ে কুল্লিয়া হয়। যেমন– لَا شَيْءَ مِنَ الْحَجَرِ بِحَيَوَانٍ وَكُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ এর নতীজা হবে لَا شَيْءَ مِنَ الْحَجَرِ بِاِنْسَانٍ ; আর ضَرْبَ ثَانِيْ-এর নতীজা বিশুদ্ধ কিনা এটা যাচাই করার নিয়ম হলো, সুগরার عَكْس বের করে এটাকে কুবরা বানানো হবে, যার ফলে শাকলে আওয়াল গঠিত হবে। তারপর এটা দ্বারা যে নতীজা বের হবে তার عَكْس বের করলে হুবহু পূর্বের নতীজা বের হবে। যেমন– لَا شَيْءَ مِنَ الْحَجَرِ بِحَيَوَانٍ وَكُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ এটা ضَرْب ثَانِيْ (দ্বিতীয় যরব)। এর নতীজা হবে لَا شَيْءَ مِنَ الْحَجَرِ بِاِنْسَانٍ এখন সুগরার عَكْس বের করলে لَا شَيْءَ مِنَ الْحَيَوَانِ بِحَجَرٍ হবে। এটাকে কুবরা ধরে এবং কুবরাকে সুগরা ধরে শাকলে আওয়াল গঠন করা হবে এবং বলা হবে كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ وَلَا شَيْءَ مِنَ الْحَيَوَانِ بِحَجَرٍ এর নাতীজা হবে لَا شَيْءَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ এখন এর عَكْس হবে لَا شَيْءَ مِنَ الْحَجَرِ بِاِنْسَانٍ; এটাই পূর্বের সে নতীজা যা যরবে ছানীর মাধ্যমে বের হয়েছিল। এর দ্বারা নিঃসন্দেহে প্রমাণিত হলো, পূর্ববর্তী নতীজা সহীহ।

قَوْلُهُ اَلضَّرْبُ الثَّالِثُ الخ **-এর আলোচনা :** মুছান্নিফ (র.) তৃতীয় প্রকারের গঠন পদ্ধতি সম্পর্কে আলোচনা করতে গিয়ে বলেন যে, এটা সুগরা হ্যাঁ-বাচক জুযয়ী ও কুবরা না-বাচক কুল্লী দ্বারা গঠিত। যেমন– কতক প্রাণী 'জা' (ج) মানুষ 'বা' (ب) এবং কোনো ঘোড়া 'আ' (ا) মানুষ নয় 'বা' (ب)। অতএব, কতক প্রাণী ঘোড়া নয়। এর নতীজার সত্যতার প্রমাণও প্রথম যরবের ন্যায় বলে গ্রন্থকার উল্লেখ করেননি। প্রথম কুবরার আকস করলে আকস হবে– কোনো ঘোড়া মানুষ নয়। এখন এটাকে সুগরার সাথে সংমিশ্রণ করতে হবে। যেমন بَعْضُ الْحَيَوَانِ اِنْسَانٌ وَلَا شَيْءَ مِنَ الْاِنْسَانِ بِفَرَسٍ এর নাতীজা হবে, কতক প্রাণী ঘোড়া নয়। এটা প্রথম شَكْل-এর নতীজা (ফলাফল)। যেহেতু শাকলে আওয়াল-এর নতীজা সত্য সেহেতু شَكْل ثَانِيْ-এর তৃতীয় যরবের নাতীজাও সত্য এবং বিশুদ্ধ হবে।

قَوْلُهُ اَلضَّرْبُ الرَّابِعُ الخ **-এর আলোচনা :** মুছান্নিফ (র.) চতুর্থ প্রকারের গঠন পদ্ধতি সম্পর্কে আলোচনা করতে গিয়ে বলেন যে, অত্র প্রকারে صُغْرٰى নেতিবাচক জুযয়িয়া এবং كُبْرٰى ইতিবাচক কুল্লিয়া। যেমন– لَا شَيْءَ مِنَ الْحَيَوَانِ بِاِنْسَانٍ وَكُلُّ اِنْسَانٍ نَاطِقٌ সুতরাং কতক প্রাণী নাতিক নয়। এর নাতীজার সত্যতার প্রমাণও دَلِيْل خَلْف দ্বারা প্রমাণিত। যেমন– যদি এ যরবের নাতীজাকে মেনে নেওয়া না হয়, তাহলে এর নকীযকে মেনে নেওয়া অপরিহার্য হবে। নকীয হলো, সমস্ত প্রাণী নাতেক। এক নাকীযকে صُغْرٰى বানিয়ে নতুন شَكْل গঠন করা হলো যে, সমস্ত প্রাণী নাতিক ও সমস্ত নাতিক মানুষ। এর নাতীজা হবে, সমস্ত প্রাণী মানুষ। আর এটা সরাসরি অসত্য। আর এ অসত্যতা এসেছে চতুর্থ যরবের নাতীজাকে না মেনে নেওয়ার কারণে। কেননা, পরবর্তী শাকল ত্রুটিপূর্ণ নতীজা প্রদানের কারণ হলো নাতীজাকে না মেনে তার نَقِيْض-কে মানা। কারণ, ত্রুটি নকীয হতে এসেছে, কেননা কুবরাতে ত্রুটি নেই। একই কুবরা মূল শাকলে বিশুদ্ধ নতীজা প্রদান করেছিল। আর শাকলও বিশুদ্ধ। সুতরাং নতীজা মেনে এর নকীয সত্য মানার কারণে ত্রুটি এসেছে। সুতরাং নতীজা বিশুদ্ধ ও নির্ভুল।

নতীজা প্রদানকারী যরবসহ দ্বিতীয় শাকলের চিত্র

নাম	মুকাদ্দামাদ্বয়	নতীজা	সুগরা	কুবরা	নতীজা
১ম যরব	সুগরা মূজিবায়ে কুল্লিয়া কুবরা সালিবায়ে কুল্লিয়া	সালিবায়ে কুল্লিয়া	كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ	وَلَا شَيْءَ مِنَ الْحَجَرِ بِحَيَوَانٍ	فَلَا شَيْءَ مِنَ الْاِنْسَانِ بِحَجَرٍ
২য় যরব	সুগরা সালিবায়ে কুল্লিয়া কুবরা মূজিবায়ে কুল্লিয়া	সালিবায়ে কুল্লিয়া	وَلَا شَيْءَ مِنَ الْحَجَرِ بِحَيَوَانٍ	كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ	فَلَا شَيْءَ مِنَ الْحَجَرِ بِاِنْسَانٍ
৩য় যরব	সুগরা মূজিবায়ে কুল্লিয়া কুবরা সালিবায়ে কুল্লিয়া	সালিবায়ে কুল্লিয়া	بَعْضُ الْجِسْمِ الْحَيَوَانُ	وَلَا شَيْءَ مِنَ الْحَجَرِ بِحَيَوَانٍ	بَعْضُ الْجِسْمِ لَيْسَ بِحَجَرٍ
৪র্থ যরব	সুগরা সালিবায়ে কুল্লিয়া কুবরা মূজিবায়ে কুল্লিয়া	সালিবায়ে কুল্লিয়া	بَعْضُ الْحَيَوَانِ لَيْسَ بِاِنْسَانٍ	وَكُلُّ نَاطِقٍ اِنْسَانٌ	بَعْضُ الْحَيَوَانِ لَيْسَ بِنَاطِقٍ

www.eelm.weebly.com

فَصْلٌ : شَرْطُ اِنْتَاجِ الشَّكْلِ الثَّالِثِ كَوْنُ الصُّغْرٰى مِنْ مُوْجِبَةٍ وَكَوْنُ اَحَدِ الْمُقَدَّمَتَيْنِ كُلِّيَّةً فَضُرُوْبُهُ النَّاتِجَةُ سِتَّةٌ اَحَدُهَا كُلُّ ب ج وكُلُّ ب ا فَبَعْضُ ج ا وَثَانِيْهَا كُلُّ ب ج ولَاشَيْئَ مِنْ ب ا فَبَعْضُ ج لَيْسَ ا وَثَالِثُهَا بَعْضُ ب ج وَكُلُّ ب ا فَبَعْضُ ج ا وَرَابِعُهَا بَعْضُ ب ج وَلَاشَيْئَ من ب ا فَبَعْضُ ج لَيْسَ ا وَخَامِسُهَا كُلُّ ب ج وَبَعْضُ ب ا فَبَعْضُ ج ا وَسَادِسُهَا كُلُّ ب ج وَبَعْضُ ب لَيْسَ ا فَبَعْضُ ج لَيْسَ ا

فَصْلٌ : وَشَرَائِطُ اِنْتَاجِ الشَّكْلِ الرَّابِعِ مَعَ كَثْرَتِهَا وَقِلَّةِ جَدْوِهَا مَذْكُوْرَةٌ فِى الْمَبْسُوْطَاتِ فَلَا عَلَيْنَا لَوْ تَرَكْنَا ذِكْرَهَا وَكَذَا شَرَائِطُ سَائِرِ الْاَشْكَالِ بِحَسْبِ الْجِهَةِ لَايَتَحَمَّلُ اَمْثَالُ رِسَالَتِىْ هٰذِهٖ لِبَيَانِهَا

فَائِدَةٌ : وَلَعَلَّكَ عَلِمْتَ مِمَّا اَلْقَيْنَا عَلَيْكَ اَنَّ النَّتِيْجَةَ فِى الْقِيَاسِ تَتْبَعُ اَدْوَنَ الْمُقَدَّمَتَيْنِ فِىْ الْكَيْفِ وَالْكَمِّ وَالْاَدْوَنُ فِى الْكَيْفِ هُوَ السَّلْبُ وَفِى الْكَمِّ هُوَ الْجُزْئِيَّةُ فَالْقِيَاسُ الْمُرَكَّبُ مِنْ مُوْجِبَةٍ وَسَالِبَةٍ يَنْتَجُ سَالِبَةً وَالْمُرَكَّبُ مِنْ كُلِّيَّةٍ وَجُزْئِيَّةٍ اِنَّمَا يَنْتَجُ جُزْئِيَّةً وَاَمَّا الْمُرَكَّبُ مِنَ الْكُلِّيَّتَيْنِ فَرُبَمَا يَنْتَجُ كُلِّيَّةً وَقَدْ يَنْتَجُ جُزْئِيَّةً

সরল অনুবাদ : পরিচ্ছেদ : শাকলে ছালিছ মুন্তাজ হওয়ার জন্য সুগরা মূজিবা হওয়া এবং মুকাদ্দামাদ্বয়ের কোনো একটি কুল্লিয়া হওয়া শর্ত। তার ফলপ্রসূ যরব ছয়টি। প্রথমটি كُلُّ ب ج وكُلُّ ب ا অতএব। بَعْضُ ج ا দ্বিতীয়টি كُلُّ ب ج وَلَا شَيْئَ مِنْ ب ا অতএব, بَعْضُ ج لَيْسَ ا। তৃতীয়টি بَعْضُ ب ج وكُلُّ ب ا অতএব। بَعْضُ ج ا, চতুর্থটি بَعْضُ ب ج وَلَا شَيْئَ مِنْ ب ا অতএব, بَعْضُ ج لَيْسَ ا। পঞ্চমটি كُلُّ ب ج و بَعْضُ ب ا অতএব। بَعْضُ ج ا, ষষ্ঠ كُلُّ ب ج وَبَعْضُ ب لَيْسَ ا অতএব। بَعْضُ ج لَيْسَ ا।

পরিচ্ছেদ : شَكْلِ رَابِعْ-এর শর্তাবলির সংখ্যা অধিক ; কিন্তু ফায়দা স্বল্প হওয়া সত্ত্বেও বড় বড় কিতাবসমূহে উল্লেখ রয়েছে। অতএব, সেগুলো আলোচনা না করলে আমাদের কোনো অসুবিধা নেই। অনুরূপ জিহাতের স্থান হিসেবে অন্যান্য সব শাকলের শর্তসমূহ আমার এ পুস্তিকার ন্যায় পুস্তিকাসমূহে আলোচনার স্থান সংকুলান হবে না।

ফায়দা : আমি যা বর্ণনা করেছি তা দ্বারা হয়তো তোমরা জানতে পেরেছ যে, قِيَاسْ-এর নতীজা মুকাদ্দামাদ্বয়ের মধ্যে যা كَمْ ও كَيْف হিসেবে নিকৃষ্টতার অনুপাতে বের হয়ে থাকে। كَيْف হিসেবে নিম্নমানের সলব, আর كَمْ হিসেবে নিম্নমানের জুযয়িয়া। অতএব, যে قِيَاسْ মূজিবা ও সালিবা দ্বারা গঠিত তা নতীজা দিবে সালিবা (নেতিবাচক), আর যে قِيَاسْ কুল্লিয়া ও জুযয়িয়া দ্বারা গঠিত তা নতীজা দিবে জুযয়িয়া। আর যে قِيَاسْ দু'টি কুল্লিয়া দ্বারা গঠিত, তা কখনও নতীজা কুল্লিয়া দেয় আবার কখনও নতীজা জুযয়িয়া দেয়।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ شَرْطُ শর্ত اِنْتَاجُ الشَّكْلِ الثَّالِثِ শাকলে ছালিছ মুন্তাজ হওয়ার জন্য كَوْنُ الصُّغْرٰى مُوْجِبَةً সুগরা মূজিবা হওয়া وَكَوْنُ اِحْدَى الْمُقَدَّمَتَيْنِ এবং মুকাদ্দামাদ্বয়ের কোনো একটি كُلِّيَّةً কুল্লী হওয়া فَضُرُوْبُهُ النَّاتِجَةُ তার ফলপ্রসূ যরব سِتَّةٌ ছয়টি اَحَدُهَا প্রথমটি كُلُّ ب ج প্রত্যেক বা জীম। وكل ب আর প্রত্যেক বা আলিফ। فَبَعْضُ ج অতএব, কতক জীম আলিফ وَثَانِيْهَا দ্বিতীয়টি كُلُّ ب ج প্রত্যেক বা জীম। وَلَا شَيْئَ مِنْ ب কোনো বা আলিফ নয়। فَبَعْضُ ج لَيْسَ অতএব, কতক জীম আলিফ নয় وَثَالِثُهَا তৃতীয়টি بَعْضُ ب ج কতক বা জীম। وَكُلُّ ب আর প্রত্যেক বা আলিফ। فَبَعْضُ ج অতএব কতক জীম আলিফ وَرَابِعُهَا চতুর্থটি بَعْضُ ب ج কতক বা জীম। وَلَا شَيْئَ مِنْ ب কোনো বা-ই আলিফ নয়। فَبَعْضُ ج لَيْسَ অতএব কতক জীম আলিফ নয় وَخَامِسُهَا পঞ্চমটি كُلُّ ب ج প্রত্যেক বা জীম। وَبَعْضُ ب আর কতক বা আলিফ। فَبَعْضُ ج অতএব, কতক জীম আলিফ وَسَادِسُهَا ষষ্ঠটি كُلُّ ب ج প্রত্যেক বা জীম। وَبَعْضُ ب لَيْسَ আর কতক বা আলিফ নয়। فَبَعْضُ ج لَيْسَ অতএব কতক জীম আলিফ নয় فَصْلٌ পরিচ্ছেদ وَشَرَائِطُ আর শর্তাবলি اِنْتَاجُ الشَّكْلِ الرَّابِعِ - شَكْلِ رَابِعْ-এর মুন্তাজ হওয়ার مَعَ كَثْرَتِهَا অধিক হওয়া সত্ত্বেও وَقِلَّةِ جَدْوِهَا

www.eelm.weebly.com

এবং ফায়দা স্বল্প হওয়া সত্ত্বেও مَذْكُوْرَةٌ উল্লেখ রয়েছে فِي الْمَبْسُوْطَاتِ বড় বড় কিতাবসমূহে فَلَا عَلَيْنَا অতএব, আমাদের কোনো অসুবিধা নেই لَوْ تَرَكْنَا না করলে ذِكْرَهَا সেগুলোর আলোচনা وَكَذَا অনুরূপ شَرَائِطُ سَائِرِ الْاَشْكَالِ অন্যান্য সব শাকলের শর্তসমূহে لِبَيَانِهَا بِحَسَبِ الْجِهَةِ জিহাতের স্থান হিসেবে لَايَتَحَمَّلُ সংকুলান হবে না اَمْثَالُ رِسَالَتِي هٰذِهِ আমার এ পুস্তিকর ন্যায় পুস্তিকাসমূহ আলোচনার স্থান فَائِدَةٌ ফায়দা وَلَعَلَّكَ عَلِمْتَ হয়তো তুমি জানতে পেরেছ مِمَّا اَلْقَيْنَا عَلَيْكَ আমি যা বর্ণনা করেছি তা দ্বারা اَنَّ النَّتِيْجَةَ فِي الْقِيَاسِ যে, قِيَاس-এর নতীজা تَتْبَعُ اَدْوَنَ الْمُقَدَّمَتَيْنِ মুকাদ্দামাদ্বয়ের মধ্যে নিকৃষ্টতার অনুপাতে বের হয়ে থাকে فِي الْكَيْفِ وَالْكَمِّ যা كَيْف ও كَمّ হিসেবে فِي الْكَيْفِ - وَالْاَدْوَنُ كَيْف হিসেবে নিম্নমানের هُوَ السَّلْبُ তা সলব وَفِي الْكَمِّ هُوَ الْجُزْئِيَّةُ আর كَمّ হিসেবে নিম্নমানের জুযয়িয়া فَالْقِيَاسُ অতএব, যে قِيَاس - اَلْمُرَكَّبُ مِنْ مُوْجِبَةٍ وَسَالِبَةٍ মূজিবা ও সালিবা দ্বারা গঠিত يَنْتَجُ اِنَّمَا يَنْتَجُ سَالِبَةً তা নতীজা দিবে সালিবা (নেতিবাচক) وَالْمُرَكَّبُ مِنْ كُلِّيَّةٍ وَجُزْئِيَّةٍ আর যে قياس কুল্লিয়া ও জুযয়িয়া দ্বারা গঠিত جُزْئِيَّةً তা নতীজা দিবে জুযয়িয়া وَاَمَّا الْمُرَكَّبُ مِنَ الْكُلِّيَّتَيْنِ আর যে قِيَاس দু'টি কুল্লিয়া দ্বারা গঠিত فَرُبَمَا يَنْتَجُ كُلِّيَّةً তা কখনো নতীজা কুল্লিয়া দেয় وَقَدْ يَنْتَجُ جُزْئِيَّةً আবার কখনো নতীজা জুযয়িয়া দেয়।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ شَرْطُ اِنْتَاجِ الشَّكْلِ الثَّالِثِ الخ -এর আলোচনা : শাকলে ছালিছ মুন্তাজ হওয়ার জন্য দু'টি শর্ত রয়েছে। প্রথমত সুগরা মূজিবা হতে হবে। দ্বিতীয়ত সুগরা কুবরার যে কোনো একটি কুল্লিয়া হতে হবে।

উক্ত শর্তানুযায়ী শিকলে ছালিছের মুন্তাজ যরব মোট ছয়টি হবে। মূজিবায়ে কুল্লিয়াযুক্ত সুগরার সাথে মাহসূরার প্রকার চতুষ্টয় যুক্ত করলে মোট চারটি লাভ হবে, আর দু'টি লাভ হবে মূজিবায়ে জুযয়িয়াযুক্ত সুগরাকে মূজিবায়ে কুল্লিয়া ও সালিবায়ে কুল্লিয়াযুক্ত কুবরার সাথে যুক্ত করলে। উক্ত যরব ছয়টির প্রত্যেকটির নতীজাই জুযয়িয়া হবে, তবে তা হতে তিনটি নতীজা মূজিবা (ইতিবাচক) হবে, আর তিনটি সালেবা (নেতিবাচক) হবে। যে যরবগুলো ইতিবাচক নতীজা দিবে সেগুলোর মধ্যে একটি হচ্ছে- সুগরা কুবরা উভয়টি মূজিবায়ে কুল্লিয়াযুক্ত। দ্বিতীয়টি সুগরা মূজিবায়ে জুযয়িয়া ও কুবরা মূজিবায়ে কুল্লিয়া। তৃতীয়টি সুগরা মূজিবায়ে জুযয়িয়া। প্রত্যেকটির উদাহরণ চিত্রে বর্ণনা করা হবে।

قَوْلُهُ اَحَدُهَا كُلُّ بِ ج الخ -এর আলোচনা : এর বিস্তারিত রূপ [উদাহরণস্বরূপ] হবে- كُلُّ اِنْسَانٍ حَيَوَانٌ وَكُلُّ اِنْسَانٍ نَاطِقٌ [প্রত্যেক মানুষ প্রাণী ও প্রত্যেক মানুষ বাকশক্তিসম্পন্ন]। এর নতীজা হবে- فَبَعْضُ الْحَيَوَانِ نَاطِقٌ [অতএব কিছু প্রাণী বাকশক্তিসম্পন্ন]।

قَوْلُهُ وَأَمَّا الْإِنِّيُّ الخ –এর আলোচনা : قِيَاس بُرْهَانِيْ -এর দ্বিতীয় প্রকার হচ্ছে– إِنِّيْ। এটি ঐ বুরহানকে বলা হয়, যাতে হদ্দে আওসাত আসগারের জন্য আকবার সাব্যস্ত হওয়ার কারণ প্রমাণিত হয় কেবল কল্পনায়, বাস্তবে নয়। যেমন– উক্ত কিয়াসকে পরিবর্তন করে বলা হলো – زَيْدٌ مَحْمُومٌ وَكُلُّ مَحْمُومٍ مُتَعَفِّنُ الْأَخْلَاطِ (যায়েদ জ্বরে আক্রান্ত, আর প্রত্যেক জ্বরে আক্রান্ত ব্যক্তির মিশ্র পদার্থ চতুষ্টয় দূষিত)। এটি কিয়াসে বুরহানী। এর নাতীজা হবে, فَزَيْدٌ مُتَعَفِّنُ الْأَخْلَاطِ (অতএব যায়েদের মিশ্র পদার্থ চতুষ্টয় দূষিত)। উক্ত কিয়াসে مَحْمُومٌ শব্দটি হদ্দে আওসাত। এটি যায়েদ مُتَعَفِّنُ الْأَخْلَاطِ হওয়ার ইল্লত কেবল কল্পনায়, বাস্তবে নয়। কেননা, বাস্তবে এর কারণ অন্য কিছুও হতে পারে। একে إِنِّيْ নামে আখ্যায়িত করার কারণ এই যে, إِنِّيَّةٌ অর্থাৎ নিজের কল্পনায় হদ্দে আওসাত হুকুমের ইল্লত বলে প্রমাণিত; বাস্তবে নয়।

www.eelm.weebly.com

فَصْلٌ : اَلْقِيَاسُ الْجَدَلِيُّ قِيَاسٌ مُرَكَّبٌ مِنْ مُقَدَّمَاتٍ مَشْهُوْرَةٍ اَوْ مُسَلَّمَةٍ عِنْدَ الْخَصْمِ صَادِقَةً كَانَتْ اَوْ كَاذِبَةً وَالْاَوَّلُ مَا تُطَابِقُ فِيْهِ اٰرَاءُ قَوْمٍ اِمَّا لِمَصْلِحَةٍ عَامَّةٍ نَحْوُ اَلْعَدْلُ حَسَنٌ وَالظُّلْمُ قَبِيْحٌ وَقَطْعُ السَّارِقِ وَاجِبٌ اَوْ لِرِقَّةٍ قَلْبِيَّةٍ كَقَوْلِ اَهْلِ الْهِنْدِ ذَبْحُ الْحَيَوَانِ مَذْمُوْمٌ اَوْ اِنْفِعَالَاتٍ خَلْقِيَّةٍ اَوْ مِزَاجِيَّةٍ فَاِنَّ لِلْاَمْزِجَةِ وَالْعَادَاتِ دَخْلًا عَظِيْمًا فِى الْاِعْتِقَادَاتِ فَاَصْحَابُ الْاَمْزِجَةِ الشَّدِيْدَةِ يَرَوْنَ الْاِنْتِقَامَ مِنْ اَهْلِ الشَّرَارَةِ حَسَنًا وَاَصْحَابُ الْاَمْزِجَةِ اللَّيِّنِيَّةِ يَرَوْنَ الْعَفْوَ خَيْرًا وَلِذٰلِكَ تَرَى النَّاسَ مُخْتَلِفِيْنَ فِى الْعَادَاتِ وَالرُّسُوْمِ وَلِكُلِّ قَوْمٍ مَشْهُوْرَاتٌ خَاصَّةٌ بِهِمْ وَكَذٰلِكَ لِكُلِّ صَنَاعَةٍ فَمِنْ مَشْهُوْرَاتِ النَّحْوِيِّيْنَ اَلْفَاعِلُ مَرْفُوْعٌ وَالْمَفْعُوْلُ مَنْصُوْبٌ وَالْمُضَافُ اِلَيْهِ مَجْرُوْرٌ وَمِنْ مَشْهُوْرَاتِ الْاُصُوْلِيِّيْنَ وَالْاَمْرُ لِلْوُجُوْبِ - وَالثَّانِىْ مَا يُؤَلَّفُ مِنَ الْمُسَلَّمَاتِ بَيْنَ الْمُتَخَاصِمِيْنِ وَلِلْمَشْهُوْرَاتِ شِبْهٌ بِالْاَوَّلِيَّاتِ وَتَجْرِيْدُ الذِّهْنِ وَتَدْقِيْقُ النَّظَرِ يُفَرِّقُ بَيْنَهُمَا وَالْغَرْضُ مِنْ صَنَاعَةِ الْجَدَلِ اِلْزَامُ الْخَصْمِ وَحِفْظُ الرَّأْىِ -

সরল অনুবাদ : পরিচ্ছেদ : قِيَاس جَدَلِى এমন একটি কিয়াস যা প্রসিদ্ধ অথবা প্রতিদ্বন্দ্বীর কাছেও গ্রহণযোগ্য কতগুলো মুকাদ্দামা দ্বারা গঠিত। চাই ঐগুলো সত্য হোক অথবা মিথ্যা হোক। আর প্রথমটি তা যাতে কোনো এক সম্প্রদায় ঐকমত্য পোষণ করে। হয়তো বা সেগুলো আম বা সর্বসাধারণের কল্যাণের স্বার্থে হবে। যেমন- عَدْل বা ন্যায়পরায়ণতা উত্তম, জুলুম করা মন্দ ও চোরকে হত্যা করা অপরিহার্য। অথবা দয়ার্দ্র মনোভাবের দরুন হবে। যেমন- হিন্দুস্তানীদের উক্তি 'জীব হত্যা মহাপাপ'। অথবা চরিত্রগত প্রভাবের কারণে, কিংবা স্বভাবগত প্রভাবের কারণে হোক। কেননা, আকীদা ও বিশ্বাসের ক্ষেত্রে স্বভাব ও অভ্যাসের বড় রকমের দখল বা প্রভাব রয়েছে। কঠোর স্বভাবের লোক দুষ্ট লোক ও দুষ্কৃতিকারীদের নিকট হতে প্রতিশোধ গ্রহণ করাকে উত্তম কাজ বলে মনে করে। আর কোমল মেজাজের লোক ক্ষমা প্রদর্শনকে উত্তম কাজ বলে মনে করে। অতএব, তুমি মানুষকে অভ্যাস ও প্রথার ক্ষেত্রে বিভিন্ন ধরনের দেখতে পাবে। আর প্রতিটি সম্প্রদায়ের জন্য তাদের বিশেষ বিশেষ প্রসিদ্ধ উক্তি রয়েছে। অনুরূপভাবে প্রতিটি বিষয়ের ক্ষেত্রেও রয়েছে। অতএব, নাহুবিদদের খ্যাতি সম্পন্ন উক্তি হলো- اَلْفَاعِلُ مَرْفُوْعٌ (প্রত্যেক ফায়েল রফা'যুক্ত), اَلْمَفْعُوْلُ مَنْصُوْبٌ (প্রত্যেক মাফউল নসবযুক্ত) এবং وَالْمُضَافُ اِلَيْهِ مَجْرُوْرٌ (মুযাফ ইলাইহ যেরযুক্ত) ইত্যাদি। আর উসূলীদের খ্যাতিসম্পন্ন বাক্য اَلْاَمْرُ لِلْوُجُوْبِ (আমর উজূবের জন্য)। আর দ্বিতীয়টি ঐ কিয়াস যা প্রতিদ্বন্দ্বীর কাছে গ্রহণযোগ্য এমন মুকাদ্দামাসমূহ দ্বারা গঠিত। اَوَّلِيَاتُ -এর সাথে মাশহুরাত কিছুটা সাদৃশ্য, তবে সুস্পষ্টভাবে বিবেক খাটালে এবং গভীর চিন্তা করলে উভয়টির মধ্যে পার্থক্য করতে পারে। আর صَنَاعَةُ الْجَدَلِ দ্বারা উদ্দেশ্য প্রতিদ্বন্দ্বীকে অভিযুক্ত করা এবং স্বীয় অভিমতকে হেফাজত করা।

www.eelm.weebly.com

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ اَلْقِيَاسُ الْجَدَلِيُّ কিয়াসে জাদালী (বিতর্কমূলক কিয়াস) قِيَاسٌ এমন একটি কিয়াস مُرَكَّبٌ যা গঠিত مِنْ مُقَدَّمَاتٍ مَشْهُوْرَةٍ প্রসিদ্ধ কতগুলো মুকাদ্দামা দ্বারা اَوْ مُسَلَّمَةٍ অথবা গ্রহণযোগ্য (মুকাদ্দামা দ্বারা) عِنْدَ الْخَصْمِ প্রতিদ্বন্দ্বীর কাছেও চাই ঐগুলো সত্য হোক صَادِقَةً كَانَتْ অথবা মিথ্যা হোক اَوْ كَاذِبَةً আর প্রথমটি তা وَالْاَوَّلُ مَا যাতে تُطَابِقُ فِيْهِ ঐকমত্য পোষণ করে اٰرَاءُ قَوْمٍ কোনো এক সম্প্রদায়, اِمَّا لِمَصْلَحَةٍ عَامَّةٍ হয়তো বা সেগুলো আম বা সর্বসাধারণের কল্যাণের স্বার্থে وَاجِبٌ হবে نَحْوُ যেমন- اَلْعَدْلُ ন্যায়পরায়ণতা حَسَنٌ উত্তম وَالظُّلْمُ قَبِيْحٌ জুলুম করা মন্দ وَقَتْلُ السَّارِقِ ও চোরকে হত্যা করা অপরিহার্য اَوْ لِرِقَّةٍ قَلْبِيَّةٍ অথবা দয়ার্দ্র মনোভাবের দরুন হবে كَقَوْلِ اَهْلِ الْهِنْدِ যেমন- হিন্দুস্তানীদের উক্তি ذَبْحُ الْحَيْوَانِ জীব হত্যা فَاِنَّ قَبِيْحٌ মহাপাপ اَوْ اِنْفِعَالَاتٍ خُلُقِيَّةٍ অথবা চরিত্রগত প্রভাবের কারণে হোক اَوْ مِزَاجِيَّةٍ কিংবা স্বভাবগত প্রভাবের কারণে হোক لِلْاَمْزِجَةِ কেননা, স্বভাবের وَالْعَادَاتِ ও অভ্যাসের دَخْلًا عَظِيْمًا বড় রকমের দখল বা প্রভাব রয়েছে فِى الْاِعْتِقَادَاتِ আকীদা ও বিশ্বাসের ক্ষেত্রে فَاَصْحَابُ الْاَمْزِجَةِ الشَّدِيْدَةِ কেননা, কঠিন স্বভাবের লোক يَرَوْنَ মনে করে اَلْاِنْتِقَامَ প্রতিশোধ গ্রহণ করাকে مِنْ اَهْلِ الشَّرَارَةِ দুষ্কৃতিকারীদের নিকট হতে حَسَنًا উত্তম কাজ বলে وَاَصْحَابُ الْاَمْزِجَةِ اللَّيِّنِيَّةِ আর কোমল মেজাজের লোক يَرَوْنَ মনে করে اَلْعَفْوَ ক্ষমা প্রদর্শনকে خَيْرًا উত্তম কাজ বলে وَلِذٰلِكَ এ কারণেই تَرٰى তুমি দেখতে পাবে النَّاسَ মানুষকে مُخْتَلِفِيْنَ বিভিন্ন ধরনের فِى الْعَادَاتِ অভ্যাসের ক্ষেত্রে وَالرُّسُوْمِ ও প্রথার ক্ষেত্রে وَلِكُلِّ قَوْمٍ আর প্রতিটি সম্প্রদায়ের জন্য مَشْهُوْرَاتٌ প্রসিদ্ধ উক্তি রয়েছে خَاصَّةٌ بِهِمْ তাদের বিশেষ বিশেষ وَكَذٰلِكَ অনুরূপভাবে لِكُلِّ صَنَاعَةٍ প্রতিটি বিষয়ের ক্ষেত্রেও রয়েছে فَمِنْ مَشْهُوْرَاتِ النَّحْوِيِّيْنَ অতএব, নাহুবিদদের খ্যাতিসম্পন্ন উক্তি হলো اَلْفَاعِلُ مَرْفُوْعٌ প্রত্যেক ফায়েল রফাযুক্ত وَالْمَفْعُوْلُ مَنْصُوْبٌ আর প্রত্যেক মাফউল নসবযুক্ত وَالْمُضَافُ اِلَيْهِ مَجْرُوْرٌ ও প্রত্যেক মুযাফ ইলাইহ যেরযুক্ত ইত্যাদি وَمِنْ مَشْهُوْرَاتِ الْاُصُوْلِيِّيْنَ আর উসূলীদের খ্যাতিসম্পন্ন বাক্য اَلْاَمْرُ لِلْوُجُوْبِ আমর উজুবের জন্য। وَالثَّانِىْ আর দ্বিতীয়টি مَا يُؤَلَّفُ ঐ কিয়াস যা গঠিত مِنَ الْمُسَلَّمَاتِ গ্রহণযোগ্য এমন মুকাদ্দামাসমূহ দ্বারা بَيْنَ الْمُتَخَاصِمَيْنِ প্রতিদ্বন্দ্বীদের কাছে - وَلِلْمَشْهُوْرَاتِ شِبْهٌ بِالْاَوَّلِيَّاتِ - اَوَّلِيَّاتٌ-এর সাথে মাশহুরাত কিছুটা সাদৃশ্য تَجْرِيْدُ الذِّهْنِ তবে সুষ্টভাবে বিবেক খাটালে وَتَدْقِيْقُ النَّظَرِ এবং গভীর চিন্তা করলে يُفَرِّقُ بَيْنَهُمَا উভয়টির মধ্যে পার্থক্য করতে পারে وَالْغَرْضُ আর উদ্দেশ্য مِنْ صَنَاعَةِ الْجَدَلِ - صَنَاعَةُ الْجَدَلِيِّ দ্বারা اِلْزَامُ الْخَصْمِ প্রতিদ্বন্দ্বীকে অভিযুক্ত করা وَحِفْظُ الرَّاْيِ এবং স্বীয় অভিমতকে হেফাজত করা।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ اَلْقِيَاسُ الْجَدَلِيُّ الخ -এর আলোচনা : মুসান্নিফ (র.) এখানে قِيَاسٌ جَدَلِيٌّ সম্পর্কে আলোচনা করেছেন। সুতরাং কিয়াসে জদলী এমন এক প্রকার কিয়াস যা এমন কতগুলো কাযিয়া দ্বারা গঠিত হয় ; যে সকল কাযিয়া কোনো সমাজ বা কোনো জাতির কাছে প্রসিদ্ধি লাভ করেছে, কিংবা এমন কতগুলো কাযিয়া দ্বারা গঠিত যে কাযিয়াগুলো প্রতিদ্বন্দ্বীর কাছেও গ্রহণীয়। قِيَاس جَدَلِيٌّ -এর কাযিয়াসমূহ সত্য হওয়া জরুরি নয়। কাযিয়াসমূহ সত্য হোক কিংবা মিথ্যা হোক, তাতে কিছু আসে যায় না। তবে খ্যাতিসম্পন্ন হওয়া বা প্রতিদ্বন্দ্বীর কাছে গ্রহণীয় হওয়া শর্ত। যেহেতু উক্ত কিয়াস جَدَلٌ তথা বিতর্কের ক্ষেত্রে প্রযোজ্য, তাই একে قِيَاس جَدَلِيٌّ বলা হয়।

قَوْلُهُ مَشْهُوْرَاتٌ -এর আলোচনা : কাযিয়াসমূহ বিভিন্ন কারণে সমাজে বা সম্প্রদায়ের নিকট প্রসিদ্ধ। যেমন- ইনসাফ করা উত্তম। ইনসাফ বজায় থাকা মানুষের সাধারণ প্রয়োজনের তাগিদে প্রসিদ্ধ। তদ্রূপ জুলুম করা অন্যায়। আর হিন্দুস্তানীদের নিকট প্রসিদ্ধ হলো প্রাণী হত্যা মহাপাপ। আবার কোনো এলাকার লোকদের মতে ফাসাদীর প্রতিশোধ নেওয়া উত্তম কাজ। কারণ, তাদের মে'জাজ ও স্বভাব কঠোর। আবার কোনো এলাকার লোকদের কাছে অন্যায়কারীদেরকে ক্ষমা করে দেওয়া উত্তম কাজ। কারণ, তাদের স্বভাব ও মে'জাজ নরম ও কোমল। কোনো কোনো ক্ষেত্রে খ্যাতিসম্পন্ন বাক্যসমূহকে অনেকে اَوَّلِيَّاتٌ (প্রাথমিক অনন্তর) বলে ধারণা করে। অথচ দু'টি এক নয়। যখন নিরপেক্ষ ও সুষ্ঠ মস্তিষ্কে চিন্তা করবে, তখন বুঝবে উভয়টির মধ্যে বেশ পার্থক্য বিদ্যমান। মাশহুরাত সত্য হওয়া শর্ত নয়। সত্যও হতে পারে, মিথ্যাও হতে পারে। কিন্তু اَوَّلِيَّاتٌ (প্রাথমিক অনন্তর বাক্যসমূহ) সত্য হওয়া শর্ত। এদের দ্বারা দৃঢ় বিশ্বাসের সৃষ্টি হয়। আর মাশহুরাত দ্বারা দৃঢ় বিশ্বাসের সৃষ্টি হয় না । মু'তাযিলা সম্প্রদায় মাশহুরাত বাক্যকে বদীহী মনে করে পথভ্রষ্ট হয়েছে।

www.eelm.weebly.com

فَصْلٌ : اَلْقِيَاسُ الْخِطَابِىْ قِيَاسٌ مُفِيْدٌ لِلظَّنِّ وَمُقَدَّمَاتُهُ مَقْبُوْلَاتٌ مَاخُوْذَاتٌ مِمَّنْ يُحْسِنُ الظَّنُّ فِيْهِمْ كَالْاَوْلِيَاءِ وَالْحُكَمَاءِ وَاَمَّا الْمَاخُوْذَاتُ مِنَ الْاَنْبِيَاءِ عَلَيْهِمْ وَعَلٰى نَبِيِّنَا عَلَيْهِ الصَّلٰوةُ وَالسَّلَامُ فَلَيْسَتْ مِنَ الْخِطَابَةِ لِاَنَّهَا اَخْبَارَاتٌ صَادِقَةٌ مِنْ مُخْبِرٍ صَادِقٍ دَلَّ عَلٰى صِدْقِهِ الْمُعْجِزَةِ وَلَا مَجَالَ لِلْوَهْمِ فِيْهَا حَتّٰى يَتَطَرَّقَ اِلَيْهِ الْخَطَأُ وَالْخَلَلُ فَالْقِيَاسُ الْمُرَكَّبُ مِنْهَا بُرْهَانِىٌّ قَطْعِىٌّ الْمُقَدَّمَاتِ اَوْ مَظْنُوْنَاتٌ يُحْكَمُ فِيْهَا بِسَبَبِ الرُّجْحَانِ وَ يَنْدَرِجُ فِيْهَا الْحَدَسِيَّاتُ وَالتَّجْرُبِيَّاتُ وَالْمُتَوَاتِرَاتُ الَّتِىْ لَمْ تَبْلُغْ اِلٰى حَدِّ الْجَزْمِ شُعُوْرِ الْعِلَّةِ اَوْ عَدَمِ بُلُوْغِ عَدَدِ بِسَبَبِ عَدَمِ الْمُخْبِرِيْنَ اِلٰى مَبْلَغِ التَّوَاتُرِ وَ لِهٰذِهِ الصَّنَاعَةِ مَنْفَعَةٌ عَظِيْمَةٌ فِىْ تَنْظِيْمِ اُمُوْرِ الْمَعَاشِ وَتَنْسِيْقِ اَحْكَامِ الْمَعَادِ اِمَّا بِاسْتِعْمَالِهَا اَوْ بِالْاِحْتِرَازِ عَنْهَا وَلِذٰلِكَ كِبَارُ الْحُكَمَاءِ يَسْتَعْمِلُوْنَ تِلْكَ الصَّنَاعَةَ كَثِيْرًا وَيَعِظُوْنَ بِالْكَلَامِ الْخِطَابِىْ جَمًّا غَفِيْرًا وَلَابُدَّ اَنْ تَكُوْنَ الْمُقَدَّمَاتُ الْمُسْتَعْمَلَةُ فِيْهَا مُقْنِعَةً لِلسَّامِعِيْنَ مُفِيْدَةً لِلْوَاعِظِيْنَ ـ

সরল অনুবাদ : পরিচ্ছেদ : قِيَاس خِطَابِىْ এমন কিয়াস যা দ্বারা ظَنّ غَالِبْ (প্রবল ধারণা) লাভ হয়। এর মুকাদ্দামাসমূহ গ্রহণীয় : যেগুলো এমন ব্যক্তিবর্গের নিকট হতে গ্রহণ করা হয়েছে, যাদের সম্পর্কে ভালো ধারণা রয়েছে। যেমন– আওলিয়া ও দার্শনিকগণ। আম্বিয়াগণের (আ.) নিকট হতে যে সমস্ত বিষয় নেওয়া হয়েছে, সেগুলো খিতাবিয়ার অন্তর্ভুক্ত নয়। কেননা, এগুলো সত্য খবর যা সত্য সংবাদদাতার পক্ষ হতে এসেছে। মু'জিযা তার সত্যতার প্রমাণ ; তাতে কোনো সন্দেহের অবকাশ নেই। অতএব, কোনো ভুল-ত্রুটিরও কোনো সম্ভাবনা নেই। অতএব, এগুলোর সমন্বয়ে গঠিত কিয়াসের মুকাদ্দামাসমূহ হবে অকাট্য। অথবা এমন মুকাদ্দামা হবে, যেগুলো সন্দেহযুক্ত, যেগুলোর মধ্যেও প্রবল ধারণার প্রেক্ষিতে হুকুম আরোপ করা হয়। হাদাসিয়্যাত, তাজরিবিয়্যাত ও ঐ সমস্ত মুতাওয়াতিরাত যেগুলো কারণ না জানার দরুন অথবা সংবাদদাতাদের সংখ্যা তাওয়াতুরের সীমা পর্যন্ত না পৌঁছার দরুন দৃঢ়তার সীমায় গিয়ে উন্নীত হয়নি, এ সবগুলোই তার অন্তর্ভুক্ত। জাগতিক বিষয় ও পারলৌকিক আহকামের নিয়ম-শৃঙ্খলা বজায় রাখার ব্যাপারে উক্ত বিষয়ে বিরাট উপকারিতা রয়েছে। চাই তা প্রয়োগ করে হোক অথবা পরিত্যাগ করে হোক। বড় বড় চিন্তাবিদগণ উক্ত صَنَاعَة (বিধি) অধিকাংশ ক্ষেত্রে প্রয়োগ করতেন এবং বহু লোককে খিতাবী ভাষায় নসিহত করতেন। আর তাতে ব্যবহৃত মুকাদ্দামাগুলো এমন হওয়া চাই যা শ্রোতাদেরকে সন্তুষ্ট করতে পারে এবং বক্তাগণও উপকৃত হতে পারে।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ اَلْقِيَاسُ الْخِطَابِىْ কিয়াসে খিতাবী قِيَاسٌ এমন কিয়াস مُفِيْدٌ لِلظَّنِّ যা দ্বারা প্রবল ধারণা লাভ হয় وَمُقَدَّمَاتُهُ এর মুকাদ্দামাসমূহ مَقْبُوْلَاتٌ গ্রহণীয় مَاخُوْذَاتٌ যেগুলো গ্রহণ করা হয়েছে مِمَّنْ এমন ব্যক্তিবর্গের নিকট হতে يُحْسِنُ الظَّنُّ فِيْهِمْ যাদের সম্পর্কে ভালো ধারণা রয়েছে كَالْاَوْلِيَاءِ যেমন– আওলিয়া وَالْحُكَمَاءِ ও দার্শনিকগণ وَاَمَّا الْمَاخُوْذَاتُ

www.eelm.weebly.com

... যে সমস্ত বিষয় নেওয়া হয়েছে مِنَ الْاَنْبِيَاءِ عَلَيْهِمْ وَعَلٰى نَبِيِّنَا عَلَيْهِ الصَّلٰوةُ وَالسَّلَامُ আম্বিয়া (আ.)-এর নিকট হতে সেগুলো নয় مِنَ الْخِطَابَةِ কিয়াসে খিতাবীর অন্তর্ভুক্ত لِاَنَّهَا কেননা, এগুলো اَخْبَارٌ صَادِقَةٌ সত্য খবর مِنْ مُخْبِرٍ صَادِقٍ যা সত্য সংবাদদাতার পক্ষ হতে এসেছে دَلَّ عَلٰى صِدْقِهِ তার সত্যতার প্রমাণ الْمُعْجِزَةُ মু'জিযা وَلَا مَجَالَ আর অবকাশ নেই لِلْوَهْمِ فَلَيْسَتْ তাতে কোনো সন্দেহের, حَتّٰى يَتَطَرَّقَ অতএব, কোনো সম্ভাবনা নেই اِلَيْهِ الْخَطَأُ وَالْخَلَلُ কোনো ভুল-ত্রুটিরও فَالْقِيَاسُ فِيْهَا অতএব, এগুলোর সমন্বয়ে গঠিত কিয়াস بُرْهَانِيٌّ দলিলভিত্তিক قَطْعِيُّ الْمُقَدَّمَاتِ এর মুকাদ্দামাসমূহ হবে অকাট্য اَوِ الْمُرَكَّبُ مِنْهَا অথবা এমন মুকাদ্দামাসমূহ হবে যেগুলো সন্দেহযুক্ত يُحْكَمُ فِيْهَا যেগুলোর মধ্যে হুকুম আরোপ করা হয় بِسَبَبِ الرُّجْحَانِ مَظْنُوْنَاتٌ প্রবল ধারণার প্রেক্ষিতে وَيَنْدَرِجُ فِيْهَا আর এগুলোর অন্তর্ভুক্ত اَلْحَدَسِيَّاتُ হাদাসিয়্যাত (চিন্তামূলক বিষয়াবলি) وَالتَّجْرُبِيَّاتُ তাজরিবিয়্যাত (অভিজ্ঞতামূলক কিয়াসসমূহ) وَالْمُتَوَاتِرَاتُ ও ঐ সমস্ত মুতাওয়াতিরাত اَلَّتِىْ لَمْ تَبْلُغْ যেগুলো উন্নীত হয়নি اِلٰى حَدِّ الْجَزْمِ দৃঢ়তার সীমায় গিয়ে بِسَبَبِ عَدَمِ شُعُوْرِ الْعِلَّةِ কারণ না জানার দরুন اَوْ عَدَمِ بُلُوْغِ অথবা না পৌঁছার দরুন عَدَدِ الْمُخْبِرِيْنَ সংবাদদাতাদের সংখ্যা اِلٰى مَبْلَغِ التَّوَاتُرِ তাওয়াতুরের সীমা পর্যন্ত وَلِهٰذِهِ الصِّنَاعَةِ উক্ত বিষয়ে مَنْفَعَةٌ عَظِيْمَةٌ বিরাট উপকারিতা রয়েছে فِىْ تَنْظِيْمِ اُمُوْرِ الْمَعَاشِ জাগতিক বিষয়ের নিয়ম-শৃঙ্খলা বজায় রাখার ব্যাপারে وَتَنْسِيْقِ اَحْكَامِ الْمَعَادِ ও পারলৌকিক আহকামের নিয়ম-শৃঙ্খলা বজায় রাখার ব্যাপারে اِمَّا بِاسْتِعْمَالِهَا চাই তা প্রয়োগ করে হোক اَوْ بِالْاِحْتِرَازِ عَنْهَا অথবা পরিত্যাগ করে হোক وَلِذٰلِكَ আর এ কারণে كِبَارُ الْحُكَمَاءِ বড় বড় চিন্তাবিদগণ يَسْتَعْمِلُوْنَ প্রয়োগ করতেন تِلْكَ الصِّنَاعَةَ উক্ত বিধি كَثِيْرًا অধিকাংশ ক্ষেত্রে وَيَعِظُوْنَ এবং নসিহত করতেন بِالْكَلَامِ الْخِطَابِىِّ খিতাবী ভাষায় جَمًّا غَفِيْرًا বহু লোককে وَلَابُدَّ আর হওয়া চাই اَنْ تَكُوْنَ الْمُقَدَّمَاتُ الْمُسْتَعْمَلَةُ فِيْهَا তাতে ব্যবহৃত মুকাদ্দামাগুলো এমন مُقْنِعَةً لِلسَّامِعِيْنَ যা শ্রোতাদেরকে সন্তুষ্ট করতে পারে مُفِيْدَةً لِلْوَاعِظِيْنَ এবং বক্তাগণও উপকৃত হতে পারে।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ اَلْقِيَاسُ الْخِطَابِىُّ الخ -এর আলোচনা : মুসান্নিফ (র.) এখানে কিয়াসে খিতাবীর আলোচনা করেছেন। কিয়াসে খিতাবী ঐ কিয়াসকে বলা হয়, যা মাননীয় ব্যক্তি যেমন– আওলিয়া, আম্বিয়া ও দার্শনিকদের নিকট হতে প্রাপ্ত গ্রহণযোগ্য মুকাদ্দামা অথবা সন্দেহযুক্ত মুকাদ্দামা যেগুলো সম্পর্কে ধারণা প্রবল, এগুলো দ্বারা গঠিত। اَلْخِطَابِىُّ হলো اَلْخِطَابَةُ -এর সম্বন্ধসূচক শব্দ। আর اَلْخِطَابَةُ এমন হুজ্জত যদ্দারা নতীজার প্রতি ظَنٌّ বা ধারণা লাভ হয়। উক্ত কিয়াসের উদ্দেশ্য মানুষকে প্রবোধ দান করা, তাদের কল্যাণকর বিষয়ের প্রতি উৎসাহিত করা। যেমন– চরিত্র গঠন, ইহলৌকিক ও পারলৌকিক বিষয় ইত্যাদি। যেহেতু আম্বিয়াগণের বাণীতে কোনো প্রকারের সন্দেহের অবকাশ নেই, তাই তাঁদের বাণীসমূহ কিয়াসে খিতাবীর উপাদান না হয়ে কিয়াসে বুরহানীর উপাদান হিসেবে গণ্য হবে।

قَوْلُهُ مِمَّنْ يُحْسِنُ الظَّنَّ الخ -এর আলোচনা : চাই তাদের প্রতি ভালো ধারণার সৃষ্টি হোক কোনো আসমানী কারণে, যেমন– কারামাত অথবা সাধারণ মানুষের তুলনায় অধিক জ্ঞানের অধিকারী হওয়ার দরুন, যেমন– উলামা ও দার্শনিকগণ।

قَوْلُهُ مِنَ الْاَنْبِيَاءِ عَلَيْهِمْ الخ -এর আলোচনা : গ্রন্থকার এখানে আম্বিয়াগণের নিকট হতে প্রাপ্ত উক্তিসমূহ এবং দার্শনিকদের নিকট হতে প্রাপ্ত উক্তিসমূহের মধ্যে পার্থক্য করেছেন। আর এ পার্থক্য করা আবশ্যক। কেউ কেউ এতদুভয়ের মধ্যে কোনো পার্থক্য করেননি। এটি তাদের প্রকাশ্য ভ্রম। কেননা, আম্বিয়াগণের নিকট হতে প্রাপ্ত সংবাদসমূহ স্বভাবতার অন্তর্ভুক্ত যেগুলোর দলিল তাদের সঙ্গেই রয়েছে।

قَوْلُهُ اَوْ مَظْنُوْنَاتٌ الخ -এর আলোচনা : مَظْنُوْنَاتٌ এমন কাযিয়াসমূহকে বলা হয়, যেগুলোকে বিবেক কেবল ধারণার প্রেক্ষিতে সমর্থন করে, যদিও এদের মধ্যে বিপরীত দিকটির সম্ভাবনা রয়েছে। বাংলায় তাকে সন্দেহযুক্ত বিষয় বলা হয়।

www.eelm.weebly.com

فَصْلٌ : اَلْقِيَاسُ الشِّعْرِيُّ قِيَاسٌ مُؤَلَّفٌ مِنَ الْمُخَيَّلَاتِ الصَّادِقَةِ اَوِ الْكَاذِبَةِ الْمُسْتَحِيْلَةِ اَوِ الْمُمْكِنَةِ الْمُؤَثِّرَةِ فِى النَّفْسِ قَبْضًا وَبَسْطًا وَلِلنَّفْسِ مُطَاوَعَةٌ لِلتَّخْيِيْلِ كَمُطَاوَعَتِهٖ لِلتَّصْدِيْقِ بَلْ اَشَدُّ مِنْهُ وَالْغَرْضُ مِنْ هٰذِهِ الصَّنَاعَةِ اَنْ يَنْفَعِلَ النَّفْسُ بِالتَّرْغِيْبِ وَالتَّرْهِيْبِ وَاشْتُرِطَ فِى الشِّعْرِ اَنْ يَكُوْنَ الْكَلَامُ جَارِيًا عَلٰى قَانُوْنِ اللُّغَةِ مُشْتَمِلًا عَلٰى اِسْتِعَارَاتٍ بَدِيْعَةٍ رَائِقَةٍ وَتَشْبِيْهَاتٍ اَنِيْقَةٍ فَائِقَةٍ بِحَيْثُ يُؤَثِّرُ فِى النَّفْسِ تَاثِيْرًا عَجِيْبًا وَيُوْرِثُ فَرحًا اَوْ يُوْجِبُ تَرْحًا وَمِنْ ثَمَّ لَايَجُوْزُ فِيْهِ اِسْتِعْمَالُ الْاَوَّلِيَاتِ الصَّادِقَةِ وَيُسْتَحْسَنُ اِسْتِعْمَالُ الْمُخَيَّلَاتِ الْكَاذِبَةِ كَمَا قَالَ الْعَارِفُ الْكَنْجَوِى مُخَاطِبًا لِوَلَدِهٖ وَفَلْذَةِ كَبِدِهٖ ـ بَيْت :

در شعـــر مپيچ و در فن او *
چوں اكذب اوست احسن او

وَكَقَوْلِ الْقَائِلِ يَصِفُ الْخَمْرَ :

لَهَا الْبَدْرُ كَأْسٌ وَهِىَ شَمْسٌ يُدِيْرُهَا *
هِلَالٌ وَكَمْ يَبْدُوْ اِذَا مَزَجَتْ نَجْمُ

وَقَالَ الشَّاعِرُ شِعْر :

لَاتَعْجَبُوْا مِنْ بَلْيِ غَلَالَتِهٖ *
قَدْ زُرَّ اَزْرَارُهٗ عَلَى الْقَمَرِ

সরল অনুবাদ : পরিচ্ছেদ : قِيَاس شِعْرِىْ (কাব্যিক কিয়াস) এমন কিয়াস যা এমন কাল্পনিক মুকাদ্দামাসমূহ দ্বারা গঠিত যেগুলো অন্তরে সংকোচন অথবা প্রফুল্লতার প্রভাব বিস্তার করে, চাই সেগুলো সত্য হোক বা মিথ্যা হোক, সম্ভব হোক বা অসম্ভব হোক। আর অন্তর যেমনিভাবে তাসদীকের বশীভূত হয়, তদ্রূপ কল্পনারও বশীভূত হয়; বরং তার চেয়েও বেশি। উক্ত বিষয়ের উদ্দেশ্য হলো– অন্তরে উৎসাহ প্রদান ও ভীতিপ্রদর্শনে প্রভাবান্বিত হওয়া। কবিতার ব্যাপারে শর্ত হলো, এটি যেন ব্যাকরণ বিধির মোতাবেক হয়, বিরল ও চমৎকার রূপক এবং সুন্দর ও উন্নত উপমা সম্বলিত হয়, যেন অন্তরে বিস্ময়কর প্রভাব বিস্তার করে এবং আনন্দ জাগায় অথবা বিষাদ সৃষ্টি করে। তাই এতে সত্য اَوَّلِيَاتْ প্রয়োগ করা বৈধ নয়; বরং মিথ্যা ও কাল্পনিক বিষয়সমূহ ব্যবহার করা পছন্দীয়। যেমন– আরেফ গাঞ্জবী আপন পুত্র ও কলিজার টুকরাকে সম্বোধন করে বলেছেন–

কাব্যকলায় নিজেকে আবদ্ধ করো না। কেননা, কবিতার মধ্যে সবচেয়ে উত্তম তাই, যা সবচেয়ে মিথ্যা।

আর যেমন কোনো উক্তিকারীর উক্তি যিনি শরাবের গুণকীর্তন বর্ণনা করেছেন– তার (শরাব) পেয়ালা পূর্ণিমার চাঁদ, আর তা সূর্য। তাকে প্রদক্ষিণ করছে নব চাঁদ। তা যখন পানির সাথে মিশ্রিত হয়, তখন কত তারকা-ই না প্রকাশ পায়।

আরও এক কবি বলেছেন– 'তোমরা প্রেমিকার গেঞ্জি ছিঁড়ে যাওয়াতে বিস্ময়বোধ করো না। কেননা, তার বোতামসমূহ চন্দ্রের সাথে গেঁথে দেওয়া হয়েছে।'

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ اَلْقِيَاسُ الشِّعْرِيُّ কিয়াসে শে'রী (কাব্যিক কিয়াস) قِيَاسٌ এমন কিয়াস مُؤَلَّفٌ যা গঠিত مِنَ الْمُخَيَّلَاتِ এমন কাল্পনিক মুকাদ্দামাসমূহ দ্বারা الصَّادِقَةِ চাই সেগুলো সত্য হোক اَوِ الْكَاذِبَةِ বা মিথ্যা হোক الْمُسْتَحِيْلَةِ অসম্ভব হোক اَوِ الْمُمْكِنَةِ বা সম্ভব হোক الْمُؤَثِّرَةِ فِى النَّفْسِ যেগুলো অন্তরে প্রভাব বিস্তার করে قَبْضًا وَبَسْطًا সংকোচন অথবা প্রফুল্লতার وَلِلنَّفْسِ আর অন্তর مُطَاوَعَةٌ لِلتَّخْيِيْلِ কল্পনারও বশীভূত হয় كَمُطَاوَعَتِهٖ যেমনিভাবে বশীভূত হয় لِلتَّصْدِيْقِ তাসদীকের بَلْ اَشَدُّ مِنْهُ বরং তার চেয়েও বেশি وَالْغَرْضُ উদ্দেশ্য হলো مِنْ هٰذِهِ الصَّنَاعَةِ উক্ত বিষয়ের اَنْ يَنْفَعِلَ النَّفْسُ অন্তর প্রভাবান্বিত হওয়া بِالتَّرْهِيْبِ ভীতি প্রদর্শনে وَالتَّرْغِيْبِ ও উৎসাহ প্রদানে وَاشْتُرِطَ শর্ত হলো فِى الشِّعْرِ কবিতার ব্যাপারে اَنْ يَكُوْنَ الْكَلَامُ বাক্যটি যেন হয় جَارِيًا عَلٰى قَانُوْنِ اللُّغَةِ ব্যাকরণ বিধির মোতাবেক مُشْتَمِلًا সম্বলিত হয় عَلٰى اِسْتِعَارَةٍ রূপক بَدِيْعَةٍ رَائِقَةٍ বিরল ও চমৎকার وَتَشْبِيْهَاتٍ এবং উপমা اَنِيْقَةٍ فَائِقَةٍ সুন্দর ও উন্নত بِحَيْثُ يُؤَثِّرُ فِى النَّفْسِ যেন অন্তরে প্রভাব বিস্তার করে تَاثِيْرًا عَجِيْبًا বিস্ময়কর প্রভাব وَيُوْرِثُ فَرحًا এবং আনন্দ জাগায় اَوْ يُوْجِبُ تَرْحًا অথবা বিষাদ সৃষ্টি করে وَمِنْ ثَمَّ তাই لَا يَجُوْزُ فِيْهِ এতে বৈধ

www.eelm.weebly.com

اَلْمُخَيْلَاتِ الْكَاذِبَةِ নয় اَلْاَوَّلِيَّاتِ الصَّادِقَةِ সত্য اِسْتِعْمَالُ প্রয়োগ করা وَيُسْتَحْسَنُ পছন্দনীয় اِسْتِعْمَالُ ব্যবহার করা اَوَّلِيَّاتٌ মিথ্যাও কাল্পনিক বিষয়সমূহ كَمَا যেমন- قَالَ الْعَارِفُ الْكَنْجَوِى আরেফ গাঞ্জবী বলেছেন مُخَاطِبًا لِوَلَدِهٖ আপন পুত্রকে সম্বোধন করে وَفَلْذَةِ كَبِدِهٖ ও কলিজার টুকরাকে بَيْتٌ কবিতার চরণ در شعر مپيچ و در فن او কাব্যকলায় নিজেকে আবদ্ধ করো না چوں اكذب اوست কেননা, কবিতার মধ্যে যা সবচেয়ে মিথ্যা احسن او তাই সবচেয়ে উত্তম وَكَقَوْلِ الْقَائِلِ আর যেমন কোনো উক্তিকারীর উক্তি يَصِفُ الْخَمْرَ যিনি শরাবের গুণকীর্তন বর্ণনা করেছেন لَهَا তার (শরাব) اَلْبَدْرُ পূর্ণিমার চাঁদ كَأْسٌ পেয়ালা وَهِىَ شَمْسٌ আর তা সূর্য يُدِيْرُهَا তাকে প্রদক্ষিণ করছে هِلَالٌ নব চাঁদ وَكَمْ يَبْدُوْ কতই না প্রকাশ পায় اِذَا مُزِجَتْ তা যখন পানির সাথে মিশ্রিত হয় نَجْمٌ তারকা وَقَالَ الشَّاعِرُ شِعْرٌ আরও এক কবি বলেছেন لَا تَعْجَبُوْا তোমরা বিস্ময়বোধ করো না مِنْ بِلٰى غَلَالَتِهٖ প্রেমিকার গেঞ্জি ছিঁড়ে যাওয়াতে قَدْ زُرَّ কেননা, গেঁথে দেওয়া হয়েছে اَزْرَارُهٗ তার বোতামসমূহ عَلَى الْقَمَرِ চন্দ্রের সাথে ।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهٗ اَلْقِيَاسُ الشِّعْرِىُّ الخ -এর আলোচনা : شِعْر-এর প্রতি সম্বন্ধ: উক্ত কিয়াসকে শে'রী বলা হয়। ঐ قِيَاس شِعْرِى কিয়াসকে বলা হয়, যা কাল্পনিক বিষয় সম্বলিত যা অন্তরে বিষণ্ণতা অথবা প্রফুল্লতা আনয়ন করে, চাই তা সত্য অথবা মিথ্যা হোক। ভাষাবিদগণ شِعْر -এর সংজ্ঞার ব্যাপারে দ্বিমত পোষণ করেছেন। পূর্ববর্তী মনীষীদের মতে কবিতা কাল্পনিক কথা যা অন্তরে বিষণ্ণতা অথবা প্রফুল্লতা আনয়ন করে। এদের নিকট ছন্দের মিল ধর্তব্য নয়। আর আধুনিক ভাষাবিদদের মতে شِعْر (কবিতা) ছন্দযুক্ত কথাকে বলা হয়। এদের মতে কবিতা কাল্পনিক হওয়া জরুরি নয়।

قَوْلُهٗ اِسْتِعَارَاتِ الخ-এর আলোচনা : اِسْتِعَارَة-এর আভিধানিক অর্থ-কোনো বস্তু ধার স্বরূপ নেওয়া। আর এর পারিভাষিক অর্থ হলো, এক বস্তুকে অপর বস্তুর সাথে মনে মনে তুলনা করা।

قَوْلُهٗ وَيُسْتَحْسَنُ الخ -এর আলোচনা : কবিতায় কাল্পনিক ও অবাস্তব বিষয় ব্যবহার করাই পছন্দনীয়। কারণ, মানুষের অন্তরের আকর্ষণ বাস্তব বিষয়ের তুলনায় কাল্পনিক ও অবাস্তব বিষয়ের প্রতি অধিক। তাই বলা হয়, কবিদের মধ্যে সবচেয়ে উত্তম সে-ই : যে সবচেয়ে মিথ্যাবাদী।

قَوْلُهٗ لَهَا الْبَدْرُ كَأْسٌ الخ -এর আলোচনা : গ্রন্থকার কিয়াসে শেরীর উদাহরণস্বরূপ দু'টি কবিতা উল্লেখ করেছেন। তন্মধ্যে প্রথম কবিতা হলো- لَهَا الْبَدْرُ كَأْسٌ وَهِىَ شَمْسٌ يُدِيْرُهَا * هِلَالٌ وَكَمْ يَبْدُوْ اِذَا مُزِجَتْ نَجْمٌ

এটা বিখ্যাত কবি শরফুদ্দীন ওমর ইবনে ফারেদের কবিতা। কবি এখানে শরাব (মদ)-এর প্রশংসা বর্ণনা করে বলেছেন, শরাব এমন যে, পূর্ণিমার চাঁদ তার পেয়ালা আর শরাব হলো সূর্য। নব উদিত চাঁদ তাকে প্রদক্ষিণ করছে আর তা যখন পানির সাথে মিশ্রিত হয় তখন তাতে কতইনা তারকা প্রকাশ পায়।

কবি উক্ত কবিতায় শরাবকে সূর্যের সাথে, শরাব ভর্তি পেয়ালাকে পূর্ণিমার চাঁদের সাথে, শরাবশূন্য পেয়ালাকে নব উদিত চাঁদের সাথে এবং পানি মিশ্রিত শরাবের বুদবুদকে তারকার সাথে তুলনা করেছেন।

قَوْلُهٗ لَا تَعْجَبُوْا مِنْ بِلٰى غَلَالَتِهٖ الخ -এর আলোচনা : গ্রন্থকার কিয়াসে শেরীর দ্বিতীয় উদাহরণস্বরূপ যে কবিতাটি উল্লেখ করেছেন তা হলো- لَا تَعْجَبُوْا مِنْ بِلٰى غَلَالَتِهٖ * قَدْ زُرَّ اَزْرَارُهٗ عَلَى الْقَمَرِ

অত্র কবিতায় কবি তার প্রেমিককে চন্দ্রের সাথে তুলনা করেছেন। তার দাবি হলো প্রেমিকার গেঞ্জি ছিন্ন হয়ে যাওয়া যুক্তিযুক্ত। এটার প্রমাণ সে এমন চন্দ্র যে গেঞ্জি পরিহিত, আর এরূপ প্রত্যেক চন্দ্রের গেঞ্জি ছিন্ন হয়ে যায়। অতএব, প্রেমিকার গেঞ্জিও ছিন্ন হয়ে যাবে।

بِلٰى শব্দের বিশ্লেষণ : بِلٰى শব্দটি মাসদার, বাবে سَمِعَ অর্থ- পুরাতন হওয়া। بَلٰى শব্দটির ব্যবহার পবিত্র কুরআনে এসেছে। যেমন- ١- بَلٰى مَنْ كَسَبَ سَيِّئَةً وَّاَحَاطَتْ بِهٖ خَطِيْئَتُهٗ . ٢- بَلٰى مَنْ اَوْفٰى بِعَهْدِهٖ وَاتَّقٰى فَاِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُتَّقِيْنَ .

غَلَالَةٌ শব্দের বিশ্লেষণ : غَلَالَةٌ শব্দটি একবচন, এর বহুবচন হলো غَلَائِلُ অর্থ- গেঞ্জি। আর গেঞ্জি প্রত্যেক ঐ কাপড়কে বলা হয় যা অন্য কাপড়ের নিচে পরিধান করা হয় এবং গায়ের সাথে সম্পৃক্ত থাকে। اَزْرَارٌ শব্দটি جَمْع বা বহুবচন, এর একবচন হলো زِرٌّ অর্থ- বোতাম।

জ্ঞাতব্য বিশ্লেষণ : সকল কবিতা কাল্পনিক এবং অবাস্তব নয়। কবিদের মধ্যে অনেক কবি আছেন যারা আল্লাহ তা'আলা, রাসূল ﷺ, ইসলাম ও মুসলমানদের প্রশংসা ও গুণকীর্তন করে অনেক কবিতা রচনা করেছেন। হযরত হাসসান বিন সাবেত (রা.) মহানবী ﷺ -এর ব্যক্তিগত কবি ছিলেন। তা ছাড়া কা'ব ইবনে যুহাইর, খানসা, লবীদ প্রমুখ সুবিখ্যাত কবি ছিলেন। উমাইয়া যুগে ওমর ইবনে আবী রাবিয়া, আখতাল, ফরযদক, জারীর, তেরমাহ ইবনে হাকিম প্রমুখ এবং আব্বাসীয় যুগে বাশশার ইবনে বুরদ, আবুল আতাহিয়া, আবূ নাওয়াস, আবূ তাম্মাম, বুহতারী, মুতানাব্বী প্রমুখ আল্লাহ, তদীয় রাসূল ﷺ এবং ইসলামের প্রশংসায় অনেক কিবতা লিখেছেন। সুতরাং একথা স্বীকার করতে হবে যে, সকল কবি ও কবিতা কাল্পনিক ও অবাস্তব নয়। তাই বলা হয়ে ছে-

اَلشِّعْرُ كَلَامٌ حَسَنُهٗ حَسَنٌ وَقَبِيْحُهٗ قَبِيْحٌ

www.eelm.weebly.com

فَشَبَّهَ الْمَحْبُوْبَ بِالْقَمَرِ وَقَالَ لَا تَعْجَبُوْا مِنْ اِنْشِقَاقِ غَلَالَتِهِ لِاَنَّهُ قَمَرٌ زُرَّ عَلَيْهِ الْغَلَالَةُ وَكُلُّ قَمَرٍ كَذٰلِكَ فَغَلَالَتُهُ تَنْشَقُّ يَنْتِجُ غَلَالَةُ الْمَحْبُوْبِ تَنْشَقُّ وَقَدْ يَنْتِجُ اِجْتِمَاعَ النَّقِيْضَيْنِ نَحْوُ اَنَا مُضْمِرُ الْحَوَائِجِ بِاللِّسَانِ وَمُظْهِرُهَا بِالْمَدَامِعِ وَكُلُّ مُضْمِرِ الْحَوَائِجِ صَامِتٌ وَكُلُّ مُظْهِرِهَا مُتَكَلِّمٌ يَنْتِجُ اَنَا صَامِتٌ وَمُتَكَلِّمٌ وَلَا يُشْتَرَطُ الْوَزْنُ فِى الشِّعْرِ عِنْدَ اَرْبَابِ الْمِيْزَانِ نَعَمْ يُفِيْدُهُ حُسْنًا وَالْكَلَامُ الشِّعْرِيُّ اِذَا اُنْشِدَ بِصَوْتٍ طَيِّبٍ اِزْدَادَ تَاثِيْرُهُ فِى النُّفُوْسِ حَتّٰى رُبَّمَا يُزِيْلُ فَرْطُ الْبَهْجَةِ الْعَمَائِمَ عَنِ الرُّؤُوْسِ وَالْاَوَائِلُ مِنَ الْحُكَمَاءِ الْيُوْنَانِيِّيْنَ كَانُوْا اَحْرَصَ النَّاسِ عَلَى الشِّعْرِ -

সরল অনুবাদ : প্রেমিকাকে চন্দ্রের সাথে তুলনা করতঃ বলছেন, তোমরা তার গেঞ্জি ছিন্ন হয়ে যাওয়াতে বিস্ময়বোধ করো না। কেননা, সে এমন চন্দ্র যার উপর গেঞ্জি পরানো হয়েছে। আর এ ধরনের প্রত্যেক চন্দ্রের অবস্থা এমন যে, তার গেঞ্জি ছিন্ন হয়ে যায়। অতএব, নতীজা প্রকাশ পাবে, প্রেমিকার গেঞ্জিও ছিন্ন হয়ে যাবে। কখনও কখনও দু'টি পরস্পর বিরোধী বিষয়ও নাতীজা হিসেবে প্রকাশ পায়। যেমন– আমি ভাষার দ্বারা আমার অভাব লুকিয়ে রাখি, আর অশ্রু দ্বারা প্রকাশ করি। আর প্রত্যেক ঐ ব্যক্তি যে অভাব লুকিয়ে রাখে সে নীরব, আর ঐ ব্যক্তি যে অভাব প্রকাশ করে সে কথা বলে। অতএব নাতীজা হবে, আমি নীরব ও কথা বলি। মানতিকীদের নিকট কবিতায় ছন্দ শর্ত নয়। হ্যাঁ, এটি সৌন্দর্যকে বৃদ্ধি করে। কবিতা যখন মধুর কণ্ঠে আবৃত্তি করা হয় তখন অন্তরে এটি আরো বেশি প্রতিক্রিয়া সৃষ্টি করে। এমনকি কখনও কখনও আনন্দের আতিশয্যে মাথার পাগড়ি পর্যন্ত খসে পড়ে। পূর্ববর্তী দার্শনিকগণ কাব্য চর্চার প্রতি খুবই আসক্ত ছিলেন।

শাব্দিক অনুবাদ : فَشَبَّهَ অতএব তুলনা করত: الْمَحْبُوْبَ প্রেমিকাকে بِالْقَمَرِ চন্দ্রের সাথে وَقَالَ বলেছেন لَا تَعْجَبُوْا তোমরা বিস্ময়বোধ করো না مِنْ اِنْشِقَاقِ ছিন্ন হয়ে যাওয়াতে غَلَالَتِهِ তার গেঞ্জি لِاَنَّهُ قَمَرٌ কেননা, সে এমন চন্দ্র زُرَّ عَلَيْهِ যার উপর পরানো হয়েছে الْغَلَالَةُ গেঞ্জি وَكُلُّ قَمَرٍ كَذٰلِكَ আর এ ধরনের প্রত্যেক চন্দ্রের অবস্থা এমন যে, فَغَلَالَتُهُ তার গেঞ্জি تَنْشَقُّ ছিন্ন হয়ে যায় يَنْتِجُ অতএব নতীজা প্রকাশ পাবে غَلَالَةُ الْمَحْبُوْبِ প্রেমিকার গেঞ্জিও تَنْشَقُّ ছিন্ন হয়ে যাবে وَقَدْ يَنْتِجُ কখনো কখনো নাতীজা হিসেবে প্রকাশ পায় اِجْتِمَاعَ النَّقِيْضَيْنِ দু'টি পরস্পর বিরোধী বিষয়ও نَحْوُ যেমন– اَنَا مُضْمِرُ আমি লুকিয়ে রাখি الْحَوَائِجِ আমার অভাব بِاللِّسَانِ ভাষার দ্বারা وَمُظْهِرُهَا আর তা প্রকাশ করি بِالْمَدَامِعِ অশ্রু দ্বারা وَكُلُّ مُضْمِرِ الْحَوَائِجِ আর প্রত্যেক ঐ ব্যক্তি যে অভাব লুকিয়ে রাখে صَامِتٌ সে নীরব وَكُلُّ مُظْهِرِهَا আর ঐ ব্যক্তি যে অভাব প্রকাশ করে مُتَكَلِّمٌ সে কথা বলে يَنْتِجُ অতএব নাতীজা হবে اَنَا صَامِتٌ وَمُتَكَلِّمٌ আমি নীরব ও কথা বলি وَلَا يُشْتَرَطُ الْوَزْنُ ছন্দ শর্ত নয় فِى الشِّعْرِ কবিতায় عِنْدَ اَرْبَابِ الْمِيْزَانِ মানতিকীদের নিকট نَعَمْ হ্যাঁ يُفِيْدُهُ حُسْنًا এটি সৌন্দর্যকে বৃদ্ধি করে وَالْكَلَامُ الشِّعْرِيُّ কবিতা اِذَا اُنْشِدَ যখন আবৃত্তি করা হয় بِصَوْتٍ طَيِّبٍ মধুর কণ্ঠে اِزْدَادَ تَاثِيْرُهُ তখন এটি আরো বেশি প্রতিক্রিয়া সৃষ্টি করে فِى النُّفُوْسِ অন্তরে حَتّٰى رُبَّمَا এমনকি কখনো কখনো يُزِيْلُ খসে পড়ে فَرْطُ الْبَهْجَةِ আনন্দের আতিশয্যে الْعَمَائِمَ পাগড়ি পর্যন্ত عَنِ الرُّؤُوْسِ মাথার وَالْاَوَائِلُ الْحُكَمَاءِ الْيُوْنَانِيِّيْنَ পূর্ববর্তী দার্শনিকগণ كَانُوْا اَحْرَصَ النَّاسِ খুবই আসক্ত ছিলেন عَلَى الشِّعْرِ কাব্য চর্চার প্রতি।

www.eelm.weebly.com

فَصْلٌ : اَلْقِيَاسُ السَّفْسَطِيُّ وَهُوَ قِيَاسٌ مُرَكَّبٌ مِنَ الْوَهْمِيَّاتِ الْكَاذِبَةِ الْمُخْتَرَعَةِ لِلْوَهْمِ كَقِيَاسِ غَيْرِ الْمَحْسُوْسِ عَلَى الْمَحْسُوْسِ نَحْوُ كُلُّ مَوْجُوْدٍ مُشَارٌ اِلَيْهِ وَلِلْوَهْمِيَّاتِ مُشَابَهَةٌ شَدِيْدَةٌ بِالْاَوَّلِيَّاتِ وَ لَوْلَا رَدُّ الْعَقْلِ وَالشَّرْعِ حَكَمَ الْوَهْمُ لِدَوَامِ الْاِلْتِبَاسِ بَيْنَهُمَا اَوْ مِنَ الْكَاذِبَةِ الْمُشَبَّهَاتِ بِالصَّادِقَةِ وَهِيَ قَضَايَا يَعْتَقِدُهَا الْعَقْلُ بِاَنَّهَا اَوَّلِيَّةٌ اَوْ مَشْهُوْرَةٌ اَوْ مَقْبُوْلَةٌ اَوْ مُسَلَّمَةٌ لِمَكَانِ الْاِشْتِبَاهِ بِهَا لَفْظًا اَوْ مَعْنًى فَتُوْقِعُ فِي الْغَلَطِ وَهٰذِهِ الصِّنَاعَةُ كَاذِبَةٌ مُمَوَّهَةٌ غَيْرُ نَافِعَةٍ بِالذَّاتِ نَعَمْ هِيَ نَافِعَةٌ بِالْعَرْضِ لِاَنَّ صَاحِبَهَا لَا يَغْلُطُ وَلَا يُغَالَطُ وَيَقْدِرُ عَلَى اَنْ يُغَالِطَ غَيْرَهُ اَوْ اَنْ يَمْتَحِنَ بِهَا اَوْ يُعَانِدَهُ وَ صَاحِبُ هٰذِهِ الصِّنَاعَةِ اِنْ قَابَلَ الْحَكِيْمَ يُسَمَّى سُوْفَسْطَائِيًّا وَهٰذِهِ الصِّنَاعَةُ سَفْسَطَةٌ اَيْ حِكْمَةٌ مُمَوَّهَةٌ مُلَمَّعَةٌ وَاِلَّا فَيُسَمَّى مُشَاغِبِيًّا وَهٰذِهِ مُشَاغَبَةٌ وَعَلَى التَّقْدِيْرَيْنِ فَصَاحِبُهُ غَالِطٌ فِيْ نَفْسِهِ مُغَالِطٌ لِغَيْرِهِ وَصِنَاعَتُهُ مُغَالَطَةٌ وَهِيَ قِيَاسٌ فَاسِدٌ اِمَّا مِنْ جِهَةِ الْمَادَّةِ فَقَطْ اَوْ مِنْ جِهَةِ الصُّوْرَةِ فَقَطْ اَوْ كِلَيْهِمَا

সরল অনুবাদ : পরিচ্ছেদ : قِيَاس سَفْسَطِي এমন একটি কিয়াস যা ধারণামূলক কল্পিত মিথ্যা কতগুলো ধারণার সমন্বয়ে গঠিত। যেমন- অনুভূত নয় এমন বিষয়কে অনুভূত বিষয়ের উপর কিয়াস করা। যথা- كُلُّ مَوْجُوْدٍ مُشَارٌ اِلَيْهِ (প্রত্যেক অস্তিত্বশীল বস্তু ইশারাযোগ্য) আওলিয়াতের সাথে কতগুলো ধারণার খুব মবজুত সামঞ্জস্য রয়েছে। আর যদি বিবেক ও শরিয়ত অগ্রাহ্য না করতো, তবে কল্পনা উভয়ের মধ্যে সার্বক্ষণিক অস্পষ্টতার হুকুম করত। অথবা এমন মিথ্যা কাযিয়া দ্বারা গঠিত যেগুলো সত্য কাযিয়ার সাদৃশ্য। তারা এমন এক প্রকার কাযিয়া যেগুলোর প্রতি বিবেক আওলিয়া অথবা সম্পন্ন কাযিয়া, অথবা গ্রহণীয় কাযিয়া, অথবা মুসাল্লামা হওয়ার ধারণা রাখে। যেহেতু তাদের সাথে শাব্দিক অথবা অর্থগত দিক দিয়ে অনিশ্চয়তা রয়েছে। অতএব এ সকল কাযিয়া ভুলের মধ্যে চালিয়ে দেয়। আর এ কিয়াসে সাফসাতী মিথ্যা হয় ; যার বাহ্যিক সুন্দর কিন্তু জাতিগতভাবে উপকারী নয়। হ্যাঁ, সাময়িকভাবে উপকারী। কেননা, কিয়াসে সাফসাতী ওয়ালা নিজে ভুল করে না এবং অন্য কর্তৃক ভুলে নিপতিত হয় না। আর অন্যকে ভুলের মধ্যে নিপতিত করতে তা দ্বারা পরীক্ষা করতে, অথবা বিরোধিতা করতে সক্ষম হয়। আর উক্ত বিষয়ের ধারক যদি বিচারকের সাথে মোকাবিলা করে, তবে তাকে সুফাস্তাই বলা হয়। অর্থাৎ এমন হেকমত যা কৃত্রিম করে সাজানো হয়েছে। অন্যথায় তাকে মোশাগিবীয়া বলা হয়। আর উক্ত বিষয়কে مُشَاغَبَة আর উভয় অবস্থায় কিয়াসে সাফসাতী ওয়ালা নিজেই ভুলের মধ্যে নিমজ্জিত এবং অন্যকেও ভুলের মধ্যে পতিত করে। আর তার কিয়াসটি প্রতারণা আর তা ক্ষতিকর কিয়াস ; হয়তো শুধু মাদ্দাহ হিসেবে অথবা শুধু আকৃতি হিসেবে অথবা উভয় হিসেবে।

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ اَلْقِيَاسُ السَّفْسَطِيُّ কিয়াসে সাফসাতী وَهُوَ قِيَاسٌ এমন একটি কিয়াস مُرَكَّبٌ যা গঠিত مِنَ الْوَهْمِيَّاتِ কতগুলো ধারণার সমন্বয়ে الْكَاذِبَةِ যেগুলো মিথ্যা الْمُخْتَرَعَةِ لِلْوَهْمِ (যেগুলো) ধারণামূলক কল্পিত كَقِيَاسِ غَيْرِ الْمَحْسُوْسِ যেমন- অনুভূত নয় এমন বিষয়কে কিয়াস করা عَلَى الْمَحْسُوْسِ অনুভূত বিষয়ের উপর نَحْوُ যেমন- كُلُّ مَوْجُوْدٍ প্রত্যেক অস্তিত্বশীল বস্তু مُشَارٌ اِلَيْهِ ইশারাযোগ্য وَلِلْوَهْمِيَّاتِ কতগুলো ধারণার مُشَابَهَةٌ شَدِيْدَةٌ খুব মজবুত সামঞ্জস্য রয়েছে بِالْاَوَّلِيَّاتِ আওয়ালিয়াতের সাথে وَلَوْلَا رَدُّ الْعَقْلِ وَالشَّرْعِ আর যদি বিবেক ও শরিয়ত অগ্রাহ্য না করত حَكَمَ الْوَهْمُ তবে কল্পনা হুকুম করত لِدَوَامِ الْاِلْتِبَاسِ সার্বক্ষণিক অস্পষ্টতার بَيْنَهُمَا উভয়ের মধ্যে اَوْ مِنَ الْكَاذِبَةِ অথবা এমন মিথ্যা কাযিয়া দ্বারা গঠিত

www.eelm.weebly.com

اَلْمُشَبَّهَاتِ بِالصَّادِقَةِ যেগুলো সত্য কাযিয়া সাদৃশ্য وَهِيَ قَضَايَا তারা এমন এক প্রকার কাযিয়া يَعْتَقِدُهَا الْعَقْلُ যেগুলোর প্রতি বিবেক ধারণা রাখে بِاَنَّهَا اَوَّلِيَّةٌ যে, এগুলো আওলিয়া বা প্রাধান্য পাওয়া বিষয়াবলি اَوْ مَشْهُوْرَةٌ অথবা মাশহুরা বা প্রসিদ্ধ اَوْ مَقْبُوْلَةٌ অথবা গ্রহণীয় বিষয়াবলি اَوْ مُسَلَّمَةٌ অথবা সমর্পিত বিষয়াবলি হওয়ার لِمَكَانِ الْاِشْتِبَاهِ بِهَا যেহেতু তাদের সাথে অনিশ্চয়তা রয়েছে لَفْظًا اَوْ مَعْنًى শাব্দিক অথবা অর্থগত দিক দিয়ে فَتَرْوَجُ অতএব এ সকল কাযিয়া চালিয়ে দেয়. فِي الْغَلَطِ ভুলের মধ্যে وَهٰذِهِ الصَّنَاعَةُ এ কিয়াসে সাফসাতী كَاذِبَةٌ মিথ্যা হয় مُمَوَّهَةٌ যার বাহ্যিক সুন্দর غَيْرُ نَافِعَةٍ কিন্তু উপকারী নয় بِالذَّاتِ জাতিগতভাবে نَعَمْ হ্যাঁ, উপকারী بِالْعَرَضِ সাময়িকভাবে لِاَنَّ صَاحِبَهَا কেননা, কিয়াসে সাফসাতী ওয়ালা لَا يَغْلَطُ নিজে ভুল করে না وَلَا هِيَ نَافِعَةٌ وَاَنَّ غَيْرَهُ অন্যকে يُغَالِطُ এবং অন্য কর্তৃক ভুলে নিপতিত হয় না وَيَقْدِرُ আর সক্ষম হয় عَلٰى اَنْ يُغَالِطَ ভুলের মধ্যে নিপতিত করতে اِنْ يَمْتَحِنَ بِهَا এবং তা দ্বারা পরীক্ষা করতে اَوْ يُعَانِدَ অথবা বিরোধিতা করতে وَصَاحِبُ هٰذِهِ الصَّنَاعَةِ আর উক্ত বিষয়ের ধারক قَابَلَ যদি মোকাবিলা করে الْحَكِيْمَ বিচারকের সাথে يُسَمّٰى তবে তাকে বলা হয় سُوْفَسْطَائِيًّا সুফাসতাই وَهٰذِهِ الصَّنَاعَةُ আর এ বিষয়টি سَفْسَطَةٌ সাফসাতা اَيْ حِكْمَةٌ অর্থাৎ এমন হিকমত مُمَوَّهَةٌ যা কৃত্রিম করে مُلَمَّعَةٌ সাজানো হয়েছে وَاِلَّا فَيُسَمّٰى مُشَاغِبِيًّا অন্যথায় তাকে মুশাগিবীয়া বলা হয় وَهٰذِهِ আর উক্ত বিষয়কে مُشَاغَبَةٌ মুশাগাবা وَعَلَى التَّقْدِيْرَيْنِ আর উভয় অবস্থায় فَصَاحِبُهُ কিয়াসে সাফসাতী ওয়ালা غَالِطٌ ভুলের মধ্যে নিমজ্জিত فِيْ نَفْسِهِ নিজেই مُغَالِطٌ لِغَيْرِهِ এবং অন্যকেও ভুলের মধ্যে নিপতিত করে وَصَنَاعَتُهُ আর তার কিয়াসটি مُغَالَطَةٌ প্রতারণা وَهِيَ قِيَاسٌ فَاسِدٌ আর তা ক্ষতিকর কিয়াস اِمَّا مِنْ جِهَةِ الْمَادَّةِ فَقَطْ হয়তো শুধু মাদ্দাহ হিসেবে اَوْ مِنْ جِهَةِ الصُّوْرَةِ فَقَطْ অথবা শুধু আকৃতি হিসেবে اَوْ كِلَيْهِمَا অথবা উভয় হিসেবে।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهُ السَّفْسَطِيُّ الخ -এর আলোচনা : মুসান্নিফ (র.) এ পরিচ্ছেদে قِيَاس سَفْسَطِيٌّ-এর বর্ণনা করেছেন। সুতরাং قِيَاس سَفْسَطِيٌّ ঐ কিয়াসকে বলা হয়, যা কৃত্রিম, কাল্পনিক, আওলিয়াত ও মাশহুরাত সাদৃশ্য মিথ্যা কাযিয়াসমূহ দ্বারা গঠিত। যেমন- 'প্রত্যেক অস্তিত্বশীল ইশারাযোগ্য' এ নিছক কাল্পনিক। কারণ, আল্লাহ তা'আলা বিদ্যমান, কিন্তু ইশারাযোগ্য নয়।

অধিকাংশ সময় কাল্পনিক কাযিয়া আওলিয়াত কাযিয়াসমূহের সাথে এমনভাবে মিলে যায় যে, উভয়ের মধ্যে পার্থক্য করা যায় না। যদি বিবেক বা শরিয়ত তাদের মধ্যে পার্থক্য সৃষ্টি না করত, তাহলে এ মিল কখনো পৃথক করা সম্ভব হতো না। অনেক মানুষ সন্দেহভিত্তিক কাল্পনিক কাযিয়ার ব্যাপারে ধোঁকায় পড়ে যায়। সন্দেহভিত্তিক কাল্পনিক কাযিয়া সত্য কাযিয়ার দিক দিয়ে সাদৃশ্য হওয়ার উদাহরণ- ঘোড়ার ফটো দেখে তাকে প্রকৃত ঘোড়ার হুকুম লাগিয়ে দেওয়া। সন্দেহ দু' প্রকার- ১. শব্দগত ও ২. অর্থগত সন্দেহ।

১. শব্দগত সন্দেহ। যেমন- পানির ঝর্ণা সম্পর্কে বলা হলো- هٰذِهٖ عَيْنٌ وَكُلُّ عَيْنٍ يَسْتَضِيْءُ بِهَا الْعَالَمُ فَيَسْتَضِيْءُ بِهَا اَيْضًا অর্থাৎ এ عَيْنٌ (ঝরনা), আর প্রত্যেক عَيْنٌ (সূর্য) দ্বারা জগৎ আলোকিত। সুতরাং উক্ত عَيْنٌ (ঝর্ণা) দ্বারাও জগৎ আলোকিত হবে।

২. আর অর্থগত সন্দেহ। যেমন- দেয়ালে অঙ্কিত ছবি সম্পর্কে বলা হলো এটি ঘোড়া। আর প্রত্যেক ঘোড়া চেঁচায়। অতএব, এটিও চেঁচায়।

কিয়াসে সাফসাতী মূলত মিথ্যা এবং উপকার শূন্য। এটি মানুষকে ধোঁকায় ও সন্দেহে নিক্ষেপ করে। তবে যে ব্যক্তি এ বিষয়ে দক্ষ ও পারদর্শী সে বাঁচতে পারে। তাকে কেউ ধোঁকা দিতে পারে না।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

١- مَا هُوَ الْقِيَاسُ؟ وَكَمْ قِسْمًا لَهُ؟ بَيِّنِ الْقِيَاسَ بِالتَّفْصِيْلِ.
٢- مَا هُوَ الشَّكْلُ؟ وَكَمْ قِسْمًا لَهُ؟ بَيِّنْ شَرَائِطَ اِنْتَاجِ الشَّكْلِ الْاَوَّلِ مُمَثَّلًا وَمُفَصَّلًا.
٣- بَيِّنْ شَرَائِطَ اِنْتَاجِ الشَّكْلِ الثَّالِثِ مُمَثَّلًا.
٤. عَرِّفِ الْقِيَاسَ الْاِسْتِثْنَائِيَّ مُمَثَّلًا.
٥- عَرِّفِ التَّمْثِيْلَ اَوَّلًا ثُمَّ بَيِّنْ طُرُقَ التَّمْثِيْلِ مُمَثَّلًا.
٦- كَمْ مَرْجِعًا لِقِيَاسِ الْخَلْفِ؟ بَيِّنْ مُمَثَّلًا وَمُفَصَّلًا.
٧- بَيِّنْ اَقْسَامَ الْقِيَاسِ بِاعْتِبَارِ الْمَادَّةِ.
٨- مَا مَعْنَى الْبُرْهَانِ؟ وَكَمْ قِسْمًا لَهُ؟ بَيِّنْ مُمَثَّلًا وَمُفَصَّلًا.
٩- كَمْ قِسْمًا لِلْبَدِيْهِيَّاتِ؟ بَيِّنْ مُمَثَّلًا وَمُفَصَّلًا.
١٠- عَرِّفِ الْقِيَاسَ الْجَدَلِيَّ وَالْقِيَاسَ الْخِطَابِيَّ مُفَصَّلًا وَمُمَثَّلًا.

www.eelm.weebly.com

فَصْلٌ فِى اَسْبَابِ الْغَلَطِ : اِعْلَمْ اَنَّ اَسْبَابَ الْغَلَطِ مَعَ كَثْرَتِهَا رَاجِعَةٌ اِلٰى اَمْرَيْنِ اَحَدُهُمَا سُوْءُ الْفَهْمِ فَقَطْ وَثَانِيْهِمَا اِشْتِبَاهُ الْكَوَاذِبِ بِالصَّوَادِقِ وَالْاَوَّلُ اِنَّمَا يَكُوْنُ بِسَبَبِ اِنْغِمَاسِ النَّفْسِ فِىْ ظُلُمَاتِ الْوَهْمِ حَتّٰى يَسْتَيْقِنَ الْكَوَاذِبَ صَادِقَةً بَلْ ضَرُوْرِيَّةً نَحْوَ كُلُّ مَا لَيْسَ بِمُبْصِرٍ لَيْسَ بِجِسْمٍ فَالْهَوَاءُ لَيْسَ بِجِسْمٍ وَاَمَّا الثَّانِىْ فَفِيْهِ تَفْصِيْلٌ عَلٰى مَا سَيَاتِىْ وَقَالَ بَعْضُ الْمُحَقِّقِيْنَ تَرْجِعُ اِلٰى اَمْرٍ وَاحِدٍ وَهُوَ عَدَمُ التَّمْيِيْزِ بَيْنَ الشَّيْءِ وَشِبْهِهٖ فَقَطْ -

সরল অনুবাদ : পরিচ্ছেদ : ত্রুটির কারণ প্রসঙ্গ। জেনে রাখবে, ত্রুটির কারণ অধিক হওয়া সত্ত্বেও এর মৌলিক সম্পর্ক দু'টি বিষয়ের সাথে। তন্মধ্যে একটি হচ্ছে– শুধু নির্বুদ্ধিতা। আর দ্বিতীয়টি হচ্ছে– সত্য উক্তির সাথে মিথ্যা উক্তির সাদৃশ্য। প্রথমটি সৃষ্টি হয় অন্তর وَهْم -এর আঁধারে আছন্ন হওয়ার ফলে। অতএব, সে মিথ্যা বিষয়সমূহকেও সত্য মনে করে ; বরং আবশ্যকীয় মনে করে। যেমন– كُلُّ مَا لَيْسَ بِمُبْصِرٍ لَيْسَ بِجِسْمٍ فَالْهَوَاءُ لَيْسَ بِجِسْمٍ (প্রত্যেক ঐ বস্তু যা অগোচরীভূত, তা দেহবিশিষ্ট নয়। অতএব, বাতাসও দেহবিশিষ্ট নয়)। আর দ্বিতীয়টির বিস্তারিত আলোচনা সম্মুখে আসছে। আর কিছু সংখ্যক বিশ্লেষক বলেন, এর মূল সম্পর্ক একটি বিষয়ের সাথে ; তা হচ্ছে– কোনো বস্তু ও তার সদৃশের মধ্যে পার্থক্য করতে না পারা।

فَصْلٌ : عَدَمُ التَّمْيِيْزِ بَيْنَ الشَّيْءِ وَشِبْهِهٖ يَنْقَسِمُ اِلٰى مَا يَتَعَلَّقُ بِالْاَلْفَاظِ وَاِلٰى مَا يَتَعَلَّقُ بِالْمَعَانِىْ اَلْقِسْمُ الْاَوَّلُ اَعْنِىْ مَا يَتَعَلَّقُ بِالْاَلْفَاظِ قِسْمَانِ اَلْاَوَّلُ مَا يَتَعَلَّقُ بِالْاَلْفَاظِ لَا مِنْ جِهَةِ التَّرْكِيْبِ وَالثَّانِىْ مَا يَتَعَلَّقُ بِهَا مِنْ حَيْثُ التَّرْكِيْبِ ثُمَّ الْمُتَعَلِّقُ بِالْاَلْفَاظِ مِنْ جِهَةِ الْاَوَّلِ قِسْمَانِ اَلْاَوَّلُ مَا يَتَعَلَّقُ بِالْاَلْفَاظِ اَنْفُسِهَا وَ ذٰلِكَ بِاَنْ تَكُوْنَ الْاَلْفَاظُ مُخْتَلِفَةً فِى الدَّلَالَةِ فَيَقَعُ فِيْهِ الْاِشْتِبَاهُ فِيْمَا هُوَ الْمُرَادُ كَالْغَلَطِ الْوَاقِعِ بِسَبَبِ كَوْنِ اللَّفْظِ مُشْتَرَكًا لَفْظِيًّا بَيْنَ مَعْنِيَيْنِ اَوْ اَكْثَرَ وَكَوْنِ اَحَدِ مَعَانِيْهِ حَقِيْقِيًّا وَالْاٰخَرِ مَجَازِيًّا وَيَنْدَرِجُ فِيْهِ الْاِسْتِعَارَةُ وَاَمْثَالُهَا وَكُلُّ ذٰلِكَ يُسَمّٰى بِالْاِشْتِرَاكِ اللَّفْظِىِّ كَمَا تَقُوْلُ لِعَيْنِ الْمَاءِ هٰذِهٖ عَيْنٌ وَكُلُّ عَيْنٍ يَسْتَضِئُ بِهَا الْعَالَمُ فَهٰذِهِ الْعَيْنُ يَسْتَضِئُ بِهَا الْعَالَمُ اَوْ تَقُوْلُ زَيْدٌ اَسَدٌ وَكُلُّ اَسَدٍ لَهٗ مَخَالِبُ فَزَيْدٌ لَهٗ مَخَالِبُ -

পরিচ্ছেদ : কোনো বস্তু ও তার সাদৃশ্যের মধ্যে পার্থক্য না হওয়াটা শব্দের সাথে আর অর্থের সাথে সংশ্লিষ্ট এ দু'ভাগে বিভক্ত। প্রথম প্রকার অর্থাৎ যার সংশ্লিষ্টতা শব্দের সাথে, তা দু' প্রকার। প্রথমটি হলো যা শব্দের সাথে সংশ্লিষ্ট গঠনের সাথে নয়। আর দ্বিতীয়টি যা সংশ্লিষ্ট শব্দের সাথে গঠন হিসেবে। অতঃপর প্রথম বিষয় শব্দের সাথে সংশ্লিষ্টতা দু'ভাগে বিভক্ত। প্রথমটি যা সংশ্লিষ্ট স্বয়ং শব্দের সাথে। আর তা এভাবে শব্দসমূহের নির্দেশনা বিভিন্নভাবে হবে। তাতে উদ্দেশ্য কোন্‌টি এ ব্যাপারে সন্দেহের সৃষ্টি হবে। যেমন– কোনো দু' বা ততোধিক অর্থে মুশতারিক হওয়ার কারণে ভুলের সৃষ্টি হয়ে থাকে এবং শব্দের একাধিক অর্থের মধ্যে একটি প্রকৃত ও অপরটি রূপক হওয়ার কারণে ভুলের সৃষ্টি হয়ে থাকে। اِسْتِعَارَة তার সাদৃশ্য বিষয়গুলো এর অন্তর্ভুক্ত হবে। আর এ সবগুলোকে اِشْتِرَاك لَفْظِىْ বলা হয়। যেমন– তুমি পানির ঝরনার সম্পর্কে বল, এটি একটি عَيْن বা ঝরনা। আর প্রত্যেক عَيْن (সূর্য) দ্বারা বিশ্ব নিখিল আলোকিত হবে। অতএব, এ ঝরনা (عَيْن) দ্বারাও জগৎ আলোকিত হবে। অথবা তুমি বল, যায়েদ সিংহ, আর প্রত্যেক সিংহের থাবা আছে। অতএব, যায়েদেরও থাবা আছে।

www.eelm.weebly.com

শাব্দিক অনুবাদ : فَصْلٌ পরিচ্ছেদ فِيْ اَسْبَابِ الْغَلَطِ ত্রুটির কারণ প্রসঙ্গ اِعْلَمْ জেনে রাখবে اَنَّ اَسْبَابَ الْغَلَطِ যে, ত্রুটির কারণ مَعَ كَثْرَتِهَا অধিক হওয়া সত্ত্বেও رَاجِعَةٌ এর মৌলিক সম্পর্ক اِلٰى اَمْرَيْنِ দু'টি বিষয়ের সাথে اَحَدُهُمَا তন্মধ্যে একটি হচ্ছে سُوْءُ الْفَهْمِ فَقَطْ শুধু নির্বুদ্ধিতা وَثَانِيْهِمَا আর দ্বিতীয়টি হচ্ছে اِشْتِبَاهُ الْكَوَاذِبِ মিথ্যা উক্তির সাদৃশ্য بِالصَّوَادِقِ সত্য উক্তির সাথে وَالْاَوَّلُ প্রথমটি اِنَّمَا يَكُوْنُ সৃষ্টি হয় بِسَبَبِ اِنْغِمَاسِ النَّفْسِ অন্তর আচ্ছন্ন হওয়ার ফলে فِيْ ظُلُمَاتِ الْوَهْمِ - وَهْم-এর আঁধারে حَتّٰى يَسْتَيْقِنَ অতএব, সে মনে করে اَلْكَوَاذِبَ মিথ্যা বিষয়সমূহকেও صَادِقَةً সত্য بَلْ ضَرُوْرِيَّةً বরং মনে করে نَحْوُ যেমন- كُلُّ مَا لَيْسَ بِمُبْصَرٍ প্রত্যেক ঐ বস্তু যা অগোচরীভূত لَيْسَ بِجِسْمٍ তা দেহবিশিষ্ট নয় فَالْهَوَاءُ لَيْسَ بِجِسْمٍ অতএব বাতাসও দেহবিশিষ্ট নয় وَاَمَّا الثَّانِيْ আর দ্বিতীয়টির فَفِيْهِ تَفْصِيْلٌ বিস্তারিত আলোচনা রয়েছে عَلٰى مَا سَيَاْتِيْ যা সম্মুখে আসছে قَالَ بَعْضُ الْمُحَقِّقِيْنَ আর কিছু সংখ্যক বিশ্লেষক বলেন تَرْجِعُ اِلٰى اَمْرٍ وَاحِدٍ এর মূল সম্পর্ক একটি বিষয়ের সাথে وَهُوَ عَدَمُ التَّمْيِيْزِ তা হচ্ছে পার্থক্য করতে না পারা بَيْنَ الشَّيْءِ কোনো বস্তুর মধ্যে وَشِبْهِهٖ فَقَطْ ও তার সাদৃশ্যের فَصْلٌ পরিচ্ছেদ عَدَمُ التَّمْيِيْزِ পার্থক্য না হওয়াটা بَيْنَ الشَّيْءِ وَشِبْهِهٖ কোনো বস্তু ও তার সাদৃশ্যের মধ্যে يَنْقَسِمُ বিভক্ত اِلٰى مَا يَتَعَلَّقُ (একটি) যা সংশ্লিষ্ট بِالْاَلْفَاظِ শব্দের সাথে وَاِلٰى مَا يَتَعَلَّقُ আর (দ্বিতীয়টি) যা সংশ্লিষ্ট بِالْمَعَانِيْ অর্থের সাথে اَلْقِسْمُ الْاَوَّلُ প্রথম প্রকার اَعْنِيْ مَا يَتَعَلَّقُ بِالْاَلْفَاظِ অর্থাৎ যার সংশ্লিষ্টতা শব্দের সাথে قِسْمَانِ দু' প্রকার اَلْاَوَّلُ প্রথমটি হলো مَا يَتَعَلَّقُ بِالْاَلْفَاظِ যা শব্দের সাথে সংশ্লিষ্ট لَا مِنْ جِهَةِ التَّرْكِيْبِ গঠনের সাথে নয় وَالثَّانِيْ আর দ্বিতীয়টি مَا يَتَعَلَّقُ بِهَا যা সংশ্লিষ্ট শব্দের সাথে مِنْ حَيْثُ التَّرْكِيْبِ গঠন হিসেবে ثُمَّ الْمُتَعَلِّقُ بِالْاَلْفَاظِ অতঃপর শব্দের সাথে সংশ্লিষ্টতা مِنْ جِهَةِ ... اَلْاَوَّلُ প্রথম বিষয় قِسْمَانِ দু'ভাগে বিভক্ত اَلْاَوَّلُ প্রথমটি مَا يَتَعَلَّقُ بِالْفَاظٍ اَنْفُسِهَا যা সংশ্লিষ্ট স্বয়ং শব্দের সাথে وَذٰلِكَ আর তা এভাবে بِاَنْ يَكُوْنَ اَلْاَلْفَاظُ শব্দসমূহের হবে مُخْتَلِفَةً বিভিন্নভাবে فِى الدَّلَالَةِ নির্দেশনা فَيَقَعُ فِيْهِ তাতে সৃষ্টি হবে الْاِشْتِبَاهُ সন্দেহের فِيْمَا هُوَ الْمُرَادُ উদ্দেশ্য কোনটি এ ব্যাপারে كَالْغَلَطِ যেমন- ভুল اَلْوَاقِعِ যা সৃষ্টি হয়ে যাকে بِسَبَبِ كَوْنِ اللَّفْظِ শব্দটি হওয়ার কারণে مُشْتَرَكًا لَفْظِيًّا শাব্দিক দিক থেকে মুশতারিক بَيْنَ مَعْنَيَيْنِ কোনো দু'টি অর্থে اَوْ اَكْثَرَ বা ততোধিক وَكَوْنِ اَحَدِ مَعَانِيْهِ এবং শব্দের একাধিক অর্থের মধ্যে একটি حَقِيْقِيًّا প্রকৃত وَالْاٰخَرِ مَجَازِيًّا ও অপরটি রূপক (হওয়ার কারণে ভুলের সৃষ্টি হয়ে থাকে) وَيَنْدَرِجُ فِيْهِ এর অন্তর্ভুক্ত হবে اَلْاِسْتِعَارَةُ ইসতিয়ারা وَاَمْثَالُهَا ও তার সাদৃশ্য বিষয়গুলো وَكُلُّ ذٰلِكَ আর এসবগুলোকে يُسَمّٰى بِالْاِشْتِرَاكِ اللَّفْظِيِّ ইশতিরাকে লাফযী বলা হয় كَمَا تَقُوْلُ যেমন- তুমি বল لِعَيْنِ الْمَاءِ পানির ঝরনার সম্পর্কে هٰذَا عَيْنٌ এটি একটি عَيْنٌ বা ঝরনা وَكُلُّ عَيْنٍ আর প্রত্যেক عَيْن (সূর্য) يَسْتَضِيْءُ بِهَا তা দ্বারা আলোকিত হবে اَلْعَالَمُ বিশ্ব নিখিল فَهٰذِهِ الْعَيْنُ অতএব এ ঝরনা (عَيْن) يَسْتَضِيْءُ بِهَا الْعَالَمُ তা দ্বারাও বিশ্ব নিখিল আলোকিত হবে اَوْ تَقُوْلُ অথবা তুমি বল زَيْدٌ اَسَدٌ যায়েদ সিংহ وَكُلُّ اَسَدٍ আর প্রত্যেক সিংহ لَهٗ مَخَالِبُ তার থাবা আছে فَزَيْدٌ لَهٗ مَخَالِبُ অতএব যায়েদেরও থাবা আছে।

সংশ্লিষ্ট আলোচনা

قَوْلُهٗ فِيْ اَسْبَابِ الْغَلَطِ الخ -এর আলোচনা : মুসান্নিফ (র.) উক্ত পরিচ্ছেদে ত্রুটি কি কি কারণে হতে পারে এবং এর উৎস কি ? এ সম্পর্কে আলোচনা করেছেন। ত্রুটির বহু কারণ হতে পারে, তবে মূল কারণ দু'টি। তন্মধ্যে একটি হচ্ছে- নির্বুদ্ধিতা ও অপরটি হচ্ছে- সত্যের সাথে মিথ্যার সাদৃশ্য। প্রথমটি অর্থাৎ নির্বুদ্ধিতা বা ভুল বুঝা বুঝি সৃষ্টি হয় ঐ সময় যখন অন্তর সন্দেহের মধ্যে আপতিত হয়। শেষ পর্যন্ত সে মিথ্যা ও অবাস্তব বিষয়কেও সত্য ও বাস্তব মনে করে বসে। যেমন- কারো অন্তরে এ ভুল ধারণার সৃষ্টি হলো যে, যে সকল বস্তু দেখা যায় না সেগুলো দেহবিহীন। অতএব, বাতাসও দেহবিহীন। এটি কেবল ধারণীয় ও কাল্পনিক বিষয়। কিন্তু যে এর শিকার হয়ে পড়ে, তখন তার কাছে এটি ধ্রুব সত্য বলে মনে হয়।

قَوْلُهٗ عَدَمُ التَّمْيِيْزِ بَيْنَ الخ -এর আলোচনা : সম্মানিত গ্রন্থকার আলোচ্য অংশে কিয়াসের মধ্যে ত্রুটি হওয়ার কারণসমূহের মূল কারণ বর্ণনা করেছেন। গ্রন্থ প্রণেতা বলেন, কোনো বস্তুকে তার সামঞ্জস্যতা হতে পার্থক্য না করাটা দু'ভাগে বিভক্ত। তা হয়তো শব্দের সাথে সংশ্লিষ্ট হবে নতুবা অর্থের সাথে সংশ্লিষ্ট হবে। যা শব্দের সাথে সংশ্লিষ্ট হবে তা আবার দু'প্রকার- ১. যা শব্দের সাথে সংশ্লিষ্ট হয়েছে, শব্দের বিন্যাসের দিক দিয়ে নয়; বরং অন্য দিক দিয়ে। ২. যা শব্দের সাথে সংশ্লিষ্ট হয়েছে শব্দের বিন্যাসের দিক দিয়ে।

যা শব্দের সাথে সংশ্লিষ্ট তা পুনরায় দু'ভাগে বিভক্ত : ১. যা শব্দের সাথে সম্পর্কিত তা এভাবে যে, শব্দমালার নির্দেশনা বিভিন্ন ধরনের হবে। ফলে তাতে উদ্দেশ্য কোনটি এ ব্যাপারে সন্দেহের সৃষ্টি হবে। যেমন- কোনো শব্দ দুই বা ততোধিক অর্থে مُشْتَرَكٌ হওয়ার দরুন ভুলের সৃষ্টি হয়ে থাকে। দ্বিতীয় প্রকারের আলোচনা সামনে আসছে।

قَوْلُهٗ مُشْتَرَكًا لَفْظِيًّا الخ -এর আলোচনা : مُشْتَرَكٌ ঐ শব্দকে বলা হয়, যাকে একাধিক অর্থের জন্য বিভিন্নভাবে গঠন করা হয়েছে। যেমন- اَلْعَيْنُ শব্দটি চক্ষু, ঝরনা ইত্যাদি অর্থের জন্য বিভিন্নভাবে গঠিত। এ اِشْتِرَاكٌ-এর দরুন কোনো কোনো ক্ষেত্রে সন্দেহের সৃষ্টি হয়। যেমনিভাবে শব্দের একাধিক অর্থের মধ্যে একটি حَقِيْقِيْ ও অপরটি مَجَازِيْ হওয়ার কারণে ভুলের সৃষ্টি হয়ে থাকে।

قَوْلُهٗ مَجَازِيًّا الخ -এর আলোচনা : مَجَازٌ ঐ অর্থকে বলা হয়, যার জন্য শব্দ গঠিত হয়নি, তবে যে অর্থের জন্য শব্দ গঠিত হয়েছে তার সাথে বিশেষ সম্পর্ক থাকায় শব্দটি উক্ত অর্থে ব্যবহার হয়। যেমন- اَلْاَسَدُ শব্দটি। এটাকে প্রকৃতপক্ষে গঠন করা হয়েছে (বিশেষ হিংস্র জন্তু) সিংহের জন্য। তবে যদি কারো মধ্যে সিংহের ন্যায় বীরত্ব থাকে তাহলে ঐ ব্যক্তির ক্ষেত্রে اَسَدٌ শব্দটি مَجَازٌ অর্থে ব্যবহার করা হয়।

www.eelm.weebly.com

وَالْغَلَطُ فِى الْاَوَّلِ كَوْنُ لَفْظِ الْعَيْنِ مُشْتَرَكًا لَفْظِيًّا بَيْنَ عَيْنِ الْمَاءِ وَالشَّمْسِ وَفِى الثَّانِىْ كَوْنُ اِطْلَاقِ لَفْظِ الْاَسَدِ عَلٰى زَيْدٍ مَجَازِيًّا وَعَلَى الْحَيَوَانِ الْمُفْتَرِسِ حَقِيْقِيًّا وَالثَّانِىْ مَا يَتَعَلَّقُ بِالْاَلْفَاظِ بِسَبَبِ التَّصْرِيْفِ كَاشْتِبَاهِ الْوَاقِعِ فِىْ لَفْظِ الْمُخْتَارِ فَاِنَّهُ اِذَا كَانَ بِمَعْنَى الْفَاعِلِ كَانَ اَصْلُهُ مُخْتَيِرًا بِكَسْرِ الْيَاءِ وَاِذَا كَانَ بِمَعْنَى الْمَفْعُوْلِ كَانَ اَصْلُهُ مُخْتَيَرًا بِفَتْحِهَا اَوْ بِسَبَبِ الْاِعْجَامِ وَالْاِعْرَابِ كَمَا يَقُوْلُ الْقَائِلُ غُلَامْ حَسَنْ مِنْ غَيْرِ اِعْرَابٍ فَيَظُنُّ تَارَةً تَرْكِيْبًا تَوْصِيْفِيًّا وَالْاُخْرٰى تَرْكِيْبًا اِضَافِيًّا وَالْمُتَعَلِّقُ بِالْاَلْفَاظِ مِنْ جِهَةِ التَّرْكِيْبِ فَاِمَّا بِالنَّظَرِ اِلَى اخْتِلَافِ الْمَرْجِعِ نَحْوُ مَا يَعْلَمُهُ الْحَكِيْمُ فَهُوَ يَعْمَلُ بِمَا يَعْلَمُهُ فَاِنْ عَادَ الضَّمِيْرُ اِلَى الْحَكِيْمِ صَدَقَ وَاِلَّا كَذَبَ وَاِمَّا بِاِفْرَادِ الْمُرَكَّبِ نَحْوُ اَلنَّارِنْجُ حُلْوٌ حَامِضٌ صَادِقٌ وَاِنْ اَفْرَدَ وَقِيْلَ هٰذَا حُلْوٌ وَحَامِضٌ لَمْ يَصْدُقْ وَاِمَّا بِجَمْعِ الْمُنْفَصِلِ نَحْوُ زَيْدٌ طَبِيْبٌ وَمَاهِرٌ صَدَقَ وَاِنْ جُمِعَ وَقِيْلَ زَيْدٌ طَبِيْبٌ وَمَاهِرٌ كَذَبَ ـ

সরল অনুবাদ : আর প্রথমটির মধ্যে ভুল হলো, عَيْنٌ শব্দটি ঝরনা ও সূর্যের মধ্যে শাব্দিকভাবে মুশতারিক। আর দ্বিতীয়টির মধ্যে ভুলের কারণ হলো– اَسَدٌ শব্দটি যায়েদের জন্য রূপক হিসেবে এবং হিংস্র জন্তুর জন্য حَقِيقَة হিসেবে ব্যবহৃত হওয়া।

আর দ্বিতীয় প্রকার যা সংশ্লিষ্ট শব্দের সাথে রূপান্তরের কারণে। যেমন– সন্দেহ যা اَلْمُخْتَارُ শব্দের মধ্যে হয়ে থাকে। কেননা, যদি এটি فَاعِلْ -এর অর্থে হয়, তবে এর আসল রূপ হবে يَاء - مُخْتَيِرٌ কাসরাযুক্ত। আর যদি মাফউলের অর্থ হয়, তবে এর আসল রূপ হবে مُخْتَيَرٌ - يَاء ফাতাহযুক্ত। অথবা নুকতা ও ই'রাববিহীন হওয়ার দরুন। যেমন– বক্তা বলে غُلَامْ حَسَنْ ই'রাব ছাড়া, তখন একে কখনো مُرَكَّب تَوْصِيفِى ধারণা করা হবে আবার কখনো مُرَكَّب اِضَافِى ধারণা করা হবে। আর যার সংশ্লিষ্টতা শব্দের সাথে তারকীব হিসেবে, তা হয়তো যমীরের প্রত্যাবর্তন স্থল হিসেবে হবে। যেমন– مَا يَعْلَمُهُ الْحَكِيْمُ فَهُوَ يَعْمَلُ بِمَا يَعْلَمُهُ (হাকীম যা জানে তদনুযায়ী আমল করে।) সুতরাং যদি যমীর হাকীমের প্রতি প্রত্যাবর্তন করে, তা সত্য হবে, নতুবা মিথ্যা হবে এবং যৌগিক বিষয়কে পৃথক করার দরুন। যেমন– اَلنَّارِنْجُ حُلْوٌ حَامِضٌ (নারাঙ্গী ফল টক-মিষ্টি) এটি সত্য। আর যদি ভিন্ন করে বলা হয় هٰذَا حُلْوٌ وَحَامِضٌ (এটি মিষ্টি ও টক) তবে সত্য হবে না। অথবা মুনফাসিলকে (ভিন্ন ভিন্ন বিষয়কে) একত্রিত করার দরুন। যেমন– زَيْدٌ طَبِيْبٌ وَمَاهِرٌ (যায়েদ চিকিৎসক ও পারদর্শী) এটি সত্য। আর যদি একত্রিত করে বলা হয়– "زَيْدٌ طَبِيْبٌ مَاهِرٌ" (যায়েদ সুদক্ষ চিকিৎসক) তবে এটি সত্য হবে না; বরং মিথ্যা হবে।

শাব্দিক অনুবাদ : وَالْغَلَطُ فِى الْاَوَّلِ আর প্রথমটির মধ্যে ভুল হলো كَوْنُ لَفْظِ الْعَيْنِ - عَيْن শব্দটি مُشْتَرَكًا لَفْظِيًّا শাব্দিকভাবে মুশতারিক بَيْنَ عَيْنِ الْمَاءِ وَالشَّمْسِ ঝরনা ও সূর্যের মধ্যে وَفِى الثَّانِىْ আর দ্বিতীয়টির মধ্যে ভুলের কারণ হলো كَوْنُ اِطْلَاقِ لَفْظِ الْاَسَدِ - اَسَدْ শব্দটি ব্যবহৃত হওয়া عَلٰى زَيْدٍ যায়েদের জন্য مَجَازِيًّا রূপক হিসেবে وَعَلَى الْحَيَوَانِ الْمُفْتَرِسِ এবং হিংস

www.eelm.weebly.com

